NIDANA,

A

SANSKRIT SYSTEM OF PATHOLOGY.

TRANSLATED INTO BENGALI

BY

UDOY CHAND DUTT,

CIVIL MEDICAL OFFICER.

SECOND EDITION

REVISED AND WITH THE SANSKRIT TEXT ADDED.

অর্থাৎ

শ্রীযুক্ত মাধবকর প্রণীত সংস্কৃত

[illegible]

শ্রীউদয় চাঁদ দত্ত কর্ত্তৃক

অনুবাদিত।

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা।

আয়ুর্ব্বেদ যন্ত্রে-মুদ্রিত।

খ্রীষ্টাব্দ ১৮৮০।

মূল্য ১॥০ টাকা।

শুদ্ধিপত্র।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১৮	৮	অলগ্যং	আলস্যং
১৮	১২	গাত্রশুদ্দতা	গাত্রগুরুতা
২৫	২১	দৈন্যরা	দৈন্যতা
২৩	২৫	আদন	আদান
৮০	১৭	সিদ্ধৈ	স্নিগ্ধৈ
৯৫	২০	মোহপতন্দ্রক	মোহপতর্কক
১০২	৬	বেপথ	বেপথু
১৬২	১৪	প্রসারণা	প্রসরণা
১৭১	১৭	বাগচর্ম্ম	বা গজচর্ম্ম
১৮৯	২৭	বোমাঞ্চকে	রোমান্তিকে
১৯২	১৫	সন্নিতা	সন্নিভা
১৯৩	৫	অজগন্ধিকা	অজগল্লিকা
১৯৩	১১	ইন্দ্রবিদ্ধ	ইন্দ্রবিদ্ধা
১৯৭	১০	চিপ্পি	চিপ্প
২০৩	৬	স্তকপাকী	স্তুক্‌পাকী
২৫৬	২১	স্মাল্লনং	যস্মাল্লনং

PREFACE

TO THE FIRST EDITION.

This work is a literal translation of the Sanskrit treatise on Pathology compiled by Madhava Kara and generally known under the name of Nidana. It gives a pretty full account of the diseases known to the ancient Hindus, and it has been the text-book on Medicine for native physicians from a long time past. I undertook to translate it into Bengali for serial publication in the *Chikitsa Darpana*, a Bengali medical journal. It is now published in a collected form in the hope that it will convey an idea of the Hindu system of pathology to those natives, who take an interest in the subject, but are unacquainted with Sanskrit. With a view to enable the reader, versed in English Medicine, readily to identify the diseases described in this work I have, whenever it has been practicable, given their equivalent English names in foot notes. In writing these notes I have consulted the commentary on the Hindu System of Medicine by Dr. T. A. Wise, and profitted by the labours of its author. His work is the result of vast labour and research carried out under great difficulties. The natives of India cannot be too grateful to him for the trouble he has taken in bringing to light the contents of their ancient medical works, and establishing their right position in the history of Medicine.

A treatise on Sanskrit Materia Medica and Therapeutics is under preparation.

NOAKHALLY.

The 1st September 1873.

PREFACE
TO THE SECOND EDITION.

A second edition of this work having been called for I have on this occasion, at the desire of many readers, given the Sanskrit text along with the Bengali translation. On comparing the translation with the Sanskrit text, it will sometimes appear that the Bengali translation contains more details than are to be found in the text. This is owing to much useful information from the commentary of Nidana by Bijoy Rakhita and Sreekanta Datta having been incorporated in the translation or given in foot-notes. The Sanskrit text has been carefully collated with two manuscripts, namely, one procured by from Eastern Bengal and another belonging to the well known and learned native physician of Bhowanipore, Kaviraj Chandra Kissore Sen.

The treatise on Sanskrit Materia Medica and Therapeutics alluded to in the preface to the first edition as under preparation was published in 1877 under the title of "The Materia Medica of the Hindus". My friend Kaviraj Binod Lal Sen has since published an edition of the Bhaisajya Ratnavali with a Bengali translation. This work gives a full account of the treatment of diseases according to the Hindu system of Medicine. From these three works a pretty complete into the Hindu system of Pathology, Materia Medica and Therapeutics can now be had by persons unacquainted with Sanskrit.

78 Manictollah Street.
Calcutta.
The 1st July 1880.

ভূমিকা।

অধুনা আমাদিগের প্রাচীন চিকিৎসাশাস্ত্র ও পদ্ধতি ইংরাজীবিদ্যার প্রাদুর্ভাবে প্রায় লুপ্ত হইয়া আসিতেছে। সংস্কৃত চিকিৎসা--শাস্ত্র দীর্ঘকাল পরিশ্রমসাধ্য বলিয়া [illegible] লোকে অধ্যয়ন করে না এবং করিলেও [illegible] ফললাভ হয় না। সুতরাং এক্ষণে অম্বষ্ঠকুল-সন্তানেরা অনেকে পৈতৃক ব্যবসায় পরিত্যাগ করিয়া অন্যান্য অর্থকরী বিদ্যা ও ব্যবসায়ে [illegible] আমাদিগের প্রাচীন [illegible] দিন উন্নতিশালি ইংরাজি-চিকিৎসাশাস্ত্রের [illegible] পারে না, তথাচ উহা যে মহা [illegible] পণ্ডিত [illegible] হইয়াছিল এবং উহাতে যে অনেক স্থলে অস্মদ্দেশীয় রোগ ও চিকিৎসার প্রণালী উৎকৃষ্ট রূপে বর্ণিত আছে তাহা অবশ্য স্বীকার করিতে হইবে।

বিশেষতঃ স্বদেশীয় [illegible] হইলে প্রাচীন পণ্ডিতেরা ঐ বিষয়ে যে সকল [illegible] গিয়াছেন তাহা অবগত হওয়া নিতান্ত আবশ্যক। কিন্তু আমাদিগের প্রাচীন চিকিৎসা গ্রন্থ সকল দুরূহ-সংস্কৃত ভাষায় লিপিবদ্ধ থাকাতে তাহা সাধারণের বোধগম্য নহে। অধুনা সংস্কৃত-ভাষার সমালোচনা এক প্রকার পুনর্জীবিত হওয়াতে নানা প্রকার সংস্কৃত-গ্রন্থ মুদ্রাঙ্কিত হইতেছে, তন্মধ্যে চিকিৎসা শাস্ত্রের চরক, সুশ্রুত, মাধবনিদান, [illegible] প্রভৃতি গ্রন্থও প্রকাশিত হইয়াছে। সংস্কৃতজ্ঞ ব্যক্তিদিগের [illegible] ঐ সকল গ্রন্থ বিশেষ আদরণীয় ও সৌলভ্য প্রাপ্য হইয়াছে বটে, কিন্তু যাঁহারা স্বহস্তে সাধারণের চিকিৎসা কার্য্য ইংরাজি বা শাস্ত্রীয় মতানুসারে সম্পন্ন করিয়া থাকেন, তাঁহাদের অধিকাংশ ব্যক্তি সংস্কৃত জানেন না এবং দীর্ঘকাল পরিশ্রম করিয়া শিক্ষা করিবারও অবকাশ পান না, অতএব এই সকল গ্রন্থ বঙ্গভাষায় অনুবাদিত হইয়া সকলের বোধগম্য হইলে যে সর্ব্বসাধারণের মহোপকার হইবে, তাহার

অণু মাত্র সংশয় নাই। বঙ্গদেশীয় শাস্ত্রজ্ঞ বৈদ্যেরা চিকিৎসাবিদ্যা শিক্ষা করিবার কালে আদৌ নিম্নলিখিত কএক খানি প্রসিদ্ধ পুস্তক অভ্যাস করেন যথা, মাধবকর প্রণীত নিদান, রাজবল্লভকৃত দ্রব্যগুণ, পর্য্যায়রত্নমালা, চক্রপাণিদত্তকৃত চক্রদত্ত নামক চিকিৎসাসারসংগ্রহ এবং মাধবকৃত রসরত্নাকর, অথবা অন্য কোন প্রসিদ্ধ রাসায়নিক গ্রন্থ। নিদানে রোগ সমূহের উৎপত্তিকারণ রূপ ও ভাবি ফলাদি লিখিত আছে, চিকিৎসার উল্লেখ নাই। চক্রদত্ত-সংগ্রহে মাধবনিদানের পর্য্যায়ক্রমে রোগসমূহের চিকিৎসা নানা গ্রন্থ হইতে সঙ্কলিত হইয়া সন্নিবেশিত হইয়াছে। ইহাতে পাঁচন তৈল, ঘৃত, গুড়িকা ও মুষ্টিযোগ ইত্যাদি দ্বারা চিকিৎসা-প্রকরণ বর্ণিত আছে, কিন্তু ধাতু-সম্বন্ধীয় ঔষধের বিশেষ বিবরণ নাই। ধাতুঘটিত বটিকাদি প্রস্তুত ও প্রয়োগ-করণের নিয়ম কোন রসায়ন গ্রন্থ হইতে শিক্ষা করিতে হয়। অনেক প্রকার রসায়ণ গ্রন্থ প্রচলিত আছে তন্মধ্যে রসরত্নাকর, রসেন্দ্রচিন্তামণি এবং রসেন্দ্রসার-সংগ্রহ নামক কএকখানি সংগ্রহগ্রন্থ বিশেষ বিখ্যাত। উপরোক্ত বিবরণে স্পষ্ট [illegible] যে শাস্ত্রীয়মতানুযায়ি চিকিৎসা [illegible] করিতে হইলে প্রথমতঃ [illegible] খানি গ্রন্থ নিতান্ত প্রয়োজনীয়। কিন্তু দুর্ভাগ্যক্রমে ইহার একখানিও এতকাল পর্য্যন্ত বঙ্গভাষায় প্রকৃতরূপে অনুবাদিত হয় নাই। অতএব এই অভাব কথঞ্চিৎ দূর-করিবার মানসে আমরা সম্প্রতি মাধবকৃত নিদান গ্রন্থ অনুবাদ করিয়া প্রকাশ করিলাম। এই নিদান বৈদ্যকুলতিলক ইন্দুকরাত্মজ শ্রীমাধবকর দ্বারা সঙ্কলিত চরক, সুশ্রুত বাগভট প্রভৃতি নানা গ্রন্থ হইতে উৎকৃষ্ট বচন সমূহ একত্র করত [illegible] হইয়াছে এবং সংক্ষেপে আয়ুর্ব্বেদমতের প্রায় সমস্ত রোগের বিবরণ ইহাতে সংগৃহীত আছে। ইংরাজি-চিকিৎসা শাস্ত্রজ্ঞ ব্যক্তিদিগের পক্ষে নিদানোক্ত রোগসমূহ অনায়াসে বোধগম্য হয় এই অভিপ্রায়ে আমরা উহাদের ইংরাজি নাম যথাস্থানে সন্নিবেশিত করিয়াছি। এই বাঙ্গালা অনুবাদ বিক্রমপুর নিবাসী শ্রীযুক্ত কৃষ্ণকুমার সেন কবিরাজ মহোদয় সংস্কৃত মূলের সহিত ঐক্য করিয়া সংশোধন করিয়া দিয়াছেন।

উপক্রমণিকা।

আয়ুর্ব্বেদমতে বায়ুপিত্ত এবং কফ, শরীরকে ধারণ করে এবং কুপিত হইলে সমস্ত রোগ উৎপন্ন করে, অতএব ইহাদিগের কিঞ্চিৎ বিবরণ জ্ঞাত না হইলে ভিন্ন ভিন্ন রোগের নিদানাদি সহজে বোধগম্য হয় না। নিদান গ্রন্থে ইহাদের বিশেষ বিবরণ কোন স্থলে সঙ্কলিত নাই, স্থানে স্থানে টীকামধ্যে প্রায়ঃ সকল কথাই পাওয়া যায়, কিন্তু যাঁহারা নিদান কণ্ঠস্থ করিয়া অভ্যাস না করেন, তাহাদের আবশ্যক মতে ঐ সকল বচন অনায়াস প্রাপ্ত হওয়া সুকঠিন, অতএব আমরা অবশ্য-জ্ঞাতব্য বিবরণ সকল সংক্ষেপে সংগৃহীত করিয়া নিম্নে অনুবাদ করিলাম। তদনন্তর নাড়ী, জিহ্বা ও মূত্র পরীক্ষা বিষয়ের নিতান্ত প্রয়োজনীয় কথা গুলি লিখিয়া নিদানের অর্থাৎ জ্বরাদি-রোগের ব্যাখ্যা আরম্ভ করিব।

বায়ু, পিত্ত এবং কফ এই তিন পদার্থ শরীর ধারণ করে, এই জন্য ধাতুনামে খ্যাত। উহারা শরীরকে মলীন করে, এই জন্য ইহাদিগকে মলও বলে এবং কদাপি দূষ্য করে, এই জন্য দোষ কহা যায়। এই তিনের মধ্যে দোষ শব্দই প্রসিদ্ধ। সামান্যতঃ ধাতু অর্থে সপ্তধাতু অর্থাৎ রস, রক্ত, মাংস, মেদঃ, অস্থি, মজ্জা এবং শুক্রকে বুঝায়। মল শব্দে শরীরের মল, যথা, পুরীষ মূত্র, ঘর্ম্ম প্রভৃতিকে বোধ করায়।

সুশ্রুত কহিয়াছেন। যেমন চন্দ্র শীতল-কিরণদ্বারা পৃথিবীকে আর্দ্র করেন, সূর্য্য, স্বীয়শোষণ-শক্তিদ্বারা শুষ্ক করেন এবং বায়ু, এই উভয় গুণ সঞ্চালনদ্বারা ভূমণ্ডলকে পালন করেন, সেই রূপে কফ, পিত্ত এবং বায়ু জীব-দেহকে যথাক্রমে আর্দ্র শুষ্ক এবং সঞ্চালন করত রক্ষা করিতেছে। চরক-মতে দোষ সমূহের অর্থাৎ বায়ু, পিত্ত, কফের ত্রিবিধ গতি, যথা, ক্ষয়, সম

ও বৃদ্ধি *। ক্ষয় বা ক্ষীণগতিদোষ স্বীয় লিঙ্গ লুপ্ত করে, সমগতিদোষ দেহের স্বাভাবিক কার্য্য নির্ব্বাহ করে এবং বৃদ্ধিগতিদোষ যথাশক্তি স্বীয় লক্ষণ প্রকাশ করে। দোষের সমভাবকেই আরোগ্য কহে এবং বিষম ভাবকেই রোগ কহা যায়। দোষের অপর ত্রিবিধ গতিও উক্ত আছে, যথা, ঊর্দ্ধ, অধঃ এবং তির্য্যগ্‌গতি। দোষ ঊর্দ্ধগত হইলে রক্তপিত্ত, কাস, নাসারোগ, নেত্ররোগ শিরোরোগ প্রভৃতি উৎপন্ন করে; অধোগত হইলে, অতীসার, উদরাময়, অর্শঃ ইত্যাদি জন্মে এবং বক্রগতি দোষদ্বারা শ্বাসাদি রোগ উৎপন্ন হয়। এই তিনদোষের মধ্যে বায়ু সর্ব্বপ্রধান বলিয়া উক্ত হইয়াছে, যে হেতু ইহার প্রকোপে অপর দোষ নষ্ট হইয়া মৃত্যু হইতে পারে এবং যাহার শরীরে বায়ু, অব্যাহত গতি হইয়া স্বস্থানে স্থিত ও স্বভাবগুণশালী অর্থাৎ কোন প্রকারে বিকৃতি প্রাপ্ত না হয়, সে মনুষ্য, নীরোগী হইয়া একশত বিংশতি বৎসর পঞ্চরাত্র নিরূপিত আয়ু ভোগ করে। এই হেতু গ্রন্থকারেরাও বায়ুর রোগ এবং চিকিৎসা প্রথম ব্যাখ্যা করেন। বায়ুর অপর কএকটী পর্য্যায় আছে যথা, বাত, অনিল, পবন, সর্ব্বগতি, গন্ধবহ, প্রাণ, মারুত ও সমীরণ ইত্যাদি। বায়ু সর্ব্বশরীরে গমনাগমন করত অপর দোষ ও ধাতু সকল সঞ্চালন করিয়া দেহকে পালন করে। ইহা রজোগুণাত্মক, রুক্ষ, শীতল, লঘু, সূক্ষ্ম, সচল, নির্ম্মল এবং খর।

যেমন একজন মনুষ্য সম্বন্ধ, স্থান এবং কার্য্যভেদে নানাপ্রকার খ্যাতি প্রাপ্ত হয়, সেইরূপ একমাত্র বায়ু স্থানবিভেদে নানাপ্রকার সংজ্ঞা প্রাপ্ত হয়। তন্মধ্যে আয়ুর্ব্বেদে পঞ্চপ্রকার বায়ু বিশেষ উক্ত আছে। যথা প্রাণ, অপান, সমান, উদান এবং ব্যান। প্রাণবায়ু কণ্ঠদেশ অবস্থিতি করে, ইহা শরীরের রক্তসঞ্চালন এবং দেহধারণ করে, আহারীয় দ্রব্য দেহ মধ্যে প্রবেশ করায়, এবং বলবৃদ্ধি করে। কুপিত হইলে হিক্কা, আধ্মানাদি রোগ উৎপন্ন করে।

অপানবায়ুর অবস্থিতিস্থান, পক্কাশয়। ইহাদ্বারা, বাত, মূত্র, পুরীষ, শুক্র, গর্ভ এবং আর্ত্তব, যথাকালে অধোদেশে নীত হয়। ক্রুদ্ধ হইলে অপান বায়ু বস্তি এবং মলদ্বারের ঘোরতর রোগ উৎপন্ন করে।

---

* এস্থলে বক্তব্য যে আয়ুর্ব্বেদ মতে বায়ুর মাত্র গতিশক্তি আছে এবং পিত্ত ও কফ, পঙ্গু অতএব উহাদের গতির উল্লেখ হইলে, বায়ুদ্বারা সঞ্চালিত অনুভব করিতে হইবে।

সমান বায়ু নাভিস্থলে থাকিয়া আমাশয় এবং পক্কাশয় পর্য্যন্ত অধিকার করে। ইহা অগ্নির সহায় হইয়া আহারীয় বস্তু পরিপাক করে এবং রসরক্তাদি ও মলমূত্রাদিকে পৃথক্ করে। কুপিত হইলে গুল্ম, মন্দাগ্নি, অতীসার প্রভৃতি রোগ উৎপন্ন করে।

উদানবায়ু কণ্ঠদেশে অবস্থিতি করে। ইহাদ্বারা বাক্য ও গীতাদি নিঃসৃত হয়। কুপিত হইলে ঊর্দ্ধ-জত্রুদেশের রোগ উৎপন্ন করে।

ব্যানবায়ু সর্ব্বদেহে ব্যাপ্ত আছে। ইহাদ্বারা শরীরের রসপ্রবাহিত, স্বেদ ও রক্ত স্রাবিত ও পঞ্চপ্রকার বেষ্টন-কার্য্য সম্পাদিত হয়।* ইহা কুপিত হইলে সর্ব্বশরীরে রোগ উৎপাদন করে। বায়ু প্রকৃতি মনুষ্য, রুক্ষ, অল্পকেশ, কৃশ, বাচাল ও চঞ্চল মতি হয় এবং স্বপ্নে আকাশে গমন করে।

নিম্নলিখিত আহারবিহারাদির দ্বারা বায়ু কুপিত হয়, যথা ব্যায়াম, উপবাস, পতন বা অঙ্গাদিভঙ্গ, ধাতুক্ষয়, জাগরণ, মলমূত্রাদির বেগধারণ, অতিশয় শোক বা ভয়, ক্ষোভ, অতিশৈত্যক্রিয়া, রুক্ষসেবন, কষায়-তিক্ত, কটুরস যুক্ত দ্রব্য সেবন, মেঘাগমনকাল, অন্নপরিপাকের শেষাবস্থা এবং দিবসের শেষ ভাগ ইত্যাদি। বায়ু কুপিত হইলে নিম্নলিখিত লক্ষণ সমূহ দৃষ্ট হয়। যথা, আধ্মান, স্তম্ভ অর্থাৎ শরীরের জড়তা, রুক্ষতা, স্ফুটন অর্থাৎ চর্ম্মের বিদীর্ণভাব, মন্থন অর্থাৎ সূচীবিদ্ধবৎ পীড়া, শরীরের ছিদ্রপ্রবোধ, ছেদন, বেষ্টন, ক্ষোভ, অবসন্নতা, শ্রমবোধ, গ্লানি, বিষন্নতা, বিচ্ছিন্নবেদনা, সন্ধির উদ্‌ঘাটন, অঙ্গগ্রহ, শরীরের তাড়ন ও পীড়ন এবং ক্রোড়নততা ও পৃষ্ঠনততা, পরিপাতন, হাই, রোমহর্ষ, অঙ্গবিক্ষেপ, মস্তকাক্ষেপ অর্থাৎ মাথাকাঁপানী, তৃষ্ণা, শোষ, স্বরভেদ বা উৎকাস, মুখের কষায়তা, ত্বকের পারুষ্য এবং শ্যাব বা অরুণ বর্ণত্ব, নিদ্রাবিশ্লেষ, মোহ, জ্ঞানবিশ্লেষ, ভ্রান্তি, কর্ণনাদ, দৃষ্টিভ্রম ও বিষয়জ্ঞানশূন্যতা। স্থানবিশেষের বায়ু দুষ্ট হইলে সেই সেই অঙ্গের বা কোষ্ঠের +

---

* পঞ্চপ্রকার বেষ্টন-কার্য্য যথা, গতি, অপক্ষেপণ, উৎক্ষেপন, নিমেষ উন্মেষণাদিকা। শব্দকল্পদ্রুম ৪৪৭৩ পৃষ্ঠা।

+ নিম্নলিখিত কয়েকটি শরীরস্থ যন্ত্র কোষ্ঠনামে খ্যাত যথা, আমাশয় পক্কাশয়, মূত্রাশয়, রক্তাশয়, হৃৎপিণ্ড, উণ্ডুক, এবং ফুস্ ফুস্।

বিকৃত লক্ষণ দৃষ্ট হয়। যথা, হৃদয়স্থিত প্রাণবায়ু কুপিত হইলে হিক্কা, বমন, আধ্মানাদি।

প্রকুপিত বায়ু নিম্নলিখিত আহার বিহারাদিদ্বারা উপশমিত হয়; যথা, স্নিগ্ধোষ্ণ, স্থির, বলকারী এবং তেজস্কর দ্রব্য, লবণ, স্বাদু এবং অম্লরসযুক্ত দ্রব্য, তৈলাদিসেবন ও অভ্যঞ্জন, স্নান, রৌদ্র, বস্তিকার্য্য, মাংস, মদিরা, স্নেহন অর্থাৎ নিঃসারক দ্রব্য, অঙ্গমর্দ্দন, স্নিগ্ধসেক, রুক্ষবস্তিকার্য্য, শান্তিক্রিয়া, স্নেহ প্রলেপাদি।

এক্ষণে পিত্তের বিবরণ লিখিত হইতেছে। ইহার পর্য্যায়শব্দ মায়ু, উষ্মা, তেজঃ, তিক্তধাতু, অগ্নি ইত্যাদি। ইহা সত্ত্বগুণযুক্ত এবং স্বভাবতঃ উষ্ণ, তিক্ত, কটু, দ্রব, পীত, নীলবর্ণ এবং অগ্নিস্বরূপ। পিত্তের প্রধান স্থান আমাশয় ও পক্বাশয়ের মধ্যে এবং ঐ স্থল হইতেই অন্য স্থানে পিত্ত নীত হয়।

পিত্ত পঞ্চপ্রকার যথা, পাচক, ভ্রাজক, রঞ্জক, আলোচক ও সাধক। পাচক নামা পিত্ত পক্বাশয়ে অগ্নিরূপে অবস্থিতি করত আহার পরিপাক করে এবং শরীরে কান্তি ও রুচি প্রদান করে। ভ্রাজকপিত্ত চর্ম্মে অবস্থান করিয়া ত্বকের দীপ্তি উৎপাদন করে। রঞ্জকপিত্ত যকৃৎ এবং প্লীহাতে অবস্থিতি করত রসকে রঞ্জিত করিয়া রক্ত উৎপাদন করে। আলোচক পিত্ত, নেত্রদ্বয়ে অবস্থিতি করিয়া দর্শনশক্তি প্রদান করে। সাধকপিত্ত, হৃদয়মধ্যে থাকিয়া মানসিক ক্রিয়া অর্থাৎ বোধ স্মরণশক্ত্যাদি সম্পন্ন করে।

পিত্তপ্রকৃতি মনুষ্যের লক্ষণ এই রূপ কথিত আছে, মস্তকের কেশ অকালে শুক্লবর্ণ হয়, অতিশয় ঘর্ম্ম এবং শরীর পাণ্ডু বর্ণ হয়, নেত্র রক্তবর্ণ, স্বভাব উগ্র, বুদ্ধি প্রখর এবং নিদ্রাবস্থাতে আলোক দৃষ্ট হয়। নিম্ননির্দ্দিষ্ট আহারবিহারাদি দ্বারা প্রাণিদিগের শরীরে পিত্ত কুপিত হয়। যথা, কটু, অম্ল, উষ্ণ, বিদাহি অর্থাৎ ভাজাদ্রব্য এবং তীক্ষ্ণদ্রব্যসেবন, ক্রোধ, উপবাস, রৌদ্র, স্ত্রীসম্পর্ক, তিল, মসিনা, দধি, সুরা, শুক্ত, (একপ্রকারকাঞ্জী) ও কাঞ্জীসেবন ইত্যাদি। অন্নপরিপাককালে মধ্যাহ্নে ও মধ্যরাত্রে এবং গ্রীষ্ম ও শরৎকালে, পিত্ত প্রকুপিত হয়। কুপিতপিত্ত দ্বারা নিম্নলিখিত লক্ষণসমূহ উৎপন্ন হয় যথা, বিস্ফোট, প্রলাপ, স্বেদ, মূর্চ্ছা, মত্ততা, ভ্রম, গ্লানি, ত্বগবিদীর্ণতা, দাহ, উষ্ণত্ব, তৃষ্ণা, তৃপ্তি অর্থাৎ আহারে অনভিলাষ, মুখের কটুত্ব, অম্লত্ব এবং তিক্তরস

বোধ, অম্লোদ্‌গার, নিশ্বাসের দুর্গন্ধতা, মুখের পাকত্ব, রেচন এবং অন্ধকার-প্রবিষ্টবোধ ইত্যাদি। নিম্নলিখিত আহারবিহারাদি দ্বারা পিত্ত প্রশমিত হয়, যথা, তিক্ত, মধুর এবং কষায়রস, শীতল ছায়াযুক্তস্থান, নিশার বায়ু, জ্যোৎস্না, ভূমিশয্যা, যন্ত্রোত্থিত জল যথা ফোয়ারার জল; মেঘ, স্ত্রীগাত্রস্পর্শন, ঘৃত, দুগ্ধ, বিরেচনকার্য্য, রক্তস্রাব এবং প্রলেপাদি।

কফের পর্য্যায়, শ্লেষ্ম, বলাস ও বলী ইত্যাদি। কফ তমোগুণবিশিষ্ট, গুরু, সান্দ্র বিশ্লেষকারী, শীতল, আর্দ্র, মৃদু, স্নিগ্ধ, মধুর, স্থির, পিচ্ছিল, শুভ্র, অচল এবং বায়ুর দ্বারা ধমনীনাড়ীসমূহের মধ্যে চালিত হয়। কফের স্থান সামান্যতঃ নিম্নপ্রকার নির্দ্দিষ্ট আছে, যথা, বক্ষস্থল, কণ্ঠ, মস্তক, ক্লোম, সন্ধিসমূহ, আমাশয়, রস, মেদঃ, নাসিকা, জিহ্বা ইত্যাদি। কফ পঞ্চপ্রকার যথা অবলম্বক, ক্লেদক, শ্লেষ্মক, বোধক এবং তর্পক। অবলম্বক শ্লেষ্মা বক্ষঃস্থলে অবস্থিতি করিয়া স্কন্ধ গ্রীবা প্রভৃতিকে অবলম্বন অর্থাৎ আশ্রয় করে, এই হেতু ইহাকে অবলম্বক কহে। ক্লেদক কফ আমাশয়ে অবস্থিতি করিয়া অন্নকে ক্লেদযুক্ত করে, এই জন্য ইহাকে ক্লেদক কহে। শ্লেষ্মক শ্লেষ্মা সন্ধি মধ্যে অবস্থান করিয়া সন্ধিসমূহকে আর্দ্র করে, অতএব ইহার শ্লেষক উপাধি। বোধক শ্লেষ্মা রসনায় অবস্থিতি করিয়া রসবোধ জন্মায়, এই জন্য ইহাকে বোধক কহে। তর্পকশ্লেষ্মা, মস্তকে থাকিয়া নেত্রদ্বয়ের তৃপ্তি জন্মায়, এই নিমিত্ত ইহার তর্পকসংজ্ঞা।

শ্লেষ্মপ্রকৃতি মানব গম্ভীরবুদ্ধি, স্থূলাঙ্গবিশিষ্ট, স্নিগ্ধকেশ ও মহাবলাক্রান্ত হয় এবং স্বপ্নে জলাশয় দর্শন করে। নিম্নলিখিত আহারবিহারাদি দ্বারা কফ প্রকুপিত হয়, যথা, গুরু ও মধুর দ্রব্যের সেবন, অতি স্নিগ্ধদ্রব্য, ইক্ষু, দুগ্ধ, দ্রবদ্রব্য, দধি, পিষ্টক, ঘৃত, পূর্ণভোজন এবং দিবানিদ্রা। বসন্ত ও হিমকালে, দিবা এবং রাত্রির প্রথমভাগে এবং আহার করিবামাত্র কফ প্রকুপিত হয়। কুপিত কফের লক্ষণ অঙ্গের কঠিনত্ব, অপাক, তৃপ্তি, তন্দ্রা, গাত্রের গুরুত্ব ও স্তৈমিত্য অর্থাৎ আর্দ্রবৎ অবগুণ্ঠন-বোধ, মলের আধিক্য, তৈলাক্ত-গাত্রতা, শৈত্য, গাত্রকণ্ডূ, জিহ্বাতে লিপ্তবৎ বোধ, মুখনাসিকা হইতে স্রাব, রোগের দীর্ঘকালস্থিতি, শোথ, নিদ্রাবাহুল্য, মুখের তীক্ষ্ণত্ব এবং মধুরত্ব বোধ, বর্ণের শুক্লতা, আলস্য ইত্যাদি। নিম্নলিখিত আহার-বিহারাদি দ্বারা শ্লেষ্মা

প্রশমিত হয়, যথা, রুক্ষ, ক্ষার, কষায়, তিক্ত এবং কটুদ্রব্যসেবন, ব্যায়াম, অধ্বগমন, যুদ্ধ, রাত্রিজাগরণ, স্ত্রীসংসর্গ, পদাঘাতন, ধূমপান, অত্যুষ্ণসেবন, শিরোবিরেচন, বমন, নিষ্ঠীবন, ঘর্ম্মস্রাব এবং প্রলেপাদি।

বাত-পিত্ত ও কফ-জনিত রোগসমূহের দোষ বিশেষ এবং সাধ্যাসাধ্যজ্ঞান নাড়ীর-পরীক্ষাদ্বারাও উপলব্ধ হয়, অতএব নাড়ীপরীক্ষা বিষয় সংক্ষেপে কিঞ্চিৎ লেখা যাইতেছে। বৈদ্য প্রথমতঃ বামহস্তে রোগীর কূর্পরস্থান অর্থাৎ কনুই ধারণ করিয়া দক্ষিণহস্তের অঙ্গুলিত্রয় রোগীর অঙ্গুষ্ঠমূলের পশ্চাদ্ভাগে যোজিত করিয়া নাড়ীপরীক্ষা করিবে। বৈদ্যের তর্জ্জনী-অঙ্গুলী-চাপিত-স্থানে বায়ুর নাড়ী, মধ্যমাঙ্গুলীর নিম্নে পিত্তের এবং অনামিকা অঙ্গুলীর নিম্নে শ্লেষ্মার নাড়ীজ্ঞান হয়। জলৌকা এবং সর্পের গতির ন্যায় বায়ু-প্রকুপিত-নাড়ীর কুটিলা এবং ত্বরান্বিতা গতি। পিত্ত-প্রকুপিত-নাড়ীর চঞ্চলগতি যেমন কাক ও ভেকের গতি। কফ-প্রকুপিত-নাড়ীর স্থির গতি, যেমন রাজ-হংস ও ময়ূরের গতি। সান্নিপাতিক নাড়ী, কখন মন্দগতি কখন শীঘ্র গতি হয়। বিকারপ্রাপ্ত হইলে ক্ষণে বেগবতী, ক্ষণে স্থিরগতি, কখন বা ব্যাকুলগতি, কখন সূক্ষ্মগতি, কখন বা রুদ্ধগতি হয়। এইরূপ নাড়ী যদি মণিবন্ধন স্থান হইতে স্খলিত হইয়া পুনর্ব্বার তর্জ্জনীকে স্পর্শ করে, তবে রোগ অসাধ্য জানিবে।

জিহ্বা এবং মূত্রের পরীক্ষাদ্বারাও রোগের দোষবিশেষের জ্ঞান হয়, যথা, বাতরোগে জিহ্বা হরিদ্রাবর্ণ বিশিষ্টা, গোজিহ্বার ন্যায় খরস্পর্শা এবং স্ফোটক-যুক্তা হয়। পিত্তজরোগে রক্ত অথবা শ্যাববর্ণা, কফজরোগে শুক্ল, ঘন এবং দ্রব-যুক্তা এবং সান্নিপাতিক-রোগে কৃষ্ণ অথবা কটাবর্ণযুক্তা হয় এবং আকুঞ্চিত হইয়া টাকরায় উঠে। দ্বন্দজ-রোগে মিশ্রিত লক্ষণ দৃষ্ট হয়। যদি জিহ্বা লম্বায়মান হইয়া পড়ে বা উলটাইয়া যায় এবং শুষ্ক হয়, তবে রোগীর মৃত্যুলক্ষণ জানিবে।

মূত্রপরীক্ষা করিতে হইলে একটী নূতন মৃত্তিকাভাণ্ডে রোগীর মূত্র রাখিয়া তাহাতে একবিন্দু তৈল নিক্ষেপ করিবেক। যদ্যপি ঐ তৈলবিন্দু ভাসিয়া বেড়ায়, তবে বায়ুরোগ জানিবে, ছড়িয়া পড়িলে পৈত্তিক এবং ঘন হইয়া স্থির থাকিলে কফরোগ জানিবে। যদি প্রথমতঃ নিমগ্ন হইয়া পরে ভাসিয়া উঠে তবে সান্নিপাতিক জানিবে। বাতরোগে মূত্র পাণ্ডুবর্ণ, পিত্তজ-রোগে রক্তবর্ণ, কফজরোগে শুক্লবর্ণ ও ফেনাযুক্ত এবং সন্নিপাতরোগে কৃষ্ণবর্ণ প্রাপ্ত হয়।

বায়ুপিত্ত কফের গুণ-স্থান-ক্রিয়াদির বাহুল্য বর্ণনা করিয়া শাস্ত্রকারেরা অবশেষে ইহাও স্বীকার করিয়াছেন যে উহাদের প্রকৃত অবস্থা ও পরস্পর সম্বন্ধ স্পষ্ট বোধ করা যায় না, অনুভব মাত্র করিয়া চিকিৎসা করিতে হয়, যেহেতু শরীরের মধ্যগত দৈবঘটিত ক্রিয়া সমূহ মনুষ্যবুদ্ধির অগম্য। উপরোক্ত বিবরণ পাঠ করিলে ইংরাজি-চিকিৎসাশাস্ত্রজ্ঞ ব্যক্তিমাত্রেই অনুভব করিতে পারিবেন যে জীবদেহের স্নায়ুমণ্ডলের, পরিপাক যন্ত্রের এবং সমুৎসর্গ-নিঃসারক ও স্নেহঝিল্লীসমূহের আশ্চর্য্যক্রিয়াতে চমৎকৃত হইয়া মুনিগণ, আদৌ ঐ সকল বিস্ময়জনক ব্যাপারের কারণ কল্পনা করিয়াছিলেন। ভূমণ্ডলে যে সমুদায় জড়পদার্থ দৃষ্ট হয়, তন্মধ্যে বায়ুর চলশক্তি স্পষ্ট প্রতীত হয় এবং এই পদার্থদ্বারা যে দেহিদিগের গতিসাপেক্ষ-ক্রিয়াসমূহ নির্ব্বাহ হয়, ইহাই প্রথমতঃ অনুমান হইবে বিচিত্র নহে। তদনুরূপ, যে অন্ন আদৌ অগ্নিদ্বারা পাক করিয়া আহার করিতে হয়, তাহা যে দেহ মধ্যে পুনরায় অগ্নিদ্বারা পাক হইবে ইহাও নিতান্ত সম্ভবপর। অতএব অগ্নিরূপ পিত্ত নাভিস্থিত বায়ুদ্বারা উদ্দীপ্ত হইয়া ব্রহ্মার তৈজসপত্রে আহার পরিপাক করে, এইরূপ কল্পনা আছে। তথা অশ্রু, লালা, কণ্ঠনালীর সমুৎসর্গ, এবং সন্ধিস্থিত তৈলাক্ত পদার্থ প্রভৃতির স্তিমিত স্নিগ্ধ এবং শ্লেষণ গুণ দৃষ্টি করিয়া অপর একটি আর্দ্র পিচ্ছিল এবং মৃদুপদার্থের কল্পনাও নিতান্ত প্রয়োজনীয় বোধ হইয়া থাকিবে। সে যাহাই হউক আয়ুর্ব্বেদোক্ত বায়ু-পিত্ত-কফ-সম্বন্ধীয় বিবরণ অনুধাবন করিয়া দেখিলে, অনেক স্থানে বোধ হইবে যে, বায়ু পিত্ত এবং কফ প্রকৃতি ইংরাজী নার্ভাস, বিলিয়াস এবং ফ্লেগম্যাটিক ধাতু প্রকৃতির সহিত ঐক্য হয়।

---

(২)

সূচীপত্র।

অথ শীতপিত্তোদর্দ্দকোঠনিদানং।

শীতমারুতসংস্পর্শাৎ প্রদুষ্টৌ কফমারুতৌ। পিত্তেন সহ সম্ভূয় বহিরন্তর্বিসর্পতঃ। পিপাসারুচিহৃল্লাসদেহসাদাঙ্গগৌরবং। রক্তলোচনতা তেষাং পূর্ব্বরূপস্য লক্ষণং। বরটীদংষ্ট্রসংস্থানঃ শোথঃ সংজায়তে বহিঃ। সকণ্ডূতোদবহুলশ্ছর্দ্দিজ্বরবিদাহবান্। উদর্দ্দমিতি তং বিদ্যাচ্ছীতপিত্তমথাপরে। বাতাধিকং শীতপিত্তমুদর্দ্দশ্চ কফাধিকঃ। সোৎসঙ্গৈশ্চ সরাগৈশ্চ কণ্ডূমদ্ভিশ্চ মণ্ডলৈঃ। শৈশিরঃ কফজো ব্যাধিরুদর্দ্দইতি কীর্ত্তিতঃ।

শীতল বায়ু সেবন হেতু কুপিত শ্লেষ্মা এবং বায়ু পিত্তের সহিত মিলিত হইয়া শরীরের মধ্যস্থিত রসরক্তাদি এবং বহিঃস্থিত ত্বকে বিসর্পণ করতঃ শীতপিত্ত এবং উদর্দ্দরোগ উৎপন্ন করে। (১) পিপাসা অরুচি হৃল্লাস, অক্ষিরাগ, গাত্রগুরুতা এবং অবসাদ, ইহাদের পূর্ব্বলক্ষণ। রোগ প্রকাশ হইলে চর্ম্মের উপর বরটীদংষ্ট্র সদৃশ বিষ্কনবৎ বেদনা এবং কণ্ডুযুক্ত শোথ উত্থিত হয়, রোগী অতিশয় বমন, জ্বর ও দাহতে কাতর হয়॥ এই রোগ বাতাধিক্য হইলে শীতপিত্ত এবং কফাধিক্য হইলে উদর্দ্দনাম প্রাপ্ত হয়। উদর্দ্দ রোগের লক্ষণান্তর কথিত আছে, যথা মণ্ডলসমূহ রক্তবর্ণ মধ্যে নিম্ন এবং কণ্ডুযুক্ত হয়।

অসম্যগ্বমনোদীর্ণ পিত্তশ্লেষ্মান্ননিগ্রহৈঃ। মণ্ডলানি সকণ্ডূনি রাগবন্তি বহূনি চ। উৎকোঠঃ সানুবন্ধশ্চ কোঠ ইত্যভিধীয়তে।

কোঠরোগের সম্প্রাপ্তি এবং লক্ষণ নিম্নপ্রকারে কথিত আছে। অসম্যক্ বমনকার্য্য অর্থাৎ বমনের অযোগ বা মিথ্যাযোগ হেতু পিত্তশ্লেষ্মা বৃদ্ধি হইলে, উহাদের বেগ নিগ্রহ করিলে অর্থাৎ বমনাদি ক্রিয়া না করিয়া, অপর

---

(১) শীতপিত্তকে ইংরাজিতে আর্টিকেরিয়া Urticaria কহে। কোঠের লক্ষণ (Urticaria evanida) আর্টিকেরিয়া ইভানিডার সহিত ঐক্য হয়।

ঔষধের দ্বারা উহাদের বেগ উপশম করিতে চেষ্টা করিলে, চর্ম্মের উপর মণ্ডলাকার কণ্ডূযুক্ত রক্তিমাবর্ণ বহু সংখ্যক উৎসেধ প্রকাশ হয়, ইহাকেই কোঠ কহে। এই মণ্ডলাকার উৎসেধ সকল ক্ষণেক দৃশ্য থাকে, ক্ষণেক মিলিত হইয়া যায় এবং পুনঃ পুনঃ প্রকাশ পায়। কখন কখন উপস্থিত বমনবেগ ধারণ দ্বারাও এই রোগ উৎপত্তি হইয়া থাকে। কোঠকে উৎকোঠ এবং সাধুবন্ধকোঠ নামেও উল্লেখ করিয়া থাকে।

অথ অম্লপিত্তনিদানং (১)।

বিরুদ্ধদুষ্টাম্লবিদাহি পিত্ত প্রকোপিপানান্নভুজো বিদগ্ধং। পিত্তং স্বহেতূপচিতং পুরা যত্তদম্লপিত্তং প্রবদন্তি সন্তঃ। অবিপাকক্লমোৎক্লেশতিক্তাম্লোদ্গারগৌরবৈঃ। হৃৎকণ্ঠদাহারুচিভিশ্চাম্লপিত্তং বদেদ্ভিষক।

বিরুদ্ধ, দূষিত, অম্ল, ভাজা অথবা অন্য প্রকার পিত্তজনক অন্ন পান সেবনকারী ব্যক্তিদিগের, বর্ষাকালীয় জলাদি দোষজনিত পূর্ব্বসঞ্চিত পিত্ত, কুপিত হইয়া অম্লপিত্ত রোগ উৎপন্ন করে। এই রোগে অপাক, অরুচি বিবমিষা, তিক্তাম্লোদ্গার, ক্লান্তিবোধ, গাত্রগুরুতা এবং বক্ষস্থলে ও কণ্ঠে দাহ হইয়া থাকে।

তৃড্দাহমূর্চ্ছা ভ্রমমোহকারি প্রয়াত্যধো বা বিবিধপ্রকারং। হৃল্লাস কোঠানলসাদহর্ষ স্বেদাঙ্গপীতত্বকরং কদাচিৎ। বান্তং হরিৎ পীতকনীলকৃষ্ণমারক্তরক্তাভ মতীবচাম্লং। মাংসোদকাভম্ভতি পিচ্ছিলাচ্ছং শ্লেষ্মানুযাতং বিবিধং রসেন। ভুক্তে বিদগ্ধেত্বথবাপ্যভুক্তে করোতি তিক্তাম্লবমিং কদাচিৎ। উদ্গারমেবং বিধমেব কণ্ঠ হৃৎকুক্ষিদাহং শিরসো রুজশ্চ। করচরণদাহমৌষ্ণ্যং মহতীমরুচিং জ্বরঞ্চ কফপিত্তং জনয়তি কণ্ডূমণ্ডলপিড়কাশতনিচিতগাত্ররোগানিচয়ং।

(১) Dyspepsia with vomiting or purging including haema-temesis perhaps of cancer, pyrosis, and acidity.

অম্লপিত্ত, অধঃ এবং ঊর্দ্ধগত ভেদে দুই প্রকার কথিত আছে। তন্মধ্যে অধোগত অম্লপিত্তে বমনেচ্ছা, তৃষ্ণা, দাহ, মূর্চ্ছা, ভ্রম এবং অধঃ দ্বারা বর্ণ ও গন্ধযুক্ত মলনিঃসৃত হয়। কখন কখন চর্ম্মে কোঠের উৎপত্তি হয়। দেহ পীতবর্ণ হইয়া যায় এবং রোগীর মন্দাগ্নি, রোমহর্ষ ও ঘর্ম্ম হয়। অম্লপিত্ত ঊর্দ্ধগতি হইলে হরিৎ, পীত, নীল, কৃষ্ণ, ঈষদ্রক্তাভ অথবা মাংস ধৌত জলবৎ বমন হয়। বমিত পদার্থ অত্যম্ল, পিচ্ছিল, স্বচ্ছ, শ্লেষ্মান্বিত এবং কটুতিক্তাদি বিবিধ রসযুক্ত হয়। কখন কখন আহার পরিপাক হইলে অথবা শূন্য উদরে তিক্তাম্ল বমন ও উদ্গার হইয়া থাকে। কণ্ঠ, হৃদয় এবং কুক্ষিতে দাহ ও শিরঃপীড়া, হস্তপদ উষ্ণ ও দাহযুক্ত এবং কফ পিত্তজনিত জ্বর ও অত্যন্ত অরুচি হয়। রোগীর গাত্র কণ্ডূ মণ্ডল এবং পিড়কা সমূহে আবৃত হয় এবং অবিপাক উৎক্লেশাদি নানা প্রকার রোগ জন্মে।

রোগোঽয়মম্লপিত্তাখ্যো যত্নাৎ সংসাধ্যতে নবঃ। চিরোত্থিতো [illegible]দ্যাপ্যঃ কৃচ্ছ্রসাধ্যঃ স কস্যচিৎ। সানিলং সানিলকফং সকফং তচ্চ লক্ষয়েৎ। দোষ-লিঙ্গেন মতিমান্ ভিষঙ্ মোহকরকং হি তৎ। কম্পপ্রলাপমূর্চ্ছা চিমি-চিমিগাত্রাবসাদশূলানি। তমসো দর্শন বিভ্রমো প্রমোহ হর্ষাণ্যনিলকো-পাৎ। কফনিষ্ঠীবন গৌরবং জড়তারুচি শীতসাদ বমিলেপাঃ। দহনবলসাদ কণ্ডুনিদ্রাচিহ্নং কফানুগতে। উভয় মিদ মেব চিহ্নং মারুতকফসম্ভবে ভবত্যম্লে। তিক্তাম্ল কটুকোদ্গার হৃৎকুক্ষি কণ্ঠদাহকৃৎ। ভ্রমমূর্চ্ছারুচি ছর্দ্দি রালস্যঞ্চ শিরোরুজা। প্রসেকোমুখমাধুর্য্যং শ্লেষ্মপিত্তস্য লক্ষণং।

এই অম্লপিত্ত রোগ নবোত্থিত হইলে যত্নে সাধ্য এবং প্রাচীন হইলে যাপ্য অথবা কচিৎ কৃচ্ছ্রসাধ্য হয়। এই রোগে বমন বিরেচন হওয়াতে ইহার সহিত ছর্দ্দি অতিসার রোগের ভ্রম হওয়ার সম্ভাবনা, অতএব বুদ্ধি-মান বৈদ্য দোষবিশেষের চিহ্ন লক্ষ্য করিয়া রোগ নির্ণয় করিবেন। বাতা-ধিক্য অম্লপিত্তে কম্প, প্রলাপ, মূর্চ্ছা অন্ধকার দর্শন, বিভ্রম, প্রমোহ, চিমিচিমিবৎ বেদনা, গাত্রাবসাদ এবং শূল হয়। কফানুগত অম্লপিত্তে কফনিষ্ঠীবন, মুখে লেপাবোধ, গাত্রগুরুতা, জড়তা, শীতবোধ, অঙ্গাবসাদ,

অরুচি মন্দাগ্নি গাত্রকণ্ডূ এবং অতিশয় নিদ্রা হয়। বাত এবং শ্লেষ্মা উভয়ানু বন্ধ অম্লপিত্তে উপরোক্ত উভয় প্রকার চিহ্ন দৃষ্ট হয়। শ্লেষ্মপিত্ত নামা রোগের লক্ষণ নিম্নপ্রকার কথিত আছে। যথা, তিক্ত, অম্ল ও কটু উদ্‌গার উঠে, হৃদয় কক্ষি এবং কণ্ঠে দাহ লালাপ্রসেক মুখমাধুর্য্য, অরুচি ও বমি হয় এবং রোগীর আলস্য বোধ, শিরঃপীড়া, ভ্রম ও মূর্চ্ছা হইয়া থাকে।

অথ বীসর্পনিদানঃ। (১)

লবণাম্লকটূষ্ণাদিসংসেবাদ্দোষকোপতঃ। বিসর্পঃ সপ্তধা জ্ঞেয়ঃ সর্ব্বতঃ পরিসর্পণাৎ। পৃথক্ ত্রয়স্ত্রিভিশ্চৈকো বিসর্পা দ্বন্দ্বজা ত্রয়ঃ। বাতিকঃ পৈত্তিকশ্চৈব কফজঃ সান্নিপাতিকঃ। চত্বার এতে বীসর্পা বক্ষ্যন্তে দ্বন্দ্বজা ত্রয়ঃ। আগ্নেয়োবাতপিত্তাভ্যাং গ্রন্থ্যাখ্যঃ কফবাতজঃ। যস্তু কর্দ্দমকো ঘোরঃ সপিত্তকফসম্ভবঃ। রক্তং লসীকাত্বঙ্মাংসং দূষ্যং দোষাস্ত্রয়োমলাঃ। বিসর্পাণাং সমুৎপত্তৌ বিজ্ঞেয়াঃ সপ্তধাতবঃ।

বিসর্প রোগ দেহের নানা স্থানে বিচরণ করে, এ জন্য ইহাকে বিসর্প কহে। লবণ, অম্ল, কটু উষ্ণাদি দ্রব্য অতি সেবন হেতুক দোষ কুপিত হইয়া পৃথক, দ্বন্দ্ব ও সান্নিপাতিক ভেদে সপ্ত প্রকার বিসর্প রোগ উৎপন্ন হয়। তন্মধ্যে বাতকফজ বিসর্পকে গ্রন্থী. বাতপিত্তজকে আগ্নেয, এবং পিত্তকফসম্ভবকে কর্দ্দমক বিসর্প কহা যায়। কুষ্ঠ রোগের ন্যায় বিসর্প রোগে দোষ এবং দুষ্যের সংগ্রহ নির্দ্দিষ্ট আছে। বায়ু পিত্ত ও কফ এবং রক্ত লসিকা ত্বক্ ও মাংস এই সপ্তবিধধাতু বিসর্প রোগের আভ্যন্তরিক উৎপত্তির কারণ জানিবে।

তত্রবাতাৎ সবিসর্পো বাতজ্বর সমব্যথঃ। শোফস্ফুরণনিস্তোদ ভেদা য়াসার্ত্তি হর্ষবান্। পিত্তাদ্দ্রুত গতিঃ পিত্তজ্বরলিঙ্গোঽতিলোহিতঃ। কফাৎ কণ্ডূযুতঃ স্নিগ্ধঃকফজ্বরসমানরুক্। সন্নিপাতসমুত্থশ্চ সর্ব্বলিঙ্গ সমন্বিতঃ।

১। বিসর্পকে ইংরাজিতে এরিসিপেলাস (Erysipelas) কহে।

বাতিক বিসর্পে বাতজ্বরের ন্যায় অঙ্গবেদনা ক্লান্তি এবং রোমহর্ষ হয়। যে স্থানে রোগ প্রকাশ পায় সেই স্থান স্ফীত এবং ভেদন ও সূচী-বিদ্ধনবৎ বেদনা যুক্ত এবং পীড়ন করিলে কিঞ্চিৎ চলিত বোধ হয়। পৈত্তিক বিসর্প রক্তবর্ণ এবং অতি দ্রুতবেগে বিস্তার হয়, ইহাতে পৈত্তিক জ্বরের লক্ষণ দৃষ্ট হয়। শ্লৈষ্মিক বিসর্পে আক্রান্ত স্থান স্নিগ্ধ, কণ্ডুযুক্ত এবং অল্প বেদনান্বিত হয়। ইহাতে কফজ্বরের লক্ষণ দৃষ্ট হয়। সান্নিপাতিক বিসর্প সর্ব্বলিঙ্গ যুক্ত।

বাতপিত্তাজ্জ্বরচ্ছর্দ্দিমূর্চ্ছাতীসারতৃড্‌ভ্রমৈঃ। অস্থিভেদাগ্নিসদন তমকারোচকৈর্যুতঃ। করোতি সর্ব্বমঙ্গঞ্চ দীপ্তাঙ্গারাবকীর্ণবৎ। যং যং দেশং বিসর্পশ্চ বিসর্পতি ভবেৎ স সঃ। শান্তাঙ্গারাসিতোনীলো রক্তোবাশুচচীয়তে। অগ্নি-দগ্ধ ইব স্ফোটৈঃ শীঘ্রগত্বা দ্রুতং সচ। মর্ম্মানুসারীবীসর্পঃ স্যাদ্বাতোঽতিবল স্ততঃ। ব্যথেতাঙ্গং হরেৎ সংজ্ঞাং নিদ্রাঞ্চ শ্বাসমীরয়েৎ। হিক্কাঞ্চ সগতোবস্থা মীদৃশীং লভতে ন না। ক্বচিচ্ছর্ম্মারতি গ্রস্তো ভূমিশয্যাসনাদিষু। চেষ্টমান স্ততঃ ক্লিষ্টো মনোদেহ সমুদ্ভবান্। দুষ্প্রবোধোঽশ্নুতে নিদ্রাং সোঽগ্নিবীসর্প উচ্যতে। কফেন রুদ্ধঃ পবনো ভিত্ত্বা তং বহুধা কফং। রক্তং বা বৃদ্ধরক্তস্য ত্বক্‌শিরাস্নায়ুমাংসগং। দূষয়িত্বাতু দীর্ঘাণুবৃত্ত স্থূল-খরাত্মনাং। গ্রন্থীনাং কুরুতে মালাং সরক্তাং তীব্ররুগ্‌জ্বরাং। শ্বাসকা-সাতিসারস্য শোষহিক্কাবমি ভ্রমৈঃ। মোহবৈবর্ণ্য মূর্চ্ছাঙ্গভঙ্গাগ্নিসদনৈ র্যুতাং। ইত্যয়ং গ্রন্থিবীসর্পঃ কফ মারুতকোপজঃ।

বাতপৈত্তিক অর্থাৎ আগ্নেয় বিসর্পে জ্বর, বমন, অতিসার, তৃষ্ণা, মূর্চ্ছা এবং ভ্রম হয়। গ্রন্থিসমূহে বেদনা, অগ্নিমান্দ্য তমকশ্বাস এবং অরুচি হয়। সর্ব্বশরীর জ্বলন্ত অঙ্গার দ্বারা আবৃত, অর্থাৎ অত্যন্ত দাহ যুক্ত বোধ হয়। যে যে স্থানে বিসর্প বিস্তার হয় সেই সমস্ত স্থান শীঘ্র কৃষ্ণ, নীল অথবা রক্তবর্ণ হইয়া যায় এবং অগ্নিদগ্ধের ন্যায় স্ফোটক দ্বারা উপচিত হয়। বায়ু অতি বলবৎ হইলে এই রোগ ত্বরায় মর্ম্মস্থানে বিসর্পণ করে, এবং অঙ্গ বেদনা, শ্বাস, হিক্কা, নিদ্রা ও সংজ্ঞানাশ উৎপাদন করে। ঈদৃশ অবস্থাগত মনুষ্য অনবস্থিত চিত্ত হইয়া কি ভূমিতে উপবেশন, কি শয্যায় শয়ন, কি আহার বিহারাদিতে, কোন বিষয়েই কচিৎ সুখলাভ করে না এবং কোন

কায়িক ব্যাপারের উপক্রম করিলে মানসিক ও দৈহিক ক্লান্তি প্রযুক্ত তাহার প্রাণত্যাগ হয়। গ্রন্থিবিসর্পের সম্প্রাপ্তি নিম্ন প্রকার কথিত আছে যথা, কফাবৃত বায়ু, আবরক কফকে নানাপ্রকারে ভিন্ন করিয়া অথবা রক্তাধিক্য মানবদিগের ত্বক শিরা স্নায়ু ও মাংসগত রক্তকে দূষিত করিয়া দীর্ঘ গোলাকার উন্নত এবং খরস্পর্শ গ্রন্থি সমূহের মালা উৎপন্ন করে। ইহারা রক্তবর্ণ ও তীব্র বেদনাযুক্ত হয়। রোগীর শ্বাস কাশ, অতিশয় মুখশোষ, হিক্কা, বমি, ভ্রম, মোহ, মূর্চ্ছা, চর্ম্মের বিবর্ণতা অঙ্গাবসাদ এবং অগ্নিনাশ হয়। এই রোগ কফবাতজ।

কফপিত্তাজ্জ্বরস্তম্ভোনিদ্রাতন্দ্রাশিরোরুজা। অঙ্গাবসাদবিক্ষেপৌ প্রলেপারোচক ভ্রমাঃ। মূর্চ্ছাগ্নিহানির্ভেদোঽস্থ্নাং পিপাসেন্দ্রিয়গৌরবং। আমোপবেশনং লেপঃ স্রোতসাংস চ সর্পতি। প্রায়েণামাশয়ং গৃহ্নন্নেকদেশং ন চাতিরুক্। পীড়কৈ রবকীর্ণোঽতিপীত লোহিতপাণ্ডুরৈঃ। স্নিগ্ধোঽসিতো মেচকাভোমলিনঃ শোথবান্ গুরুঃ। গম্ভীরপাকোপ্রাজ্যোষ্মাস্পৃষ্টঃ ক্লিন্নোঽবদীর্য্যতে। পঙ্কবচ্ছীর্ণমাংসশ্চ স্পষ্টস্নায়ুশিরাগণঃ। শবগন্ধী চ বিসর্পঃ কর্দ্দমাখ্যমুশন্তিতং।

কফ পিত্তজে অর্থাৎ কর্দ্দম নামা বিসর্পে রোগীর জ্বর, গাত্রস্তব্ধতা নিদ্রা, তন্দ্রা এবং শিরঃপীড়া হয়। অঙ্গাবসাদ, অঙ্গবিক্ষেপ, ভ্রম, মূর্চ্ছা এবং ইন্দ্রিয় সকলের স্তব্ধতা হয়। মুখে এবং স্রোত সমূহে লেপা বোধ, অরোচক, পিপাসা, অপক্ক মল রেচন, অগ্নিমান্দ্য এবং অস্থি সমূহের ভেদনবৎ পীড়া হয়। এই বিসর্প প্রায় আমাশয়ে উৎপন্ন হইয়া দেহের কোন একটী অংশে প্রকাশ পায়। ইহাতে বেদনা অধিক হয় না। শোথ, স্নিগ্ধ, স্পর্শে উষ্ণ, কৃষ্ণ, শ্যামল অথবা মলিনবর্ণ এবং পীত, লোহিত বা পাণ্ডুবর্ণ পিড়কার দ্বারা আবৃত হয়। স্পর্শে অতি উষ্ণ বোধ হয়। শোথ, প্রথমতঃ অন্তরে পাকিয়া পরিশেষে বিদীর্ণ হয়। উহা হইতে শবগন্ধ পচা কর্দ্দমবৎ মাংস নির্গত হয় এবং ক্ষত স্থানে স্নায়ু ও শিরা সমূহ স্পষ্ট রূপে দৃশ্যমান হয়। কর্দ্দমের সদৃশ মাংস নির্গত হওয়াতে ইহাকে কর্দ্দমাখ্য বিসর্প কহে।

বাহ্যহেতোঃ ক্ষতাৎ ক্রুদ্ধঃ সরক্তং পিত্তমীরয়ন্। বিসর্পং মারুতঃ কুর্য্যাৎ কুলত্থ সদৃশৈশ্চিতং। স্ফোটৈঃ শোথজ্বররুজাদাহাঢ্যং শ্যাবশোণিতং। জ্বরাতীসারৌবমথুস্ত্বঙ্ মাংসদরণক্লমাঃ। অরোচকা বিপাকৌ চ বিসর্পাণা মুপদ্রবাঃ। সিধ্যন্তি বাতকফ পিত্তকৃতা বিসর্পাঃ সর্ব্বাত্মকঃ ক্ষতকৃতশ্চ ন সিদ্ধিমেতি। পিত্তাত্মকোঽঞ্জন বপুশ্চ ভবেদসাধ্যঃ কৃচ্ছ্রাশ্চ মর্ম্মসু ভবন্তি হি সর্ব্ব এব।

অভিঘাতাদি বাহ্যকারণ হেতু ক্ষত হইলে ক্রুদ্ধ বায়ু, রক্ত এবং পিত্তকে কুপিত করিয়া বিসর্প রোগ জন্মায়। ইহার উপর কুলত্থ সদৃশ স্ফোটক সকল বহির্গত হয়। রোগীর জ্বর, শোথ, বেদনা এবং দাহ হয় এবং রক্ত শ্যাববর্ণ হইয়া যায়। জ্বর, অতিসার, বমন, ত্বক্ ও মাংস পচন, শরীরে গ্লানি, অরুচি এবং অবিপাক বিসর্প রোগের উপদ্রব বলিয়া উক্ত আছে। বাতিক পৈত্তিক এবং শ্লৈষ্মিক বিসর্প সাধ্য। সান্নিপাতিক এবং অভিঘাতজ বিসর্প অসাধ্য। পৈত্তিক বিসর্পে যদ্যপি রোগীর শরীর কৃষ্ণবর্ণ হয় তবে উহা অসাধ্য হয়। সর্ব্বপ্রকার বিসর্প মর্ম্মস্থানে প্রবেশ করিলে অতি কষ্টসাধ্য হয়।

অথ বিস্ফোট নিদানং।

কট্বম্লতীক্ষ্ণোষ্ণ বিদাহিরুক্ষ ক্ষারৈরজীর্ণাধ্যশনাতপৈশ্চ। তথর্তু দোষেণ বিপর্য্যয়েণ কুপ্যন্তি দোষাঃ পবনাদয়স্তু। ত্বচ মাশ্রিত্য তে রক্তংমাংসাস্থীনি প্রদূষ্য চ। ঘোরান্ কুর্ব্বন্তি বিস্ফোটান্ সর্ব্বান্ জ্বর পুরঃসরান্। অগ্নিদগ্ধনিভাঃ স্ফোটাঃ সজ্বরারক্তপিত্তজাঃ। ক্বচিৎ সর্ব্বত্র বা দেহে বিস্ফোটক ইতি স্মৃতঃ।

কটু, অম্ল, তীক্ষ্ণ,উষ্ণ, বিদাহি, রুক্ষ, ক্ষার এবং অজীর্ণকারী আহারদ্বারা অথবা আহার পরিপাক না হইতেই পুনরায় আহার করিলে এবং আতপ, শীত, উষ্ণাদি সেবন ও ঋতুসমূহের স্বভাব অন্যথা হেতু দোষ কুপিত হইয়া চর্ম্মকে আশ্রয় এবং রক্ত মাংস ও অস্থিকে দূষ্য করিয়া, ঘোর বিস্ফোট সমূহ উৎপাদন করে। বিস্ফোট প্রকাশ হইবার পূর্ব্বে জ্বর হইয়া থাকে। যে রোগে জ্বরের

সহিত রক্তপিত্ত জনিত পিড়কা অগ্নিদগ্ধ স্ফোটকাকারে নির্গত হয় তাহাকে বিস্ফোট কহে। কখন কখন উহারা দেহের সর্ব্বত্র প্রকাশ পায়।

শিরোরুক্ শূল ভূয়িষ্ঠং জ্বর তৃট্ পর্ব্বভেদনং। সকৃষ্ণবর্ণতা চেতি বাত বিস্ফোটলক্ষণং। জ্বরদাহরুজাস্রাবপাকতৃষ্ণাভিরন্বিতং। পীতলোহিতবর্ণঞ্চ পিত্তবিস্ফোটলক্ষণং। ছর্দ্দ্যরোচকজাড্যানি কণ্ডুকাঠিন্য পাণ্ডুতাঃ। অবেদনশ্চিরাৎ পাকী স বিস্ফোটঃ কফাত্মকঃ। বাতপিত্তকৃতো যস্তু কুরুতে তীব্রবেদনাং। কণ্ডু স্তৈমিত্য গুরুভি র্জানীয়াৎ কফবাতিকং। কণ্ডুর্দাহো জ্বরশ্ছর্দ্দি রেতৈস্তু কফপৈত্তিকঃ। মধ্যে নিম্নোন্নতোঽন্তে চ কঠিনোঽল্প প্রপাকবান্। দাহরাগতৃষামোহ শ্ছর্দ্দিমূর্চ্ছারুজো জ্বরঃ। প্রলাপোবেপথুস্তন্দ্রা সোঽসাধ্যঃ স্যাৎ ত্রিদোষজঃ। রক্তারক্তসমুত্থানা গুঞ্জাবিদ্রুম সন্নিভাঃ। বেদিতব্যাস্তু রক্তেন পৈত্তিকেন চ হেতুনা। নতে সিদ্ধিং সমায়ান্তি সিদ্ধৈ র্যোগ শতৈরপি। একদোষোত্থিতঃসাধ্যঃ কৃচ্ছ্রসাধ্যো দ্বিদোষজঃ। সর্ব্বদোষোত্থিতো ঘোরস্ত্বসাধ্যো ভূর্য্যপদ্রবঃ।

অষ্ট প্রকার বিস্ফোট নির্দ্দিষ্ট আছে যথা বাতিক পৈত্তিক, শ্লৈষ্মিক, দ্বন্দ্বজ, রক্তজ এবং সান্নিপাতিক। বাতিক বিস্ফোটক অত্যন্ত শূল বিশিষ্ট এবং কৃষ্ণ বর্ণ হয় এবং রোগীর শিরঃপীড়া, জ্বর, তৃষ্ণা ও পর্ব্বভেদন হয়। পৈত্তিক বিস্ফোট, পীত লোহিত বর্ণ ও বেদনাযুক্ত হয় এবং আশু পাকিয়া স্রাব নির্গত করে। রোগীর জ্বর, দাহ এবং তৃষ্ণা হয়। শ্লৈষ্মিক বিস্ফোট পাণ্ডুবর্ণ, কঠিন, কণ্ডুযুক্ত এবং স্বল্প বেদনা বিশিষ্ট হয় ও বিলম্বে পাকে। রোগীর বমন, অরুচি ও মুখ জড়তা হয়। বাতপিত্তজনিত বিস্ফোটে তীব্র বেদনা হয়। কফ বাতিকে কণ্ডু আর্দ্রতা ও গুরুত্ব হয়। কফ পৈত্তিক বিস্ফোটকে কণ্ডু, দাহ, জ্বর এবং বমন হয়। ত্রিদোষজ বিস্ফোটক মধ্যভাগে নিম্ন এবং অন্তে উন্নত, লোহিত বর্ণ বেদনা বিশিষ্ট কঠিন এবং অল্প পাকযুক্ত হয়। ইহাতে রোগীর জ্বর, দাহ, তৃষ্ণা, বমন মোহ মূর্চ্ছা, প্রলাপ, কম্প এবং তন্দ্রা হয়। এই রোগ অসাধ্য। রক্তোত্থিত বিস্ফোট পৈত্তিক বিস্ফোটকের কারণ হইতে উৎপন্ন হইয়া গুঞ্জা অথবা প্রবাল সদৃশ রক্তবর্ণ হয় এবং শতশত সিদ্ধ যোগ প্রয়োগেও আরোগ্য হয় না। এক দোষোত্থিত বিস্ফোটক সাধ্য,

ত্রিদোষজ কৃচ্ছ্র সাধ্য এবং ভূরি উপদ্রব (১) বিশিষ্ট, ও সান্নিপাতিক বিস্ফোট অসাধ্য।

অথ মসূরিকা নিদানং (২)।

কট্বম্ললবণক্ষার বিরুদ্ধাধ্যশনাশনৈঃ। দুষ্টনিষ্পাব শাকাদ্যৈঃপ্রদুষ্টপবনোদকৈঃ। ক্রুদ্ধগ্রহেক্ষণাচ্চাপি দেহে দোষাঃ সমুদ্ধতাঃ। জনয়ন্তি শরীরেঽস্মিন্ দুষ্টরক্তেন সংগতাঃ। মসূরাকৃতিসংস্থানাঃ পিড়কাঃ স্যুর্মসূরিকাঃ। তাসাং পূর্ব্বো জ্বরঃ কণ্ডূর্গাত্রভঙ্গোঽরুচির্ভ্রমঃ। ত্বচিশোথঃ সবৈবর্ণো নেত্ররাগ স্তথৈব চ।

কটু, অম্ল, লবণ ও ক্ষার দ্রব্য ভক্ষণ, বিরুদ্ধ আহার অথবা অধ্যশন দ্বারা শিম্বিবীজ ও শাকাদির অতি সেবন দ্বারা দূষিত অন্ন বায়ু অথবা অম্বু সেবন দ্বারা এবং ক্রুদ্ধ গ্রহদিগের অশুভ দৃষ্টিদ্বারা, প্রকুপিত দোষত্রয় দুষ্ট রক্তকে সংসৃষ্ট করতঃ মনুষ্যদিগের শরীরে মসূরী কলাই সদৃশ পিড়কা উৎপন্ন করে। এই রোগকে মসূরিকা কহে। মসূরিকা উৎপন্ন হইবার পূর্ব্বে রোগীর জ্বর, গাত্রভঙ্গ, কণ্ডু, অস্থিরতা, ভ্রম এবং চক্ষু রক্তিমাবর্ণ ও চর্ম্ম বিবর্ণ এবং শোথযুক্ত হয়।

স্ফোটাঃ শ্যাবারুণারুক্ষা স্তীব্রবেদনয়ান্বিতাঃ। কঠিনাশ্চিরপাকাশ্চ ভবন্ত্যনিলসম্ভবাঃ। সন্ধ্যস্থিপর্ব্বণাং ভেদঃ কাসঃ কম্পোঽরতিঃক্লমঃ। শোষস্তাল্বোষ্ঠ জিহ্বানাং তৃষ্ণা চারুচিসংযুতা। রক্তাঃপীতাঃ সিতাঃ স্ফোটাঃ সদাহা স্তীব্রবেদনাঃ। ভবন্ত্যচিরপাকাশ্চ পিত্তকোপসমুদ্ভবাঃ। বিড্ভেদশ্চাঙ্গদাহশ্চ তৃষ্ণারত্যরুচী তথা। মুখপাকোঽক্ষিরাগশ্চ জ্বরস্তীব্রঃ সুদারুণঃ। রক্তজায়াং ভবন্ত্যেতে বিকারাঃ পিত্তলক্ষণাঃ। কফপ্রসেকঃ স্তৈমিত্যং শিরোরুগ্গাত্রগৌরবং। হৃল্লাসঃ সারুচির্নিদ্রা তন্দ্রালস্য সমন্বিতাঃ। শ্বেতাঃ স্নিগ্ধাভৃশং স্থূলা কণ্ডূরামন্দ বেদনাঃ। মসূরিকাঃ কফোত্থাশ্চ চিরপাকাঃ প্রকীর্ত্তিতাঃ।

---

(১) বিসর্পের উপদ্রব সমূহ বিস্ফোট রোগের উপসর্গ জানিবে। বিস্ফোটকে ইংরাজিতে বয়েল্‌স (Boils) কহে।

(২) ভাষাতে মসূরিকাকে বসন্ত রোগ, শীতলা বা গুটি কহে ইংরাজিতে স্মলপক্স (Small pox) কহা যায়।

নীলাশ্চিপিটবিস্তীর্ণা মধ্যে নিম্না মহারুজাঃ। চিরপাকাঃ পূতিস্রাবাঃ প্রভূতাঃ সর্ব্বদোষজাঃ। কণ্ঠরোধারুচিস্তম্ভ প্রলাপারতিসঙ্গতাঃ। দুশ্চিকিৎস্যাঃ সমুদ্দিষ্টাঃ পীড়কাশ্চর্ম্মসংজ্ঞিতাঃ।

বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, রক্তজ ও সান্নিপাতিক ভেদে পঞ্চ প্রকার মসূরিকা বর্ণিত আছে। বাতজ মসূরিকাতে স্ফোটক সমূহ শ্যাবারুণ বর্ণ, রুক্ষ তীব্র বেদনাযুক্ত ও কঠিন হয় এবং বিলম্বে পাকে। সন্ধি অস্থি এবং পর্ব্বসমূহে ভেদনবৎ বেদনা, কাশ, কম্প, অস্থিরতা, ক্লান্তি, অরুচি ও তৃষ্ণা হয় এবং তালু, ওষ্ঠ ও জিহ্বার শোষ হয়। পৈত্তিক মসূরিকাতে স্ফোটক সমূহ রক্ত, পীত অথবা শুক্লবর্ণ এবং দাহ ও তীব্র বেদনাযুক্ত হয়, এবং অতি শীঘ্র পাকে। রোগীর মলরেচন, দাহ, তৃষ্ণা, অরতি, অরুচি, তীব্র জ্বর, মুখপাক এবং অক্ষিরাগ হয়। রক্তজ মসূরিকা পিত্তোদ্ভবের সদৃশ লক্ষণযুক্ত হয়। কফোত্থিত মসূরিকায় পিড়কা সমূহ, শ্বেতবর্ণ, অতি স্নিগ্ধ স্থূলাকার এবং কণ্ডূ ও মন্দবেদনা যুক্ত হয় এবং বিলম্বে পাকে। রোগীর গাত্রগুরুতা, জড়তা, শিরঃপীড়া, আলস্য, তন্দ্রা ও নিদ্রা হয় এবং মুখ হইতে লালাস্রাব, বিবমিষা ও অরুচি হয়। সান্নিপাতিক মসূরিকাতে পিড়কাসমূহ চিপিট বিস্তীর্ণবৎ বোধ হয়, অর্থাৎ চর্ম্মের উপর কতকগুলি চিড়া ছড়াইয়া দিয়াছে এরূপ বোধ হয়। উহারা নীলবর্ণ বেদনাযুক্ত ও মধ্যে নিম্ন হয় এবং বিলম্বে পাকিয়া প্রভূত পূতিগন্ধ স্রাব নির্গত করে। রোগীর কণ্ঠ রোধ, অরুচি তন্দ্রা, প্রলাপ, অস্থিরতা এবং জ্ঞান শূন্যতা হয়। এই রোগ অতি দুশ্চিকিৎসনীয়। ইহার আর একটী নাম চর্ম্মদল।

রোমকূপোন্নতি সমারাগিণ্যঃ কফ পিত্তজাঃ। কাসারোচকসংযুক্তা রোমান্ত্যো জ্বর পূর্ব্বিকাঃ।

প্রথমতঃ জ্বর হইয়া সমুদয় গাত্রে রোমকূপ সদৃশ ক্ষুদ্র ক্ষুদ্র লোহিত বর্ণ পিড়কা উত্থিত হইলে তাহাকে রোমান্তি (১) কহে। ইহাতে রোগীর

(১) রোমন্তিকে ভাষাতে হাম বা লুন্তি জ্বর কহে এবং ইংরাজিতে মিজিলশ (Measles) কহে।

কাশ ও অরুচি হয়। এই রোগ মসূরিকার একটী প্রকার ভেদ এবং কফপিত্তোত্থিত।

তোয়বুদ্বুদসঙ্কাশাস্ত্বগ্‌গতাস্ত মসূরিকাঃ। অল্পদোষাঃ প্রজায়ন্তে ভিন্না স্তোয়ং স্রবন্তি চ। রক্তস্থালোহিতা কারাঃ শীঘ্রপাকা স্তনু ত্বচঃ। সাধ্যানাত্যর্থ দুষ্টাশ্চ ভিন্না রক্তং স্রবন্তি চ। মাংসস্থাঃ কঠিনাঃ স্নিগ্ধাশ্চিরপাকা ঘনত্বচঃ। গাত্রশূলারতিকণ্ডূতৃষ্ণাজ্বরসমন্বিতাঃ।

এক্ষণে রস রক্তাদি সপ্ত ধাতুগত মসূরিকার লক্ষণ কথিত হইতেছে যথা, রসগত মসূরিকাব পিড়কা সমূহ, জলপূর্ণ বুদ্বুদ সদৃশ হয় এবং ভিন্ন হইলে জলবৎ স্রাব নির্গত করে (১) এই রোগে দোষের অল্পতা এবং দুষ্যের প্রাধান্য থাকে, এই হেতু ইহা সুখসাধ্য। রক্তগত মসূরিকার পিড়কা সকল লোহিত বর্ণ হয় এবং শীঘ্র পাকে, উহাদের চর্ম্মকোষ গুলি অতি তনু অর্থাৎ পাতলা হয় এবং ভিন্ন হইলে রক্ত নিঃসরণ করে। এই রোগেও দোষ অতি প্রবল থাকে না এবং ইহা সাধ্য বলিয়া উক্ত হইয়াছে। মাংস গত মসূরিকার পিড়কা সমূহ কঠিন ও স্নিগ্ধ হয়। উহাদের ত্বক ঘন অর্থাৎ পুরু হয় এবং উহারা বিলম্বে পাকে। রোগীর জ্বর, তৃষ্ণা, অস্থিরতা, গাত্রবেদনা এবং গাত্রকণ্ডূ হয়। এই রোগ কৃচ্ছ্র সাধ্য।

মেদোজা মণ্ডলাকারা মৃদবঃ কিঞ্চিদুন্নতাঃ। ঘোরজ্বরপরীতাশ্চ স্থূলাঃস্নিগ্ধাঃ সবেদনাঃ। সংমোহা রতিসংতাপাঃ কশ্চিদাভ্যো বিনিস্তরেৎ। ক্ষুদ্রা গাত্রসমা রুক্ষা শ্চিপিটাঃ কিঞ্চিদুন্নতাঃ। মজ্জোত্থা ভৃশ সংমোহ বেদনা রতিসংযুতাঃ। ছিন্দন্তি মর্ম্মধামানি প্রাণানাশু হরন্তি হি। ভ্রমরেণেব বিদ্ধানি কুর্ব্বন্ত্যস্থীনি সর্ব্বতঃ। পক্কাভাঃ পিড়কাঃ স্নিগ্ধাঃ সূক্ষ্মাশ্চাত্যর্থ বেদনাঃ। স্তৈমিত্যারতি-সংমোহদাহোন্মাদসমন্বিতাঃ। শুক্রজায়াং মসূর্য্যাস্ত লক্ষনানি ভবন্তি হি। নির্দ্দিষ্টং কেবলং চিহ্নং দৃশ্যতে ন তু জীবিতং। দোষমিশ্রৈশ্চ সপ্তেতা দ্রষ্টব্যা দোষ লক্ষণৈঃ।

---

(১) রসগত মসূরিকার লক্ষণ পাণবসন্ত অর্থাৎ ইংরাজি (Varicella) ভেরিসেলার সহিত ঐক্য হয়।

মেদোগত মসূরিকার পিড়কা সমূহ, স্থূল ও মণ্ডলাকার নরম, কিঞ্চিদুন্নত এবং বেদনা যুক্ত হয়। রোগীর ঘোরতর জ্বর, সন্তাপ, অস্থিরতা এবং মোহ হয়। এই রোগ হইতে রোগী কদাচিৎ মুক্তি পায়। মজ্জা এবং অস্থিগত মসূরিকার পিড়কা সমূহ ক্ষুদ্রাকার গাত্রসমবর্ণ, রুক্ষ, চিপিটাকার এবং কিঞ্চিৎ উন্নত হয়। রোগীর অত্যন্ত মোহ, বেদনা ও অস্থিরতা এবং মর্ম্মস্থানে ছেদনবৎ বেদনা হয়। মেদ, মজ্জা ও অস্থিগত হওয়াতে, অস্থি সমূহে ভ্রমর বিদ্ধন সদৃশ ছেদনবৎ পীড়া হয়। এই রোগ আশু প্রাণ নষ্ট করে। শুক্রগত মসূরিকার পিড়কা সমস্ত, পক্কবৎ, স্নিগ্ধ সূক্ষ্ম এবং অত্যন্ত বেদনাযুক্ত হয়। রোগীর অস্থিরতা, জড়তা, দাহ, সংজ্ঞানাশ এবং উন্মত্ততা হয়। শুক্রজ মসূরিকার উপরোক্ত লক্ষণ নির্দ্দিষ্ট আছে বটে কিন্তু ইহা এরূপ শীঘ্র প্রাণনাশ করে যে জীবিত থাকিতে সমস্ত লক্ষণ প্রকাশ হইবার অবকাশ হয় না। এই সপ্ত ধাতু গত মসূরিকার সহিত যে দোষ প্রকুপিত থাকে, তাহার লক্ষণ সমূহও মিলিত ভাবে প্রকাশ হয় জানিবে।

ত্বগ্‌গতা রক্তজাশ্চৈব পিত্তজাঃ শ্লেষ্মজা স্তথা। শ্লেষ্মপিত্তকৃতাশ্চৈব সুখসাধ্যা মসূরিকাঃ। বাতজা বাতপিত্তোত্থাঃ শ্লেষ্মবাতকৃতাশ্চযাঃ। কৃচ্ছ্রসাধ্যামতা স্তস্মাৎ যত্নাদেতা উপচরেৎ। অসাধ্যাঃ সন্নিপাতোত্থা স্তাসাংবক্ষ্যামিলক্ষণং। প্রবালসদৃশাঃ কাশ্চিৎ কাশ্চিজ্জম্বুফলোপমাঃ। লোহজালনিভাঃ কাশ্চিদতসীফলসন্নিভাঃ। আসাং বহুবিধাবর্ণা জায়ন্তে দোষভেদতঃ। কাসোহিক্কা প্রমোহশ্চ জ্বরস্তীব্রঃসুদারুণঃ। প্রলাপশ্চারতির্মূর্চ্ছাতৃষ্ণা দাহোতিঘূর্ণতা। মুখেন প্রস্রবেদ্রক্তং তথা ঘ্রাণেন চক্ষুষা। কণ্ঠে ঘুর্ঘুরকং কৃত্বা শ্বসিত্যত্যর্থ বেদনং। মসূরিকাভিভূতস্য যস্যৈতানি ভিষগ্বরঃ। লক্ষণানি চ দৃশ্যন্তে ন দদ্যাত্তত্র ভেষজং। মসূরিকাভিভূতো যোভৃশং ঘ্রাণেন নিশ্বসেৎ। সভৃশং ত্যজতি প্রাণান্ তৃষ্ণার্ত্তো বায়ুদূষিতঃ। মসূরিকান্তে শোথঃ স্যাৎ কূর্পরেমণিবন্ধকে। তথাংসফলকে চাপি দুশ্চিকিৎস্যঃ সুদারুণঃ।

রস, রক্ত, পিত্ত, শ্লেষ্মা এবং পিত্তশ্লেষ্মা জনিত মসূরিকা সাধ্য। বাতজ, বাতপিত্তজ এবং শ্লেষ্মা বাতজ মসূরিকা কৃচ্ছ্র সাধ্য। অতএব ইহাদের চিকিৎসা যত্নের সহিত করা কর্ত্তব্য। সান্নিপাতিক মসূরিকা অসাধ্য। বাতাদি জনিত

অসাধ্য মসুরিকা সমূহ সংমূর্চ্ছন দোষভেদে প্রবালের সমবর্ণ কখন বা জম্বুফলের সদৃশ হয়, কখন ধীবরের জালস্থিত লৌহ সদৃশ কখন বা অতসী অর্থাৎ মসীনা ফল সদৃশ বর্ণ প্রাপ্ত হয়। দোষ দূষ্য ভেদে ইহাদের আর অনেক প্রকার বর্ণ ভেদ হইয়া থাকে। যে মসূরিকাগ্রস্থ রোগীর কাশ, হিক্কা, তৃষ্ণা, দাহ, প্রবল জ্বর, মোহ, প্রলাপ, মূর্চ্ছা, অরতি এবং গাত্র ঘূর্ণন হয়, মুখ নাসিকা এবং চক্ষু হইতে রক্ত স্রাব হয়, এবং কণ্ঠে ঘুর ঘুর শব্দ হইয়া অতি কষ্টে নিশ্বাস ত্যাগ হয়, তাহাকে বৈদ্য ঔষধ দিবেন না। যে বায়ু দূষিত মসূরিকা রোগী অত্যন্ত তৃষ্ণাযুক্ত হইয়া নাসিকাদ্বারা নিশ্বাস ত্যাগ করে তাহার রোগ অসাধ্য। মসূরিকা রোগের অন্তে কূর্পর, মনিবন্ধ এবং অংসফলকে ভয়ানক শোথ হইলে উহা দুশ্চিকিৎসানীয় হয়।

অথ ক্ষুদ্ররোগ নিদানং।

এই অধ্যায়ে তেতাল্লিশটী সামান্য রোগের বিবরণ লিখিত হইবে। এই সকল রোগের লক্ষণ এবং বিবরণের স্বল্পতা হেতু ইহাদিগকে ক্ষুদ্র রোগ কহে (১)।

১। স্নিগ্ধাঃ সবর্ণা গ্রথিতা নীরুজা মুদ্গসন্নিভাঃ। কফবাতোত্থিতা জ্ঞেয়া বালানামজগল্লিকাঃ।

অজগল্লিকা—এই রোগে মুদ্গ প্রমাণ স্বাভাবিক বর্ণযুক্ত, স্নিগ্ধ, গ্রথিত, বেদনা শূন্য পিড়কা প্রকাশ হয়। ইহা কফ বাতোত্থিত এবং প্রায় বালকদিগের হইয়া থাকে।

২। যবাকারা সুকঠিনা গ্রথিতা মাংসসংসৃতা। পীড়কা কফবাতাভ্যাং যবপ্রখ্যেতি সোচ্যতে।

---

(১) মূল শ্লোকে ক্ষুদ্ররোগের সংখ্যা নির্দ্ধারিত নাই, টীকায় চতুশ্চত্বারিংশৎ বলিয়া উক্ত আছে, কিন্তু মুদ্রাঙ্কিত নিদানে ৪৩টি মাত্র রোগের বিবরণ লিখিত আছে। উহারা যে যে ইংরাজি রোগের সহিত ঐক্য হয় তাহা নিম্নে প্রকটিত হইল।

যবপ্রখ্যা-ইহাকে কঠিন যবাকার অর্থাৎ যবের ন্যায় মধ্য স্থূল এবং মাংস সংশ্রিত পিড়কা হয়। ইহা কফবাতজ।

৩। ঘনামবক্ত্রাং পিড়কা মুন্নতাং পরিমণ্ডলাং। অন্ত্রালজী মল্পপূয়াং তাং বিদ্যাৎ কফবাতজাং।

---

১ অজগল্লিকা	Wart.
২ যবপ্রখ্যা	Small tubercles, like barley-corn.
৩ অন্ত্রালজী	Turbercles, like unripe figs.
৪ বিবৃতা	Ulcer like ripe figs.
৫ কচ্ছপিকা	Enlarged scrofulous glands
৬ বল্মীক	do. do. suppurating.
৭ ইন্দ্রবিদ্ধ	Herpes.
৮ গর্দ্দভিকা	Small eruptions over a circumscribed red surface. Lichen circumscriptus ?
৯ পাষাণগর্দ্দভ	Parotitis
১০ পনশিকা	Boil in ear.
১১ জালগর্দ্দভ	Cutaneous erysipelas.
১২ ইরিবেল্লিকা	Carbuncle of head.
১৩ কক্ষা	Painful abscess near axilla.
১৪ গন্ধমালা	Do. on skin.
১৫ অগ্নিরোহিণী	Acute abcess in axilla.
১৬ চিপ্প	Onychia.
১৭ কুনখ	Psoriasis of nails.
১৮ অনুশয়ী	Pustule of feet.
১৯ বিদারিকা	Large abscess in groin and axilla.
২০ শর্করার্ব্বুদ	Open bleeding cancer.
২১ পাদদারী	Cracked sole.

অজাগল্লী—ইহাতে অপক্কডুম্বুর সদৃশ বর্ণ অবক্র গোলাকার উন্নত ঘন এবং মুখে অল্প পুঁয়যুক্ত পিড়কা হয়। ইহা কফবাতজ এবং স্নায়ু সংশ্রিত।

৪। বিবৃত্তাস্যাং মহাদাহং পক্কোডুম্বরসন্নিভাং। পরিমণ্ডলাং পিত্তকৃতাং বিবৃতাং নামতাং বিদুঃ।

২২ কদর	Corn.
২৩ অলস	Soft corn.
২৪ ইন্দ্রলুপ্ত	Baldness
২৫ দারুনক	Tinea versicolor of scalp.
২৬ অরুংষিকা	Tinea favosa.
২৭ পলিত	Premature grey hairs.
২৮ মুখ দূষিকা	Acne.
২৯ পদ্মিণীকণ্টক	A sort of Lichen.
৩০ জতুমণি	Nævus Pilaris or hairy moles.
৩১ মাষক	Warts.
৩২ তিলকালক	Pigmentary nævi or moles
৩৩ ন্যাচ্ছম	Chloasma.
৩৪ ব্যঙ্গ	Brown spots on face.
৩৫ নীলিকা	Black do do.
৩৬ পরিবর্ত্তিকা	Phymosis.
৩৭ অবপাটিকা	Paraphymosis.
৩৮ নিরুদ্ধপ্রকাশ	Stricture of urethra.
৩৯ সন্নিরুদ্ধগুদ	Stricture of rectum.
৪০ অহিপূতন	Erythema.
৪১ বৃষণকচ্ছু	Pruritis scrotal.
৪২ গুদভ্রংশ	Prolapsus ani.
৪৩ শূকরদংষ্ট্রক	Phlegmonous erysipelas.

বিবৃতা—ইহাতে পক্ক ডুম্বুর-সদৃশ বর্ণ গোলাকার অত্যন্ত দাহযুক্ত পিড়কা হয়। ইহা পিত্তজনিত এবং এই হেতু শীঘ্র পাকে ও ইহাদের মুখ বিবৃত ভাবে থাকে।

৫। গ্রথিতাঃ পঞ্চ বা ষড় বা দারুণাঃ কচ্ছপোপমাঃ। কফানিলাভ্যাং পীড়কা জ্ঞেয়া কচ্ছপিকা বুধৈঃ।

কচ্ছাপকা—ইহাতে গ্রন্থিগুলি কচ্ছপাকৃতি অর্থাৎ মধ্যে উন্নত এবং প্রান্তে নিম্ন হয় এবং পাঁচ কিম্বা ছয়টী একত্র গ্রথিত থাকে। এই রোগ কফবাতজ এবং অতি ভয়ানক।

৬। গ্রীবাংসকক্ষাকরপাদদেশে সন্ধৌ গলে বা ত্রিভিরেব দোষৈঃ। গ্রন্থিঃ সবল্মীক বদক্রিয়াণাং জাতঃ ক্রমেণৈব গতঃ প্রবৃদ্ধিং। মুখৈরনেকৈঃ স্রুতি তোদবদ্ভি র্বিসর্পবৎ সর্পতিচোন্নতাগ্রৈঃ বল্মীকমাহু র্ভিষজো বিকারং নিষ্প্রত্যনীকং চিরজং বিশেষাৎ।

বল্মীক—এই রোগে গ্রীবা, অংস, কক্ষ, হস্ত, পাদ, গলা এবং সন্ধি স্থানে বল্মীকবৎ অর্থাৎ অবগাঢ় মূল এবং প্রচুর শিখরযুক্ত গ্রন্থি উৎপন্ন হয়। ইহা ত্রিদোষজ এবং অচিকিৎসিত থাকিলে ক্রমে বৃদ্ধি পাইয়া অনেক মুখ দ্বারা বেদনার সহিত স্রাব নির্গত করে ও উন্নত অগ্রের দ্বারা বিসর্পের ন্যায় বিস্তৃত হয়। এই ব্যাধি বিশেষতঃ হইয়া প্রাচীন অবস্থায় দুশ্চিকিৎসনীয়।

৭। পদ্মকর্ণিকবন্মধ্যে পীড়কাভিঃ সমাচিতাং। ইন্দ্রবিদ্ধাম্ভতাং বিদ্যাদ্বাত পিত্তোত্থিতাংভিষক্।

ইন্দ্রবিদ্ধা—যেরূপ পদ্মবীজকোষের বীজ সমূহ মণ্ডলাকারে সংস্থিত থাকে সেইরূপ ত্বকের উপর এই রোগে পিড়কা উপচিত হয়। ইহা বাত পিত্তসম্ভব।

৮। মণ্ডলং বৃত্তমুৎসন্নংসরক্তং পীড়কাচিতং রুজাকরীং গর্দ্দভিকাং তাং বিদ্যাদ্বাত পিত্তজাং।

গর্দ্দভিকা—ইহাতে রক্তবর্ণ, বেদনাযুক্ত বর্ত্তুলাকার উৎসন্ন মণ্ডল প্রকাশ হয় এবং উহা ক্ষুদ্র ক্ষুদ্র পিড়কা সমূহ দ্বারা আচিত থাকে। ইহা বাতপিত্তজ।

৯। বাতশ্লেষ্মসমুদ্ভূতঃ শ্বয়থুর্হনুসন্ধিজঃ। স্থিরো মন্দরুজঃ স্নিগ্ধো জ্ঞেয়ঃ পাষাণগর্দ্দভঃ।

পাষাণগর্দ্দভ—ইহাতে হনুসন্ধি স্থানে স্থির পাষাণবৎ কঠিন স্নিগ্ধ অল্প বেদনাযুক্ত শোথ হয়। ইহা বাত শ্লেষ্মাজনিত।

১০। কর্ণস্যাভ্যন্তরে জাতাং পীড়কা মুগ্রবেদনাং। স্থিরাং পনসিকাং তাস্তু বিদ্যাদস্রঃ প্রপাকিনীং।

পনশিকা—ইহাতে কর্ণের মধ্যে উগ্র বেদনাযুক্ত স্থির পিড়কা হয় এবং অবশেষে পাকে।

১১। বিসর্পবৎ সর্পতি যঃ শোথস্তনুরপাকবান্। দাহজ্বরকরঃ পিত্তাৎ সজ্ঞেয়ো জালগর্দ্দভঃ।

জালগর্দ্দভ—এই রোগে চর্ম্মের উপর দাহ জনক শাথব রক্তবর্ণ অল্প শোথ হয়। ইহা বিসর্পের ন্যায় বিস্তার হয়, কিন্তু পাকে না। এই রোগ পিত্তজ এবং ইহাতে অত্যন্ত জ্বর ও দাহ হয়। লোকে ইহাকে অগ্নিবাত কহে।

১২। পীড়কা মুত্তমাঙ্গস্থাং বৃত্তামুগ্ররুজাং জ্বরাং। সর্ব্বাত্মিকাং সর্ব্বলিঙ্গাং জানীয়াদিরিবেল্লিকাং।

ইরিবেল্লিকা—ইহাতে জ্বর হইয়া মস্তকের উপর বর্ত্তুলাকার উগ্র বেদনাযুক্ত পিড়কা হয়। ইহা ত্রিদোষজ এবং কুপিত বাতাদির সর্ব্বলিঙ্গ বিশিষ্ট।

১৩। বাহুপার্শ্বাংসকক্ষেষু কৃষ্ণস্ফোটাং সবেদনাং। পিত্তপ্রকোপসম্ভূতাং কক্ষামিত্যভিনির্দ্দিশেৎ।

কক্ষা—বাহু পার্শ্ব অংস এবং কক্ষে কৃষ্ণবর্ণ বেদনান্বিত স্ফোটক হইলে তাহাকে কক্ষা কহা যায়। ইহা পিত্তজ।

১৪। একামেতাদৃশীং দৃষ্ট্বা পীড়কাং স্ফোট সন্নিভাং। ত্বগ্‌গতাং পিত্তকোপেন গন্ধমালাং প্রচক্ষ্যতে।

গন্ধমালা—কক্ষা সদৃশ কয়েকটী স্ফোটক ত্বকের উপর প্রকাশ হইলে তাহাকে গন্ধমালা কহে। ইহা পিত্তজ।

১৫। কক্ষভাগেষু যে স্ফোটা জায়ন্তে মাংসদারুণাঃ। অন্তর্দাহ জ্বরকরা দীপ্তপাবকসন্নিভাঃ। সপ্তাহাদ্বা দশাহাদ্বা পক্ষাদ্বা হন্তি মানবং। তামগ্নি-রোহিণীং বিদ্যাদসাধ্যাং সর্ব্বদোষজাং।

অগ্নিরোহিণী—কক্ষতে মাংস বিদারণকারী জ্বলন্ত অগ্নি সদৃশ স্ফোটক হইলে উহাকে অগ্নিরোহিণী কহা যায়। ইহাতে অন্তর্দ্দাহ ও জ্বর হয় এবং এই রোগ চিকিৎসিত না হইলে সপ্তাহ, দশাহ বা পক্ষ মধ্যে প্রাণ নষ্ট করে। ইহা ত্রিদোষজ।

১৬। নখমাংসমধিষ্ঠায় বায়ুঃ পিত্তঞ্চ দেহিনাং। কুর্ব্বতে দাহপাকৌ চ তং ব্যাধিং চিপ্পমাদিশেৎ।

চিপ্প—অঙ্গুলীর প্রান্তভাগে নখের সন্নিহিত মাংসে বায়ু ও পিত্তের দ্বারা দাহ এবং পাক উৎপন্নহইলে উহাকে চিপ্প কহে। এই রোগ অঙ্গুলী বেষ্টক নামেও প্রসিদ্ধ আছে।

১৭। তদেবাল্পতরৈর্দোষৈঃ পরুষং কুনখং বদেৎ।

কুনখ—চিপ্প অপেক্ষা দোষের অল্পত্ব হেতু নখ পরুষ এবং বিবর্ণ হইলে উহাকে কুনখ কহে।

১৮। গম্ভীরামল্পসংরম্ভাং সবর্ণাং মুপরিস্থিতাং। পাদস্যানুশয়ীং তাস্তু বিদ্যাদন্তঃপ্রপাকিনীং।

অনুশয়ী—পাদের উপরে গভীর অল্প শোথযুক্ত অন্তঃপাক বিশিষ্ট স্বাভাবিক বর্ণ পিড়কাকে অনুশয়ী কহে।

১৯। বিদারীকন্দবদ্বৃত্তাং কক্ষাবঙ্ক্ষণসন্ধিষু। বিদারিকেতি তাং বিদ্যাৎ সর্ব্বজাং সর্ব্বলক্ষণাং।

বিদারিকা—কক্ষ এবং বংক্ষণ সন্ধিতে ভূমিকুষ্মাণ্ড সদৃশ কঠিন বর্ত্তুলাকার শোথ হইলে উহাকে বিদারী কহে। ইহা ত্রিদোষজ এবং সর্ব্ব লক্ষণ যুক্ত।

২০। প্রাপ্যমাংস শিরাস্নায়ুঃ শ্লেষ্মামেদস্তথানিলঃ। গ্রন্থিং করোত্য-সৌভিন্নে মধুসর্পির্বসানিভং। প্রবর্দ্ধমানিল তত্র বৃদ্ধিং পুনর্গতঃ।

মাংসং সংশোষ্য গ্রথিতাং শর্করাং জনয়েত্ততঃ। দুর্গন্ধি ক্লিন্নমত্যর্থং নানাবর্ণং ততঃ শিরাঃ। স্রবন্তি রক্তং সহসা তং বিদ্যাচ্ছর্করার্ব্বুদং।

শর্করার্ব্বুদ—এই রোগে কফ এবং বায়ু কর্তৃক মাংস, শিরা, স্নায়ু এবং মেদ দূষিত হইয়া গ্রন্থি উৎপন্ন হয়। ঐ গ্রন্থি ভিন্ন হইয়া মধু, ঘৃত এবং চর্ব্বি সদৃশ স্রাব নির্গত করে। অতিস্রাব হেতু বায়ু পুনঃ বৃদ্ধি পাইয়া মাংস শোষণ করতঃ শর্করার ন্যায় কঠিন গ্রন্থি উৎপন্ন করে এবং তন্মধ্যেস্থিত শিরা সমূহ হইতে অত্যন্ত দুর্গন্ধ পচা নানাবর্ণ বিশিষ্ট ক্লেদ নির্গত হয়, কখন বা সহসা রক্ত স্রাব হয়।

২১। পরিক্রমণশীলস্য বায়ুরত্যর্থ রুক্ষয়োঃ। পাদয়োঃ কুরুতে দারীং পাদদারীং তমাদিশেৎ।

পাদদারী—যে সকল ব্যক্তিরা অধিক পদব্রজে ভ্রমণ করে তাহাদের পাদদ্বয় অত্যন্ত রুক্ষ হইয়া বিদারিত হয় অর্থাৎ ফাটে। এই রোগকে পাদদারী কহে। বিপাদিকা কুষ্ঠ হইতে ইহার এই প্রভেদ, বিপাদিকাতে পা স্ফুটিত হয় ও তীব্র বেদনা জন্মে, ইহাতে বিদারণ মাত্র হইয়া থাকে। পাদ ফাটিবার পূর্ব্বে স্ফোটক হয় না।

২২। শর্করোন্মথিতে পাদে ক্ষতে বা কণ্টকাদিভিঃ। গ্রন্থিঃ কোলবদুৎসন্নো জায়তে কদরং হি তৎ।

কদর—শর্করা কণ্টকাদির দ্বারা পাদে আঘাত বা ক্ষত হইলে কোল সদৃশ উৎসন্ন গ্রন্থি উৎপন্ন হয়। ইহাকে কদর কহে। ভোজ মুনি বলেন কদর হস্তেতেও হইয়া থাকে। ইহা অবগাঢ় খর, মাংসকিলের ন্যায় দৃশ্য হয় এবং শল্যের ন্যায় বেদনা উৎপন্ন করে।

২৩। ক্লিন্নাঙ্গুল্যন্তরৌ পাদৌ কণ্ডূদাহরুজান্বিতৌ। দুষ্টকর্দ্দম সংস্পর্শাদলসং তং বিভাবয়েৎ।

অলস—দুষ্ট কর্দ্দমের সংস্পর্শ হেতু পদস্থিত অঙ্গুলিদ্বয়ের মধ্যভাগ, পচা মাংসযুক্ত আর্দ্র কণ্ডূ, দাহ এবং বেদনা বিশিষ্ট হয়। এই রোগকে ভাষাতে পাঁকুই কহে।

২৪। রোমকূপানুগং পিত্তং বাতেন সহ মূর্চ্ছিতং। প্রচ্যাবয়তি রোমাণি ততঃ শ্লেষ্মা সশোণিতঃ। রুণদ্ধি রোমকূপাংস্তু ততোঽন্যেষামসম্ভবঃ। তদিন্দ্রলুপ্তং খালিত্যং রুহ্যেতি চ বিভাব্যতে।

ইন্দ্রলুপ্ত—বায়ুর সহিত পিত্ত কুপিত হইয়া রোমকূপ গত হইলে কেশ ক্ষরণ হয়, তদনন্তর শ্লেষ্মা এবং রক্ত রোমকূপ সমূহ বদ্ধ করে এবং এই হেতু অন্য রোম ঐ স্থানে জন্মে না। এই রোগকে ইন্দ্রলুপ্ত, খালিত্য এবং রুহ্য কহা যায়, ভাষাতে ইহাকে টাক কহে।

২৫। দারুণা কণ্ডুরা রুক্ষা কেশভূমিঃ প্রপাট্যতে। কফমারুত কোপেন বিদ্যাদ্দারুণকন্তু তং।

দারুণক—এই রোগে কেশভূমি কঠিন, রুক্ষ ও কণ্ডুযুক্ত হয় এবং উহার উপত্বক ফাটে। ইহা কফবাত সম্ভব, লোকে ইহাকে রুসী অথবা খুস্‌কী কহে।

২৬। অরুংষি বহুবক্ত্রাণি বহু ক্লেদীনি মূর্দ্ধিতু। কফাসৃক্‌ক্রিমিকোপেন নৃণাং বিদ্যাদরুংষিকাং।

অরুংষিকা—এই রোগে মস্তকের উপরে বহুমুখ বিশিষ্ট এবং বহু ক্লেদ-যুক্ত ব্রণ সমূহ দৃষ্ট হয়, ইহা কফ, রক্ত ও ক্রিমিকোপ হইতে উৎপন্ন হয়।

২৭। ক্রোধশোকশ্রমকৃতঃ শরীরোষ্মা শিরোগতঃ। পিত্তঞ্চ কেশান্ পচতি পলিতং তেন জায়তে।

পলিত—ক্রোধ, শোক এবং শ্রমহেতু দেহস্থিত অগ্নি এবং পিত্ত শিরো-গত হইয়া কেশকে শুক্লবর্ণ করে, ইহাকেই পলিত বা পাকা চুল কহে। এই নিদান কেবল অকাল জাত পলিতের পক্ষে নির্দ্দিষ্ট হইয়াছে, বৃদ্ধাবস্থায় পলিত বয়সের স্বধর্ম্মে হইয়া থাকে।

২৮। শাল্মলিকণ্টক প্রখ্যাঃ কফবাতরক্তজাঃ। যুবান পীড়কাং যুনাং বিজ্ঞেয়া মুখদূষিকাঃ।

মুখদূষিকা—যুবা ব্যক্তিদিগের মুখে শাল্মলীকণ্টক সদৃশ অর্থাৎ মূলে স্থূল এবং অগ্রে সূক্ষ্ম যে পিড়কা হয়, তাহাকে মুখদূষিকা কহাযায়, ইহা রক্ত, কফ ও বাতাত্মক, ভাষাতে ইহাকে বয়োব্রণ কহে।

২৯। কণ্টকৈ রাচিতং বৃত্তং মণ্ডলং পাণ্ডু কণ্ডুরং। পদ্মিনীকণ্টকপ্রখ্যং তদাখ্যং কফবাতজং।

পদ্মিনীকণ্টক। চর্ম্মের উপর বর্ত্তুলাকার পাণ্ডু বর্ণ কণ্ডূযুক্ত এবং পদ্ম-কণ্টক সদৃশ কণ্টক দ্বারা আবৃত মণ্ডল নির্গত হইলে উহাকে পদ্মিনাকণ্টক কহে, লোকে ইহাকে পদ্মকাঁটা কহে, ইহা কফ বাতজ।

৩০। সমমুৎসন্নমরুজং মণ্ডলং কফরক্তজং। সহজং লক্ষ্ম চৈকেষাং লক্ষ্যোজতুমণিস্তুসঃ।

জতুমণি---ত্বকের উপর রক্তবর্ণ কিঞ্চিদুন্নত মসৃণ মণ্ডলকার চিহ্নকে জতুমণি কহা যায়। ইহা সহজাত অর্থাৎ জন্মের সহিত উৎপন্ন হয় এবং দীর্ঘ লোমদ্বারা আবৃত থাকে এই হেতু লোকে ইহাকে জটুল বা জট কহে।

৩১। অবেদনং স্থিরঞ্চৈব যস্মিন্ গাত্রে প্রদৃশ্যতে। মাষবৎ কৃষ্ণমুৎসন্ন মনিলাম্মাষকন্তু তং।

মাষক---ইহাতে মাষকলায় সদৃশ কৃষ্ণবর্ণ বেদনা রহিত স্থির উৎসন্ন পিড়কা সমূহ গাত্রে দৃশ্য হয় এই রোগ বাতজ।

৩২। কৃষ্ণানি তিলমাত্রানি নিরুজানি সমানি চ। বাতপিত্ত কফোদ্রেকাৎ তান্ বিদ্যাত্তিলকালকান্।

তিলকালক—চর্ম্মে অনুচ্ছন্ন বেদনাহীন কৃষ্ণবর্ণ তিল পরিমাণ চিহ্ন উৎপন্ন হইলে তিলকালক কহে, ইহা ত্রিদোষসম্ভব। ভাষাতে ইহাকে তিল কহে।

৩৩। মহদ্বা যদি বা চাল্পং শ্যাবং বা যদি বাসিতং। নিরুজং মণ্ডলং গাত্রে ন্যচ্ছমিত্যভিধীয়তে।

ন্যচ্ছম্—এই রোগে গাত্রের অনেক স্থান কখন বা স্বল্প অংশ ব্যাপিয়া শ্যাব অথবা শুক্লবর্ণ বেদনা হীন মণ্ডল প্রকাশ হয়, ইহাকে ছোত্র বা ছুলি কহে।

৩৪। ক্রোধায়াস প্রকুপিতো বায়ুঃ পিত্তেন সংযুতঃ। মুখমাসাদ্য সহসা মণ্ডলং বিসৃজত্যতঃ। নীরুজং তনুকং শ্যাবং মুখব্যঙ্গং তমাদিশেৎ।

ব্যঙ্গ—ক্রোধ কিম্বা অতিরিক্ত পরিশ্রম হেতু প্রকুপিত বায়ু পিত্তের সহিত যুক্ত হইয়া এবং আস্যকে প্রাপ্ত হইয়া সহসা বেদনাশূন্য শ্যাব-বর্ণ মণ্ডলাকার ক্ষুদ্র ক্ষুদ্র চিহ্ন মুখে উৎপন্ন করে, এই রোগকে মুখব্যঙ্গ কহা যায় লোকে মুখছোত্র কহে।

৩৫। কৃষ্ণমেবং গুণং গাত্রে মুখে বা নীলিকাং বিদুঃ।

নীলিকা—উপরোক্ত ব্যঙ্গ লক্ষণ বিশিষ্ট কৃষ্ণবর্ণ চিহ্ন বা দাগ্ গাত্রে অথবা মুখে প্রকাশ হইলে উহাকে নীলিকা কহে, লোকে ইহাকে কালি-ঞ্জুর কহিয়া থাকে।

৩৬। মর্দ্দনাৎ পীড়নাদ্বাপি তথৈবাপ্যভিঘাততঃ। মেঢ্রচর্ম্ম যদা বায়ু র্ভজতে সর্ব্বত শ্চরন্। তদাবাতোপসৃষ্টত্বাৎ তচ্চর্ম্ম পরিবর্ত্ততে। মণের-ধস্তাৎ কোষশ্চ গ্রন্থিরূপেণ লম্বতে পরিবর্ত্তিকেতি তাং বিদ্যাৎ সরুজাং বাতসম্ভবাং। সকণ্ডূঃ কঠিনা বাপি সৈবশ্লেষ্ম সমুত্থিতা।

পরিবর্ত্তিকা—অতিমর্দ্দন পীড়ন্ অথবা অভিঘাত হেতু প্রকুপিত ব্যান বায়ু মেঢ্র চর্ম্মকে আশ্রয় করিলে ঐ চর্ম্মস্ফীত এবং শিশ্নাগ্রের অধোভাগে গ্রন্থিরূপে লম্বায়মান হয়। এই রোগ বাতজ হইলে বেদনাযুক্ত এবং কফানু-বন্ধ হইলে কঠিন ও কণ্ডূ সমন্বিত হয়, ইতর ভাষায় পরিবর্ত্তিকাকে মুদ কহে।

৩৭। অল্পীয়ঃ খাংযদা হর্ষাদ্বলাদ্গচ্ছেৎ স্ত্রিয়ং নরঃ। হস্তাভিঘাতাদথবা চর্ম্মণ্যুদ্বর্ত্তিতে বলাৎ। যস্যাবপাট্যতে চর্ম্মং তাং বিদ্যাদবপাটিকাং।

অবপাটিকা—অল্পায়তন বিশিষ্ট যোনি হর্ষ অথবা বলপূর্ব্বক গমন করিলে, অথবা হস্তাভিঘাত দ্বারা কিম্বা বলপূর্ব্বক চর্ম্ম উল্টা করিয়া দিলে যদ্যপি মেঢ্রকোষ হইতে উর্দ্ধবর্ত্তি হইয়া থাকে অর্থাৎ আবমুদিত না হয় তবে উহাকে অবপাটিকা কহে।

৩৮। বাতোপসৃষ্টে মেঢ্রেবৈ চর্ম্মসংশ্রয়তে মণিং। মণিশ্চর্ম্মোপনদ্ধস্তু মূত্রস্রোতোহরুণদ্ধি চ। নিরুদ্ধপ্রকশে তস্মিন্ মন্দধারং সবেদনং। মূত্রং প্রবর্ত্ততে জন্তো র্মণি র্বিব্রিয়তে ন চ। নিরুদ্ধপ্রকশং বিদ্যাৎ সরুজং বাতসম্ভবং।

নিরুদ্ধপ্রকশ—এতাদৃশ অবপাটিকার চর্ম্ম যদ্যপি মণিকে দৃঢ়রূপে আশ্রয় এবং মূত্র স্রোত সংকোচণ করে তবে উহাকে নিরুদ্ধপ্রকশ কহা যায়, এই রোগে মূত্র মন্দধারে বেদনার সহিত প্রবর্ত্তন হয় অথবা মণির মধ্যে প্রবেশ করিতে না পারিয়া এককালে রুদ্ধ হয়, এই নিরুদ্ধপ্রকশ ব্যাধি কখন কখন স্বতন্ত্র বাত কর্ত্তৃক উৎপন্ন হয়, অর্থাৎ প্রথমতঃ অবপাটিকা না হইয়া বায়ু কর্ত্তৃক মেঢ়ুদ্বার ক্রমে সঙ্কুচিত হয় এবং রোগী শূলযুক্ত হইয়া কষ্টে মূত্র ত্যাগ করে।

৩৯। বেগসন্ধারণা দ্বায়ু র্বিহিতো গুদসংশ্রিতঃ। নিরুণদ্ধি মহাস্রোতঃ সূক্ষ্মদ্বারং করোতি চ। মার্গস্য সৌক্ষ্ম্যাৎ কৃচ্ছ্রেণ পুরীষং তস্য গচ্ছতি। সন্নিরুদ্ধগুদং ব্যাধি মেতং বিদ্যাৎ সুদারুণং।

সন্নিরুদ্ধগুদ। মলবেগ বিধারণ হেতু অপান বায়ু মলবাহিনী স্রোতকে রুদ্ধ করে এবং উহার দ্বারকে সঙ্কুচিত ও সূক্ষ্ম করে, মার্গদ্বারের সূক্ষ্মত্ব হেতু কষ্টে পুরীষ ত্যাগ হয়, এই দারুণ ব্যাধিকে সন্নিরুদ্ধগুদ কহে।

৪০। শকৃন্মূত্রসমাযুক্তেঽধৌতেঽপানে শিশোর্ভবেৎ। স্বিন্নেবাস্নাপ্য মানে বা কণ্ডূরক্তকফোদ্ভবা। কণ্ডূয়নাত্ততঃ ক্ষিপ্রং স্ফোটাঃস্রাবশ্চ জায়তে। একীভূতং ব্রণং ঘোরং তং বিদ্যা দহিপূতনং।

অহিপূতন। অত্যন্ত ঘর্ম্ম হইয়া অথবা মলমূত্র লাগিয়া শিশুদিগের মলদ্বার অপরিষ্কার থাকিলে উহাতে রক্ত কফোদ্ভব কণ্ডূ জন্মে, উহা চুলকাইলে সহসা স্ফোটক উৎপন্ন হইয়া স্রাব নির্গত হয় এবং ক্ষত সমূহ একত্র মিলিত হইয়া যায়, এই ভয়ানক ব্যাধিকে অহিপূতন কহে।

৪১। স্নানোৎসাদনহীনস্য মলো বৃষণসংস্থিতঃ। যদা প্রক্লিদ্যতে স্বেদাৎ কণ্ডূং জনয়তে তদা। কণ্ডূয়নাত্ততঃক্ষিপ্রং স্ফোটাঃস্রাবশ্চ জায়তে। প্রাহু র্বৃষণকচ্ছূং তাং শ্লেষ্মরক্ত প্রকোপজাং।

বৃষণকচ্ছু। যে সকল মনুষ্যেরা স্নান অথবা অঙ্গ পরিষ্কার না করে, তাহাদের অণ্ডকোষস্থিত মলা ঘর্ম্মের দ্বারা ক্লিন্ন হইয়া কণ্ডূ জন্মায় উহা চুলকাইলে শীঘ্র স্ফোটক ও স্রাব নির্গত হয়, এই রোগকে বৃষণকচ্ছু কহে, ইহা শ্লেষ্মরক্তজ।

৪২। প্রবাহনাতিসারাভ্যাং নির্গচ্ছতি গুদো বহিঃ। রুক্ষদুর্ব্বলদেহস্য গুদভ্রংশং তমাদিশেৎ।

গুদভ্রংশ। প্রবাহিকা এবং অতিসার রোগে রুক্ষ ও দুর্ব্বল ব্যক্তিদিগের কুন্থনের সহিত গুদোবলি বহির্নির্গমন হইলে, তাহাকে গুদভ্রংশ কহা যায়।

৪৩। সদাহো রক্তপর্য্যন্ত স্তকপাকী তীব্রবেদনঃ। কণ্ডুমান্ জ্বরকারী চ স স্যাচ্ছুকরদংষ্ট্রকঃ।

শূকরদংষ্ট্রক। এই রোগে জ্বর, দাহ এবং চর্ম্মের উপর কণ্ডু তীব্র বেদনা ও পাকযুক্ত শোথ উৎপন্ন হয়। ইহা বিসর্পলক্ষণ বিশিষ্ট এবং প্রান্তে রক্তিমা-বর্ণ হইয়া থাকে। লোকে ইহাকে বরাহদাঁড় কহে।

অথ মুখরোগ নিদানং। (১)

অথৌষ্ঠগতানিদানং।

অনূপপিশিতক্ষীরো দধিমৎস্যাতিসেবনাৎ। মুখমধ্যে গদান্ কুর্য্যুঃ ক্রুদ্ধা-দোষা কফ প্রধা। কর্কশৌ পরুষৌ স্তব্ধৌ সংপ্রাপ্তানিলবেদনৌ। দাল্যেতে পরিপাট্যেতে ওষ্ঠৌ মারুতকোপতঃ। চীয়তে পীড়িকাভিশ্চ সরুজাভিঃ সমন্ততঃ। সদাহপাকপীড়কৌ পীতাভাসৌ চ পিত্ততঃ। সবর্ণাভিশ্চ চীয়তে পীড়কাভি রবেদনৌ। ভবতস্ত কফাদোষ্ঠৌ পিচ্ছিলৌ শীতলৌ গুরু। সকৃৎ-কৃষ্ণৌ সকৃৎ পীতৌ সকৃৎশ্বেতৌ তথৈব চ। সন্নিপাতেন বিজ্ঞেয়াবনেক পীড়কাচিতৌ। খর্জ্জূরফলবর্ণাভিঃ পীড়কাভি র্নিপীড়িতৌ। রক্তোপ-সৃষ্টৌ রুধিরং স্রবতঃ শোণিত প্রভৌ। গুরুস্থূলৌ মাংসদুষ্টৌ মাংসপিণ্ড-বদুদ্গতৌ। জন্তবশ্চাত্র মূর্চ্ছন্তি নরস্যোভয়তো মুখাৎ। সর্পির্মণ্ড প্রতীকাশৌ মেদসা কণ্ডুরৌ গুরু। অচ্ছং স্ফটিকসঙ্কাশ মাস্রাবং স্রবতো ভৃশং। তয়ো ব্রণ ন সংরোহেন্মৃদুত্বঞ্চ ন গচ্ছতি। ওষ্ঠৌপর্য্যবদীর্য্যেতে পাট্যেতে চাভিঘাততঃ।

---

(১) মুখরোগ নিদান অধ্যায়ে ওষ্ঠ, দন্তবেষ্ট, দন্ত, জিহ্বামূল, তালু কণ্ঠ এবং সর্ব্বসরাগত রোগ সমূহের বিবরণ ক্রমান্বয়ে লিখিত আছে।

মহিষ, গণ্ডার, বরাহ প্রভৃতির মাংস অথবা ক্ষীর দধি কিম্বা মৎস্যের অতি-সেবন হেতু দোষত্রয় কুপিত হইয়া মুখরোগ সমূহ উৎপাদন করে তন্মধ্যে প্রথমতঃ ওষ্ঠগত রোগ কথিত হইতেছে। বাতজনিত ওষ্ঠ রোগে ওষ্ঠদ্বয় কর্কশ, পরুষ, স্তব্ধ ও বাতবেদনা যুক্ত হয় এবং উহাদের ত্বক্ বিদীর্ণ অথবা ঈষৎ অবদীর্ণ হইয়া থাকে, পৈত্তিক ওষ্ঠরোগে ওষ্ঠদ্বয়ের উপর পীতবর্ণ ও বেদনা দাহ এবং পাকযুক্ত পিড়কা সমূহ নির্গত হয়। শ্লৈষ্মিক ওষ্ঠরোগে ওষ্ঠদ্বয় পিচ্ছিল, শীতল ও গুরু হয় এবং উহাদের উপর বেদনাশূন্য স্বাভাবিক বর্ণ বিশিষ্ট পিড়কা উপচিত থাকে। সান্নিপাতিক রোগে ওষ্ঠদ্বয় কখন পীত কখন শ্বেতবর্ণ এবং বহুসংখ্যক পিড়কা দ্বারা আবৃত হয়। রক্ত দূষিত হইলে ওষ্ঠদ্বয় রক্তবর্ণ হয় ও রক্ত স্রাব করে এবং উহাদের উপর খর্জুর ফলের ন্যায় বর্ণ বিশিষ্ট পিড়কা জন্মে। মাংস দূষিত হইলে ওষ্ঠদ্বয় মাংস-পিণ্ডের ন্যায় উন্নত গুরু ও স্থূল হয় এবং উহাতে ক্রিমি উৎপন্ন হইয়া থাকে। মেদোদূষিত হইলে ওষ্ঠদ্বয় গুরু কণ্ডুযুক্ত ও ঘৃতদ্বারা লেপার ন্যায় বোধ হয় এবং উহা হইতে স্ফটিক তুল্য স্বচ্ছস্রাব বাহুল্য পরিমাণে নির্গত হয়। এই রোগে ক্ষতস্থান পূর্ণ বা ওষ্ঠের মৃদুত্ব হয় না। অভিঘাত জনিত ক্ষত হইলে ওষ্ঠ বিদারিত হয়।

অথ দন্তবেষ্টগতানিদানং।

শোণিতং দন্তবেষ্টেভ্যো যস্যাকস্মাৎ প্রবর্ত্ততে। দুর্গন্ধীনি সকৃষ্ণানি প্রক্লেদীনি মৃদূনি চ। দন্তমাংসানি শীর্য্যন্তে পচন্তি চ পরস্পরং। শীতাদো নাম স ব্যাধিঃ কফশোণিত সম্ভবঃ। দন্তয়োস্ত্রিষু বা যস্য শ্বয়থুর্জায়তে মহান্। দন্তপুপ্পুটকো নাম স ব্যাধিঃকফরক্তজঃ। স্রবন্তি পূয়রুধিরং চলাদন্তা ভবন্তি চ। দন্তবেষ্টঃ স বিজ্ঞেয়ো দুষ্টশোণিত সম্ভবঃ। শ্বয়থু র্দন্তমূলেষু রুজাবান্ কফরক্তজঃ। লালাস্রাবী স বিজ্ঞেয়ঃ শৈশিরো নামনামতঃ। দন্তাশ্চলন্তি বেষ্টেভ্য স্তালু শ্চাপ্যবদীর্য্যতে যস্মিন্ স সর্ব্বজো ব্যাধি মহাশৈশিরসংজ্ঞিতঃ।

শীতাদরোগে দন্তবেষ্ট হইতে অকস্মাৎ অর্থাৎ অভিঘাতাদি বিনা রক্তস্রাব হয় এবং দন্ত মাংস দুর্গন্ধ কৃষ্ণবর্ণ ক্লেদযুক্ত ও নরম হইয়া পচে এবং খসিয়া পড়ে। ইহা কফরক্ত সম্ভব। দুইটি অথবা তিনটী দন্ত ব্যাপিয়া অত্যন্ত শোথ হইলে তাহাকে দন্ত পুপ্পুটক কহা যায়। এই ব্যাধি কফ রক্তজ, ইহাতে বেদনা বা লালাস্রাব হয় না। দন্তবেষ্ট নামা রোগে দন্ত চলিত হয় অর্থাৎ নড়ে এবং দন্তমূল হইতে রক্ত ও পূয স্রাব হয়, ইহা দুষ্টরক্ত জনিত। শৈশির রোগে দন্তমূলে শোথ ও বেদনা এবং উহা হইতে লালা নিসৃত হয় এই রোগ কফ রক্তজ। যে শৈশির রোগে দন্ত সমূহ দন্তবেষ্ট হইতে চালিত এবং তালু, দন্ত ও ওষ্ঠে বিদীর্ণবৎ বেদনা হয়, তাহাকে মহা শৈশির কহা যায়, এই রোগ ত্রিদোষজ, ভোজমুনি কহেন ইহা সপ্তরাত্রে প্রাণ নষ্ট করে।

দন্তমাংসানি শীর্যন্তে যস্মিন্ ষ্ঠীবতি চাপ্যসৃক্। পিত্তাসৃক কফজো-ব্যাধি র্জ্ঞেয়ঃ পরিদরোহি সঃ। বেষ্টেষু দাহঃ পাকশ্চ তাভ্যাং দন্তাশ্চলন্তি চ। যস্মিন সোপকুশো নাম পিত্তরক্তকৃতো গদঃ। ঘৃষ্টেষু দন্তমাংসেষু সংরম্ভো জায়তে মহান্। ভবন্তি দন্তাশ্চচলাঃ স বৈদর্ভোঽভিঘাতজঃ। মারুতেনাধিকো দন্তো জায়তে তীব্রবেদনঃ। খলিবর্দ্ধনসংজ্ঞোঽসৌ জাতে রুক্ চ প্রশাম্যতি। শনৈঃ শনৈঃ প্রকুরুতে বায়ুর্দন্তসমাশ্রিতঃ। করালান্ বিকটান্ দন্তান্ করালো নসসিদ্ধতি। হনব্যো পশ্চিমে দন্তে-মহান্ শোথো মহারুজঃ। লালাস্রাবী কফকৃতো বিজ্ঞেয়ঃ সোধিমাংসকঃ। দন্তমূলগতা নাড্যঃ পঞ্চজ্ঞেয়া যথেরিতাঃ।

পরিদর রোগে দন্তমাংস শীর্ণ অর্থাৎ বিদীর্ণ এবং রক্তনিষ্ঠীবন হয়, এই রোগ কফ, রক্ত ও পিত্তজনিত। উপকুশ রোগে দন্তবেষ্টতে দাহ এবং পূয উৎপন্ন হয়, দন্ত দোলিত ও মন্দ মন্দ বেদনাযুক্ত হয় এবং আঘাতিত হইলে রক্ত স্রাব করে রক্তস্রাব হইলে মাড়ী ফুলিয়া উঠে এবং মুখে দুর্গন্ধ হয়, এই ব্যাধি পিত্ত এবং রক্তজনিত। ঘর্ষণাদিদ্বারা দন্তমাংস ঘৃষ্ট হইলে উহা অত্যন্ত

প্রদাহযুক্ত এবং দন্ত চালিত হয়, এই রোগকে বৈদর্ভ কহে, ইহা অভিঘাত নিমিত্তক। বায়ু কর্ত্তৃক তীব্র বেদনার সহিত অতিরিক্ত দন্ত উৎপন্ন হইলে উহাকে খলিবর্দ্ধন কহে, দন্ত সম্পূর্ণ রূপে নির্গত হইলে বেদনা উপশম হয়। দন্তাশ্রিত বায়ু ক্রমে ক্রমে বিষম বিকটাকার দন্ত উৎপাদন করিলে অর্থাৎ দন্তোপরি দন্ত উঠিলে উহাকে করালদন্ত কহে, এই রোগ অসাধ্য। অধিমাংসক রোগে হনুর পশ্চাৎস্থিত দন্তে অর্থাৎ জ্ঞানদন্তে মহাশোথ বেদনা এবং লালাস্রাব হয়, ইহা কফজনিত। দন্তমূলে নাড়ীব্রণ নিদানোক্ত পঞ্চ প্রকার নালী উৎপন্ন হইয়া থাকে, তাহার লক্ষণ নাড়ীব্রণ লিঙ্গ সদৃশ জানিবে (১)।

অথ দন্তগতানিদানং।

দীর্য্যমানেস্বিব রুজাযস্যদন্তেষুজায়তে। দালনো নাম স ব্যাধিঃ সদাগতি নিমিত্তজঃ। কৃষ্ণচ্ছিদ্রশ্চলঃ স্রাবী সসংরম্ভো মহারুজঃ। অনিমিত্ত রুজো বাতাদ্বিজ্ঞেয়ঃ ক্রিমিদন্তকঃ। বক্রং বক্রং ভবেদ্যস্য দন্তভঙ্গশ্চ জায়তে। কফবাতকৃতো ব্যাধিঃ সভঞ্জনক সংজ্ঞিতঃ। শীতরুক্ষপ্রবাতাম্ল স্পর্শনাম সহাদ্বিজাঃ। পিত্তমারুতকোপেন দন্তহর্ষঃ সনামতঃ। মলো দন্তগতো যস্ত কফমারুতশোষিত। শর্করেব খরস্পর্শা সাজ্ঞেয়া দন্তশর্করা। কপালেস্বিব দীর্য্যৎসু দন্তানাং সৈবশর্করা। কাপালিকেতি বিজ্ঞেয়া সদাদন্তবিনাশিনী। অসৃজ্মিশ্রেণ পিত্তেন দগ্ধোদন্ত স্তুশেষতঃ। শ্যাবতাং নীলতাং বাপি গতঃ স শ্যাবদন্তকঃ।

দালন বা দন্তশূলে দন্ত অত্যন্ত বিদীর্ণবৎ বেদনাযুক্ত হয়, এই রোগ বাতজ। ক্রিমিদন্তরোগে দন্তচলিত এবং উহার মধ্যে কৃষ্ণবর্ণ ছিদ্র দৃষ্ট হয়।

---

(১) শীতাদ Scurvy, দন্তপুপ্পুট Gumboil, দন্তবেষ্ট Inflammation of socket, শৈশির Inflammation of dental periosteum, মহাশৈশির Gangrenous inflammation of gums, পরিদর Bleeding gum, উপকুশ Inflammation of gum, বৈদর্ভ Inflammation from injury, খলিবর্দ্ধন Extra tooth, করালদন্ত Irregular tooth, অধিমাংসক Swelling round wisdom tooth.

ঐ ছিদ্র হইতে স্রাব নিঃসৃত হয় এবং দন্তমূলে শোথ ও বেদনা জন্মে ঐ বেদনা অনিমিত্ত অর্থাৎ অভিঘাতাদি বিনা হইয়া থাকে, এই রোগ বাতজ। ভঞ্জনক রোগে কফবাতজনিত আক্ষেপদ্বারা দন্ত ভগ্ন এবং আস্য বক্র হয়। দন্তহর্ষরোগ দন্তে শীতল রুক্ষ ও অম্লদ্রব্য সংলগ্ন এবং বাতস্পর্শ অসহ্য বোধ হয়, এই ব্যাধি বাতপিত্তজনিত। দন্তগত মল যখন বায়ু ও কফের দ্বারা শোষিত হইয়া খাপরার ন্যায় খরস্পর্শ হয়, তখন উহাকে দন্তশর্করা কহাযায়। দন্তবল্কল শর্করাযুক্ত হইয়া উহার সহিত বিদীর্ণ হইলে উহাকে কপালিকা কহে, এই ব্যাধি দন্ত নাশ করে। রক্ত মিশ্রিত পিত্তের দ্বারা দন্ত সমূহ নানা প্রকারে দগ্ধ হইয়া শ্যাব অথবা নীলবর্ণ প্রাপ্ত হইলে উহাকে শ্যাবদন্ত কহে (১)।

অথ জিহ্বাগতানিদানং।

জিহ্বানিলেন স্ফুটিতা প্রসুপ্তা ভবেচ্চ শাকচ্ছদন প্রকাশা। পিত্তেন দহ্যত্যু-পচীয়তে চ দীর্ঘৈঃ সরক্তৈ রপিকণ্টকৈশ্চ। কফেন গুর্ব্বী বহুলা চিতা চ মাংসোচ্ছ্রয়ৈঃ শাল্মলিকণ্টকাভৈঃ। জিহ্বাতলে যঃ শ্বযথুঃ প্রগাঢ়ঃ সোঽলাস সংজ্ঞঃ কফরক্তমূর্ত্তিঃ। জিহ্বাং সতু স্তম্ভয়তি প্রবৃদ্ধো মূলে চ জিহ্বা ভৃশমেতিপাকং। জিহ্বাগ্ররূপঃ শ্বযথুর্হি জিহ্বা মুন্নম্য জাতঃ কফরক্তমূলঃ। লালাকরঃ কণ্ডুযুতঃ সচোষঃ সাতূপজিহ্বা পঠিতা ভিষগ্ভিঃ।

জিহ্বাতে বায়ু প্রদুষ্ট হইলে উহা ঈষৎ বিদীর্ণ ও প্রসুপ্ত অর্থাৎ রসজ্ঞান শূন্য হয় এবং সেগুণপত্রের সদৃশ খরস্পর্শ কণ্টকের দ্বারা আচ্ছাদিত হয়। পিত্তদূষিত জিহ্বা দাহযুক্ত হয় এবং উহার উপর দীর্ঘাকার রক্তবর্ণ কণ্টক প্রকাশ হয়। কফ দূষিত হইলে জিহ্বা স্থূল এবং ভারি হয় এবং শাল্মলী

(১) দালন Toothache, ক্রিমিদন্ত Caries, ভঞ্জনক Fracture of teeth, দন্তহর্ষ Sensitive teeth, দন্তশর্করা Sordes, কপালিকা Hard adherent sordes, শ্যাবদন্ত Black or necrosed tooth.

অর্থাৎ শিমুল কাঁটার ন্যায় মাংসাঙ্কুর দ্বারা আবৃত থাকে। জিহ্বোপরি কফ রক্তকৃত প্রগাঢ় শোথ উৎপন্ন হইলে উহাকে অলাস কহে, এই রোগ প্রবৃদ্ধ হইলে জিহ্বাকে স্তম্ভ করে এবং জিহ্বামূলে পূয় উৎপন্ন করে। জিহ্বার নিম্নে কফ রক্ত সম্ভব জিহ্বাগ্ররূপ শোথ জন্মাইলে উহাকে উপজিহ্বিকা কহা যায়, ইহাতে লালাস্রাব কণ্ডূ এবং দাহ ও জিহ্বা উন্নত হয় (১)।

অথ তালুগতানিদানং।

শ্লেষ্মাসৃগ্ভ্যাং তালুমূলং প্রবৃদ্ধো দীর্ঘঃ শোথাধ্মাত বস্তি প্রকাশঃ। তৃষ্ণা-কাসঃ শ্বাসযুক্তং বদন্তি ব্যাধিং বৈদ্যা গলশুণ্ডীতি নাম্না। শোথঃস্থূলস্তোদ-দাহপ্রপাকী প্রাগুক্তাভ্যাংতুণ্ডীকেরী মতাতু। মন্দঃ শোথো লোহিতো শোণি-তোত্থো জ্ঞেয়ো ধ্রূষঃ সজ্বর স্তীব্ররুক্ চ। কূর্ম্মোন্নতো বেদনোঽশীঘ্রজন্মা রোগো জ্ঞেয়ঃ কচ্ছপঃ শ্লেষ্মণা তু।

রক্ত এবং শ্লেষ্মা কর্ত্তৃক তালুমূলে দীর্ঘাকার বায়ু পূরিত চর্ম্মপুট সদৃশ শোথ হইলে উহাকে গলশুণ্ডী কহে, ইহাতে কাস শ্বাস ও তৃষ্ণা হয়। তালুমূলে শ্লেষ্মা এবং রক্ত দ্বারা বনকার্পাস ফল সদৃশ স্থূলাকার দাহ বিদ্ধনবৎ বেদনা এবং পাকযুক্ত শোথ উত্থিত হইলে তাহাকে তুণ্ডীকেরী কহে। তালুমূলে রক্ত জনিত লোহিত বর্ণ তীব্রবেদনাযুক্ত অল্প শোথ হইলে উহাকে ধ্রূষ কহা যায়। এই রোগে জ্বর হয়। শ্লেষ্ম কর্ত্তৃক তালুমূলে বেদনাশূন্য কচ্ছপাকৃতি দীর্ঘকাল জনিত শোথকে কচ্ছপ কহে (২)।

---

(১) অলাস Glossitis, উপজিহ্বা Ranula.

(২) গলশুণ্ডী Enlarged tonsil, তুণ্ডিকেরী Abscess of Tonsil, ধ্রূষ Cynancho Tonsillaris, কচ্ছপ Hypertrophy of tonsils.

পদ্মাকারং তালুমধ্যে তু শোথং বিদ্যাদ্রক্তাদর্ব্বুদং প্রোক্তলিঙ্গং। দুষ্টং মাংসং নিরুজং তালুমধ্যে কফাৎ প্রোক্তো মাংসসংঘাত এষঃ। নীরুক্‌স্থায়ী কোলমাত্রঃ কফাৎ স্যাৎ মেদোযুক্তাৎ পুপ্পুটস্তালুদেশে। শোষোঽত্যর্থং দীর্য্যতে চাপি তালুঃ শ্বাসশ্চোগ্রস্তালুশোষোঽনিলাচ্চ। পিত্তঞ্চ কুর্য্যাৎ পাক-মত্যর্থ ঘোরং তালুন্যেবং তালুপাকং বদন্তি।

তালুমধ্যে রক্তজনিত পদ্মকর্নিকা সদৃশ এবং রক্তার্ব্বুদোক্ত লক্ষণ বিশিষ্ট শোথ হইলে উহাকে তালুর্ব্বুদ কহা যায়। কফ কর্ত্তৃক তালু মধ্যে বেদনাহীন মাংস বৃদ্ধি হইলে উহাকে মাংসসংঘাত কহে। মেদোযুক্ত কফ কর্ত্তৃক তালুদেশে কোল পরিমাণ বেদনাশূন্য স্থায়ী শোথ উত্থিত হইলে উহাকে তালুপুপ্পুট কহে। তালুশোষ রোগে উগ্রশ্বাস এবং তালুতে অত্যন্ত শোষ ও বিদীর্ণবৎ বেদনা হয়, ইহা বাতজ। পিত্ত কর্ত্তৃক তালুপ্রদেশে ঘোরতর পাক উৎপন্ন হইলে তালুপাক কহা যায় (১)।

অথ কণ্ঠগতা নিদানং।

গলেঽনিলঃপিত্তকফৌ চ মূর্চ্ছিতৌ প্রদূষ্য মাংসঞ্চ তথৈব শোণিতং। গলোপসংরোধকরৈস্তথাঙ্কুরৈর্নিহন্ত্যসূন্ ব্যাধিরিয়ং হি রোহিণী। জিহ্বা সমন্তাদ্ভৃশ বেদনাস্তু মাংসাঙ্কুরাঃ কণ্ঠবিরোধিনো যে। সা রোহিণী বাতকৃতা প্রদিষ্টা বাতাত্মকোপদ্রব গাঢ়যুক্তা। ক্ষিপ্রোদ্গমা ক্ষিপ্র বিদাহপাকা তীব্রজ্বরা পিত্তনিমিত্তজা তু। স্রোতো বিরোধিন্যচলোদ্গতা চ স্থিরাঙ্কুরা যা কফসম্ভবা সা। গম্ভীরপাকিন্যনিবার্য্যবীর্য্যা ত্রিদোষলিঙ্গা ত্রিতয়োত্থিতা চ। স্ফোটৈশ্চিতা পিত্তসমানলিঙ্গা সাধ্যা প্রদিষ্টা রুধিরাত্মিকা তু।

প্রকুপিত বায়ু, পিত্ত, কফ এবং রক্ত, কণ্ঠাভ্যন্তরের মাংসকে দূষ্য করিয়া কণ্ঠরোধকারী মাংসাঙ্কুর উৎপাদন করে, এই রোগকে রোহিণী কহে, ইহা

---

(১) তালুর্ব্বুদ Painful tumor of palate, মাংস সংঘাত Painless tumor, তালুপুপ্পুট Small tumor like plum, তালুশোষ Inflammation of palate, তালুপাক Abscess of palate.

অসাধ্য এবং ত্রিদোষজ, ইহা বাতাদির উল্বণত্ব ভেদে পঞ্চ প্রকার হইয়া থাকে যথা, বাতজ, পিত্তজ, কফজ, সান্নিপাতিক এবং রক্তজ। বাতাত্মক রোহিণীতে জিহ্বার চতুর্দ্দিকে কণ্ঠরোধকারী অত্যন্ত বেদনাযুক্ত মাংসাঙ্কুর সমুহ উৎপন্ন হয় এবং রোগী বাত জনিত উপদ্রব সমুহে অর্থাৎ মন্যাস্তম্ভাদির দ্বারা অতিশয় পীড়িত হয়। পৈত্তিক রোহিণী দাহ এবং পাকযুক্ত হয় এবং শীঘ্র বৃদ্ধি পায়। ইহাতে অতি তীব্র জ্বর হয়। কফসম্ভবা রোহিণীতে মাংসাঙ্কুর সকল উন্নত অচল ও স্থির হয় এবং কণ্ঠস্রোত রোধ করে। সান্নিপাতিক রোহিণীতে উপরোক্ত সর্ব্বপ্রকার মিলিত লক্ষণ দৃষ্ট হয়, মাংসাঙ্কুর সমুহ গম্ভীরপাকি হয় এবং চিকিৎসা দ্বারা কোন উপকার দর্শে না। রক্তজ রোহিণীতে জিহ্বামূল, স্ফোটক সমুহ দ্বারা আবৃত হয় এবং পিত্ত রোহিণীর লক্ষণ দৃষ্ট হয়, এই রোগ সাধ্য।

> কোলাস্থিমাত্রঃ কফসম্ভবো যো গ্রন্থির্গলে কণ্টকশূকভূতঃ। খরঃ স্থিরঃ শস্ত্রনিপাতসাধ্যস্তং কণ্ঠশালুকমিতি ব্রুবন্তি। জিহ্বাগ্ররূপঃ শ্বয়থুঃ কফাত্তু জিহ্বোপরিষ্টাদপি রক্তমিশ্রাৎ। জ্ঞেয়োঽধিজিহ্বঃ খলু রোগ এষ বিবর্জয়েদাগতপাকমেনং। বলাস এবায়তমুন্নতঞ্চ শোথং করোত্যন্নগতিং নিবার্য্য। তং সর্ব্বথৈবাপ্রতিবার্য্যবীর্য্যং বিবর্জ্জনীয়ং বলয়ং বদন্তি। গলে তু শোথং কুরুতঃ প্রবৃদ্ধৌ শ্লেষ্মানিলৌ শ্বাসরুজোপপন্নং। মর্ম্মচ্ছিদং দুস্তরমেনমাহুর্বলাসসঞ্জ্ঞং নিপুণা বিকারং। বৃত্তোন্নতোঽন্তঃ শ্বয়থুঃ সদাহঃ সকণ্ডুরোঽপাক্যমৃদুর্গুরুশ্চ। নাম্নৈকবৃন্দঃ পরিকীর্ত্তিতোঽসৌ ব্যাধির্বলাসক্ষতজপ্রসূতঃ। সমুন্নতং বৃত্তমমন্দদাহং তীব্রজ্বরং বৃন্দমুদাহরন্তি। তচ্চাপি পিত্তক্ষতজপ্রকোপাৎ জ্ঞেয়ং সতোদং পবনাত্মকন্তু।

কণ্ঠ মধ্যে কফ জনিত কুলের আঁঠির পরিমাণ খর স্থির এবং কণ্টকাচিত গ্রন্থি হইলে উহাকে কণ্ঠশালুক কহা যায়, এই রোগ শস্ত্র চিকিৎসা দ্বারা আরাম হয়। জিহ্বামূলের উপর রক্ত মিশ্রিত কফ কর্ত্তৃক জিহ্বাগ্র রূপ শোথ উৎপন্ন হইলে উহাকে অধিজিহ্বা কহে, ইহা পাকিলে অসাধ্য হয়। গলমধ্যে শ্লেষ্মকর্ত্তৃক বিস্তৃত উন্নত এবং অন্নবহা নাড়ী অবরোধকারী শোথ উত্থিত হইলে উহাকে বলয় কহা যায়, এই ব্যাধি অসাধ্য। কুপিত বায়ু এবং

কফ কর্তৃক গলমধ্যে বেদনাযুক্ত শোথ উৎপন্ন হইলে এবং তদ্দ্বারায় শ্বাস ও হৃদয়ের পীড়া জন্মিলে উহাকে বলাসসঙ্ক কহে, ইহা দুঃসাধ্য। একবৃন্দ নামা রোগে গলার অভ্যন্তরে কফরক্তসম্ভব কঠিন গুরু বর্ত্তুলাকার উন্নত শোথ উৎপন্ন হয়, ইহা অল্প দাহ ও কণ্ডুযুক্ত হয় এবং পাকে না। একবৃন্দ রোগের সদৃশ সুমুন্নত বর্ত্তুলাকার শোথের সহিত তীব্রজ্বর এবং দাহ উৎপন্ন হইলে উহাকে বৃন্দ কহে, এই রোগ পিত্তরক্তজ, ইহাতে সূচীবিদ্ধনবৎ বেদনা হইলে বাতানুবন্ধ কল্পনা করিবে।

বর্ত্তির্ঘনাকণ্ঠ নিরোধিনী যা চিতাতিমাত্রং পিশিত প্ররোহৈঃ। অনেকরুক্ প্রাণহরী ত্রিদোষাৎ জ্ঞেয়া শতঘ্নী তু শতঘ্নীরূপা। গ্রন্থি র্গলেত্বামলকাস্থিমাত্রঃ স্থিরোঽল্পরুগ্ যঃ কফরক্তমূর্ত্তিঃ। সংলক্ষ্যতে সক্ত মিবাশনঞ্চ সশস্ত্রসাধ্যস্তু শিলাযসঙ্গঃ। সর্ব্বং গলং ব্যাপ্য সমুত্থিতো যঃ শোথোরুজঃ সন্তি চ যত্র সর্ব্বাঃ। স সর্ব্বদোষো গলবিদ্রধিস্তু তস্যৈব তুল্যঃ খলু সর্ব্বজস্য। শোথো মহানন্নজলাবরোধী তীব্রজ্বরো বায়ুগতের্নিহন্তা। কফেন জাতো রুধিরান্বিতেন গলে গলৌঘঃ পরিকীর্ত্ত্যতে তু। যস্তাম্যমানঃ শ্বসিতি প্রসক্তং ভিন্নঃ স্বরঃ শুষ্কবিমুক্তকণ্ঠঃ। কফোপদিগ্ধেষ্বনিলায়নেষু জ্ঞেয়ঃ সরোগঃ শ্বসনাৎ স্বরঘ্নঃ। প্রতানবান্ যঃ শ্বযথুঃ সুকষ্টো গলোপরোধং কুরুতে ক্রমেণ। সমাংসতানঃ কথিতোঽবলম্বী প্রাণ প্রণুৎ সর্ব্বকৃতো বিকারঃ। সদাহতোদং শ্বযথুং সতাম্র মন্তর্গলে পূতিবিশীর্ণ মাংসং। পিত্তেন বিদ্যাদ্বদনে বিদারীং পার্শ্বে বিশেষাৎ সতু যেন শেতে।

শতঘ্নীরোগে গলমধ্যে নানা প্রকার বেদনাযুক্ত মাংসাঙ্কুর দ্বারা বাহুল্য রূপে আচিত, বর্ত্তিসদৃশ, কঠিন শোথ উৎপন্ন হয়, এই রোগ ত্রিদোষজ এবং কণ্ঠরোধ করিয়া প্রাণ নষ্ট করে। ইহার আকৃতি শতঘ্নীনামা কণ্টকাবৃত শিলার ন্যায় এই নিমিত্ত ইহাকে শতঘ্নী কহে। গলমধ্যে আমলকাস্থি সদৃশ স্থির এবং অল্পবেদনা যুক্ত গ্রন্থি হইলে উহাকে শিলাযসঙ্গ কহে, এই রোগে সর্ব্বদা আহারীয় দ্রব্য গলাতে সংলগ্ন থাকার ন্যায় বোধ হয়, ইহা কফ রক্তজ এবং অস্ত্র চিকিৎসা দ্বারা উপশমিত হয়। গলবিদ্রধি রোগে সমুদয় গলা ব্যাপিয়া নানা প্রকার বেদনাযুক্ত শোথ উৎপন্ন হয়, এই রোগ ত্রিদোষজ এবং সান্নিপাতিক বিদ্রধির সমলক্ষণযুক্ত। গলৌঘ রোগে গলমধ্যে

মহাশোথ উত্থিত হইয়া অন্নজলের গতিরোধ করে, ইহাতে শ্বাস প্রশ্বাসের ব্যাঘাত এবং তীব্র জ্বর হয়, এই রোগ কফরক্ত জনিত। শরঘ্ন রোগে রোগী অস্থির হইয়া নিরন্তর শ্বাস ত্যাগ করে, ভিন্নস্বর ও শুষ্ককণ্ঠ হয়, কোনবস্তু গলাধঃকরণে শক্ত হয় না এবং বায়ুর স্রোত সকল শ্লেষ্মা দ্বারা আবৃত বোধ হয়, এই রোগ বাতজনিত। মাংসতান রোগে কণ্ঠ দেশে বিস্তৃত লম্ববান কষ্টজনক শোথ হইয়া ক্রমে গলোপরোধ করে, এই ব্যাধি ত্রিদোষজ এবং অসাধ্য। বিদারি রোগে গলা এবং মুখের মধ্যে তাম্রবর্ণ দাহ এবং বিদ্ধনবৎ বেদনাযুক্ত শোথ হয় এবং উহা হইতে দুর্গন্ধ পচামাংস খষিয়া পড়ে, এই রোগ পিত্তজ এবং যে পার্শ্বে রোগী শয়ন করে সেই পার্শ্বেই প্রায় হইয়া থাকে, মাংসের বিদারণ হয় এইজন্য ইহার নাম বিদারী (১)।

অথ সর্ব্বসরা নিদানং।

স্ফোটৈঃ সতোদৈর্ব্বদনং সমন্তাদ্যস্যাচিতং সর্ব্বসরঃ স বাতাৎ। রক্তৈঃ সদাহৈস্তনুভিঃ সপীতৈর্যস্যাচিতঞ্চাপি স পিত্তকোপাৎ। অবেদনৈঃ কণ্ডুযুতৈঃ সবর্ণৈর্যস্যাচিতঞ্চাপি স বৈ কফেন।

যে মুখরোগে সমস্ত মুখ ব্যাপিয়া অর্থাৎ জিহ্বা, ওষ্ঠ, তালু, কণ্ঠ প্রভৃতি সর্ব্বাবয়ব ব্যাপিয়া স্ফোটক বা ফুষ্কুড়ী হয়, তাহাকে সর্ব্বসরা কহে, ভাষাতে মুখপাক কহা যায়। ইহা বাতিক পৈত্তিক এবং শ্লৈষ্মিক ভেদে তিন প্রকার হইয়া থাকে। বাতজ সর্ব্বসরায় স্ফোটক সমূহ বিদ্ধনবৎ বেদনাযুক্ত হয়। পৈত্তিকে স্ফোটকগুলি বিরল রক্ত বা পীতবর্ণ এবং দাহান্বিত হয়। শ্লৈষ্মিক সর্ব্বসরাতে দেহের সমবর্ণ কণ্ডু ও অল্প বেদনাযুক্ত ফুষ্কুড়ী দৃশ্য হয়।

ওষ্ঠপ্রকোপে বর্জ্যাঃ স্যুঃ মাংসরক্ত ত্রিদোষজাঃ। দন্তমূলেষু বর্জ্যৌ চ ত্রিলিঙ্গগতি শৈশিরৌ। দন্তেষু চ ন সিধ্যন্তি শ্যাবদালন ভঞ্জনাঃ। জিহ্বা-

গতেষ্বলাসস্তু তালব্যেষ্বর্ব্বুদ স্তথা। স্বরঘ্নো বলয়ো বৃন্দোবলাসঃ স বিদারিকা। গলৌঘোমাংসতানশ্চ শতঘ্নী রোহিণীগলে। অসাধ্যাঃ কীর্ত্তিতা হ্যেতে রোগা নবদশৈব তু। তেষু চাপি ক্রিয়াং বৈদ্যঃ প্রত্যাখ্যায় সমাচরেৎ।

এক্ষণে মুখরোগ সমূহের সাধ্যাসাধ্যত্ব কথিত হইতেছে, যথা ওষ্ঠগত রোগের মধ্যে মাংসজ, রক্তজ এবং ত্রিদোষজনিত অসাধ্য। দন্তবেষ্টগত মধ্যে ত্রিদোষজ নালী এবং মহাশৈশির অসাধ্য। দন্তগত রোগের মধ্যে শ্যাবদন্ত, দালন এবং ভঞ্জন অসাধ্য। জিহ্বাগতে অলাস এবং তালুগত রোগ মধ্য তাল্বর্ব্বুদ অসাধ্য। কণ্ঠগত রোগের মধ্যে স্বরঘ্ন, বলয়, বৃন্দ, বলাস, বিদারী, গলৌঘ, মাংসতান, শতঘ্ন এবং সান্নিপাতিক রোহিণী অসাধ্য। এই ঊনবিংশতি প্রকার অসাধ্য মুখরোগে চিকিৎসা নিষ্ফল।

অথ কর্ণস্রোতোগতা নিদানং।

সমীরণ শ্রোত্রগতোঽন্যথা চরন্ সমন্ততঃ শূলমতীব কর্ণয়োঃ। করোতি দোষৈশ্চ যথা স্বমাবৃতঃ সকর্ণশূলঃ কথিতো দুরাচরঃ। কর্ণস্রোতঃ স্থিতে বাতে শৃণোতি বিবিধান্ স্বরান্। ভেরীমৃদঙ্গশঙ্খানাং কর্ণনাদঃ স উচ্যতে। যদা শব্দবহং বায়ুঃ স্রোত আবৃত্য তিষ্ঠতি। শুদ্ধঃ শ্লেষ্মান্বিতো বাপি বাধির্য্যন্তেন জায়তে। বায়ুঃ পিত্তাদিভি র্যুক্তো বেণু ঘোষোপমং স্বনং। করোতি কর্ণয়োঃ ক্ষেড়ং কর্ণক্ষ্বেড়ঃ স উচ্যতে।

কর্ণস্রোতগত বায়ু প্রতিলোমগতি এবং কফাদি দোষদ্বারা আবৃত হইয়া কর্ণদ্বয়মধ্যে অত্যন্ত কষ্টদায়ক ও আবৃতদোষের স্বীয় লিঙ্গবিশিষ্ট শূল উৎপাদন করে, ইহাকে কর্ণশূল কহা যায়। কর্ণস্রোতে বায়ু অবস্থিতি করিলে ভেরী, মৃদঙ্গ, শঙ্খ প্রভৃতির ন্যায় নানাবিধ শব্দ রোগীর কর্ণগোচর হয়, এই রোগকে কর্ণনাদ কহে। যখন শব্দবহ বায়ু স্বয়ং অথবা শ্লেষ্মার সহিত কর্ণস্রোতকে আবৃত করিয়া থাকে তখন রোগী বধির অর্থাৎ কালা হয়, এই রোগকে বাধীর্য্য কহে। বায়ু পিত্তাদির সহিত যুক্ত হইয়া কর্ণস্রোত অবরোধ করিলে বংশিধ্বনি সদৃশ শব্দ কর্ণমধ্যে উৎপাদন হয় ইহাকে কর্ণক্ষ্বেড় কহে।

শিরোঽভিঘাতাদথবা নিমজ্জতো জলেপ্রপাকাদথবাপি বিদ্রধেঃ। স্রবেদ্ধি পূয়ং শ্রবণোঽনিলার্দিতঃ সকর্ণসংস্রাব ইতিপ্রদিষ্টঃ। মারুতঃ কফসংযুক্তঃ কর্ণকণ্ডুং করোতি চ।

মস্তকে আঘাত, জলে নিমগ্ন অথবা বিদ্রধির প্রপাক হইতে কর্ণে বায়ু কুপিত হইয়া পূয়স্রাব করে। এই রোগকে কর্ণস্রাব কহে। বায়ু, কফানুবন্ধ হইয়া কর্ণকণ্ডু উৎপাদন করে।

পিত্তোষ্মশোষিতঃ শ্লেষ্মা জায়তে কর্ণগূথকঃ। সকর্ণগূথোদ্রবতাং গতো যদা বিলায়িতো ঘ্রাণমুখং প্রপদ্যতে। তদা সকর্ণ প্রতিনাহ সংজ্ঞিতো ভবেদ্বিকারঃ শিরসোর্দ্ধভেদকৃৎ। যদা তু মূর্চ্ছন্ত্যথবাপি জন্তবঃ সৃজন্ত্য-পত্যান্যথবাপি মক্ষিকাঃ। তদ্ব্যঞ্জনত্বাচ্ছ্রবণো নিরুচ্যতে ভিষগ্ভিরাদ্যৈঃ ক্রিমিকর্ণিকো গদঃ। পতঙ্গাঃ শতপদ্যশ্চ কর্ণস্রোতঃ প্রবিশ্য হি। অরতিং ব্যাকুলত্বঞ্চ ভৃশং কুর্ব্বন্তি বেদনাং। কর্ণো নিস্তুদ্যতে তস্য তথা ফরফ-রায়তে। কীটে চরতি রুক্তীব্রা নিস্পন্দে মন্দ বেদনা। ক্ষতাভিঘাতঃ প্রভবস্তু বিদ্রধি র্ভবেত্তথা দোষ কৃতোঽপরঃ পুনঃ। সরক্তপীতারুণমস্রমাস্রবেৎ প্রতোদধূমায়ন দাহ চোষবান্। কর্ণপাকস্তু পিত্তেন কোথবিক্লেদ কৃদ্ভবেৎ। কর্ণবিদ্রধিপাকাদ্বা জায়তে চাম্বু পূরণাৎ। পূয়ং স্রবতি বা পূতি সজ্ঞেয়ঃ-পূতিকর্ণকঃ। কর্ণশোথার্ব্বুদার্শাংসিজানীয়াদুক্ত লক্ষণৈঃ।

পিত্তোষ্মা দ্বারা শ্লেষ্মা শোষিত হইলে কর্ণগূথক অর্থাৎ কর্ণের মল উৎপন্ন হয়। যখন কর্ণমল স্নেহ স্বেদাদি দ্বারা দ্রব হইয়া মুখ ও নাসিকারন্ধ্র হইতে নির্গত হয়, তখন উহাকে কর্ণপ্রতিনাহ কহা যায়, এই রোগে মস্তকের অর্দ্ধাবভেদ অর্থাৎ আদ্কপালে বেদনা হয়। কর্ণে ক্ষতহইয়া ক্রিমি জন্মাইলে অথবা উহাতে মক্ষিকা ডিম্ পাড়িলে ক্রিমিকর্ণিক রোগ কহা যায়। শতপদ অর্থাৎ কান্বিচা অথবা পতঙ্গাদি কর্ণস্রোতে প্রবেশ করিয়া রোগীকে অত্যন্ত অস্থির ও ব্যাকুল এবং কর্ণে বেদনা ও ফর্ ফর্ শব্দ উৎপাদন করে। কীটের সঞ্চরণে তীব্র বেদনা হয় এবং উহারা স্থির থাকিলে যন্ত্রণার উপশম হয়। দোষ প্রকোপ হইতে অথবা ক্ষত বা অভিঘাত হইতে কর্ণে বিদ্রধি উৎপন্ন হইয়া থাকে, ইহাতে বিন্ধনবৎ বেদনা দাহ ও উত্তাপ এবং রক্ত

পীত কখন বা অরুণবর্ণ স্রাব নির্গত হয়। কর্ণবিদ্রধি পাকিলে কর্ণে জল প্রবেশ করিলে অথবা পিত্ত কুপিত হইলে ক্লেদজনক দুর্গন্ধ কর্ণপাক উৎপন্ন হয়। কর্ণ হইতে পূতিগন্ধ পূয়স্রাব হইলে উহাকে পূতিকর্ণক কহে। উপরোক্ত রোগ ব্যতীত কর্ণে নানা প্রকার শোথ, অর্ব্বুদ এবং অর্শো উৎপন্ন হইয়া থাকে, উহাদের প্রকার ভেদ ও লক্ষণ ঐ সকল রোগের নিদানে দ্রষ্টব্য।

অথ কর্ণরোগ নিদানং।

নাদোঽতিরুক্ কর্ণমলস্য শোষঃ স্রাবস্তনুশ্চা শ্রবণঞ্চ বাতাৎ। শোথঃ সরাগো-দরণং বিদাহঃ সপীত পূতিস্রবণঞ্চ পিত্তাৎ। বৈশ্রুত্য কণ্ডুস্থিরশোথ শুক্ল স্নিগ্ধস্রুতঃ শ্লেষ্ম ভবেৎস্পোরুক্ চ। সর্ব্বাণি রূপাণি চ সন্নিপাতে স্রাবশ্চ তত্রাধিক দোষবর্ণঃ।

সুশ্রুতোক্ত কর্ণস্রোত রোগ সমূহ বিবরণ করিয়া এক্ষণে চতুঃপ্রকার চরকোক্ত কর্ণরোগ কহিতেছেন যথা, বাতিক কর্ণরোগে বধিরতা কর্ণনাদ তীব্র বেদনা কর্ণমূলের শুষ্কতা অথবা তরলস্রাব হয়। পৈত্তিক কর্ণরোগে রক্তবর্ণ শোথ দাহ এবং বিদারণবৎ বেদনা এবং কর্ণস্রোত হইতে পীতবর্ণ পূতিগন্ধ স্রাব নির্গত হয়। শ্লৈষ্মিক কর্ণরোগে কর্ণে বিরুদ্ধ শ্রবণ এবং অল্প বেদনা হয়, কণ্ডুযুক্ত স্থির শোথ জন্মে এবং শুক্লবর্ণ স্নিগ্ধ স্রাব নির্গত হয়। সান্নিপাতিক কর্ণরোগে উপরোক্ত সর্ব্ব প্রকার লক্ষণ দৃষ্ট হয় এবং যে দোষ অধিক প্রবল থাকে সেই বর্ণের স্রাব নির্গত হয় (১)।

সৌকুমার্য্যাচ্চিরোৎসৃষ্টে সহসাতিপ্রবর্দ্ধিতে। কর্ণশোথোভবেৎ পাল্যাং সরুজঃ পরিপোটবান্। কৃষ্ণারুণনিভঃ স্তব্ধঃসবাতাৎ পরিপোটকঃ। গর্ব্বা-

---

(১) কর্ণশূল Otalgia, কর্ণনাদ Noise in ears, বাধীর্য্য Deafness, কর্ণস্রাব Otorrhœa, কর্ণগূথক Wax in ear, ক্রিমিকর্ণক Worms in ear, কর্ণপাক Suppuration in ear, পূতিকর্ণক Fœtid discharge from ear,

ভরূণ সংযোগাৎ তাড়নাদ্ঘর্ষণাদপি। শোথঃ পাল্যাংভবেচ্ছ্যাবো দাহপাক-রুজান্বিতঃ। রক্তো বা রক্তপিত্তাভ্যামুৎপাতঃ সগদো মতঃ। কর্ণং বলাদ্বর্দ্ধয়তঃ পাল্যাং বায়ুঃ প্রকুপ্যতি। কফং সংগৃহ্য কুরুতে শোথং স্তব্ধ মবেদনং। উন্মন্থকঃ সকণ্ডূকো বিকারঃ কফবাতজঃ। সংবর্দ্ধ্যমানে দুর্ব্বিদ্ধে কণ্ডূদাহ রুজান্বিতঃ। শোথো ভবতি পাকশ্চ ত্রিদোষো দুঃখবর্দ্ধনঃ।

এক্ষণে কর্ণপালির রোগ কথিত হইতেছে। কর্ণপালির ছিদ্র ক্রমে ক্রমে বর্দ্ধন না করিয়া সহসা বৃদ্ধি করিবার চেষ্টা পাইলে পালির মৃদুত্ব হেতু বেদনা যুক্ত কৃষ্ণারুণবর্ণ স্তব্ধশোথ উৎপন্ন হয়, ইহা বাতজ এবং চর্ম্ম বিদারণ করে এই হেতু উহাকে পরিপোটক কহা যায়। কর্ণে গুরু অভরণ ধারণ করিলে, অথবা অতিশয় তাড়ন বা ঘর্ষণাদি করিলে কর্ণপালিতে শ্যাব অথবা রক্তবর্ণ দাহ এবং বেদনাযুক্ত পাকবান্ শোথ উৎপন্ন হয়, এই রোগকে কর্ণোৎপাত কহে, ইহা রক্তপিত্তজ। যে ব্যক্তি বলপূর্ব্বক কর্ণ বর্দ্ধন করে তাহার প্রকুপিত বায়ু কফকে দূষিত করিয়া পালিতে কণ্ডূযুক্ত অল্প বেদনা বিশিষ্ট এবং স্তব্ধ-শোথ জন্মায়, এই বাতশ্লৈষ্মিক ব্যাধিকে উন্মন্থক কহে। বালকদিগের কর্ণ-বেধের ছিদ্র ভালরূপ না করা হইলে পালিতে কণ্ডূ, দাহ এবং বেদনাযুক্ত শোথ উত্থিত হয় ও পাকে এই ক্লেশদায়ক রোগ ত্রিদোষজ।

কফাসৃক্ ক্রিময়ঃ ক্রুদ্ধাঃ সর্ষপাভা বিসর্পিণঃ। কুর্ব্বন্তি পাল্যাং পীড়কাঃ কণ্ডূদাহরুজান্বিতাঃ। কফাসৃক্ ক্রিমিসংভূতঃ সবিসর্পান্বিত স্ততঃ। লিহেৎ সশষ্কুলীং পালীং পরিলেহীতি সম্মৃতঃ।

কুপিত কফ রক্ত এবং ক্রিমি, কর্ণপালিতে সর্ষপাভ, বিসর্পবান্, কণ্ডুদাহ ও বেদনাযুক্ত পিড়কা উৎপাদন করে, এই রোগ বিসর্পান্বিত হইয়া সমুদয় কর্ণকে আচ্ছাদন করে, শষ্কুলী ও পালিকে লেহন অর্থাৎ মাংস শূন্য করে, এই জন্য এই রোগকে পরিলেহী কহা যায় (১)।

---

(১) পরিপোটক Inflammation of lobule, কর্ণোৎপাত Abscess of lobule, উন্মন্থক Swelling of lobule, পরিলেহী Eczema of ear.

অথ নাসারোগ নিদানং।

আনহ্যতে যস্য বিশুষ্যতে চ প্রক্লিদ্যতে ধূপ্যতে চাপি নাসা। ন বেত্তি যো গন্ধরসাংশ্চ জন্তুর্জুষ্টং ব্যবস্যেত্তমপীনসেন। তঞ্চানিলশ্লেষ্মভবং বিকারং ব্রূয়াৎ প্রতিশ্যায় সমানলিঙ্গং। দোষৈর্বিদগ্ধৈর্গলতালুমূলে সংমূর্চ্ছিতো যস্য সমীরণস্তু। নিরেতি পূতির্মুখনাসিকাভ্যাং তং পূতিনস্যং প্রবদন্তি রোগং। ঘ্রাণাশ্রিতং পিত্তমরূংষিকুর্য্যাৎ যস্মিন্ বিকারে বলবাংশ্চ পাকঃ। তং নাসিকাপাক মিতি ব্যবস্যেদ্ বিক্লেদকোথাবথবাপি যত্র। দোষৈর্বিদগ্ধৈরথবাপি জন্তো র্ললাটদেশেঽভিহতস্য তৈস্তৈঃ। নাসাস্রবেৎ পূয় মসৃঙ্মিশ্রং তং পূয়রক্তং প্রবদন্তি রোগং।

যে রোগে নাসিকা বন্ধ শুষ্ক সন্তাপযুক্ত এবং শ্লেষ্মা দ্বারা আর্দ্র হয় এবং রোগী ঘ্রাণ ও রসবোধ করিতে অশক্ত হয়, তাহাকে অপীনস বা পীনস কহে, ইহা বাত শ্লেষ্মজ এবং প্রতিশ্যায় রোগের সমলক্ষণযুক্ত হইয়া থাকে। গলা এবং তালুমূলস্থ বায়ু বিদগ্ধ রক্ত পিত্ত শ্লেষ্ম কর্তৃক উচ্ছ্রিত হইলে মুখ এবং নাসিকা হইতে দুর্গন্ধ বহে, এই রোগকে পূতিনস্য কহে। ঘ্রাণাশ্রিত পিত্ত, কুপিত হইলে নাসিকাতে বহুসংখ্যক ব্রণ উৎপন্ন হয় এবং ঐ সকল ব্রণ অত্যন্ত পাকিয়া দুর্গন্ধ ক্লেদ নিঃসরণ করে, এই রোগকে নাসাপাক কহে। পিত্ত ও রক্তের আধিক্য হেতু অথবা ললাটে লগুড়াদি দ্বারা প্রহার হেতু নাসা হইতে রক্ত এবং পূয় স্রাব হইলে উহাকে পূয়রক্ত নাসা কহে।

ঘ্রাণাশ্রিতো মর্ম্মণি সংপ্রদুষ্টে যস্যানিলো নাসিকয়া নিরেতি। কফানুজাতো বহুশোঽতিশব্দ স্তং রোগমাহুঃ ক্ষবথুং বিধিজ্ঞাঃ। তীক্ষ্ণোপযোগাদতিজিঘ্রতো বা ভাবান্ কটূনর্ক নিরীক্ষণাদ্বা। সূত্রাদিভির্বা তরুণাস্থিমর্ম্ম ণ্যুদ্ঘাটিতেঽন্যঃ ক্ষবথু র্নিরেতি। প্রভ্রশ্যতে নস্তকয়োর্হি যস্য সান্দ্রো বিদগ্ধো লবণঃ কফস্তু। প্রাক্সঞ্চিতো মূর্দ্ধনি সূর্য্যতপ্ত স্তং ভ্রংশথুং রোগমুদাহরন্তি। ঘ্রাণে ভৃশং দাহসমন্বিতে তু বিনিঃসরেদ্ধূম ইবেহ বায়ুঃ। নাসা প্রদীপ্তেব চ যস্য জন্তো র্ব্যাধিস্তু তং দীপ্ত মুদাহরন্তি।

নাসা পুটদ্বয় প্রদুষ্ট হইলে ঘ্রাণাশ্রিত বায়ু কফকে পশ্চাৎ করিয়া অত্যন্ত শব্দের সহিত নাসিকা হইতে নির্গত হয়, ইহাকে ক্ষবথু কহে। তীক্ষ্ণদ্রব্য ভক্ষণ করিলে কটু দ্রব্য অতি সেবন করিলে সূর্য্যাভিমুখে দৃষ্টি করিলে অথবা

সূত্রাদি দ্বারা তরুণাস্থি বা শৃঙ্গাটকের উদ্ঘাটন করিলে অন্য প্রকার ক্ষবথু উৎপন্ন হইয়া থাকে। পূর্ব্ব সঞ্চিত, ঘন, লবণরসযুক্ত এবং বিদগ্ধ কফ মূর্দ্ধদেশে সূর্য্যতাপিত হইয়া নাসা হইতে গলিয়া পড়িলে ভ্রংশথু রোগ কহা যায়। দীপ্ত নামা রোগে নাসা প্রজ্জলিতবৎ এবং অত্যন্ত দাহযুক্ত হয় এবং উহা হইতে বায়ুধূমের ন্যায় নির্গত হইয়া থাকে।

উচ্ছ্বাসমার্গন্তু কফঃ সবাতো রুন্ধ্যাৎ প্রতীনাহমুদাহরেত্তং। ঘ্রাণাদ্ঘনঃ পীতসিত স্তনুর্ব্বা দোষঃ স্রবেৎ স্রাব মুদাহরেত্তং। ঘ্রাণাশ্রিত স্রোতসি মারুতেন গাঢ়ং প্রতপ্তে পরিশোষিতে চ। কৃচ্ছ্রাদুচ্ছ্বসেদূর্দ্ধমধশ্চ জন্তু র্যস্মিন্-সনাসা পরিশোষউক্তঃ। শিরো গুরুত্বমরুচি নাসাস্রাব স্তনুঃ স্বরঃ ক্ষামঃ ষ্ঠীবত্যথাভীক্ষ্ণমামপীনস লক্ষণং। আমলিঙ্গান্বিতঃ শ্লেষ্মা ঘনঃ খেষু নিমজ্জতি। স্বরবর্ণবিশুদ্ধিশ্চ পরিপক্কস্য লক্ষণং।

কফ বায়ুর সহিত যোগ হইয়া নাসারন্ধ্র বদ্ধ করিলে প্রতিনাহ কহে। নাসিকা হইতে তরল বা ঘন পীত অথবা শুক্ল শ্লেষ্মা নির্গত হইলে উহাকে নাসাস্রাব কহা যায়। ঘ্রাণাশ্রিত স্রোত সকল বায়ু কর্ত্তৃক অতিশয় প্রতপ্ত এবং পরিশোষিত হইলে নিঃশ্বাস প্রশ্বাসের অত্যন্ত কষ্ট হয়, এই রোগকে নাসা পরিশোষ কহে। আম অর্থাৎ অপক্ক এবং পক্ক পিনসের পৃথক্ পৃথক্ লক্ষণ নিম্ন প্রকার নির্দ্দিষ্ট আছে যথা, আমপীনসে মস্তক ভার অরুচি অস্পষ্ট স্বর এবং নিরন্তর তরল স্রাব নির্গত হয়। পক্কপীনসে আমলিঙ্গান্বিত শ্লেষ্মা ঘন হইয়া নাসারন্ধ্রে সংশ্লিষ্ট হইয়া থাকে এবং স্বর ও বর্ণ পুনরায় স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হয়।

সংধারণাজীর্ণরজোতিভাষ্য ক্রোধর্ত্তু বৈষম্য শিরোঽভিতাপৈঃ। প্রজাগরাতি স্বপনাম্বুশীতৈ রবশ্যায়মৈথুন বাষ্পধূমৈঃ। সংস্ত্যানদোষে শিরসি প্রবৃদ্ধো বায়ুঃপ্রতিশ্যায় মুদীরয়েত্তু। চয়ং গতামূর্দ্ধনি মারুতাদয়ঃ পৃথক্ সমস্তাশ্চ তথৈব শোণিতং। প্রকুপ্যমানা বিবিধৈঃ প্রকোপণৈ স্ততঃ প্রতী-শ্যায়করা ভবন্তি হি। ক্ষবপ্রবৃত্তিঃ শিরসোঽভিপূর্ণতা স্তম্ভোঽঙ্গমর্দ্দঃ পরিহৃষ্ট-রোমতা। উপদ্রবাশ্চাপ্যপরে পৃথগ্বিধা নৃণাং প্রতিশ্যায় পুরঃসরাঃ স্মৃতাঃ। আনদ্ধাপিহিতো নাসা তনুস্রাব প্রসেকিনী। গলতাল্বোষ্ঠশোষশ্চ নিস্তোদঃ শঙ্খয়ো স্তথা। ক্ষবপ্রবৃত্তিরত্যর্থং বক্ত্রবৈরস্য মেবচ। ভবেৎ স্বরোপঘাতশ্চ

প্রতিশ্যায়েঽনিলাত্মকে। উষ্ণঃ সপীতকো স্রাবো ঘ্রাণাৎ স্রবতি পৈত্তিকে। কৃশোঽতি পাণ্ডুঃ সন্তপ্তো ভবেদ্দুক্ষাভি পীড়িতঃ। সধূমমগ্নিং সহসা বমতীব স মানবঃ। ঘ্রাণাৎ কফকৃতে শীতঃ কফঃ পাণ্ডুঃ স্রবেদ্বহুঃ। শুক্লাবভাস শুক্লাক্ষো ভবেচ্ছূনশিরা নরঃ। কণ্ঠতাল্বোষ্ঠশিরসাং কণ্ডূভিরতিপীড়িতঃ।

নিম্নলিখিত কারণ সমূহ দ্বারা মস্তকে শ্লেষ্মা ঘনীভূত হইলে বায়ু বৃদ্ধি হইয়া সদ্যঃ প্রতিশ্যায় রোগ উৎপন্ন করে, যথা, মল মূত্রের বেগ ধারণ, অজীর্ণ, অতি বাক্য কথন, ক্রোধ, শোক, ঋতুর বৈষম্য, শিরস্তাপ, রাত্রিজাগরণ, দিবা-নিদ্রা, তুষার ও শীতল জল ব্যবহার, মৈথুন এবং নাসিকাতে রজ ও ধূমের প্রবেশ। বিবিধ দোষবর্দ্ধনকারী হেতু দ্বারা স্বস্থানস্থিত সঞ্চিত রক্ত এবং বাতাদি দোষত্রয় পৃথক অথবা সান্নিপাতিকরূপে প্রকুপিত হইয়া মূর্দ্ধাতে গমন করতঃ প্রতিশ্যায় রোগ উৎপন্ন করে। এই রোগের প্রারম্ভে হাঁচি মস্তকের অতি পূর্ণতা অঙ্গমর্দ্দন গাত্রগুরুতা রোম হর্ষ এবং তালুদাহাদি লক্ষণ দৃষ্ট হয়। বাতিক প্রতিশ্যায়ে নাসা বিবদ্ধ এবং আচ্ছাদিতের ন্যায় বোধ এবং উহা হইতে তরলস্রাব নির্গত হয়, গলা, তালু ও ওষ্ঠেতে শোষ, শঙ্খদ্বয়ে তোদনবৎ বেদনা, অতিশয় হাঁচি মুখের বিরসতা এবং স্বর ভঙ্গ হয়। পৈত্তিক প্রতিশ্যায়ে নাসিকা হইতে উষ্ণ, ঈষৎ পীতবর্ণ স্রাব নিপতিত হয়, শরীর উষ্ণ কৃশ ও পাণ্ডু বর্ণ হয় এবং রোগী উত্তপ্ত ধূমবৎ পদার্থ অকস্মাৎ বমন করে। শ্লৈষ্মিক প্রতিশ্যায়ে নাসা হইতে শীতল পাণ্ডু বর্ণ কফ বহুল পরিমাণে নির্গত হয়, ত্বক্ ও অক্ষি শুক্লাভ হয় এবং মস্তক, কণ্ঠ, তালু ও ওষ্ঠদ্বয় কণ্ডু যুক্ত এবং মস্তক ভার হয়।

ভূত্বা ভূত্বা প্রতিশ্যায়ো যস্যাকস্মান্নিবর্ত্ততে। সংপক্ব বাপ্য পক্বো বা স সর্ব্বপ্রভবঃ স্মৃতঃ। প্রক্লিদ্যতে পুনর্নাসা পুনশ্চ পরিশুষ্যতি। পুনরানহ্যতে চাপি পুনর্বিব্রিয়তে তথা। নিশ্বাসো বাতিদুর্গন্ধো নরো গন্ধান্ন বেত্তি চ। এবং দুষ্টং প্রতিশ্যায়ং জানীয়াৎ কৃচ্ছ্রসাধনং। রক্তজে তু প্রতিশ্যায়ে রক্তস্রাবঃ প্রবর্ত্ততে। তাম্রাক্ষশ্চ ভবেজ্জন্তুরুরোঘাতপ্রপীড়িতঃ। দুর্গন্ধোচ্ছ্বাসবদনো গন্ধানপি ন বেত্তি সঃ। সর্ব্ব এব প্রতিশ্যায়া নরস্যাপ্রতিকারিণঃ। দুষ্টতাং যান্তি কালেন তদা সাধ্যা ভবন্তি হি। মূর্চ্ছন্তি চাত্র ক্রিময়ঃ শ্বেতাঃ

স্নিগ্ধা ক্লমী স্বরঃ। ক্রিমিজো যঃ শিরোরোগ স্তুল্যং তেনাস্য লক্ষণং।
বাধির্য্যমন্ধ্যমন্ত্ৰ্‌ঘ্ৰ্‌ ঘোরাংশ্চ নয়নাময়ান্। শোথাগ্নিসাদ কাসাংশ্চ বৃদ্ধাঃ
কুর্ব্বন্তি পীনসাঃ। অর্ব্বুদং সপ্তধা শোথা শ্চত্বারোহর্শ শ্চতুর্ব্বিধং। চতু-
র্ব্বিধং রক্তপিত্তমুক্তং ঘ্রাণেঽপি তদ্বিদুঃ।

সান্নিপাতিক প্রতিশ্যায় পুনঃ পুনঃ প্রকাশ হইয়া অকস্মাৎ নিবৃত্তি হয় এবং উহার স্রাব কখন পক্ব কখনবা অপক্ব থাকে, নাসিকা বারবার শুষ্ক বা ক্লেদ যুক্ত বিবদ্ধ অথবা বিবৃত হয়, নিশ্বাস দুর্গন্ধ এবং ঘ্রাণেন্দ্রিয়ের শক্তি নাশ হয়, এইরূপ দুষ্ট প্রতিশ্যায় কৃচ্ছ্রসাধ্য। রক্তজপ্রতিশ্যায়ে নাসিকা হইতে রক্ত স্রাব ও চক্ষু তাম্রবর্ণ হয় এবং মুখ ও নিঃশ্বাসে দুর্গন্ধ বহে, রোগী গন্ধ গ্রহণে অশক্ত এবং উরোঘাত (১) রোগ দ্বারা প্রপীড়িত হয়। সর্ব্ব প্রকার প্রতি-শ্যায় চিকিৎসিত না হইলে কালক্রমে দুষ্ট এবং অসাধ্য হয়, নাসিকাতে শ্বেত, স্নিগ্ধ ও সরুক্রিমি জন্মে এবং ক্রিমিজনিত শিরোরোগের লক্ষণ দৃষ্ট হয়। পীনস রোগ বৃদ্ধি হইলে বধিরতা, ঘ্রাণশক্তির নাশ, অন্ধত্ব এবং অন্যান্য ঘোর অক্ষিরোগ উৎপাদন করে এবং রোগীর অগ্নিমান্দ্য, কাস ও শোথ হয়। উপরোক্ত রোগ ব্যতিত নাসিকাতে সপ্তপ্রকার অর্ব্বুদ চতুর্বিধ শোথ, চারি প্রকার অর্শ এবং চতুর্ব্বিধ রক্তপিত্ত উৎপন্ন হইয়া থাকে।

অথ নেত্ররোগ নিদানং।

অথ সর্ব্বগতানিদানং।

মণ্ডলজ্ঞাশ্রয়াস্তেষু বত্মজাতেন্বকবিংশতি। শুক্লভাগে দশৈকশ্চ চত্বারঃ
কৃষ্ণভাগজাঃ। সর্ব্বাশ্রয়াঃ সপ্তদশ দৃষ্টিজাঃ দ্বাদশৈব তু। বাহ্যজৌ দ্বৌ

---

(১) উরোঘাত রোগের লক্ষণ উরঃক্ষত জ্বর কাস পীনস এবং কর্ণ হইতে পুতিস্রাব ইত্যাদি।

প্রতিশ্যায় Catarrh or cold in nose, পীনস Inflammation of Schneiderian membrane with loss of sense of smell, পুতিনস্য Ozœna, নাসাপাক Pustules in nostrils, দীপ্ত Congestion of nostrils, প্রতিনাহ Obstruction of nose, নাসাস্রাব Discharge from nose.

সমাখ্যাতো রোগো পরমদারুণৌ। ভূয় এতান্ প্রবক্ষ্যামি সংখ্যারূপ চিকিৎসিতৈঃ।

সুশ্রুতমতে ছিয়াত্তর প্রকার নেত্ররোগ নির্দ্দিষ্ট আছে, যথা বাতিক দশ, পৈত্তিক দশ, শ্লৈষ্মিক তের, সান্নিপাতিক পঁচিশ, রক্তজ ষোল এবং আগন্তুজ দুই। চক্ষুর অবয়ব ভেদে এই ষড়সপ্ততি প্রকার রোগ নিম্নরূপে বিভক্ত আছে যথা সর্ব্বগত ১৭, কৃষ্ণগত ৪, দৃষ্টিজ ২২, শুক্লগত ১১, সন্ধিগত ৯, বর্ত্মজ ২১ এবং বাহ্যগত ২ একুনে ৭৬ (১)।

---

(১) উপরোক্ত রোগ সমূহের বিবরণ ক্রমে লিখিত হইবে কিন্তু অক্ষির অন্তর্গত মণ্ডল, পটল, দৃষ্টি, সন্ধি সমূহের কিঞ্চিৎ বিবরণ অবগত না হইলে উহাদের রোগ সমূহ বোধগম্য হইবেনা, অতএব সুশ্রুত গ্রন্থ হইতে উহাদের সংক্ষেপ বিবরণ উদ্ধৃত হইতেছে। দৃষ্টি, চক্ষুর মধ্যস্থিত বিবরাকৃতি, অৰ্দ্ধ মসুরদল পরিমাণ এবং চতুর্থ পটলের দ্বারা আবৃত। ইহা পঞ্চভূতাত্মক ও তেজোময় বলিয়া প্রসিদ্ধ আছে। ইংরাজিতে ইহাকে ক্রিষ্টেলাইনলেন্স কহে। চক্ষুর ছয় পটল বা আবরণ নিম্নপ্রকার বর্ণিত আছে। বাহ্য দুই পটলকে বর্ত্ম বা চক্ষুর পাতা কহে। ইংরাজিতে ইহাদের আইলিডস্ কহা যায়। লোচনান্তর্গত চারি পটলের মধ্যে প্রথম পটল অস্থিনির্ম্মিত, দ্বিতীয় পটল মেদাশ্রিত, তৃতীয় পিশিত ময় এবং চতুর্থ পটল তেজ ও জলাশ্রিত অর্থাৎ অগ্নি এবং জলনির্ম্মিত। ইংরাজিতে চতুর্থ পটলকে ভিট্রিয়াসহিউমর কহে, ইহাতে দোষ অবস্থান করিলে তিমির অর্থাৎ অন্ধরোগ জন্মে। চক্ষুর পঞ্চবিধ মণ্ডল নিম্নপ্রকার বর্ণিত অছে যথা, প্রথম মণ্ডল অক্ষিগোলকের উপর অবস্থিত শুক্লবর্ণ আবরকঝিল্লি, ইহাকে শুক্ল কহে। দ্বিতীয় মণ্ডল শুক্লের মধ্যস্থিত গোলাকার স্বচ্ছ অংশ, ইহাকে কৃষ্ণ কহে। ইংরাজিতে কর্ণিয়া বলে। তৃতীয়, কৃষ্ণের অন্তর্গত তারকামণ্ডল, ইংরাজিতে উহাকে আইরিস কহে। চতুর্থ, অক্ষির বর্ত্মমণ্ডল। পঞ্চম, পক্ষ্মমণ্ডল। ছয় প্রকার সন্ধি যথা, প্রথম পক্ষ্ম এবং বর্ত্মের মধ্যগত সন্ধি। দ্বিতীয় বর্ত্ম ও শুক্লের মধ্যস্থিত, তৃতীয় শুক্ল

উষ্ণাভিতপ্তস্য জলেপ্রবেশাদ্দূরেক্ষণাৎ স্বপ্নবিপর্যয়াচ্চ । স্বেদাদ্রজো ধূমনিষেবনাচ্চ ছর্দের্বিঘাতাদ্বমনাতিযোগাৎ । দ্রবান্নপানান্নিশি সেবিতাচ্চ বিণ্মূত্রবাতক্রম নিগ্রহাচ্চ । প্রসক্ত সংরোদন কোপশোকাচ্ছিরোঽভিঘাতাদতি-মদ্যপানাৎ । তথা ঋতূনাঞ্চ বিপর্যয়েণ ক্লেশাভিঘাতাদতিমৈথুনাচ্চ । বাষ্পগ্রহাৎ সূক্ষ্মনিরীক্ষণাচ্চ নেত্রে বিকারান্ জনয়ন্তি দোষাঃ ।

নিম্নলিখিত কারণ সমূহ হইতে নেত্ররোগ সকল উৎপন্ন হইয়া থাকে যথা তপণাদি দ্বারা উত্তাপিত ব্যক্তির সহসা জল প্রবেশ, বহুক্ষণ পর্য্যন্ত দূরস্থিত অথবা অতি সূক্ষ্মবস্তু দর্শন, বাষ্পবেগ ধারণ, চক্ষু মধ্যে রজ বা ধূম প্রবেশ, বমন রোধ বা অতিশয় বান্তিকার্য্য, দ্রব অন্ন সেবন, মল মূত্র বায়ুর বার বার বেগবিঘাত, অতি রোদন, কোপ, শোক, মৈথুন অথবা মদিরা পান, নিদ্রানাশ, ঋতু বিপর্য্যয়, শারীরিক ক্লেশ বা অভিঘাত, মস্তকের আঘাত ইত্যাদি ।

বাতাৎ পিত্তাৎ কফাদ্রক্তাদভিষ্যন্দাশ্চতুর্বিধঃ । প্রায়েণ জায়তে ঘোরঃ সর্ব্বনেত্রাময়াকরঃ । নিস্তোদন স্তম্ভনরোমহর্ষ সংঘর্ষপারুষ্য শিরোঽভিতাপাঃ । বিশুষ্কভাবাঃ শিশিরাশ্রুতাশ্চ বাতাভিপন্নে নয়নে ভবন্তি । দাহপ্রপাকৌ শিশিরাভিনন্দা ধূমায়নং বাষ্পসমুচ্ছ্রয়শ্চ । উষ্ণাশ্রুতাপীতক নেত্রতা চ পিত্তাভিপন্নে নয়নে ভবন্তি । উষ্ণাভিনন্দা গুরুতাক্ষিশোফঃ কণ্ডূপদেহাবতিশীততা চ । স্রাবো মুহুঃ পিচ্ছিল এব চাপি কফাভিপন্নে নয়নে ভবন্তি । পিত্তস্য লিঙ্গানি চ যানি তানি রক্তাভিপন্নে নয়নে ভবন্তি । বৃদ্ধৈরেতৈরভিষ্যন্দৈর্নরাণামক্রিয়াবতাং । তাবন্তশ্চাধিমন্থাঃ স্যুর্নয়নে তীব্রবেদনাঃ । উৎপাট্যত ইবাত্যর্থং নেত্রং নির্ম্মথ্যতে তথা । শিরসোঽর্দ্ধঞ্চ তং বিদ্যাদধিমন্থং স্বলক্ষণৈঃ । হন্যাদ্দৃষ্টিং শ্লৈষ্মিকঃ সপ্তরাত্রাদধিমন্থো রক্তজঃ পঞ্চরাত্রাৎ । ষড্রাত্রাদ্বাতিকোবৈ নিহন্যান্মিথ্যাচারাৎ পৈত্তিকঃ সদ্য এব । উদীর্ণ বেদনং নেত্রং রাগশোফসমন্বিতং । ঘর্ষনিস্তোদশূলাশ্রুযুক্ত মামান্বিতং বিদুঃ । মন্দবেদনতা কণ্ডূঃ সংরম্ভাশ্রুপ্রশান্ততা । প্রসন্নবর্ণতা চাক্ষ্ণোঃ সংপক্ব দোষমাদিশেৎ ।

এবং কৃষ্ণের মধ্যগত, চতুর্থ কৃষ্ণ ও দৃষ্টির অন্তর্গত । পঞ্চম সন্ধি, কানীনকগত অর্থাৎ নাসিকার নিকটবর্ত্তি কোণগত এবং ষষ্ঠসন্ধি, অপাঙ্গস্থিত ।

সর্ব্বনেত্রাময়কর দুঃসহ বেদনান্বিত অভিষ্যন্দ, অর্থাৎ অক্ষি প্রদাহ চতুর্ব্বিধ কথিত আছে যথা, বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক এবং রক্তজ। বাতিক অভিষ্যন্দে অক্ষি স্থির, রুক্ষ ও বিশুষ্কভাব প্রাপ্ত হয়, বালুকণা পতনের ন্যায় কর্ কর্ করে এবং দন্তাভিঘাতবৎ বেদনাযুক্ত হয়, শীতল অশ্রু স্রাব এবং রোগীর শিরঃপিড়া ও রোমহর্ষ হয়। পৈত্তিক অভিষ্যন্দে চক্ষু উষ্ণ পীতবর্ণ, দাহ এবং পাকযুক্ত হয়, বহুল পরিমাণে উষ্ণ অশ্রুস্রাব এবং শীতক্রিয়া করিলে সুখবোধ হয়। শ্লৈষ্মিক অভিষ্যন্দে চক্ষু তৈলাক্ত, ভারি, শীতল, কণ্ডু এবং শোথযুক্ত হয়, মুহু মুর্হুঃ পিচ্ছিল স্রাব নির্গত এবং উষ্ণ প্রয়োগে সুখবোধ হয়। রক্তজাভিষ্যন্দে পৈত্তিক প্রদাহের লক্ষণ দৃষ্ট হয়। উপরোক্ত চতুর্ব্বিধ অভিষ্যন্দ রোগ অচিকিৎসিত থাকিলে বৃদ্ধি প্রাপ্ত হইয়া চতুষ্প্রকার তীব্র বেদনাদায়ক অধিমন্থরোগে পরিণত হয় (১)। অধিমন্থ রোগে চক্ষু উৎপাটিত এবং মন্থিত হইবার ন্যায় বেদনা বোধ এবং অৰ্দ্ধকাপালিক শিরঃপীড়া হয়। রোগী মিথ্যাচার করিলে পৈত্তিকাধিমন্থ সদ্য দৃষ্টি নাশ করে, রক্তজ পঞ্চরাত্রে, শ্লৈষ্মিক সপ্তরাত্রে এবং বাতিকাধিমন্থ ষড়্রাত্রে দৃষ্টির বিনাশ সাধন করে। এক্ষণে আম এবং পক্ক ভেদে নেত্র রোগের সামান্য লক্ষণ কথিত হইতেছে, আম অর্থাৎ করুণ নেত্ররোগে অত্যন্ত বেদনা কড়কড়ি শূল ও লগুড়াদি দ্বারা পীড়নবৎ যাতনা হয় এবং চক্ষু রক্তবর্ণ শোথ ও অশ্রুযুক্ত হয়। দোষ পক্ক হইলে বেদনা শোথ ও অশ্রুপাতের প্রশমন হয় এবং চক্ষু কণ্ডূযুক্ত ও স্বাভাবিক বর্ণ হইয়া থাকে।

কণ্ডূপদেহাশ্রুযুতঃ পক্কোডুম্বরসন্নিভঃ। সংরম্ভী পচ্যতে যস্তু নেত্রপাকঃ সশোথজঃ। শোথহীনানি লিঙ্গানি নেত্রপাকেত্বশোথজেঃ। উপেক্ষণাদক্ষি যদাধিমন্থো বাতাত্মকঃ সাদয়তি প্রসহ্যঃ। রুজাভি রুগ্রাভি রসাধ্য এষ হতাধিমন্থঃ খলুনাম রোগঃ। বারং বারঞ্চ পর্য্যেতি ভ্রুবৌ নেত্রে চ মারুতঃ। রুজশ্চ বিবিধা স্তীব্রাঃ স জ্ঞেয়ো বাতপর্য্যায়ঃ। যৎ কূণিতং দারুণরুক্ষবর্ত্ম সংদৃশ্যতে চাবিল দর্শনং যৎ। সুদারুণং যৎ প্রতিবোধনে চ শুষ্কাক্ষিপা-

---

(১) অভিষ্যন্দকে Ophthalmia কহে, অধিমন্থ শিরঃপিড়াযুক্ত গুরুতর Ophthalmia.

শোথহীনং তদক্ষি। যস্যা বটুঃকর্ণশিরোহনুস্থো মন্যাগতো বাপ্যনিলো-ন্যতো বা। কুর্য্যাদ্রুজং বৈ ভ্রুবিলোচনে চ তমন্যতো বাতমুদাহরন্তি। শ্যাবং লোহিত পর্য্যন্তং সর্ব্বমক্ষি প্রপচ্যতে। সদাহশোথং সংস্রাবং অম্লাধ্যুষিতমম্লতঃ। অবেদনা বাপি সবেদনা বা যস্যাক্ষিরাজ্যো হি ভবন্তি তাম্রাঃ। মুহুর্বিরজ্যন্তি চ তাঃ স তাদৃগ্ব্যাধিঃ শিরোৎপাত ইতি প্রদিষ্টঃ। মোহাৎ শিরোৎ-পাত উপেক্ষিতস্তু জায়েত রোগস্তু শিরাপ্রহর্ষঃ। তাম্রাভ মস্রং স্রবতি প্রগাঢ়ং তথা ন শক্নোত্যভিবীক্ষিতুঞ্চ।

অক্ষিপাক রোগে চক্ষু পক্ব ডুম্বর সন্নিভ এবং ক্লিলেপিকবৎ দৃশ্য কণ্ডু ও অশ্রুযুক্ত হয় এবং শোথযুক্ত হইয়া থাকে। কখন কখন চক্ষুপাক রোগে শোথ না হইয়া অপরাপর লিঙ্গ দৃষ্ট হয়, ইহাকে শোথহীন অক্ষি পাক কহে। বাতাত্মক অধিমন্থ রোগ উপেক্ষিত হইলে, সহসা চক্ষুকে শোষণ এবং নানা প্রকার উগ্র বেদনায় পীড়িত করে, এই রোগকে হতা-ধিমন্থ কহে, ইহা অসাধ্য। বাতপর্য্যায় নামা নেত্ররোগে বায়ু বারম্বার ভ্রুদ্বয় ও অক্ষিদ্বয়কে সঙ্কোচন এবং নানা প্রকার তীব্র বেদনা উৎপাদন করে। শুষ্কাক্ষিপাক রোগে চক্ষু মুদিত ও দাহযুক্ত হয়, উহার পাতা কঠিন এবং রুক্ষ, দৃষ্টি আবিল অর্থাৎ অপরিষ্কার এবং চক্ষু উন্মীলন করিলে অত্যন্ত বেদনা হয়। মস্তক অবটু মন্যা কর্ণ হনু অথবা অন্য কোন অঙ্গস্থিত বায়ু কুপিত হইয়া ভ্রু এবং অক্ষিতে বেদনা জন্মাইলে অন্যগত বাত কহা যায়। অম্লাধ্যুষিত রোগ অতিশয় অম্ল সেবন হেতু উৎপন্ন হয়, ইহাতে অক্ষির মধ্যভাগ ঈষৎ নীলবর্ণ এবং চতুষ্পার্শ্ব লোহিতবর্ণ হয়, দাহ শোথ ও স্রাব নির্গত হয় এবং রোগ সমুদয় চক্ষুকে আচ্ছাদন করে। শিরোৎপাত রোগে অক্ষির শিরাজাল, কখন তাম্রবর্ণ কখন বা রক্তশূন্য হয় এবং ইহাকে কখন বেদনা থাকে কখন বা থাকেনা এই রোগ উপেক্ষিত হইলে শিরাপ্রহর্ষ নামা রোগে পরিণত হয়, শিরাপ্রহর্ষ রোগে চক্ষু তাম্রবর্ণ ও গাঢ় স্রাবযুক্ত এবং রোগীর দৃষ্টিনাশ হইয়া থাকে (১)।

---

(১) অক্ষিপাক Suppuration of globe, বাতপর্য্যায় Spasm of

অথ কৃষ্ণগতা নিদানং।

নিমগ্নরূপন্তু ভবেদ্ধি কৃষ্ণে সূচীববিদ্ধং প্রতিভাতি যদ্বৈঃ। স্রাবং স্রবেদুষ্ণমতীব যচ্চ তৎ সব্রণং শুক্রমুদাহরন্তি। দৃষ্টেঃ সমীপে ন ভবেত্তু যচ্চ ন চাবগাঢ়ং ন চ সংস্রবেদ্ধি। অবেদনং বা ন চ যুগ্মশুক্রং তৎসিদ্ধিমাপ্নোতি কদাচিদেব।

সব্রণ এবং অব্রণভেদে কৃষ্ণ মণ্ডলের উপর দুই প্রকার শুক্র রোগ জন্মে। সব্রণ শুক্র রোগে কৃষ্ণের উপর নিমগ্নরূপ গোলাকার শুক্র চিহ্ন ও সূচি বিদ্ধবৎ বেদনা হয় এবং অক্ষি হইতে নিরন্তর অতি উষ্ণস্রাব নির্গত হয়। যে সব্রণ শুক্র, দৃষ্টির সম্মুখস্থিত ও অধিক অবগাঢ় না হয়, অল্প স্রাব ও অল্প বেদনাযুক্ত হয় এবং যাহাতে একটিমাত্র শুক্র চিহ্ন থাকে সে শুক্র, কদাচিৎ সাধ্য হয়, অপর অসাধ্য।

স্যন্দাত্মকং কৃষ্ণগতং সচোষং শঙ্খেন্দুকুন্দপ্রতিমাবভাসং। বৈহায়সাভ্রপ্রতিমং প্রকাশং তথাব্রণং সাধ্যমুদাহরন্তি। গম্ভীরজাতং বহলঞ্চ শুক্রং চিরোত্থিতঞ্চাপি বদন্তি কৃচ্ছ্রং। বিচ্ছিন্নমধ্যং পিশিতাবৃতং বা চলং শিরাসূক্ষ্মমদৃষ্টিকৃচ্চ। দ্বিত্বগ্গতং লোহিতমন্ততশ্চ চিরোত্থিতঞ্চাপি বিবর্জনীয়ং। উষ্ণাশ্রুপাতঃ পীড়কা চ নেত্রে যস্মিন্ ভবেৎ মুদ্গনিভঞ্চ শুক্রং। তদপ্যসাধ্যং প্রবদন্তি কেচিদন্যচ্চ যৎ তিত্তিরিপক্ষতুল্যং। শ্বেতঃ সমাক্রামতি সর্ব্বতো হি দোষেণ যস্যাসিতমণ্ডলঞ্চ। তমক্ষিপাকাত্যয়মক্ষিরোগং সর্ব্বাত্মকং বর্জ্জয়িতব্যমাহুঃ। অজাপুরীষপ্রতিমোরুজাবান্ সলোহিতো লোহিতপিচ্ছিলাস্রুঃ। বিগৃহ্যকৃষ্ণং প্রচয়োভ্যুপৈতি তচ্চাজকাজাত মিতি ব্যবস্যেৎ।

যে অব্রণ শুক্র অভিষ্যন্দজনিত, কৃষ্ণতে মাত্র স্থিত ও জ্বালাযুক্ত হয়, যাহার শুক্র চিহ্ন, শঙ্খ, ইন্দু, কুন্দপুষ্প অথবা আকাশস্থিত অভ্রের ন্যায় আভাবিশিষ্ট অর্থাৎ নির্ম্মল শুভ্র এবং স্বচ্ছ হয়, সেই অব্রণ শুক্র সাধ্য। যখন অব্রণ শুক্র অত্যন্ত গাঢ় বিস্তৃত এবং চিরোত্থিত হয় তখন উহাকে কৃচ্ছ্র-

---

eyebrow &c. শুষ্কাক্ষিপাক Scrofulous ophthalmia. অম্লাধ্যুষিত Iritis. শিরাপ্রহর্ষ Destructive inflammation of eye.

সাধ্য জানিবে। যে অব্রণ শুক্র, মধ্যে নিম্ন অথবা মাংসাঙ্কুর ও সূক্ষ্ম শিরাদ্বারা আবৃত, যাহা দ্বিত্বগ্ গত, চতুর্দ্দিগে লোহিতবর্ণ, দৃষ্টির রোধকারী অথবা চিরোত্থিত, তাহা অসাধ্য। যে শুক্র রোগে কৃষ্ণের উপর মুক্তা সদৃশ পিড়কা উৎপন্ন এবং উষ্ণ অশ্রুপাত হয়, তাহা অসাধ্য। কেহ কেহ কহেন তিত্তিরি পক্ষীর তুল্যবর্ণ বিশিষ্ট কৃষ্ণের ক্ষতও অসাধ্য। যে রোগে সমুদয় কৃষ্ণমণ্ডল শ্বেতবর্ণ হইয়া যায়, তাহাকে অক্ষিপাকাত্যয় কহে. ইহা ত্রিদোষজ এবং অসাধ্য। অজকাজাত নামা রোগে শুষ্ক অজপুরীষ তুল্য উৎসেধ কৃষ্ণকে ভেদ করিয়া অক্ষির উপর বহির্গত হয়, এই রোগে চক্ষু রক্তবর্ণ ও যন্ত্রণাযুক্ত হয় এবং পিচ্ছিল ও রক্তমিশ্রিত স্রাব নিঃসরণ করে (১)।

অথ দৃষ্টিজা নিদানং।

প্রথমে পটলে দোষা যস্য দৃষ্ট্যাং ব্যবস্থিতাঃ। অব্যক্তানি সরূপাণি কদাচিদথ পশ্যতি।

দৃষ্টির প্রথম পটলে অর্থাৎ কালকাস্থি সংশ্রয় আবরণে দোষ ব্যবস্থিত হইলে রোগী কখন স্পষ্ট কখন অপষ্ট রূপ দর্শন করে।

দৃষ্টির্ভৃশং বিহ্বলতি দ্বিতীয়ং পটলং গতে। মক্ষিকামশকাংশ্চাপি জালকানি চ পশ্যতি। মণ্ডলানি পতাকাংশ্চ মরীচীং কুণ্ডলানি চ। পরিপ্লবাংশ্চবিবিধান্ বর্ষমভ্রং তমাংসি চ। দূরস্থানি চ রূপাণি মন্যতে স সমীপতঃ। সমীপস্থানি দূরে চ দৃষ্টের্গোচর বিভ্রমাৎ। যত্নবানপি চাত্যর্থংসূচীপাশং ন পশ্যতি।

দ্বিতীয় পটলে দোষস্থিত হইলে দৃষ্টি অত্যন্ত ব্যাকুল অর্থাৎ রূপ গ্রহণ করিতে অসমর্থ হয়, মক্ষিকা, মশক ও জালকাদি কখন বা মরীচি মণ্ডলের ন্যায় রূপ দর্শন হয়, কখন বোধ হয় নানা প্রকার পদার্থ জলমগ্ন হইয়া

---

(১) সব্রণ শুক্র Ulcer of cornea, অব্রণ শুক্র Opacity of cornea, অক্ষিপাকাত্যয় Opacity of entire cornea অজকাজাত Prolapsus iridis.

আছে, অথবা বৃষ্টি মেঘ বা অন্ধকার হইয়াছে, দৃষ্টির বিভ্রম হেতু নিকট বর্ত্তী বস্তু দূরস্থিত এবং দূরস্থিত বস্তু সমীপস্থ বোধ হয় এবং রোগী অতি যত্নেও সূচীরন্ধ্র মধ্যে সূত্র প্রবেশ করাইতে পারেনা।

ঊর্দ্ধং পশ্যতি নাধস্তাৎ তৃতীয়ং পটলং গতে। মহান্ত্যপি চ রূপাণি ছাদিতানীব চাম্বরৈঃ। কর্ণনাসাক্ষিহীনানি বিকৃতানীব পশ্যতি। যথা দোষঞ্চ রজ্যেত দৃষ্টির্দোষে বলীয়সী। অধস্থেতু সমীপস্থং দূরস্থং চোপরিস্থিতে। পার্শ্বস্থিতে তথা দোষে পার্শ্বস্থং নৈবপশ্যতি। সমন্ততঃ স্থিতে দোষে মহদ্ধ্রস্বঞ্চ পশ্যতি। দ্বিধা স্থিতে দ্বিধা পশ্যেদ্বহুলঞ্চানবস্থিতে। দোষে দৃষ্ট্যাশ্রিতে তির্য্যক্ স একং মন্যতে দ্বিধা।

তৃতীয় পটলে দোষ অবস্থান করিলে রোগী ঊর্দ্ধদিগে দেখিতে পায় কিন্তু অধোদিগে কিছুই দৃষ্ট হয় না, স্থূলাকার পদার্থ সকল বস্ত্রাবৃতের ন্যায় বোধ হয় এবং জন্তু সমূহের কর্ণ নাসিকা ও অক্ষি হীন অথবা বিকৃত রূপ দৃশ্য হয়, যে দোষ প্রকুপিত হয় তদনুসারিক বর্ণে রূপ সমূহ রঞ্জিত বোধ হয়, অর্থাৎ পিত্তহেতু পীতনীলবর্ণ, কফহেতু শ্বেতবর্ণ, বায়ুতে অরুণবর্ণ এবং রক্ত হেতু হইলে রক্তিমাবর্ণ দৃশ্য হয়। দোষ পটলের অধোদেশে অবস্থিতি করিলে সমীপস্থ বস্তু দৃশ্য হয় না, উপরস্থিত হইলে দূরস্থ এবং পার্শ্বস্থিত হইলে পার্শ্বস্থ বস্তু দৃশ্য হয় না, মধ্যস্থিত হইলে বৃহৎ বস্তু হ্রস্বাকার বোধ হয়, সমুদয় পটল ব্যাপিত হইলে অন্যান্য পদার্থের সহিত মিশ্ররূপ দৃশ্য হয়, দোষ একদা, দ্বিপার্শ্বস্থিত হইলে একরূপ দ্বিভাগকৃত বোধ হয়, দোষ অনবস্থিত অর্থাৎ একস্থানে স্থির না থাকিলে এক এক পদার্থ বহু সংখ্যকরূপে দর্শন হয় এবং উহা দৃষ্টিকে তির্য্যকরূপে আশ্রয় করিলে এক বস্তু দুইটির ন্যায় বোধ হইয়া থাকে।

তিমিরাখ্যঃ স বৈ দোষঃ চতুর্থং পটলং গতে রুণদ্ধি সর্ব্বতো দৃষ্টিং লিঙ্গনাশমতঃ পরং। অস্মিন্নপি তমোভূতে নাতিরূঢ়ে মহাগদে। চন্দ্রাদিত্যৌ সনক্ষত্রৌ অন্তরীক্ষে চ বিদ্যুতঃ। নির্ম্মলানি চ তেজাংসি ভ্রাজিষ্ণূনি চ পশ্যতি। স এব লিঙ্গনাশস্তু নীলিকা কাচ সংজ্ঞিতঃ। বাতেন হানি রূপাণি ভ্রমতীব চ পশ্যতি। আবিলান্যরুণাভানি ব্যাবিদ্ধানীব মানবঃ। পিত্তেনাদিত্যখদ্যোতশক্রচাপ তড়িদ্গুণান্। নৃত্যতশ্চৈব শিখিনঃ সর্ব্বং

নীলঞ্চ পশ্যতি। কফেন পশ্যেদ্রূপাণি স্নিগ্ধানি চ সিতানি চ। পশ্যেৎ-সূক্ষ্মাণ্যতোঽর্থং ব্যভ্রেষ্বেবাভ্রসংপ্লবং। সলিলপ্লাবিতানীব পরিজাড্যানি মানবঃ। পশ্যেদস্রেন রক্তানি তমাংসি বিবিধানি চ। স সিতান্যপি কৃষ্ণানি পীতান্যপি চ মানবঃ। সন্নিপাতেন চিত্রাণি বিপ্লুতানীব পশ্যতি। বহুধা চ দ্বিধা চাপি সর্ব্বাণ্যেব সমন্ততঃ। হীনাধিকাঙ্গান্যথবা জ্যোতীংষ্যপি চ ভূয়শঃ। পিত্তং কুর্য্যাৎ পরিম্লায়ি মূর্চ্ছিতং পিত্ততেজসা। পীতাদিশশ্চ খদ্যোতান্ ভাস্কর-কাণি পশ্যতি। বিকীর্য্যমাণান্ খদ্যোতৈ বৃক্ষাং তেজোভিরেব বা।

চতুর্থ পটলে প্রকুপিত দোষ অবস্থিতি করিলে দৃষ্টি সর্ব্বতো ভাবে রুদ্ধ হয়, এই রোগকে তিমির, নীলিকা, কাচ এবং লিঙ্গনাশ কহা যায় (১)। অনতিবৃদ্ধি লিঙ্গনাশে রোগী চন্দ্র, সূর্য্য, নক্ষত্র, বিদ্যুৎ এবং অলঙ্কারাদির নির্ম্মল জ্যোতি বোধ করিতে সমর্থ হয়। বাতিক লিঙ্গনাশে অরুণাভ চঞ্চলবৎ আবিল এবং কুটিল রূপ দর্শন হয়। পৈত্তিক তিমিরে রোগী সর্ব্বদা সূর্য্য, রামধনু, খদ্যোত এবং বিদ্যুতের রূপ দেখিতে পায় এবং পদার্থ সকল ময়ূর পুচ্ছের ন্যায় নীল ও কৃষ্ণবর্ণে বিচিত্রিত বোধ হয়। শ্লৈষ্মিক লিঙ্গনাশে সমস্ত বস্তু স্থূল তৈলাক্ত শুক্লবর্ণ এবং জলময় দ্রব্যের ন্যায় আর্দ্র বোধ হয়। রক্তজ লিঙ্গনাশে রক্ত ও নানাবিধ কৃষ্ণবর্ণ রূপ অক্ষিগোচর হয় এবং শুক্ল বস্তুকে কখন কৃষ্ণ কখন পীতবর্ণ বোধ হয়। সান্নিপাতিক লিঙ্গনাশে নানা প্রকার বিপরীত বর্ণে চিত্র বিচিত্র রূপ দর্শন হয়, পদার্থ সমূহ দ্বিধা অথবা বহুধা, হীনাঙ্গ বা অধিকাঙ্গ বোধ হয়, কখন বা বিবিধ প্রকার আলোক দৃশ্য হয়। কুপিত পিত্ত রক্তের সহিত মিশ্রিত হইয়া পরিম্লায়ী নামা এক প্রকার তিমির উৎপন্ন করে। ইহাতে আকাশ, খদ্যোত সমূহ এবং সূর্য্য পীতবর্ণ বোধ হয় এবং বৃক্ষ সমস্ত খদ্যোত বা অগ্নির দ্বারা আচ্ছাদিতের ন্যায় দৃষ্ট হয়।

বক্ষ্যামি ষড়্‌বিধং রাগৈর্লিঙ্গনাশমতঃ পরং। রাগোঽরুণো মারুতজঃ প্রদিষ্টো ম্লায়ী চ নীলশ্চ তথৈব পিত্তাৎ। কফাৎ সিতঃ শোণিতজঃ সরক্তঃ সমস্তদোষঃ প্রভবো বিচিত্রঃ। অরুণং মণ্ডলং বৃত্ত্যাং চঞ্চলকাচারুণপ্রভম্। পরি-

(১) তিমির বা লিঙ্গনাশকে Cataract কহে।

ম্লায়িমিরোগেস্যাম্লায়িনীলঞ্চমণ্ডলং। দোষক্ষয়াৎক্ষয়ত্বত কদাচিৎ স্যাত্তু দর্শনং। অরুণং মণ্ডলং বাতাৎ চঞ্চলং পরুষং তথা। পিত্তাম্মণ্ডলমানীলং কাংস্যাভং পীতমেব বা। শ্লেষ্মণা বহুলং শ্বেতং শঙ্খকুন্দেন্দু পাণ্ডরং। চলং পদ্মপলাশস্থ শুক্লোবিন্দু নিবাম্ভসঃ। নৃত্যমানে চ নয়নে মণ্ডলং তদ্বিসর্পতি। প্রবালপদ্মপত্রাভং মণ্ডলং শোণিতাত্মকং। দৃষ্টিরাগো ভবে চ্চিত্রো লিঙ্গ-নাশে ত্রিদোষজে। যথাস্বং দোষলিঙ্গানি সর্ব্বেষ্বেব ভবন্তি হি।

বাতাদিভেদে ষড়্ বিধ লিঙ্গনাশ উক্ত হইয়া এক্ষণে উহাদের দোষভেদে বিশেষ বিশেষ বর্ণ কথিত হইতেছে যথা, মারুতজে দৃষ্টিমণ্ডল অরুণবর্ণ, পিত্তজে ও পরিম্লায়ীতিমিরে নীলবর্ণ. কফজে শুক্ল, শোণিতজে রক্ত এবং ত্রিদোষজে বিচিত্রবর্ণ উপদিষ্ট আছে, ইহাদের সবিশেষ বর্ণনা নিম্ন প্রকার লিখিত আছে যথা বাতিক লিঙ্গনাশের দৃষ্টিস্থিত অরুণমণ্ডল স্থূল কাচের ন্যায় অরুণ প্রভাবিশিষ্ট অর্থাৎ প্রগাঢ় অরুণবর্ণযুক্ত হয়। পরিম্লায়ী রোগে ঈষৎ নীল মণ্ডল দৃষ্ট হয় ইহাতে দোষক্ষয়হেতু রোগ উপশম হইয়া কখন কখন দর্শনশক্তি প্রত্যাগত হয়। পৈত্তিকতিমিরে ঈষৎ নীল কাংস্যাভ বা পীতবর্ণ মণ্ডল দৃষ্ট হয়। শ্লৈষ্মিক লিঙ্গনাশে অতি স্নিগ্ধ এবং শঙ্খ, ইন্দু, কুন্দপুষ্প বা পাণ্ডুবর্ণ মণ্ডল দৃশ্য হয় এবং উহা নৃত্যমাণ নয়নে পদ্মপত্রস্থিত শুক্ল জল বিন্দুর ন্যায় চঞ্চল বোধ হয়। রক্ত জনিত লিঙ্গনাশে প্রবাল অথবা রক্তপদ্মদল সদৃশ লোহিতবর্ণ মণ্ডল দৃষ্ট হয়। ত্রিদোষজ লিঙ্গনাশে উপরোক্ত পীত, নীল, লোহিতাদি বর্ণে বিচিত্র মণ্ডল দৃষ্ট হয় এবং সকল দোষের মিলিত লক্ষণ উৎপন্ন হইয়া থাকে।

ষড়্ লিঙ্গনাশাঃ ষড়িমে চ রোগা দৃষ্ট্যাশ্রয়াঃ ষট্চ ষডেব বাচ্যাঃ। পিত্তেন দুষ্টেন যদা তু দৃষ্টিঃ পীতাভবেদ্যস্য নরস্য কিঞ্চিৎ। পীতানি রূপাণিচ তেন পশ্যেৎ সবৈনরঃ পিত্তবিদগ্ধ দৃষ্টিঃ। প্রাপ্তে তৃতীয়ং পটলন্তু দোষে দিবা ন পশ্যেন্নিশি চেক্ষতে সঃ। রাত্রৌ চ শীতানুগৃহীত দৃষ্টিঃ পিত্তাল্পভাবাদপি তানি পশ্যেৎ। তথা নরঃ শ্লেষ্মবিদগ্ধদৃষ্টি স্তান্যেব শুক্লানি তু মন্যতে সঃ। ত্রিষুস্থিতোঽল্পঃ পটলেষু দোষো নক্তান্ধ্যমাপাদয়তি প্রসহ্য। দিবা সসূর্য্যানুগৃহীত দৃষ্টিঃ পশ্যেত্তু রূপাণি কফাল্প ভাবাৎ।

চতুর্থ পটলগত ষষ্ঠ প্রকার লিঙ্গনাশ কহিয়া অধুনা দৃষ্টি আশ্রিত ষষ্ঠ

প্রকার রোগ উক্ত হইতেছে, যথা, পিত্তবিদগ্ধ দৃষ্টি, শ্লেষ্মবিদগ্ধ দৃষ্টি, ধূমদর্শী, হ্রস্বজাড্য, নকুলান্ধতা এবং গম্ভীরিকা (১)। কুপিত পিত্ত প্রথম এবং দ্বিতীয় পটল অধিরূঢ় হইয়া দৃষ্টিকে পীতবর্ণ করিলে রোগী কথঞ্চিৎ পীতরূপ দর্শন করে, এই রোগকে পিত্তবিদগ্ধ দৃষ্টি কহে। ঐ রূপ পিত্ত, তৃতীয় পটল প্রাপ্ত হইলে রোগী দিবাতে অন্ধ হয় কিন্তু রাত্রিকালে দেখিতে পায়, যে হেতু রাত্রিতে পিত্তের হ্রাস এবং দৃষ্টি শীতানুগৃহীত হইয়া থাকে। শ্লেষ্মা কর্ত্তৃক দৃষ্টি দূষিত হইলে রোগী সমস্ত পদার্থ শুক্লবর্ণ দেখে। এই রোগকে শ্লেষ্মবিদগ্ধ দৃষ্টি কহা যায়। প্রকুপিত শ্লেষ্মা প্রথম দ্বিতীয় ও তৃতীয় পটলে অল্প পরিমাণে অবস্থিতি করিয়া দৃষ্টি দূষিত করিলে নক্তান্ধতা উৎপন্ন হয়, কারণ, দিবাকালে দৃষ্টি সূর্য্যানুগৃহীত এবং কফের লঘুতা হইয়া থাকে সুতরাং দিনে দেখিতে পায়।

শোকজ্বরায়াসশিরোঽভিতাপৈরভ্যাহতা যস্য নরস্য দৃষ্টিঃ। ধূম্রাংস্তথা পশ্যতি সর্ব্বভাবান্ স ধূমদর্শীতি নরঃ প্রদিষ্টঃ। যো হ্রস্বজাড্যো দিবসেষু কৃচ্ছ্রাৎ হ্রস্বানি রূপাণি চ তেন পশ্যেৎ। বিদ্যোততে যস্য নরস্য দৃষ্টির্দোষাভিপন্না নকুলস্য যদ্বৎ। চিত্রাণি রূপাণি দিবা স পশ্যেৎ স বৈ বিকারো নকুলান্ধ্যসংজ্ঞঃ। দৃষ্টির্বিরূপা শ্বসনোপসৃষ্টা সঙ্কুচ্যতেঽভ্যন্তরতশ্চ যাতি। রুজাবগাঢ়া চ তমক্ষিরোগং গম্ভীরিকেতি প্রবদন্তি তজ্জ্ঞাঃ। বাহ্যৌ পুনর্দ্বাবিহ সংপ্রদিষ্টৌ নিমিত্ততশ্চাপ্যনিমিত্ততশ্চ। নিমিত্ততস্তত্র শিরোঽভিতাপাৎ জ্ঞেয়স্ত্বভিষ্যন্দনিদর্শনঃ সঃ। সুরর্ষিগন্ধর্ব্বমহোরগাণাং সংদর্শনেনাপি চ ভাস্বরস্য। হন্যেত দৃষ্টির্মনুজস্য যস্য স লিঙ্গনাশস্ত্বনিমিত্তসংজ্ঞঃ। তত্রাক্ষি বিস্পষ্টমিবাবভাতি বৈদূর্য্যবর্ণা বিমলা চ দৃষ্টিঃ।

শোক জ্বর পরিশ্রম অথবা শিরঃপীড়া হেতু দৃষ্টি আহত হইলে রোগী যাবতীয় পদার্থ ধূমাবৃতের ন্যায় দেখে, এবং তাহাকে ধূমদর্শী, কহা যায়। হ্রস্বজাড্য রোগে দিবসে ক্ষুদ্র পদার্থ অতিশয় কষ্টে দৃশ্য হয়। যাহার

(১) নক্তান্ধতা Night-blindness, হ্রস্বজাড্য Inability to see small objects, নকুলান্ধতা Variagated sight, গম্ভীরিকা Atrophy of eye.

দোষাভিপন্ন দৃষ্টির দীপ্তি, নকুলের চক্ষু সদৃশ হয়, যে মনুষ্য দিবাতে চিত্র বিচিত্ররূপ দর্শন করে, এই রোগকে নকুলান্ধ কহে। সমুদয় দৃষ্টিমণ্ডল বাতোপসৃষ্ট হইলে দৃষ্টি পার্শ্ব বেষ্টনহেতু বিকৃতরূপ প্রাপ্ত ও অবগাঢ় বেদনাযুক্ত হয় এবং উহা সঙ্কোচিত হইয়া অভ্যন্তরে প্রবেশ করে, এই রোগকে গম্ভীরিকা কহে। নিমিত্ত এবং অনিমিত্ত ভেদে আর দুই প্রকার আগন্তুজ লিঙ্গনাশ কথিত আছে, তন্মধ্যে নিমিত্তজ লিঙ্গনাশ মস্তকের বেদনা হইতে উৎপন্ন এবং অভিষ্যন্দ লক্ষণযুক্ত হয়। দেবতা, ঋষি, গন্ধর্ব্ব, মহাসর্প অথবা সূর্য্য সন্দর্শন হেতু দৃষ্টি উপহত হইলে অনিমিত্ত লিঙ্গনাশ কহা যায়, এই রোগে অক্ষিগোলোক পূর্ব্বাপেক্ষা প্রসন্নরূপ দৃষ্ট হয় এবং দৃষ্টি স্বাভাবিক বা ও বিমলা থাকে কেবল দর্শন শক্তি থাকে না।

অথ শুক্রজা নিদানং।

প্রস্তার্য্যর্ম্ম তনু স্তীর্ণং শ্যাবরক্তানিভং সিতে। সশ্বেতং মৃদুশুক্লার্ম্ম শুক্লে তদ্বর্দ্ধতে চিরাৎ। পদ্মাভং মৃদুরক্তার্ম্ম যন্মাংসং চীযতে সিতে। পৃথুমৃদ্বধিমাংসার্ম্ম বহুলঞ্চ যকৃন্নিভং। স্থিরং প্রস্তারিমাংসাঢ্যং শুষ্কং স্নাযুর্ম্ম পঞ্চমং। শ্যাবাঃ স্যুঃ পিশিতনিভাশ্চ বিন্দবো যে শুক্ত্যাভাঃ সিত নিয়তাঃ সশুক্তিসংজ্ঞঃ। একোযঃ শশরুধিরোপমশ্চ বিন্দুঃ শুক্রস্থো ভবতি তমর্জ্জুনং বদন্তি। শ্লেষ্মমারুতো কোপেন শুক্লে পিষ্টং সমুন্নতং পিষ্টবৎ পিষ্টকং বিদ্ধি মলাক্তাদর্শসন্নিভং। জালাভঃ কঠিনশিরো মহান্ সরক্তঃ সন্তানঃ স্মৃত ইহ জালসংজ্ঞিতঃ। শুক্রস্থাঃ শীতপীড়কাঃ সিরাবৃতায়া ভাক্রমাদসিত সমীপজাঃ সিরাজাঃ। কাংস্যাভো মৃদুরথবারিবিন্দুকল্পো বিজ্ঞেয়ো নয়ন সিতে বলাস সংজ্ঞঃ।

অক্ষির শুক্লমণ্ডলে পঞ্চ প্রকার অর্ম্মরোগ উৎপন্ন হইয়া থাকে যথা প্রস্তারি অর্ম্ম, শুক্লার্ম্ম, রক্তার্ম্ম, অধিমাংসার্ম্ম এবং স্নায়ু অর্ম্ম। প্রস্তার্যর্ম্ম রোগে শুক্লমণ্ডলমধ্যে বিস্তীর্ণ অচ্ছ শ্যাব বা রক্তবর্ণ মাংসসঞ্চয় উত্থিত হয়। শুক্লার্ম্মে কিঞ্চিৎ শ্বেতবর্ণ কোমল মাংসচয় দীর্ঘকালে বর্দ্ধিত হয়। রক্তার্ম্মে রক্তবর্ণ মৃদু মাংসোচ্ছ্রয় উপচিত হয়। অধিমাংসার্ম্মে বিস্তীর্ণ স্থূল কোমল

যকৃদাভ মাংস সঞ্চয় হইয়া থাকে। স্নায়ুঅর্ম্ম কঠিন, শুষ্ক এবং বহুমাংস-বিশিষ্ট, প্রস্তারিঅর্ম্ম, শুষ্ক হইলে ইহার উৎপত্তি হয়। শুক্তিকা নামা রোগে শুক্লমণ্ডলে শ্যাব অথবা মাংসসম বর্ণ কিম্বা জলশুক্তি অর্থৎ ঝিনুকের আভা বিশিষ্ট মাংসবিন্দু সমুহ উৎপন্ন হয়। অর্জুনরোগে শুক্লের উপর শশকের রক্ত সদৃশ একটিমাত্র বিন্দু দৃষ্ট হয়। পিষ্টক নামা নেত্ররোগে শুক্লমণ্ডলে, কিঞ্চিৎ মলাক্ত দর্পণের ন্যায় স্বচ্ছ পিষ্টিত তণ্ডুল সমবর্ণ এবং সমুন্নত মাংসোচ্ছ্রয় দৃষ্ট হয়, ইহা বাতশ্লেষ্মজনিত। শিরাজাল রোগে শুক্লেতে জলবিন্দুসদৃশ মাংসচয় উৎপন্ন হয়, ইহা কঠিন বিস্তৃত ঈষৎ রক্তবর্ণ এবং শিরাজালে বেষ্টিত থাকে। শিরাজশুক্র রোগে শুক্লের উপর শ্বেতবর্ণ এবং শিরাসমূহদ্বারা আবৃত পিড়কা দৃষ্ট হয়, ইহা কৃষ্ণের নিকটস্থ শিরা হইতে জন্মে এই জন্য শিরাজনামে খ্যাত। বলাসনামা শুক্র রোগে কাংস্যাভ অর্থাৎ কাঁসার বর্ণ, কঠিন এবং জলবিন্দু সদৃশ উন্নত মাংস সঞ্চয় দৃষ্ট হয় (১)।

অথ সন্ধিজা নিদানং।

পকঃ শোথঃ সন্ধিজো যঃ সতোদঃ স্রবেৎ পূয়ং পূতি পূয়ালসাখ্যঃ। গ্রন্থির্নাল্পো দৃষ্টিসন্ধাবপাকী কণ্ডূপ্রায়ো নীরুজস্তূপনাহঃ। গত্বা সন্ধীনশ্রুমার্গেণ দোষাঃ কুর্য্যুঃ স্রাবান্ লক্ষণৈঃ স্বৈরুপেতান্। তং হি স্রাবং নেত্রনাড়ীতি কেচিত্তস্যা লিঙ্গং কীর্ত্তয়িষ্যে চতুর্দ্ধা। পাকাৎ সন্ধৌ সংস্রবেদ্যস্তু পূয়ং পূয়াস্রাবো নৈকদোষঃ সর্ব্বজস্তু। শ্বেতং সান্দ্রং পিচ্ছিলং যঃ স্রবেত্তু শ্লেষ্মাস্রাবো বিকারো মতস্তু। রক্তস্রাবঃ শোণিতোত্থো বিকারঃ স্রাবং দুষ্টং ভূরিরক্তং প্রভূতং। হরিদ্রাভং পীতমুষ্ণং জলং বা পিত্তস্রাবঃ সংস্রবেত্তু সন্ধিমধ্যাৎ।

এই পরিচ্ছেদে নয় প্রকার রোগ বর্ণিত হইবে, যথা পূয়ালস, উপনাহ চতুর্ব্বিধ নেত্রনাড়ী বা স্রাব, পর্ব্বনিকা, অলজী এবং ক্রিমিগ্রন্থি। পূয়াল-

---

(১) অর্ম্ম Pterygium, শুক্তি, পিষ্টক Fatty tumors &c, শিরাজাল, শিরাজ শুক্র Pustular ophthalmia, বলাস Cyst of conjunctiva.

গাধ্য রোগে কালীনি সন্ধিতে বিঙ্কনবৎ বেদনাযুক্ত পকশোথ হয় এবং উহা হইতে দুর্গন্ধ পূয় নির্গত হয়। কৃষ্ণ ও দৃষ্টিমণ্ডলের সন্ধিস্থানে বৃহদাকার গ্রন্থিরূপ অপাকী বেদনাশূন্য কণ্ডুযুক্ত শোথ হইলে উপনাহ কহা যায়। দোষ সমূহ অশ্রুমার্গের দ্বারা নেত্রান্তর্গত চারি সন্ধিকে প্রাপ্ত হইয়া স্ব স্ব লক্ষণযুক্ত চতুঃপ্রকার স্রাব বা নেত্রনাড়ী উৎপাদন করে। সান্নিপাতিক স্রাবে সন্ধিস্থান পাকিয়া পূয় নির্গত হয় এই জন্য উহাকে পূয়স্রাব কহে। শ্লৈষ্মিকস্রাবে শুক্লবর্ণ, ঘন এবং পিচ্ছিল স্রাব দৃষ্ট হয়। রক্তজ নাড়ীতে প্রভূত উষ্ণ তনু রক্তস্রাব হয়। পিত্তজস্রাবে সন্ধির মধ্য হইতে হরিদ্রা বা পীতবর্ণ উষ্ণ এবং জলবৎ সচ্ছস্রাব নির্গত হয়। এই চতুর্ব্বিধ স্রাব বা নেত্র-নালী অসাধ্য বলিয়া উক্ত আছে।

> তাম্রা তন্বী দাহশূলোপপন্না জ্ঞেয়া বৈদ্যৈঃ পীড়কা পর্ব্বণীকা। জাতা সন্ধৌ কৃষ্ণশুক্লেঽলজীস্যাত্তস্মিন্নেব খ্যাপিতা পূর্ব্বলিঙ্গৈঃ। ক্রিমিগ্রন্থির্বর্ত্মশুক্লঃ পক্ষ্ম কণ্ডূং কুর্য্যুঃ ক্রিময় সন্ধিজাতাঃ। নানারূপা বর্ত্মশুক্লান্তসন্ধৌ চরন্ত্য-ন্তর্লোচনং দূষয়ন্তঃ।

পর্ব্বণীকারোগে কৃষ্ণ এবং শুক্লের সন্ধিতে তাম্রবর্ণ ক্ষুদ্রাকার দাহ এবং শূল বিশিষ্ট পীড়কা উৎপন্ন হয়। উপরোক্ত সন্ধিস্থানে প্রমেহ নিদা-নোক্ত অলজীনামক পীড়কার লক্ষণ বিশিষ্ট পীড়কা হইলে উহাকেও অলজী কহাযায়। ক্রিমিগ্রন্থি রোগে বর্ত্ম ও পক্ষের সন্ধিস্থলে নানা প্রকার ক্রিমি উৎপন্ন হইয়া ঐ স্থানে কণ্ডূ উৎপাদন করে, ক্রমে উহারা বর্ত্ম ও শুক্লের অন্তর্গত সন্ধি মধ্যে প্রবেশ করতঃ লোচনকে দূষিত করিয়া দৃষ্টি নাশ করে (১)।

অথ বর্ত্মজা নিদানং।

> অভ্যন্তরমুখী তাম্রাবাহ্যতোবর্ত্মনশ্চ যা। সোৎসঙ্গোৎসঙ্গ পীড়কা সর্ব্বজা স্থূলকণ্ডুরা। বর্ত্মান্তে পীড়কাধ্মাতাভিদ্যন্তে চ স্রবন্তি চ। কুম্ভীকবীজপ্রতিমাঃ

(১)। পূয়ালস Lachrymal abscess, নেত্রনাড়ী Lachrymal fistula, পর্ব্বনিকা, অলজী Eruptions on margin of cornea, ক্রিমিগ্রন্থি Parasites.

কুম্ভীকাঃ সন্নিপাতজাঃ। স্রাবিণ্যঃ কণ্ডুরা গুর্ব্ব্যো রক্তসর্ষপসন্নিভাঃ। রুজা-বত্যশ্চ পীড়কাঃ পোথক্য ইতি কীর্ত্তিতাঃ। পীড়কা যা খরাঃ স্থূলা সূক্ষ্মাভির ভিসংবৃতাঃ। বর্ত্মস্থা শর্করা নাম স রোগো বর্ত্মদূষকঃ। এর্ব্বারুবীজপ্রতিমাঃ পীড়কা মন্দবেদনাঃ। শ্লক্ষ্ণাঃ খরাশ্চ বর্ত্মস্থা স্তদর্শো বর্ত্ম কীর্ত্ত্যতে। দীর্ঘাঙ্কুরঃ খরঃ স্তব্ধো দারুণোঽভ্যন্তরোদ্ভবঃ। ব্যাধিরেষোঽভিবিখ্যাতঃ শুষ্কার্শো নামনামতঃ। দাহতোদবতী তাম্রা পীড়কা বর্ত্মসম্ভবা। মৃদ্বী মন্দরুজা সূক্ষ্মা জ্ঞেয়া সাঞ্জন নামিকা। বর্ত্মোপচীয়তে যস্য পীড়কাভি সমন্ততঃ। সব-র্ণাভিঃস্থিরাভিশ্চ বিদ্যাদ্বহলবর্ত্ম তৎ। কণ্ডূমতাল্পতোদেন বর্ত্মশোথেন যো নরঃ। ন সমং ছাদয়েদক্ষি ভবেদ্বন্ধ প্রবর্ত্তনঃ।

এক্ষণে একবিংশতি প্রকার বর্ত্মগত রোগ লিখিত হইতেছে। উৎসঙ্গ নামা রোগে বর্ত্ম মধ্যে স্থূল কণ্ডুযুক্ত বাহ্যে তাম্রবর্ণ এবং অভ্যন্তর মুখী পীড়কা উৎপন্ন হয়, ইহা ত্রিদোষোত্থিত। বিদেহ লিখিয়াছেন, এই পীড়কা ভিন্ন হইলে উহা হইতে মুরগীর ডিমের লালার ন্যায় স্রাব নির্গত হয়। কুম্ভিকানামক রোগে বর্ত্মের মধ্যে কুম্ভীক বীজ অর্থাৎ দাড়িম্ব ফলের বীজ সদৃশ পীড়কা সমূহ উৎপন্ন হয়, ইহারা ভিন্ন হইলে স্রাব নির্গত করে এবং পুনরায় ফুলিয়া উঠে। পোথকীনামক বর্ত্মরোগে রক্ত সর্ষপ সদৃশ এবং স্রাব, কণ্ডু, বেদনা ও ভারযুক্ত পীড়কা সমূহ উৎপন্ন হয়। বর্ত্ম-শর্করা রোগে বর্ত্মমধ্যে স্থূলাকার খরস্পর্শ পীড়কা দৃষ্ট হয় এবং ইহা অন্যান্য ক্ষুদ্র ক্ষুদ্র পীড়কা দ্বারা আবৃত থাকে, এই রোগ ত্রিদোষজ এবং বর্ত্মদূষক। বর্ত্মার্শোরোগে কাঁকুড় বীজ সদৃশ কর্কশ খর মন্দবেদনাযুক্ত পীড়কা বর্ত্মমধ্যে প্রকাশ হয়। শুষ্কার্শ রোগে দীর্ঘাঙ্কুর বিশিষ্ট কর্কশ কঠিন শুষ্ক মাংসাঙ্কুর বর্ত্মের অভ্যন্তর হইতে উৎপন্ন হয়। অঞ্জনীনামা রোগে বর্ত্মকে দাহ বিদ্ধনবৎ পীড়া এবং অল্প বেদনান্বিত কোমল সূক্ষ্ম তাম্রবর্ণ পীড়কা উৎপন্ন হয়। বহুলবর্ত্ম রোগে সমুদয় বর্ত্মের উপর কঠিন চর্ম্ম সদৃশবর্ণ স্থির পীড়কা সমূহের উৎপত্তি হয়। বর্ত্মবন্ধরোগে বর্ত্মদ্বয়

শোথ কণ্ডু এবং অল্প বেদনাযুক্ত হয় এবং উহারা অক্ষিগোলককে সম্পূর্ণ রূপে আচ্ছাদন করিতে অসমর্থ হয় (১)

মৃদ্বল্পবেদনং তাম্রং যদ্বর্ত্ম সমমেবচ। অকস্মাচ্চ ভবেদ্রক্তং ক্লিষ্টবর্ত্মেতি তদ্বিদুঃ। ক্লিষ্টং পুনঃ পিত্তযুতং শোণিতং বিদহেদ্যদা। ততঃ ক্লিন্নত্বমাপন্নমুচ্যতে বর্ত্মকর্দ্দমং। যদ্বর্ত্ম বাহ্যতোহন্তশ্চ শ্যাবং শূনং সবেদনং। তদাহুঃ শ্যাববর্ত্মেতি বর্ত্মরোগবিশারদাঃ। অরুজং বাহ্যতঃ শূনং বর্ত্ম যস্য নরস্য হি। প্রক্লিন্নবর্ত্ম তদ্বিদ্যাৎ ক্লিন্নমত্যর্থমন্ততঃ। যস্য ধৌতান্যধৌতানি সম্বধ্যন্তে পুনঃ পুনঃ। বর্ত্মান্যপরিপক্কানি বিদ্যাদক্লিন্নবর্ত্ম তৎ। বিমুক্তঃ সন্ধিনিশ্চেষ্টং বর্ত্ম যস্য ন মীল্যতে। এতদ্বাতহতং বর্ত্ম জানীযাদক্ষিচিন্তকঃ। বর্ত্মান্তরস্থং বিষমং গ্রন্থিভূত মবেদনং। আচক্ষীতার্ব্বুদ মিতি সরক্ত মবলম্বিতং। নিমেষিণীঃ শিরা বায়ু প্রবিষ্ট সন্ধিসংশ্রয়াঃ। চালয়ত্যক্ষিবর্ত্মানি নিমেষ ইতি তদ্বিদুঃ।

ক্লিষ্টবর্ত্ম রোগে বর্ত্মদ্বয় মৃদু তাম্রবর্ণ এবং অল্প বেদনাযুক্ত থাকিয়া সহসা যুগপৎ রক্তবর্ণ হয়। যখন ক্লিষ্টবর্ত্ম রোগ পিত্তানুবন্ধ হইয়া রক্তকে দগ্ধ করে এবং ক্লেদযুক্ত স্রাব ত্যাগ করে, তখন উহাকে বর্ত্মকর্দ্দম কহা যায়। শ্যাববর্ত্ম রোগে বর্ত্মের বাহ্য এবং অন্তরে শ্যাববর্ণ অল্প বেদনাযুক্ত শোথ হয়। প্রক্লিন্ন বর্ত্ম রোগে বর্ত্মের বহির্ভাগে বেদনাশূন্য শোথ দৃশ্য হয় এবং উহার অন্তর হইতে প্রচুর ক্লেদবৎ স্রাব নির্গত হয়। অপরিক্লিন্ন বর্ত্ম রোগে অপরিপক্ক বর্ত্মদ্বয় পরস্পর সংলগ্ন হইয়া থাকে এবং পুনঃ পুনঃ ধৌত হইলে পুনরায় পৃথক হয়। বাতহতবর্ত্ম রোগে বর্ত্ম সন্ধি বিশ্লিষ্ট হইয়া নিশ্চেষ্ট অর্থাৎ নিমেষোন্মেষ রহিত হয় এবং সঙ্কোচনে অশক্ত হওয়াতে চক্ষু মুদিত হয় না। বর্ত্মার্ব্বুদরোগে বর্ত্মের অভ্যন্তরে বিষম-গ্রন্থিরূপ ঈষৎ বেদনাযুক্ত রক্তবর্ণ অর্ব্বুদ দৃষ্ট হয় এবং ইহা সহসা বৃদ্ধি হইয়া থাকে। নিমেষ রোগে বায়ুবর্ত্ম শুক্ল সন্ধিস্থিত মিলন উন্মীলনকারী শিরাসমূহকে প্রাপ্ত হইয়া অক্ষিবর্ত্মদ্বয়কে অত্যন্ত চালনা করে।

---

(১)। উৎসঙ্গ, কুম্ভিকা Cysts, বর্ত্মশর্করা Calcareous concretions, বর্ত্মার্শ Warts, অঞ্জনী Hordeolum.

যঃ স্থিতো বর্ত্মমধ্যে তু লোহিতো মৃদুরঙ্কুরঃ। তদ্রক্তজং শোণিতার্শ ছিন্নং ভিন্নং প্রবর্ত্ততে। অপাকী কঠিনঃ স্থূলো গ্রন্থির্বর্ত্ম ভবোহরুজঃ। নগণো নাম স ব্যাধি র্লিঙ্গত পরীকীর্ত্তিতঃ। ত্রয়োদোষা বহিঃ শোথং কুর্য্যুশ্ছিদ্রাণি বর্ত্মনোঃ। প্রস্রবন্ত্যন্তরুদকং বিষবদ্বিষবর্ত্ম তৎ। বাতাদ্যা বর্ত্মসংকোচং জনয়ন্তি মলা যদা। তদা দ্রষ্টুং ন শক্নোতি কুঞ্চনং নাম তদ্বিদুঃ। প্রচালিতানি বাতেন পক্ষ্মাণ্যক্ষি বিশন্তি হি। ঘৃষ্যন্ত্যক্ষি মুহুস্তানি সংরম্ভং জনয়ন্তি চ। অসিতেসিতভাগে চ মূলকোষাৎ পতন্ত্যপি। পক্ষ্মকোপঃ স বিজ্ঞেয়ো ব্যাধিঃ পরমদারুণঃ। বর্ত্মপক্ষ্মাশয়গতং পিত্তং রোমাণি শাতয়েৎ। কণ্ডূং দাহঞ্চ কুরুতে পক্ষ্মশাতং তমাদিশেৎ।

শোণিতার্শঃ রোগে বর্ত্ম মধ্যে রক্তবর্ণ কোমল মাংসাঙ্কুর উৎপন্ন হয়, ইহা রক্তজ এবং ছিন্ন বা ভিন্ন হইলে পুনঃ পুনঃ উত্থিত হয়। নগণ রোগে বর্ত্মোপরে কঠিন স্থূল বেদনাশূন্য গ্রন্থি উৎপন্ন হয়, ইহা পাকেনা, সুশ্রুতে নগণ গ্রন্থি কোলপরিমাণ কণ্ডুযুক্ত এবং পিচ্ছিল বলিয়া উক্ত আছে। বিষবর্ত্ম রোগে বর্ত্মের বাহিরে ত্রিদোষজনিত শোথ উৎপন্ন হইয়া উহাতে বহুসংখ্যক ছিদ্র হয় এবং উহাদের মধ্যে হইতে বিষবৎ উদক নির্গত হয়। কুঞ্চনরোগে দুষ্টবাতাদি দোষত্রয় বর্ত্মদ্বয়কে এরূপ সঙ্কুচিত করে যে রোগী দেখিতে পায়না। পক্ষ্মকোপ রোগে পক্ষ্ম অর্থাৎ বর্ত্মরোম সকল বায়ুর দ্বারা চালিত হইয়া অন্তরে প্রবেশকরতঃ মুহুর্মুহুঃ অক্ষি ঘর্ষণ এবং কৃষ্ণ ও শুক্ল উভয় মণ্ডলে সংরম্ভ উৎপাদন করে, পরে পক্ষ্ম কোষ হইতে বর্ত্ম রোম সকল পতিত হয়। এই ব্যাধি অতি কঠিন এবং ত্রিদোষজনিত। পক্ষ্মশাত রোগে, পিত্ত পক্ষ্মকোষকে প্রাপ্ত হইয়া রোম সমূহকে উৎপাটন করে এবং কণ্ডূ ও দাহ জন্মায়।

অথ শিরোরোগ নিদানং।

শিরোরোগাস্তু জায়ন্তে বাতপিত্তকফৈস্ত্রিভিঃ। সন্নিপাতেন রক্তেন ক্ষয়েণ ক্রিমিভি স্তথা। সূর্য্যাবর্ত্তানন্তবাতার্দ্ধাবভেদক শঙ্খকৈঃ। যস্যা নিখিলং শিরোলো

---

(১) ক্লিষ্টবর্ত্ম Erysipelas of lids, বাতহতবর্ত্ম Paralysis of sixth nerve, নিমেষ Blepharospermus, পক্ষ্মকোপ Inversion of eyelashes, পক্ষ্মশাত Ophthalmia Tarsi.

রুজাশ্চ ভবন্তী তীব্রা নিশি চাতিমাত্রং। বন্ধোপতাপৈশ্চ ভবেদ্বিশেষঃ শিরোঽভিতাপঃ স সমীরণেন। যস্যোষ্ণমঙ্গারচিতং যথৈবঃ ভবেচ্ছিরো-ধূমবতীব নাসা। শীতেন রাত্রৌ চ ভবেদ্বিশেষঃ শিরোঽভিতাপঃ সতু পিত্ত-কোপাৎ। শিরো ভবেদ্‌যস্য কফোপদিগ্ধং গুরুপ্রতিষ্টব্ধ মতো হিমঞ্চ। শূনাক্ষি কুটং বদনঞ্চ যস্য শিরোভিতাপঃ স কফ প্রকোপাৎ। শিরোঽ-ভিতাপে ত্রিতয় প্রবৃত্তে সর্ব্বাণি লিঙ্গানি সমুদ্ভবন্তি। রক্তাত্মকঃ পিত্তসমান লিঙ্গঃ স্পর্শা সহত্বং শিরসো ভবেচ্চ।

শিরোরোগ একাদশ প্রকার যথা বাতিক, পৈত্তিক, কফজ, সান্নিপাতিক রক্তজ, ক্ষয়জ, অর্থাৎ রসরক্তাদি ধাতুক্ষয় জনিত ক্রিমিজ, সূর্য্যাবর্ত্ত, অনন্তবাত, অর্দ্ধাবভেদক এবং শঙ্খক (১)। বাতিক শিরোরোগে মস্তকের বেদনা অকারণে উদ্ভব হয়, রাত্রিকালে অতিশয় বৃদ্ধি পায় এবং বস্ত্রাদির দ্বারা শিরোবন্ধন অথবা উহাতে স্নেহ স্বেদাদি প্রয়োগ দ্বারা বেদনার উপশম হয়। পৈত্তিক শিরোরোগে মস্তক জ্বলন্ত অঙ্গারের দ্বারা আবৃতের ন্যায় বোধ এবং নাসা ও অক্ষি হইতে ধূম নির্গমনের ন্যায় অনুভব হয়, ইহা শীত ক্রিয়া দ্বারা এবং রাত্রিতে উপশমিত হয়। শ্লৈষ্মিক শিরোরোগে মস্তক শ্লেষ্মাবৃত, গুরু, শীতল ও স্তব্ধের ন্যায় বোধ এবং বদন ও অক্ষিকুটে শোথ হয়। সান্নিপাতিক শিরঃপীড়াতে উপরোক্ত বাতাদি ত্রিদোষের সমস্ত লক্ষণ দৃষ্ট হয়। রক্তজ শিরোভিতাপে পৈত্তিকের সমুদয় লিঙ্গ দৃষ্ট হয় এবং মস্তক স্পর্শাসহিষ্ণু হইয়া থাকে।

অসৃগ্বসাশ্লেষ্ম সমীরণেন শিরোগতেনৈব হি সংক্ষয়েণ। ক্ষয়প্রবৃত্তঃ শিরসোঽভিতাপঃ কষ্টো ভবেদুগ্রুরুজাতিমাত্রং। সংস্বেদন চ্ছর্দ্দনধূম-নস্যৈ রসৃগ্বিমোক্ষৈশ্চ বিবৃদ্ধি মেতি। নিস্তুদ্যতে যস্য শিরোঽতিমাত্রং সংভক্ষ্যমাণংস্ফুরতীব চান্তঃ। ঘ্রাণাচ্চ গচ্ছেদ্রুধিরং সপূয়ং শিরোভি-তাপ ক্রিমিভিঃ সঘোরঃ। সূর্য্যোদয়ে বা প্রতিমন্দমন্দ মক্ষিভ্রুবং রুক্‌সমুপৈতি গাঢ়া। বিবর্দ্ধতে চাংশুমতা সহৈব সূর্য্যাপবৃত্তৌ বিনিবর্ত্ততে চ। সর্ব্বাত্মকং কষ্টতমং বিকারং সূর্য্যাপবৃত্তং তমুদাহরন্তি।

---

(১) শিরোরোগকে ইংরাজিতে হেডেক্ (Headache) কহে।

মস্তকগত বসা, রক্ত, অনিল অথবা শ্লেষ্মার ক্ষয় হেতু ক্ষয়জ শিরোরোগ উৎপন্ন হয়, এই রোগ অত্যুগ্র বেদনাযুক্ত ও কষ্ট সাধ্য। উষ্ণপ্রলেপাদি প্রয়োগ, বমন কার্য্য, নস্য গ্রহণ, ধূমপান, অথবা রক্ত মোক্ষণ করিলে ইহা বৃদ্ধি প্রাপ্ত হয়। ক্রিমিজনিত শিরঃপীড়াতে মস্তকে অত্যন্ত কামড়ানি ও বিদ্ধনবৎ বেদনা হয়, মস্তকের অভ্যন্তরে কীটের সঞ্চরণ বোধ এবং নাসিকা হইতে রক্ত মিশ্রিত পূয় নির্গত হয় এবং উহার সঙ্গে কখন কখন ক্রিমি ও বহির্গত হইয়া থাকে। সূর্য্যাবর্ত্ত রোগে প্রাতঃকালাবধি অক্ষি এবং ভ্রূদ্বয়ে অল্প অল্প বেদনা আরম্ভ হয়, ক্রমে সূর্য্যোত্তাপ বৃদ্ধি সহকারে বেদনাও বৃদ্ধি হইতে থাকে এবং দিবাবসান হইলে বেদনা নিবৃত্তি পায়, এই রোগ ত্রিদোষজ এবং অতিশয় কষ্টসাধ্য।

দোষাস্তু দুষ্টাস্ত্রয় এব মন্যাং সংপীড্য ঘাটাসু রুজাং সুতীব্রাং। কুর্ব্বন্তি সাক্ষি ভ্রূশঙ্খদেশে স্থিতিং করোত্যাশু বিশেষতস্তু। গণ্ডস্য পার্শ্বে তু করোতি কম্পং হনুগ্রহং লোচনজাংশ্চ রোগান্। অনন্তবাতং তমুদাহরন্তি দোষত্রয়োত্থং শিরসোবিকারং। রুক্ষাশনাধ্যশন প্রাগ্বাতাবশ্যায় মৈথুনৈঃ। বেগসন্ধারণায়াস ব্যায়ামৈঃ কুপিতোঽনিলঃ। কেবলঃ সকফোবার্দ্ধং গৃহীত্বা শিরসো বলী। মন্যাভ্রূশঙ্খকর্ণাক্ষিললাটার্দ্ধেঽতিবেদনাং। শস্ত্রারণিনিভাং কুর্য্যাৎ তীব্রাং সোঽর্দ্ধাবভেদকঃ। নয়নং বাথবা শ্রোত্রমতিবৃদ্ধো বিনাশয়েৎ। রক্তপিত্তানিলা দুষ্টাঃ শঙ্খদেশে বিমূর্চ্ছিতাঃ। তীব্ররুগ্দাহরাগং হি শোথং কুর্ব্বন্তি দারুণং। স শিরো বিষবদ্বেগী নিরুধ্যাশু গলন্তথা। ত্রিরাত্রাজ্জীবিতং হন্তি শঙ্খকোনামতঃপরং। ত্র্যহাজ্জীবতি ভৈষজ্যং প্রত্যা-
* খ্যায় সমাচরেৎ।

অনন্তবাত রোগে কুপিত দোষত্রয় মন্যাদ্বয় পীড়ন করতঃ ঘাড়ে অতি তীব্র বেদনা উৎপন্ন করে, ঐ বেদনা অক্ষি ভ্রু ও শঙ্খ দেশে ক্রমে অবস্থিতি করে এবং গণ্ড পার্শ্বের প্রকম্পন হনুগ্রহ ও নানা প্রকার চক্ষু রোগ উৎপাদন করে, এই রোগ ত্রিদোষজ। রুক্ষাহার, আহার অজীর্ণে ভোজন, পূর্ব্ববাত অথবা হিম সেবন, অতিশয় মৈথুন, পরিশ্রম বা ব্যায়াম কার্য্য অথবা মল মূত্রাদির বেগসন্ধারণ দ্বারা প্রকোপ প্রাপ্ত বলবান বায়ু স্বয়ং অথবা শ্লেষ্মার সহিত অনুবদ্ধ হইয়া এবং মস্তকার্দ্ধকে প্রাপ্ত হইয়া এক পার্শ্বের মন্যা, শঙ্খ,

কর্ণ, অক্ষি ও ললাটে তীব্র বেদনা উৎপন্ন করে, এই রোগকে অর্দ্ধাবভেদক (১) কহে, ইহার বেদনা শস্ত্র দ্বারা ছেদন অথবা অগ্নিদ্বারা দাহনবৎ বোধ হয়। এই রোগ অতি বৃদ্ধি হইলে কর্ণ অথবা চক্ষু ইন্দ্রিয়ের নাশ করে। কুপিত রক্ত, পিত্ত ও বায়ু শঙ্খদেশে একীভূত হইয়া রক্তবর্ণ তীব্রবেদনা ও দাহযুক্ত দারুণশোথ উৎপন্ন করে, ঐ শোথ বিষের ন্যায় বেগান্বিত হইয়া শীঘ্র মস্তক ও গলাকে রুদ্ধ করে, এই ভয়ানক ব্যাধিকে শঙ্খক কহা যায়, ইহা ত্রিরাত্রের মধ্যেই প্রাণনাশ করে, যদ্যপি রোগী তিন দিবস জীবিত থাকে তবে চিকিৎসা করিবে।

অথ স্ত্রীরোগ নিদানং।

অথ প্রদর নিদানং।

বিরুদ্ধমদ্যাধ্যশনাদজীর্ণাদ্গর্ভপ্রপাতাদতিমৈথুনাচ্চ। যানাধ্বশোকাদতিকর্ষণাচ্চ ভারাভিঘাতাচ্ছয়নাদ্দিবা চ। অসৃগ্দরং ভবেৎ সর্ব্বং সাঙ্গমর্দ্দং সবেদনং। তস্যাতিবৃদ্ধৌ দৌর্ব্বল্যং ভ্রমোমূর্চ্ছা মদস্তৃষা। দাহঃ প্রলাপঃ পাণ্ডুত্বং তন্দ্রারোগাশ্চ বাতজাঃ। তং শ্লেষ্মপিত্তানিলসন্নিপাতৈশ্চতুঃপ্রকারং প্রদরং বদন্তি।

স্ত্রী পুরুষ উভয়ের সাধারণ রোগ কহিয়া এক্ষণে স্ত্রীদিগের বিশেষ বিশেষ রোগ উক্ত হইতেছে। বেদনার সহিত অতিরিক্ত আর্ত্তব নিঃসৃত হইলে অসৃগ্দর বা প্রদর রোগ কহা যায়। (২) বিরুদ্ধ আহার, অধ্যশন, অজীর্ণ, মদ্যপান, গর্ভপাত, অতি মৈথুন, পদব্রজে অথবা অশ্বদোলাদিতে অতি ভ্রমণ, শোক, অভিঘাত কিম্বা ভারাদিবহন, উপবাসাদি জনিত ধাতুক্ষয় এবং দিবানিদ্রাদি-কারণ হইতে এই রোগ উপন্ন হয়। বাত পিত্ত কফ এবং সন্নিপাতজ ভেদে

---

(১) অর্দ্ধাবভেদককে ইংরাজিতে হেমিক্রেনিয়া (Hemicrania) কহে।

(২) প্রদর বা অসৃগ্দর রোগের লক্ষণ ইংরাজী (Dismenorrhœa and Menorrhagia) ডিসমেনরিয়া ও মেনরহেজিয়ার লক্ষণের সহিত ঐক্য হয়।

চারি প্রকার প্রদর কথিত আছে, সর্ব্বপ্রকার প্রদরেই বেদনা এবং অঙ্গমর্দ্দের সহিত অতিশয় রক্ত নিঃসরণ হইয়া থাকে। এই রোগ অতি বৃদ্ধ হইলে দুর্ব্বলতা, ভ্রম, মূর্চ্ছা, মোহ, তন্দ্রা, প্রলাপ, বাত জনিত আক্ষেপকাদি তৃষ্ণা, দাহ এবং শরীর পাণ্ডুবর্ণ হয়।

আমং সপিচ্ছাপ্রতিমাংস পাণ্ডু পুলাকতোয় প্রতিমং কফাত্তু। সপীত-নীলাসিতরক্তমুষ্ণং পিত্তার্ত্তিযুক্তং ভৃশবেগি পিত্তাৎ। রুক্ষারুণং ফেনিল মল্পমল্পং বাতার্ত্তি বাতাৎ পিশিতোদকাভং। সক্ষৌদ্রসর্পি র্হরিতালবর্ণং মজ্জপ্রকাশং কুণপং ত্রিদোষাৎ। তঞ্চাপ্যসাধ্যং প্রবদন্তি তজ্‌জ্ঞা ন তত্র কুর্ব্বীত ভিষক্‌ চিকিৎসাং।

শ্লৈষ্মিক প্রদরে পিচ্ছিল, আমগন্ধি, পাণ্ডুবর্ণ অথবা মাংসধৌত জল সদৃশ স্রাব নিঃসৃত হয়। পৈত্তিক অসৃগ্দরে পীত, নীল অথবা কৃষ্ণবর্ণ উষ্ণ রক্ত, চিমি চিমি বেদনার সহিত অতিশয় বেগে নির্গত হয়। বাত সম্ভব প্রদরে অরুণবর্ণ ফেণাযুক্ত রুক্ষ মাংসধৌতজলবৎ অল্প অল্প রুধির কিংশুকবৎ বেদনার সহিত নিঃসৃত হয়। সান্নিপাতিক প্রদরে মধু এবং ঘৃত মিশ্রিতবৎ অথবা মজ্জাসদৃশ হরিতালবর্ণ শবগন্ধা রক্তত্যাগ হয়, এই রোগ অসাধ্য এবং চিকিৎসার অযোগ্য।

শশ্বৎ স্রবন্তী মাস্রবং তৃষ্ণাদাহজ্বরান্বিতাং। ক্ষীণরক্তাং দুর্ব্বলাঞ্চ তা-মসাধ্যাং বিনির্দ্দিশেৎ। মাসান্নিষ্পিচ্ছদাহার্ত্তি পঞ্চরাত্রানুবন্ধি চ। নৈবাতি বহুলাত্যল্প মার্ত্তবং শুদ্ধমাদিশেৎ। শশাসৃক্‌ প্রতিমং যচ্চ যদ্বালাক্ষা রসো-পমং। তদার্ত্তবং প্রশংসন্তি যচ্চাপ্সু চ বিরজ্যতে।

যে রোগিণীর নিরন্তর রক্তস্রাব হয়, তৃষ্ণা, দাহ, জ্বর, দুর্ব্বলতা এবং রক্তাল্পতা হয়, তাহার রোগ অসাধ্য। যে স্ত্রিলোকের ঋতু মাসান্তর হইয়া পঞ্চরাত্র অবস্থিতি করে দাহ ও বেদনাশূন্য হয় এবং অধিক বা অল্প ও পিচ্ছিল না হয় তাহাকে শুদ্ধার্ত্তবা কহা যায়। যে আর্ত্তব শশক রক্ত বা লাক্ষারস সদৃশবর্ণ হয় এবং যাহার দ্বারা রঞ্জিতবস্ত্র ধৌত হইলে অনায়াসে পরিষ্কার অর্থাৎ দাগ রহিত হয়, সেই রজঃ প্রশংসনীয়।

অথ যোনিব্যাপন্নিদানং।

বিংশতি র্ব্যাপদো যোনৌ নির্দ্দিষ্টারোগসংগ্রহে। মিথ্যাচারেণ তাঃ স্ত্রীণাং প্রদুষ্টেনার্ত্তবেনচ। জায়ন্তে বীজদোষাচ্চ দৈবাচ্চ শৃণুতাঃ পৃথক্। সা ফেনিল মুদাবর্ত্তা রজঃ কৃচ্ছ্রেণ মুঞ্চতি। বন্ধ্যাং নষ্টার্ত্তবাং বিদ্যাদ্বিপ্লুতাং নিত্য বেদনাং। পরিপ্লুতায়াং ভবতি গ্রাম্যধর্ম্মেণ রুগ্‌ভৃশং। বাতলাকর্কশা স্তব্ধা শূলনিস্তোদ পীড়িতা। চতসৃষ্বপি চাদ্যাসু ভবন্ত্য নিলবেদনাঃ।

বিংশতি প্রকার যোনিরোগ নির্দ্দিষ্ট আছে। মিথ্যাহার ব্যবহার প্রদুষ্টার্ত্তব, পিতামাতার বীজদোষ, অথবা দৈবঘটিত কারণ হইতে ইহারা উৎপন্ন হয়। উদাবর্ত্তনামা যোনিরোগে ফেণাযুক্ত আর্ত্তব কষ্টের সহিত নির্গত হয়। বন্ধ্যারোগে আর্ত্তব নষ্ট হয় অর্থাৎ আর্ত্তব নাশহেতু গর্ভ হইবার সম্ভাবনা থাকে না। বিপ্লুত রোগে যোনিতে সর্ব্বদা বেদনা থাকে। পরিপ্লুত রোগে মৈথুনকালে অত্যন্ত বেদনা হয়। বাতলারোগে যোনি কর্কশ এবং কঠিন ও উহাতে শূল এবং সূচীবিদ্ধনবৎ বেদনা হয়। উপরোক্ত পঞ্চ প্রকার যোনিগত রোগ বাতজনিত এবং বাতবেদনাবিশিষ্ট হইয়া থাকে। তন্মধ্যে বাতলা রোগে বাতবেদনার বিশেষ প্রাদুর্ভাব জানিবে।

সদাহং ক্ষীয়তে রক্তং যস্যাং সা লোহিতক্ষয়া। সবাত মুদ্গিরেদ্বীজং বামিনীরজসাযুতং। প্রস্রংসিনী স্রংসতে চ ক্ষোভিতা দুষ্প্রজায়িনী। স্থিতং স্থিতং হন্তিগর্ভং পুত্রঘ্নীরক্তসংক্ষয়াৎ। অত্যর্থং পিত্তলা যোনির্দাহ-পাকজ্বরান্বিতা। চতসৃষ্বপি চাদ্যাসু পিত্তলিঙ্গোচ্ছ্রয়ো ভবেৎ। অত্যানন্দা ন সন্তোষং গ্রাম্যধর্ম্মেণ গচ্ছতি। কর্ণিন্যাং কর্ণিকা যোনৌ শ্লেষ্মাসৃগ্‌ভ্যাঞ্চ জায়তে। মৈথুনেঽচরণাপূর্ব্বং পুরুষাদতিরিচ্যতে। বহুশশ্চাতিচরণা তয়ো বীজং ন বিন্দতি। শ্লেষ্মলা পিচ্ছিলা যোনিঃ কণ্ডুগ্রস্তাতিশীতলা। চতসৃষ্বপিচাদ্যাসু শ্লেষ্মলিঙ্গোচ্ছ্রয়ো ভবেৎ। অনার্ত্তবাস্তনী ষণ্ডী খরস্পর্শা চ মৈথুনে। অতিকায় গৃহীতায়া স্তরুণ্যাস্ত্বণ্ডী ভবেৎ। বিবৃতা চ মহা যোনিঃ সূচীবক্ত্রাতিসংবৃতা। সর্ব্বলিঙ্গসমুত্থানা সর্ব্বদোষ প্রকোপজা। চসৃষ্বপি চাদ্যাসু সর্ব্বলিঙ্গোচ্ছ্রয়ো ভবেৎ। পঞ্চাসাদ্যাস্তরন্তীহ যোনয়ঃ সর্ব্বদোষজাঃ।

লোহিতক্ষরনামা যোনিরোগে দাহের সহিত রক্তক্ষয় হয়। বামিনী রোগে যোনি হইতে বায়ুর সহিত রক্তমিশ্রিত শুক্র ত্যাগ হয়। প্রস্রংশিনী রোগে যোনি স্বস্থান হইতে অধঃপতিত ও ক্ষোভিত হয় এবং অতি কষ্টে সন্তান প্রসব করে। পুত্রঘ্নী রোগে রক্তক্ষয় হেতু মধ্যে মধ্যে গর্ভ সঞ্চার হইয়া নষ্ট হয় (১)। পিত্তলাযোনি অত্যন্ত দাহ ও পাকযুক্ত হইয়া থাকে এবং ইহাতে রোগিনীর প্রবল জ্বর হয়। উপরোক্ত রক্তক্ষয়, বামিনী, প্রস্রংশিনী, পিত্তলা এবং পুত্রঘ্নী পঞ্চ প্রকার যোনি রোগ পিত্তজনিত এবং পিত্ত লিঙ্গ বিশিষ্ট জানিবে। অত্যানন্দাযোনি গ্রাম্যধর্ম্মে সন্তোষ হয় না। কর্ণিনীরোগে শ্লেষ্মা এবং রক্ত কর্ত্তৃক যোনিতে মাংসকন্দাকার গ্রন্থি উৎপন্ন হয়। অচরণাযোনি মৈথুনকালে পুরুষের পূর্ব্বে রজঃ ত্যাগ করে অতএব বীজ গ্রহণে অসমর্থ হয়। অতিচরণা যোনি শ্লেষ্ম জনিত কণ্ডু প্রযুক্ত বহুল মৈথুনাচরণা হয়, অতএব ইহাও বীজ গ্রহণে অশক্তা। শ্লেষ্মলা যোনি পিচ্ছিল কণ্ডু গ্রস্ত এবং অতি শীতল হয়। অত্যানন্দা হইতে শ্লেষ্মলা পর্য্যন্ত পঞ্চধা যোনিরোগ শ্লেষ্মজ ও শ্লেষ্ম লিঙ্গবিশিষ্ট। ষণ্ডীরোগগ্রস্ত স্ত্রী দিগের ঋতু হয় না, স্তন উঠে না এবং মৈথুনে যোনি খরস্পর্শা বোধ হয়। অল্প বয়স্কা নারী স্থূলকায় শিশু গ্রহণ করিলে অণ্ডনী রোগ উৎপন্ন হয়। সুশ্রুত গ্রন্থে ইহা ফলিনী নামে উক্ত আছে। যে যোনি অতি বিবৃতা তাহাকে মহাযোনি কহে, এবং যে যোনি অতি সম্বৃতা তাহাকে সূচীবক্ত্রা কহা যায়। সর্ব্বজাযোনি ত্রিদোষোত্থিত এবং সর্ব্বলিঙ্গ যুক্ত। ষণ্ডী হইতে সূচীবক্ত্রা পর্য্যন্ত রোগচতুষ্টয় ত্রিদোষজনিত, এই সান্নিপাতিক পঞ্চযোনি রোগ অসাধ্য।

---

(১) বন্ধ্যা Sterility, পুত্রঘ্নী Habitual abortion.

অথ কন্দ নিদানং।

দিবাস্বপ্নাদতিক্রোধাদ্ব্যায়ামাদতিমৈথুনাৎ। ক্ষতাচ্চ নখদন্তাদ্যৈ র্বাতাদ্যাঃ কুপিতা যদা। পূয়শোণিতসঙ্কাশং নিকুচাকৃতিসন্নিভং। উৎপদ্যতে যদা যোনৌ নাম্না কন্দস্তু যোনিজঃ। রূক্ষং বিবর্ণং স্ফুটিতং বাতিকং তৎ বিনির্দ্দিশেৎ। দাহরাগজ্বরযুতং বিদ্যাৎ পিত্তাত্মকন্তু তং। নীলপুষ্প প্রতিকাশং কণ্ডূমন্তং কফাত্মকং। সর্ব্বলিঙ্গ সমাযুক্তং সন্নিপাতাত্মকং বিদুঃ।

দিবানিদ্রা অতিশয় ক্রোধ, ব্যায়াম অথবা মৈথুন হেতু এবং যোনিদেশ নখ দন্তাদিদ্বারা ক্ষত হইলে বাতাদিদোষ কুপিত হইয়া যোনিতে পূয়রক্ত সঙ্কাশ এবং নিকুচ অর্থাৎ মাদারফলাকৃতি উৎসেধ উৎপন্ন করে, ইহাকে কন্দ কহে, কন্দ নারীদিগের জঠর হইতে যোনিতে পতিত হয় (১)। বাতযুক্ত কন্দ রুক্ষ বিবর্ণ এবং ফটা পৈত্তিক কন্দদাহ, রাগ ও জ্বরযুক্ত এবং শ্লৈষ্মিক কন্দ অতসী অর্থাৎ মসিনা ফুলের সদৃশ এবং কণ্ডূযুক্ত হয়, সান্নিপাতিক কন্দ সর্ব্বলিঙ্গ বিশিষ্ট।

অথ মূঢ়গর্ভ নিদানং।

ভয়াভিঘাতাত্তীক্ষ্ণোষ্ণ পানাশন নিষেবণাৎ। গর্ভে পতন্তি রক্তস্য সশূলং দর্শনং ভবেৎ। আচতুর্থাত্ততো মাসাৎ প্রস্রবেদ্গর্ভবিস্রবঃ। ততঃ স্থিরশরীরস্য পাতঃ পঞ্চম ষষ্ঠয়োঃ।

ভয় অভিঘাত ও তীক্ষ্ণ বা উষ্ণ দ্রব্যের পান অশন বা নিষেবণদ্বারা গর্ভপাত বা গর্ভস্রাব হইয়া থাকে, ইহার প্রথমাবস্থায় বেদনা এবং রক্ত স্রাব হয়। চতুর্থমাস পর্য্যন্ত গর্ভ দ্রবরূপ থাকে, অতএব ঐ কালমধ্যে গর্ভ নষ্ট হইলে তাহাকে গর্ভস্রাব কহে। তদনন্তর পঞ্চম এবং ষষ্ঠমাস মধ্যে

---

(১) কন্দরোগকে ইংরাজিতে Prolapsus uterii প্রোলাপসস্ ইউটিরাই কহে।

ভ্রূণবিনষ্ট হইলে উহাকে গর্ভপাত কহে, সপ্তম মাসে ভ্রূণ জীবন প্রাপ্ত হয় এবং এই কালের পর গর্ভপাত হইলে উহাকে বিগুণজনন অর্থাৎ অকাল প্রসব কহে (১)।

গর্ভোঽভিঘাতবিষমাশন পীড়িতাদ্যৈঃ পক্বং দ্রুমাদিব ফলং পতিত ক্ষণেন। মূঢ়ঃ করোতি পবনঃ খলুমূঢ়গর্ভং শূলঞ্চ যোনিজঠরাদিষুমূত্রসঙ্গং। ভুগ্নোঽনিলেন বিগুণেন ততঃ সগর্ভঃ সংখ্যা মতীত্যবহুধা সমুপৈতি যোনিং। দ্বারং নিরুদ্ধশিরসা জঠরেণ কশ্চিৎ কশ্চিচ্ছরীর পরিবর্তিত কুব্জ দেহঃ। একেন কশ্চিদপরস্তু ভুজদ্বয়েন তির্যাগ্‌গতো ভবতি কশ্চিদবাঙ্মুখোঽন্যঃ। পার্শ্বাপবৃত্ত গতিরেতি তথৈব কশ্চিদিত্যষ্টধা গতিরিয়ংহ্যপরা চতুর্দ্ধা। সংকীলকঃ প্রতিখুরঃ পরিঘোঽথ বীজ স্তেষূর্দ্ধবাহু চরণৈঃ শিরসা চ যোনিং। সঙ্গীচযো ভবতি কীলকবৎ সকীলো দৃশ্যৈঃ খুরৈঃ প্রতিখুরং স হি কায়সঙ্গী। গচ্ছেদ্ভুজদ্বয়শিরাঃস চ বীজকাখ্যো যোনৌ স্থিতঃ স সপরিঘঃ পরিঘেন তুল্যঃ।

যে রূপ বৃক্ষ হইতে অভিঘাতাদি দ্বারা পক্কফলের পতন হয়, সেই রূপ বিষমাহার বা অভিঘাতাদিদ্বারা নারীদিগের গর্ভ অকাল প্রসব অর্থাৎ অকালে পতিত হইয়া থাকে। উচিত প্রসবকালে রীতিমত প্রসব না হইলে মূঢ়গর্ভ কহা যায়। বায়ু, ব্যাসক্তগতি অর্থাৎ বিরুদ্ধগতি হইয়া যোনি জঠরাদিতে শূল, মূত্রবদ্ধতা এবং মূঢ়গর্ভ উৎপাদন করে। বিগুণী-কৃত বায়ু কর্তৃক গর্ভ কুটিলগতি হইয়া নানা প্রকারে যোনিকে প্রাপ্ত হয় অর্থাৎ গর্ভস্থ সন্তান বিবিধরূপে যোনিদ্বার প্রবেশ করে, তন্মধ্যে অষ্ট প্রকার কুটিলগতি প্রথমতঃ কথিত হইতেছে যথা, কখন বিপুল ভ্রূণমস্তক, যোনি-দ্বারকে আচ্ছাদন করিয়া উহাতে লগ্ন হইয়া থাকে অর্থাৎ অগ্রসর হইতে পারে না। কখন মস্তকের পরিবর্ত্তে জঠর দ্বারা যোনিদ্বারে রুদ্ধ হয়। কখন শিশুর শরীর পরিবর্ত্তিত হইয়া পৃষ্ঠদ্বারা যোনি প্রবেশ করে। কখন বা তীর্য্যগগতি হইয়া রুদ্ধ হয়। কখন শিশুর একটি অথবা উভয় হস্ত প্রথমে অগ্রসর হইয়া উহাকে বিপদগ্রস্ত করে। কোন শিশু অবাঙমুখ হইয়া

(১) গর্ভস্রাবকে ইংরাজিতে এ্যাবর্শন Abortion, বিগুণজননকে, প্রিমেচি-উর ডিলিভারি Premature delivery, এবং মূঢ়গর্ভকে আনন্যাচরেল লেবর Unnatural labour কহে।

অর্থাৎ মস্তকের পরিবর্ত্তে মুখমণ্ডলদ্বারা অগ্রসর হয়। এবং কখন পার্শ্ব ভঙ্গহেতু দেহপার্শ্বে নত হইয়া রুদ্ধগতি হয়। উপরোক্ত অষ্ট প্রকার গতি ব্যতীত অন্য চারি প্রকার গতি বর্ণিত আছে, যথা সংকীলক, প্রতিখুর পরিঘ এবং বীজগতি। সংকীলক মূঢ়গর্ভে ভ্রূণের মস্তকের সহিত হস্ত এবং পদদ্বয় যোনিতে প্রবেশ করিয়া কীলের ন্যায় রুদ্ধ হইয়া থাকে। প্রতিখুরগতিতে প্রথমতঃ শিশুর পদদ্বয় যোনিতে প্রবেশ করে। বীজক গতিতে মস্তকের সহিত ভুজদ্বয় যোনি প্রবেশ করে। পরিঘগতিতে সন্তান যোনি-মধ্যে, দ্বারের অর্গলের ন্যায় অনুপ্রস্থ অর্থাৎ আড়ভাবে অবস্থিতি করে।

অপবিদ্ধশিরা যা তু শীতাঙ্গীনিরপত্রপা। নীলোদ্ধত শিরা হন্তি সা গর্ভং স চ তাং তথা। গর্ভা স্পন্দনমাবীনাং প্রণাশঃ শ্যাবপাণ্ডুতা। ভবেদুচ্ছ্বাস পূতিত্বং শূনতান্তর্মৃতে শিশৌ। মানসাগন্তুভি র্মাতু রুপতাপৈঃপ্রপীড়িতঃ। গর্ভোব্যাপদ্যতে কুক্ষৌ ব্যাধিভিশ্চ নিপীড়িতঃ। যোনিসংবরণং সঙ্গঃ কুক্ষৌমক্কল্ল এব চ। হন্যুঃ স্ত্রিয়ং মূঢ়গর্ভাং যথোক্তা শ্চাপ্যুপদ্রবাঃ।

যে গর্ভিনী শীতাঙ্গী এবং লজ্জাশূন্যা হয়, যাহার নাড়ী ক্ষীণ অথবা শিরা সমস্ত কুক্ষির উপর নীলবর্ণ হইয়া উদ্গত হয়, তাহার প্রাণ এবং গর্ভ উভয় নষ্ট হয়। জঠরমধ্যে সন্তানের মৃত্যু হইলে গর্ভ স্পন্দন রহিত হয় প্রসব বেদনা হয় না এবং গর্ভিনীর দুর্গন্ধ নিঃশ্বাস, শোথ এবং শরীর শ্যাব অথবা পাণ্ডুবর্ণ হয়। মাতার মানসিক বা আগন্তুক ক্লেশদ্বারা অথবা নানা প্রকার ব্যাধি দ্বারা গর্ভস্থ সন্তান বিনষ্ট হয়। যে গর্ভিনীর যোনি সম্বরণ নামা

---

(১) তন্ত্রান্তরে যোনিসম্বরণ নামারোগের লক্ষণ নিম্নপ্রকার কথিত আছে। বায়ু বৃদ্ধিকর অন্নপানাদি সেবন বা অতিশয় জাগরণ কিম্বা মৈথুনদ্বারা গর্ভিনী-দিগের যোনিমার্গস্থিতবায়ু কুপিত হইয়া যোনিদ্বারকে সংবৃত করে যোনিমার্গ রুদ্ধ হইলে বায়ু পুনরন্তঃ প্রবেশ করিয়া গর্ভাশয়ের দ্বার রুদ্ধ করতঃ গর্ভকে প্রপীড়ন করে ইহাতে গর্ভিনীর কৃচ্ছ্রশ্বাস এবং হৃদয়াবরোধ হইয়া প্রাণত্যাগী হয়।

ব্যাধি হয় (১) যাহার গর্ভ কুক্ষিতে শক্ত হইয়া থাকে ও মক্কল্লনামা রক্ত বাতজনিত শূল দ্বারা পীড়িত হয়, এবং যাহার শ্বাস আক্ষেপাদি উপদ্রব সমূহ উপস্থিত হয় সে মূঢ়গর্ভ স্ত্রীর মৃত্যু হয়।

অথ সূতিকারোগ নিদানঃ।

বায়ুঃ প্রকুপিতঃ কুর্য্যাৎ সংরুদ্ধরুধিরং স্রুতং। সূতায়া হৃচ্ছিরোবস্তি শূলং মক্কল্লসংজ্ঞকং। অঙ্গমর্দো জ্বরঃ কম্পঃ পিপাসা গুরুগাত্রতা। শোথঃ শূলাতিসারৌ চ সূতিকারোগলক্ষণং। মিথ্যোপচারাৎ সংক্লেশাৎ বিষমাজীর্ণভোজনাৎ। সূতিকায়াশ্চ যে রোগা জায়ন্তে দারুণাঃ স্মৃতাঃ। জ্বরাতিসারশোথাশ্চ শূলানাহ বলক্ষয়ং। তন্দ্রারুচি প্রসেকাদ্যাঃ কফবাতসমুদ্ভবাঃ। কৃচ্ছ্রসাধ্যা হি তে রোগাঃ ক্ষীণমাংসবলাশ্রিতাঃ। তে সর্ব্বে সূতিকানাম্না রোগাস্তে চাপ্যুপদ্রবাঃ।

সন্তান প্রসবের পর কুপিত বায়ু ক্ষরিত রক্তকে রুদ্ধ করিয়া সূতিনীদিগের হৃদয় মস্তক এবং বস্তিতে শূল উৎপাদন করে। ইহাকে মক্কল্ল শূল কহে। সূতিকা রোগে প্রায় অঙ্গমর্দ্দ জ্বর কম্প পিপাসা গাত্রগুরুতা শোথ শূল ও অতিসার হইয়া থাকে। মিথ্যা উপচার এবং দূষিত বিষম ও অজীর্ণ আহার সেবন দ্বারা সূতিনীদিগের যে রোগ উৎপন্ন হয়, তাহা অতি ভয়ানক। দুর্ব্বল সূতিনীগণের জ্বর অতীসার শোথ শূল আনাহ বলক্ষয় এবং কফ, বাতজনিত অরুচি, তন্দ্রা প্রসেকাদি রোগ সমস্ত কৃচ্ছ্র সাধ্য জানিবে। উপরোক্ত রোগ সকল প্রসূতীদিগের উৎপন্ন হইলে সূতিকা সংজ্ঞা প্রাপ্ত হয় যথা, সূতিকা জ্বর, সূতিকাতিসার ইত্যাদি। ইহাদের মধ্যে একটি প্রাধান্য ভাবে থাকিলে অন্যান্য লক্ষণ উহার উপদ্রব স্বরূপ বলিয়া উক্ত হয়।

অথ স্তনরোগ নিদানং।

সক্ষীরৌ বাপ্যদুগ্ধৌ বা প্রাপ্যদোষস্তনৌ স্ত্রিয়াঃ। প্রদূষ্যমাংসরুধিরং স্তনরোগায় কল্পতে। পঞ্চানামপি তেষাং হি রক্তজং বিদ্রধিং বিনা। লক্ষণানি সমানানি বাহ্যবিদ্রধিলক্ষণৈঃ।

কুপিত বায়ু পিত্ত এবং কফ দুগ্ধযুক্ত বা দুগ্ধশূন্য স্তনকে প্রাপ্ত হইয়া উহাদের মাংস ও রক্তকে দূষিত করতঃ পঞ্চ প্রকার স্তনবিদ্রধি উৎপাদন করে যথা, বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সন্নিপাতজ এবং আগন্তুজ। ইহাদের লক্ষণ ঐ সকল দোষজনিত বাহ্যবিদ্রধির তুল্য।

গুরুভি বিবিধৈ রন্নৈ দুষ্টৈ র্দোষৈঃ প্রদূষিতং। ক্ষীরং ধাত্র্যাঃকুমারস্য নানারোগায় কল্পতে কষায়ংসলিলপ্লাবিস্তন্যং মারুত দূষিতং। কট্বম্ললবণং পীতরাজীমৎ পিত্তসংযুতং। কফদুষ্টং ঘনং তোয়ে নিমজ্জতি স পিচ্ছিলং। দ্বিলিঙ্গং দ্বন্দ্বজং বিদ্যাৎ সর্ব্বলিঙ্গংত্রিদোষজং। অদুষ্টঞ্চাম্বুনিক্ষিপ্তং মেকী ভবতি পাণ্ডুরং। মধুরঞ্চা বিবর্ণঞ্চ প্রসন্নং তৎপ্রশস্যতে।

বিবিধ প্রকার গুরুপাক আহার জনিত প্রকুপিত দোষের দ্বারা স্তনদুগ্ধ দূষিত হইলে সন্তানের নানা প্রকার রোগ জন্মিয়া থাকে। বাত দূষিত দুগ্ধ কষায় হয়, এবং জলপতিত হইলে ভাষমান থাকে। পিত্তদূষিত দুগ্ধ তিক্ত, অম্ল ও লবণস্বাদ যুক্ত হয় এবং উহাতে পিত্ত রেখা দৃশ্য হয়। কফদুষ্ট দুগ্ধ ঘন ও পিচ্ছিল হয় এবং জলে মগ্ন হইয়া যায়। দ্বিদোষ দূষিত দুগ্ধ উভয়ের লক্ষণ যুক্ত এবং ত্রিদোষ প্রদুষ্ট দুগ্ধে সর্ব্ব লক্ষণ দৃষ্ট হয়। সুস্থ শরীরের অদুষ্ট দুগ্ধ পাণ্ডুবর্ণ ও মধুর এবং জলের সহিত মিশ্রিত হয়। বাতাদি দূষিত দুগ্ধের ন্যায় বিবর্ণ হয় না। এইরূপ দুগ্ধ প্রসংশনীয়।

অথ বালরোগ নিদানং।

বাতদুষ্টং শিশুঃ স্তন্যং পিবন্ বাতগদাতুরঃ। ক্ষামস্বরঃ কৃশাঙ্গঃ স্যাদ্বদ্ধবিণ্মূত্রমারুতঃ। স্বিন্নোভিন্নমলোবালঃ কামলা পিত্তরোগবান্। তৃষ্ণালুঃ উষ্ণ

সর্ব্বাঙ্গঃ পিত্তদুষ্টং পয়ঃপিবন্। কফদুষ্টং পিবন্ ক্ষীরং লালালু শ্লেষ্মরোগবান্। নিদ্রান্বিতো জড়ঃ শূনো রক্তাক্ষশ্ছর্দ্দনঃ শিশুঃ। দ্বন্দ্বজে দ্বন্দ্বজং রূপং সর্ব্বজে সর্ব্বলক্ষণং। শিশোঃ তীব্রা মতীব্রাঞ্চ রোদনাল্লাক্ষয়েদ্রুজং। কুক্রূণকঃ ক্ষীরদোষাক্ষিশুনা মক্ষিবর্ত্মনি। জায়তে তেন তন্নেত্রং কণ্ডূরঞ্চ স্রবেমুহুঃ। শিশুঃকুর্য্যা ল্ললাটাক্ষি কূটনাসাবঘর্ষণং। শক্তোনার্কপ্রভাং দ্রষ্টুং নবর্ত্মোন্মীলনক্ষমঃ।

বাত দূষিত দুগ্ধ পান করিলে শিশুর মলমূত্র বদ্ধতা কৃশতা ও ক্ষামস্বর এবং নানা প্রকার বাত জনিত রোগ উৎপন্ন হয়। পিত্ত দুষ্ট দুগ্ধ পান করিলে দেহসন্তাপ, তৃষ্ণা ঘর্ম্ম মলরেচন কামলা এবং পিত্তজ রোগ সমূহ উৎপন্ন হয়। কফ দুষ্ট দুগ্ধ পানে শিশুদিগের লালাস্রাব অতি নিদ্রা জড়তা শোথ রক্তাক্ষিতা বমন এবং অন্যান্য শ্লৈষ্মিক রোগ হইয়া থাকে। দ্বিদোষ দূষিত দুগ্ধপান করিলে উপরোক্ত দ্বিদোষজ এবং ত্রিদোষ দূষিত দুগ্ধপায়ী বালকের ত্রিদোষ জনিত মিলিত লক্ষণ দৃষ্ট হয়। শিশুরা বাক্যদ্বারা শারীরিক ক্লেশ প্রকাশ করিতে অক্ষম, অতএব তাহাদের ক্রন্দনের প্রকার ভেদে বেদনার অল্পত্ব এবং আধিক্য অনুভব করিতে হইবে। দূষিত স্তন্য পান করিলে শিশুদিগের চক্ষুর পাতাতে কুক্রূণক বা কোথনামা রোগ উৎপন্ন হয়, ইহাতে মুহুর্মুহু স্রাব ও নেত্রকণ্ডু হয়, শিশু ললাট অক্ষিকূট ও নাসিকা ঘর্ষণ করিতে থাকে এবং রৌদ্রের দিকে দৃষ্টি করিতে অথবা চক্ষু উন্মীলন করিতে অক্ষম হয়।

মাতুঃ কুমারোগর্ভিণ্যাঃ স্তন্যং প্রায়ঃ পিবন্নপি। কাসাগ্নি সাদবমথু তন্দ্রাকার্শ্যারুচিভ্রমৈঃ। যুজ্যতে কোষ্ঠবৃদ্ধ্যা চ তমাহুঃ পারিগার্ভিকং। রোগং পরিভবাখ্যঞ্চ যুঞ্জ্যাত্তত্রাগ্নিদীপনং। তালুমাংসে কফঃক্রুদ্ধঃ কুরুতে তালুকণ্টকং। তেন তালুপ্রদেশস্য নিম্নতামূর্দ্ধ্নি জায়তে। তালুপাতঃ স্তন দ্বেষঃকৃচ্ছ্রাৎ পানং সকৃদ্দ্রবং। তৃড়ক্ষিকণ্ঠাস্যরুজা গ্রীবা দুর্ব্বলতা বমিঃ।

শিশু গর্ভবতী মাতার স্তন অধিক পান করিলে উহার কাস, অগ্নিমান্দ্য অরুচি, বমন, তন্দ্রা, ভ্রম ও অঙ্গের কৃশতা হয় এবং উদর বৃদ্ধি হইয়া থাকে, এই রোগকে পারিগার্ভিক বা পরিভবাখ্য কহে, ইতর ভাষায় ইহাকে

গুঁড়েলাগা বলে। এই রোগে অগ্নি বৃদ্ধিকর ঔষধ প্রয়োগ করিবে। বালকের তালুমাংসে কফ ক্রুদ্ধ হইলে তালুকণ্টক নামা রোগ জন্মে, ইহাতে তালুদেশ নিম্ন হইয়া যায়, তালু পতন হেতু শিশু স্তন্যপানে বিরত হয়, অথবা কষ্টে পান করে, উহার তৃষ্ণা বমন, দ্রবমলরেচন এবং অক্ষি ও কণ্ঠাতে বেদনা হয় এবং গ্রীবা কষ্টক্রমে ধারণ করে।

বিসর্পস্তু শিশোঃ প্রাণনাশনো বস্তি শীর্ষজঃ। পদ্মাবর্ণো মহাপদ্মোনামো দোষ ত্রয়োদ্ভবঃ। শঙ্খাভ্যাং হৃদয়ং যাবৎ হৃদয়াদ্বা গুদং ব্রজেৎ।

শিশুদিগের মস্তকে অথবা বস্তিদেশে ত্রিদোষজনিত সাংঘাতিক বিসর্প উৎপন্ন হইয়া থাকে, ইহা মহাপদ্মাকৃতি এবং লোহিত বর্ণ। শিরো[illegible] বিসর্প শঙ্খদেশ হইতে হৃদয় পর্য্যন্ত বিচরণ করে এবং বস্তিজাত বিসর্প হৃদয় হইতে মলদ্বার পর্য্যন্ত বিস্তৃত হয়।

ক্ষুদ্ররোগে চ কথিতে ত্বজগল্ল্যহিপুতনে। জ্বরাদ্যা ব্যাধয়ঃ সর্ব্বে মহান্তো যে পুরেরিতাঃ। বালদেহেপি তে তদ্বদ্বিজ্ঞেয়াঃ কুশলৈঃ সদা।

ক্ষুদ্ররোগ মধ্যে লিখিত অজগল্লী ও অহিপুতনা নামক রোগদ্বয় শিশুদিগের হইয়া থাকে। পূর্ব্বে যে সমস্ত জ্বরাদি মহৎ ব্যাধি বর্ণিত হইয়াছে তাহাও বাল দেহেতে হইয়া থাকে এবং ঐরূপ লক্ষণাক্রান্ত হয়।

স্কন্দাদুদ্বিজতে বালঃ ক্ষণাত্ত্রস্যতিরোদিতি। নখৈর্দন্তৈ র্দারয়তিধাত্রী মাত্মান মেব বা। ঊর্দ্ধংনিরীক্ষতে দন্তান্ খাদেৎ কূজতি জৃম্ভতে। ভ্রুবৌ ক্ষিপতি দন্তৌষ্ঠং ফেনং বমতি চাসকৃৎ। ক্ষামোহতিনিশিজাগর্ত্তিশূনাক্ষো ভিন্নবিট্ স্বরঃ। মাংসশোণিত গন্ধীচ ন চাশ্নাতি যথা পুরা। সামান্যগ্রহদুষ্টানাং লক্ষণং সমুদাহৃতং। এক নেত্রস্য গাত্রস্য স্রাবঃস্পন্দনকম্পনং। ঊর্দ্ধ-দৃষ্ট্যানিরীক্ষেত বক্রাস্যো রক্তগন্ধিকঃ। দন্তান্ খাদতিবিত্রস্তঃ স্তন্যংনৈবা ভিনন্দতি। স্কন্দগ্রহগৃহীতানাং রোদনঞ্চাল্প মেব চ। নষ্টসংজ্ঞো বমেৎ ফেনং সংজ্ঞাবানতিরোদিতি। পূয়শোণিতগন্ধিত্বং স্কন্দাপস্মারলক্ষণং। হৃষ্টাঙ্গোত্রয়চকিতোবিহঙ্গগন্ধিঃ সাস্রাবব্রণ পরিপীড়িতঃ সমন্তাৎ। স্ফোটৈশ্চ প্রচিত তনুঃ সদাহ পাকৈ র্বিজ্ঞেয়ো ভবতি শিশুঃ ক্ষতঃ শকুন্যা।

প্রসূতীর অথবা ধাত্রীর অশুচি ব্যবহার হেতু স্কন্দাদি গ্রহেরা পূজার অভিলাসে নবপ্রসূত শিশুদিগের দেহে প্রবেশ করতঃ নানা প্রকার রোগ

উৎপাদন করে। গ্রহদুষ্টের সামান্য লক্ষণ নিম্ন প্রকার লিখিত আছে যথা, শিশু ক্ষণেক উদ্বিগ্ন, ক্ষণেক ত্রাসিত হয় এবং রোদন করে, নখ ও দন্তের দ্বারা আপনার বা ধাত্রীর অঙ্গ বিদারণ করে, দন্তে দন্ত ঘর্ষণ ও সর্ব্বদা মুখ হইতে ফেণা নির্গত করে, হাই তুলে এবং আর্ত্তনাদ করে, দৃষ্টি উর্দ্ধগত ভ্রূদ্বয়ের কম্পন চক্ষুতে শোথ, অতিশয় নিদ্রানাশ দৌর্ব্বলতা, স্বরভঙ্গ, এবং মলের রেচন হয়, দেহে মাংস অথবা রক্ত গন্ধ হয় এবং পূর্ব্বমত আহার করিতে পারে না। এক্ষণে যে যে গ্রহ প্রবিষ্ট হইলে যে সকল বিশেষ বিশেষ লক্ষণ দৃষ্ট হয়, তাহা ক্রমান্বয়ে লিখিত হইতেছে। স্কন্দগ্রহ পীড়িত শিশু-দিগের এক চক্ষু হইতে স্রাব নির্গত হয়, গাত্রে ঘর্ম্ম, স্পন্দন ও কম্প হয়, দৃষ্টি উর্দ্ধগামী, মুখবক্র, দন্তে দন্তে ঘর্ষণ এবং শরীরে অত্যন্ত রক্ত গন্ধ হয়, শিশু অবসাদ যুক্ত হইয়া স্তন্য পানে বিরত হয় এবং অল্প অল্প রোদন করে। স্কন্দাপস্মার গ্রহ দেহে প্রবেশ করিলে শিশু জ্ঞান শূন্য হইয়া মুখ হইতে ফেণা নির্গত করে অথবা সজ্ঞানে থাকিয়া অতিশয় রোদন করে, শরীরে পূয় এবং রক্ত গন্ধ হয়। শকুনী গ্রহদুষ্ট বালকের দেহ শিথিল, বেদনা-যুক্ত ও মাংসভোজী পক্ষীর ন্যায় বিস্রগন্ধ এবং সর্ব্বাঙ্গে দাহ পাক স্রাব যুক্ত পিড়কা ও স্ফোটক নির্গত হয়। এই রোগে শিশু অকারণে ভয়ে চকিত হয়।

> ব্রণৈঃ স্ফোটৈশ্চিতং গাত্রং পঙ্কগন্ধং স্রবেদসৃক্। ভিন্নবর্চ্চা জ্বরীদাহী রেবতীগ্রহলক্ষণং। অতীসারোজ্বর স্তৃষ্ণা তির্য্যক্ প্রেক্ষণ রোদনং। নষ্ট নিদ্রস্তথোদ্বিগ্নো গ্রস্তঃ পূতনয়া শিশুঃ। ছর্দ্দিঃকাসো জ্বরস্তৃষ্ণা বসা গন্ধোতি রোদনং। স্তন্যদ্বেষোঽতিসারশ্চ অন্ধপূতনয়া ভবেৎ। বেপতে কাসতেক্ষীণো নেত্ররোগো বিগন্ধিতা। ছর্দ্দ্যতীসারযুক্তশ্চ শীতপূতনয়া শিশুঃ। প্রসন্নবর্ণ-বদনঃ শিরাভিরভিসংবৃতঃ। মূত্রগন্ধী চ বহ্বাশী মুখমুণ্ডিকাগ্রহী। ছর্দ্দি-স্পন্দনকণ্ঠাস্য শোষোমূর্চ্ছা বিগন্ধিতা। উর্দ্ধং পশ্যেদ্দশেদ্দন্তান্ নৈগমেয়ং গ্রহং বদেৎ।

রেবতী গ্রহদ্বারা অভিভূত হইলে শিশুদিগের শরীর পঙ্কগন্ধ বিশিষ্ট এবং ব্রণ ও স্ফোটক দ্বারা আচিত হয়, ঐ সমস্ত ব্রণ ও স্ফোট হইতে রক্ত নির্গত এবং দ্রবমল রেচন জ্বর ও দাহ হয়। পূতনাগ্রহ গ্রস্ত বালকের অতিসার, জ্বর

তৃষ্ণা, বক্রদৃষ্টি রোদন নিদ্রানাশ এবং চিত্তের উদ্বিগ্নতা হয়। অন্ধপূতন গ্রহ প্রদুষ্টশিশুর কাস, জ্বর, তৃষ্ণা, দুগ্ধপানে বিদ্বেষ, বমন, অতিসার অতিশয় রোদন এবং গাত্রে চর্ব্বির গন্ধ হয়। শীতপূতনা গ্রহ হইতে কম্প কাশ দুর্ব্বলতা, বমন, অতিসার ও নেত্ররোগ উৎপন্ন হয়। মুখমুণ্ডিকা গ্রহ আক্রান্ত শিশুর বদন প্রসন্নবর্ণ ও শিরাদ্বারা আবৃত হয়, দেহ মূত্রগন্ধ এবং আহার বৃদ্ধি হয়। নৈগমেয় অর্থাৎ পিতৃগ্রহ দুষ্টে কণ্ঠ ও মুখশোষ উর্দ্ধদৃষ্টি, বমন ঈষৎ কম্প, মূর্চ্ছা ও দেহ দুর্গন্ধ হয় এবং দন্ত কড়মড় করে।

অথ বিষ নিদানং।

স্থাবরং জঙ্গমঞ্চৈব দ্বিবিধং বিষমুচ্যতে। মূলাদ্যাত্মকমাদ্যং স্যাৎ পরং সর্পাদি সম্ভবং।

বিষ দুই প্রকার স্থাবর এবং জঙ্গম, স্থাবর বিষ দশবিধ যথা, মূল, কন্দ পত্র, ফল, পুষ্প ত ক ক্ষীর, সার, নির্য্যাস এবং ধাতব।

সর্পাদি জঙ্গম বিষের ষোড়শ অধিষ্ঠান নির্দ্দিষ্ট আছে যথা, দৃষ্টি, নিশ্বাসঃ দংষ্ট্র, নখ, মূত্র, পুরীষ, শুক্র, লালা, স্পর্শ, মুখ সন্দংশ, বিশর্দ্ধিত অর্থাৎ বাতকর্ম্ম, গুহ্য, অস্থি, পিত্ত, শূক এবং শবগাত্র।

নিদ্রাং তন্দ্রাং ক্লমং দাহ মপাকং লোমহর্ষণং। শোথঞ্চৈবাতিসারঞ্চ জঙ্গমং কুরুতে বিষং। স্থাবরঞ্চ জ্বরং হিক্কাং দন্তহর্ষং গলগ্রহং। ফেনচ্ছর্দ্দ্যরুচিশ্বাসংমূর্চ্ছাঞ্চ কুরুতে বিষং। ইঙ্গিতজ্ঞোমনুষ্যাণাং বাক্‌চেষ্টামুখবৈকৃতৈঃ। জানীয়াদ্বিষদাতার মেভৈ র্লিঙ্গৈঃ স বুদ্ধিমান্। নদদাত্যুত্তরং পৃষ্টো বিবক্ষু র্মোহ মেতি চ। অপার্থং বহুসংকীর্ণং ভাষতে চাপি মূঢ়বৎ। হসত্যকস্মাৎ স্ফোটয়েদঙ্গুলীর্বিলিখেন্মহীং। বেপথুশ্চাস্য ভবতি ত্রস্ত শ্চান্যোন্যমীক্ষতে। বিবর্ণবক্ত্রোধ্যামশ্চ নখৈঃ কিঞ্চিচ্ছিনত্ত্যপি। বর্ত্ততে বিপরীতঞ্চ বিষদাতা বিচেতনং।

জঙ্গম বিষ প্রয়োগে রোগীর নিদ্রা, তন্দ্রা, ক্লান্তি, দাহ, অপাক, রোমহর্ষ, শোথ এবং অতিসার হয়। স্থাবর বিষ প্রয়োগের সামান্য লিঙ্গ জ্বর

হিক্কা, দন্তহর্ষ, কণ্ঠরোধ মুখ হইতে ফেনানির্গমন, বমন, অরুচি, শ্বাস এবং মূর্চ্ছা। বুদ্ধিমান ইঙ্গিতজ্ঞ বৈদ্য মনুষ্যদিগের বাক্য কার্য্য এবং মুখভঙ্গি দৃষ্টি করিয়া বিষ প্রয়োগকারী ব্যক্তিকে নির্ণয় করিতে সমর্থ হয়। বিষ প্রদায়ক মনুষ্য জিজ্ঞাসিত [illegible] উত্তর প্রদান করেনা, অথবা বলিতে ইচ্ছুক হইয়াও মোহ প্রাপ্ত হয়, অনর্থক মূঢ়বৎ অস্পষ্ট বকে, অকস্মাৎ বিনা কারণে হাস্য করে, অঙ্গুলির পর্ব্বসমূহ মটকাইতে থাকে, অকর্ম্মণ্যের ন্যায় ভূমিতে দাগকাটে, অথবা নখদ্বারা কোন পদার্থ ছিন্ন করিতে থাকে ভীত হইয়া অন্য লোকের প্রতি দৃষ্টিপাত করে ও কম্পবান হয় এবং মুখ বিবর্ণ ও দগ্ধবৎ হইয়া জ্ঞান শূন্য ব্যক্তির ন্যায় বিপরীত ভাবে অবস্থিতি করে।

উদ্বেষ্টনং মূলবিষৈঃ প্রলাপো মোহ এব চ। জৃম্ভণং বেপনং শ্বাসো জ্ঞেয়ং পত্রবিষেণ তু। মুষ্কশোথঃ ফলবিষে দাহোঽন্নদ্বেষ এব চ। ভবেৎ পুষ্পবিষৈ-শ্ছর্দ্দিরাধ্মানং শ্বাস এব চ। ত্বক্সারনির্য্যাসবিষৈ রুপযুক্তৈ র্ভবন্তি হি। আস্যদৌর্গন্ধ্যপারুষ্যশিরোরুক্কফসংস্রবাঃ।

এক্ষণে মূল পত্রাদি বিষের বিশেষ বিশেষ লক্ষণ লিখিত হইতেছে। মূল বিষে দণ্ডাদি দ্বারা মর্দ্দনবৎ ব্যথা, প্রলাপ এবং মোহ উৎপন্ন হয়। পত্রবিষে হাই কম্প এবং শ্বাস হয়। ফলবিষে অণ্ডকোষদ্বয়ে শোথ দাহ এবং অন্ন বিদ্বেষ হয়। পুষ্পবিষে বমন আধ্মান ও শ্বাস হয়। ত্বক, সার এবং নির্য্যাস বিষ দ্বারা মুখের দুর্গন্ধ ত্বকের কর্কশতা মস্তক বেদনা এবং লালা নিঃসরণ হয়।

ফেনাগমঃ ক্ষীরবিষৈ র্বিড্ভেদো গুরুগাত্রতা। হৃৎপীড়নং ধাতুবিষৈ র্মূর্চ্ছা দাহশ্চ তালুনি। প্রায়েণ কালঘাতীনি বিষাণ্যেতানি নির্দ্দিশেৎ।

ক্ষীরবিষে গাত্র গুরুতা মলরেচন এবং মুখ হইতে ফেণার উদ্গমন হয়। ধাতু ঘটিত বিষে হৃৎপীড়া মূর্চ্ছা এবং তালুতে দাহ হয়। এই সকল স্থাবর বিষ প্রায় দীর্ঘকালে প্রাণ নাশ করে অর্থাৎ সদ্য মারাত্মক হয় না।

সদ্যঃক্ষতং পচ্যতে যস্য জন্তোঃ স্রবেদ্রক্তং পচ্যতে বাপ্যভীক্ষ্ণং। কৃষ্ণীভূতং ক্লিন্নমত্যর্থপূতি ক্ষতাম্মাংসং শীর্য্যতে চাপি যস্য। তৃষ্ণামূর্চ্ছাজ্বরোদাহো চ যস্য দিগ্ধং হতং তং পুরুষং ব্যবস্যেৎ। লিঙ্গান্যেতান্যেব কুর্য্যাদমিত্রৈ-

ব্রণে বিষং যস্য দত্তং প্রমাদাৎ। সপীতংপূহ ধূমাভং পুরীষং যোতি সার্য্যতে। ফেনমুদ্বমতে চাপি বিষপীতং তমাদিষেৎ।

শত্রু কর্তৃক বিষলিপ্ত শস্ত্রের দ্বারা আহত হইলে ক্ষত স্থান সদা পাকে ও রক্তস্রাব করে এবং পুনঃ পুনঃ পাকিয়া উহার পুরণের ব্যাঘাত জন্মায়, ক্ষতস্থান কৃষ্ণবর্ণ ও ক্লেদযুক্ত হয় এবং উহা হইতে অতিশয় পচাত্মক ও মাংস খসিয়া পড়ে, আহত ব্যক্তির জ্বর তৃষ্ণা দাহ এবং মুর্চ্ছা হয়। শস্ত্রাঘাত ব্যতীত অন্য প্রকারে উৎপন্ন ব্রণতে বিষ প্রদান করিলেও এই রূপ লক্ষণ সমূহ দৃষ্ট হয়। বিষপান করিলে মনুষ্যের ফেণার ন্যায় বমন এবং গ্রহধূমবৎ অথবা পীতবর্ণ মল রেচন হয়।

বাতপিত্ত কফাত্মানো ভোগিমণ্ডলী রাজিলাঃ। যথা ক্রমং সমাখ্যাতাদ্ব্যন্তরাদ্বন্দ্ব রূপিণঃ। দংশোভোগিকৃত কৃষ্ণঃ সর্ববাত বিকারকৃৎ। পীতোম ণ্ডলিজঃ শোথো মৃদুঃ পিত্ত বিকারবান্। রাজিলোত্থো ভবেদ্দংশঃ স্থিরঃ শোথশ্চ পিচ্ছিলঃ। পাণ্ডুঃ স্নিগ্ধোতি সান্দ্রাসৃক্ সর্বশ্লেষ্ম বিকারকৃৎ।

এক্ষণে জঙ্গমবিষের বিবরণ উক্ত হইতেছে এবং তন্মধ্যে সর্পের প্রাধান্য হেতুক প্রথমত সর্পবিষের উল্লেখ করা যাইতেছে।

সর্প চারি শ্রেণিতে বিভক্ত যথা, ভোগী অর্থাৎ ফণা বিশিষ্ট, মণ্ডলী অর্থাৎ যাহাদের গাত্রে মণ্ডলাকার চক্র থাকে। রাজিল অর্থাৎ যাহাদের গাত্রে দীর্ঘ রেখা থাকে। এবং দ্বন্দ্বরূপী অর্থাৎ মিশ্ররূপধারী। ইহারা যথাক্রমে বাত, পিত্ত ও কফাত্মক এবং দ্বন্দ্বরূপী বলিয়া উক্ত আছে। ভোগীসর্প আঘাত করিলে দংশিত স্থান কৃষ্ণবর্ণ এবং রোগী নানা প্রকার বায়ু রোগাক্রান্ত হয়। মণ্ডলীসর্প দংশে শোথ পীতবর্ণ ও মৃদু এবং নানা প্রকার পিত্ত জনিত রোগ উৎপন্ন হয়। রাজিল ভুজঙ্গ দংশে স্থির পিচ্ছিল পাণ্ডুবর্ণ ও স্নিগ্ধ শোথ হয় এবং রক্ত ঘন ও বহুবিধ শ্লেষ্ম ঘটিত বিকার দৃষ্ট হয়।

অশ্বত্থদেবায়তনশ্মশানবল্মীকসন্ধ্যাসু চতুষ্পথেষু। যাম্যেচ দষ্টাঃ পরিবর্জনীয়া ঋক্ষেচ বা মর্ম্মসু যে চ দষ্টাঃ। দর্ব্বীকরাণাং বিষমাশু ঘাতি সর্ব্বাণি চোষ্ণে দ্বিগুণী ভবন্তি।

অশ্বত্থতলে, দেবালয়ে, শ্মশান ভূমিতে, বল্মীকের উপরে অথবা চতুষ্পথ মধ্যে সর্পদংশ করিলে রোগী বর্জ্জনীয় হয়। প্রাতঃ বা সায়ংসন্ধ্যাকালে ভরণীনক্ষত্রে অথবা মর্ম্মস্থানে সর্প দংশন করিলে রোগী রক্ষা পায়না। দর্ব্বী-কর অর্থাৎ ফণাবিশিষ্ট সর্পের বিষ আশু প্রাণনাশ করে। সর্ব্ব প্রকার সর্প বিষ উষ্ণ সংযোগ দ্বারা দ্বিগুণ বৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকে।

অজীর্ণপিত্তাতপ পীড়িতেষু বালেষু বৃদ্ধেষু বুভুক্ষিতেষু। ক্ষীণক্ষতে মেহিনি কুষ্ঠযুক্তে রুক্ষেহবলে গর্ভবতীষু চাপি।

আহার অজীর্ণ অবস্থায় সর্প দংশন করিলে রোগীর মৃত্যু হয়। পিত্ত, প্রতাপ বা রৌদ্র কর্ত্তৃক পীড়িত ব্যক্তিদিগের এবং বালক, বৃদ্ধ ও গর্ভবতী দিগের পক্ষেও সর্পবিষ অব্যর্থ হয় না। রুক্ষ, দুর্ব্বল ক্ষুধাতুর, মেহ, ক্ষীণ, ক্ষত ও কুষ্ঠ রোগ গ্রস্ত ব্যক্তিদিগের সর্পক্ষত অসাধ্য।

শস্ত্রক্ষতে যস্য ন রক্তমেতি রাজ্যো লতাভিশ্চ ন সম্ভবন্তি। শীতাভি-রদ্ভিশ্চ ন রোমহর্ষো বিষাভিভূতস্য বিবর্জ্জয়েত্তু। জৃম্ভঃ সরক্তঃ স্বযশ্চদংশে হন্বোঃস্থিরস্তুশ্চ বিবর্জ্জনীয়ঃ। বর্ত্তির্ঘনা যস্য নিরেতি বক্ত্রাদ্রক্তং স্রবেদূর্দ্ধ মধশ্চ যস্য। দংষ্ট্রানিপাতা শ্চতুরশ্চ যস্য তঞ্চাপি বৈদ্যঃ পরিবর্জ্জয়েচ্চ। উন্মত্তমত্যর্থ মুপদ্রুতং বা হীনস্বরং বাপ্যথবা বিবর্ণং। সারিষ্ট মত্যর্থ মবেগিনঞ্চ জহ্যান্নরং কর্ম্ম ন তত্র কুর্য্যাৎ।

যে সর্পঘাতিত ব্যক্তির শস্ত্রদ্বারা শরীর কর্ত্তন করিলেও রক্ত নির্গত হয় না। যাহাদের বেত্রাঘাত করিলে প্রহারের চিহ্ন প্রকাশ হয় না, অথবা শীতল জল প্রয়োগ করিলে রোমহর্ষ হয় না তাহাকে বৈদ্য ত্যাগ করিবে। যে বিষাভিভূত ব্যক্তির মুখ স্তব্ধ এবং হনুদ্বয় সংলগ্ন হয়, অর্থাৎ দাঁত কপাটী লাগে, যাহার নাশিকা বক্র কেশপতন এবং গ্রীবা অবনত হয়, যাহার দংশিত স্থানের শোথ রক্ত ও কৃষ্ণ হয়, মুখ হইতে ঘন লালা বর্ত্তির আকারে নির্গত হয় এবং আস্য ও মলদ্বার হইতে রক্তস্রাব হয়, তাহাকে চিকিৎসার অযোগ্য জ্ঞান করিবে। যে ব্যক্তিকে সর্প চতুর্দন্তের দ্বারা দংশন করে, যাহার বাক্যরোধ হয়, হস্তপদাদি সঞ্চালনে শক্তি থাকে না, দেহ কৃষ্ণবর্ণ এবং উন্মত্ততা ও জ্বরাদি ঘোর উপদ্রব উপস্থিত হয়, তাহার চিকিৎসা করিবে না।

জীর্ণং বিষঘ্নৌষধিভির্হতং বা দাবাগ্নিবাতাতপশোষিতং বা। স্বভাবতো বা গুণবিপ্রহীনং বিষং হি দূষীবিষতামুপৈতি। বীর্য্যাল্পভাবান্ন নিপাতয়েত্তৎ কফান্বিতং বর্ষগণানুবন্ধি॥

যে বিষ বিষঘ্ন ঔষধাদির দ্বারা জীর্ণ বা হত হয়, অথবা দাবাগ্নি বায়ু কিম্বা আতপের দ্বারা শোষিত হয়, অথবা স্বভাবতঃ গুণহীন হয়, তাহাকে দূষীবিষ কহা যায়। অল্প বীর্য্যহেতু দূষীবিষ প্রাণনাশ করে না, কিন্তু কফানুবদ্ধ হইয়া অনেক কাল দেহে অবস্থিতি করে।

তেনার্দ্দিতো ভিন্নপুরীষবর্ণো বিগন্ধবৈরস্যযুতঃ পিপাসী। মূর্চ্ছাং ভ্রমং গদ্গদবাগ্বমিঞ্চ বিচেষ্টমানোঽরতিমাপ্নুয়াদ্বা। আমাশয়স্থে কফবাতরোগী পক্বাশয়স্থেঽনিলপিত্তরোগী। ভবেৎ নরো ধ্বস্তশিরোরুহাঙ্গো বিলূনপক্ষস্তু যথা বিহঙ্গঃ। স্থিতং রসাদিষ্বথবা যথোক্তান্ করোতি ধাতুপ্রভবান্ বিকারান্। কোপঞ্চ শীতানিলদুর্দ্দিনেষু যাত্যাশু পূর্ব্বং শৃণু তস্য রূপং। নিদ্রাগুরুত্বঞ্চ বিজৃম্ভণঞ্চ বিশ্লেষহর্ষাবথবাঙ্গমর্দ্দং। ততঃ করোত্যন্নমদাবিপাকাবরোচকং মণ্ডলকোঠজন্ম। মাংসক্ষয়ং পাদকরপ্রশোথং মূর্চ্ছাং তথা ছর্দ্দিমথাতীসারং। দূষীবিষং শ্বাসতৃষাজ্বরাংশ্চ কুর্য্যাৎ প্রবৃদ্ধিং জঠরস্য চাপি। উন্মাদমন্যজ্জনয়েত্তথান্যদানাহমন্যৎ ক্ষপয়েচ্চ শুক্রং। গদ্গদ্যমন্যজ্জনয়েচ্চ কুষ্ঠং তাং স্তান্ বিকারাংশ্চ বহুপ্রকারান্। দূষিতং দেশকালান্নদিবাস্বপ্নৈরভীক্ষ্ণশঃ। যস্মাৎ সংদূষয়েদ্ধাতূন্ তস্মাৎ দূষীবিষং স্মৃতং। সাধ্যমাত্মবতঃ সদ্যো যাপ্যং সম্বৎসরোত্থিতং। দূষীবিষমসাধ্যং স্যাৎ ক্ষীণস্যাহিতসেবিনঃ। সৌভাগ্যার্থং স্ত্রিয়ঃ স্বেদং রজো নানাঙ্গজান্ মলান্। শত্রুপ্রযুক্তাংশ্চ গরান্ প্রযচ্ছন্ত্যন্নমিশ্রিতান্। তৈঃ স্যাৎ পাণ্ডুঃ কৃশোঽল্পাগ্নির্গরশ্চাস্যোপজায়তে। মর্ম্মপ্রধমনাধ্মানং হস্তয়োঃ শোথলক্ষণং। জঠরং গ্রহণীদোষো যক্ষ্মা গুল্মঃ ক্ষয়ো জ্বরঃ। এবংবিধস্য চান্যস্য ব্যাধের্লিঙ্গানি দর্শয়েৎ।

দূষী বিষ সেবন করিলে মনুষ্যের প্রথমত দেহ বিবর্ণ, আস্য বিরস ও দুর্গন্ধ, পিপাসা, অতিসার, বমি, মূর্চ্ছা, ভ্রম, গদ্গদ বাক্য এবং বিরুদ্ধ চেষ্টাহেতু নানা প্রকার কষ্ট হয়, পরে দূষীবিষ আমাশয়ে অবস্থিতি করিলে, কফ বাতজনিত রোগ সমূহ উৎপন্ন হয় এবং পক্বাশয়ে অবস্থান করিলে,

বাত ও পিত্তকৃত রোগ জন্মে, মস্তকের কেশ ও দেহের রোম সমূহ উৎপাটিত হয় এবং ক্রমে রোগী পক্ষহীন পক্ষী সদৃশ দৃশ্য হয়। দূষীবিষ, রসাদিধাতুগত হইলে শীত বৃষ্টি ও বায়ু সেবনে কোপ প্রাপ্ত হয় এবং ধাতু ঘটিত নানা প্রকার বিকার উৎপন্ন করে। নিদ্রা গাত্রগুরুতা জৃম্ভন অঙ্গমর্দ্দ দেহের শিথিলতা এবং রোমহর্ষ ধাতুগত দূষীবিষের পূর্ব্বরূপ বলিয়া উক্ত আছে। তৎপরে অন্নের অপাক বমি বিরেচন অরুচি এবং মাংসক্ষয় হয়, গাত্রে মণ্ডলাকার কোঠ উৎপন্ন হয়, হস্ত পদে শোথ জন্মে এবং মূর্চ্ছা শ্বাস তৃষ্ণা জ্বর ও জঠরের বৃদ্ধি হইয়া থাকে। কোন কোন রোগী উন্মাদগ্রস্ত হয়। কেহবা ধ্বজভঙ্গ হয়, কাহার আনাহ কাহার গদ্‌গদ্ অর্থাৎ অস্পষ্ট বাক্য হয় এবং কেহ কেহ কুষ্ঠ বীসর্প বিস্ফোটকাদি নানাপ্রকার চর্ম্ম রোগ গ্রস্থ হয়। বীর্য্যহীন বিষ সমুহ দেহে অবস্থিতি করতঃ শীতাদিকালে কুপথ্য এবং দিবানিদ্রা দ্বারা নিরন্তর ধাতুদিগকে দূষিত করে, এই জন্য ইহাদের দূষীবিষ কহে, আত্মবশ মনুষ্যদিগের পক্ষে সদ্যঃ প্রদত্ত দূষী[illegible] সাধ্য সম্বৎসরস্থিত হইলে যাপ্য এবং অহিত সেবনকারী দুর্ব্বল ব্যক্তিদিগের দূষীবিষ অসাধ্য। স্ত্রীলোকেরা আপনাপন সৌভাগ্যের নিমিত্ত স্বেদ আর্ত্তব ও নানা অঙ্গের মল, অন্নপানের সহিত পুরুষদিগকে সেবন করায়। এবং শত্রু কর্ত্তৃক কখন কখন ঐরূপ গড় প্রদত্ত হয়, এবম্প্রকার বিষ প্রয়োগ করাইলে মনুষ্যের দেহ পাণ্ডুবর্ণ ও কৃশ এবং অগ্নিমান্দ্য ও উদরাময় উৎপন্ন হয়, মর্ম্ম স্থানে বেদনা, আধ্মান, হস্তপদে শোথ, জঠর, গ্রহণী, যক্ষ্মা, গুল্ম, ক্ষয়, জ্বর এবং এবম্বিধ নানাপ্রকার কঠিন রোগ ক্রমে দৃশ্য হয়।

যস্মাল্লূনং তৃণং প্রাপ্তা মুনেঃ প্রস্বেদবিন্দবঃ। তস্মাল্লূতাস্ত ভাষ্যন্তে সংখ্যায়াস্তাশ্চ ষোড়শঃ। তাভি র্দষ্টে দংশকোথঃ প্রবৃত্তিঃ ক্ষতজস্য চ। জ্বরোদাহোঽতিসারশ্চ গদাস্যুশ্চ ত্রিদোষজাঃ। পীড়কা বিবিধাকারা মণ্ডলানি মহন্তি চ। শোথা মহান্তো মৃদবো রক্তাঃ শ্যাবাশ্চলা স্তথা। সামান্যং সর্ব্বলূতানা মেতদ্দংশস্য লক্ষণং। দংশমধ্যে তু যৎ কৃষ্ণং শ্যাবং বাজালকাচিতং। অর্দ্ধাকৃতিভৃশং পাকঃ ক্লেদ কোথ জ্বরান্বিতং। দূষীবিষাভিলূতাভি স্তং দষ্টমিতি নির্দ্দিশেৎ। শোথঃ শ্বেতাসিতারক্তা পীতা বা পীড়কা-

জ্বরঃ। প্রাণান্তিকাশ্চ জায়ন্তে শ্বাসহিক্কা শিরোগ্রহাঃ।

এক্ষণে লূতাদি কীটবিষের বিবরণ কথিত হইতেছে।

এরূপ শ্রুতি আছে যে, বিশ্বামিত্র নরপতি কামধেনুর বলাৎকার করাতে বশিষ্ঠ মুনির অত্যন্ত রাগ হয়, তাহাতে তাঁহার কপাল হইতে ঘর্ম্ম নির্গত হইয়া নিকটস্থ লূনতৃণের উপর পতিত হয়. ঐ তৃণ পতিত স্বেদবিন্দু হইতে লূতা অর্থাৎ মাকড়শার উৎপত্তি হয়। লূনতৃণ হইতে উৎপন্ন হেতু ইহাদের লূতা কহে। মাকড়শা ষোড়শ প্রকার, তন্মধ্যে সৌবর্ণিকাদি অষ্ট প্রকার লূতাবিষ অসাধ্য এবং ত্রিমণ্ডলাদি অষ্ট প্রকার সাধ্য বলিয়া উক্ত আছে। লূতা দংশন করিলে আহতস্থান পচিতভাবে এবং উহা হইতে রক্তস্রাব হয়, রোগীর ত্রিদোষজনিত জ্বর, দাহ ও অতীসার হয়, গাত্রে নানাপ্রকার পিড়কা ও বিস্তৃত মণ্ডল এবং শ্যাব রক্ত বর্ণ কোমল চঞ্চল বৃত্তাকার শোথ হয়। ত্রিমণ্ডলাদি দূষী বিষযুক্ত লূতার দংশনে ক্ষত স্থান কৃষ্ণ বা শ্যাববর্ণ জালকাচিত হয় ও দগ্ধাকৃতি হইয়া অত্যন্ত পাকে এবং দুর্গন্ধ ক্লেদ নির্গত করে। সৌবর্ণিকাদি অসাধ্য লূতা দংশনে দংষ্ট স্থানে শোথ হয়, রোগীর গাত্রে শ্বেত কৃষ্ণ রক্ত অথবা পীত বর্ণ পীড়কা প্রকাশ হয় এবং অত্যন্ত জ্বর, শ্বাস, হিক্কা ও শিরঃপীড়া হইয়া প্রাণত্যাগ হয়। আখু অর্থাৎ মূষিকের বিষ সাধ্যাসাধ্য ভেদে দুই প্রকার।

আদংশাচ্ছোণিতং পাণ্ডু মণ্ডলানি জ্বরোঽরতিঃ। লোমহর্ষশ্চ দাহশ্চাপ্যা-
খুদূষীবিষার্দ্দিতে। মূর্চ্ছাঙ্গশোথ বৈবর্ণ্য ক্লেদশব্দাশ্রুতি জ্বরাঃ।
শিরোগুরুত্বং লালাসৃক্ ছর্দ্দিশ্চাসাধ্য মূষিকৈঃ।

সাধ্য বা দূষীবিষ যুক্ত আখুর দংশনে আঘাত করিবা মাত্র রক্ত নিঃসৃত হয়, গাত্রে পাণ্ডুবর্ণ মণ্ডল উৎপন্ন এবং রোগীর গ্লানি, রোমহর্ষ, দাহ ও জ্বর হয়। অসাধ্য মূষিক বিষপীড়িত ব্যক্তির মূর্চ্ছা বধিরতা শিরোগুরুতা লালা রক্তবমন জ্বর শোথ এবং অঙ্গের বিবর্ণতা হয়।

কার্ষ্ণ্যঃ শ্যাবত্বমথবা নানাবর্ণত্বমেব বা। মোহোথবর্চ্চসো ভেদো দষ্টঃ
স্যাৎ কৃকলাসকৈঃ। দহত্যগ্নিরিবাদৌ চ ভিনত্তীবার্দ্ধ মাশু চ। বৃশ্চিকস্য

বিষং যাতি দংশে পশ্চাত্তু তিষ্ঠতি। দষ্টোঽসাধ্যশ্চ হৃদ্‌ঘ্রাণরসনোপহতো নরঃ। মাংসৈ পতদ্ভিঃ কৃচ্ছ্রার্তং বেদনাভ্যোজহাত্যসূন্। বিসর্পঃ শ্বয়থুঃ শূলং জ্বরশ্ছর্দ্দি রথাপি চ। লক্ষণং কণভৈর্দষ্টে দংশশ্চৈবাবসীদতি। হৃষ্টলোমোচ্চিটিঙ্গেন স্তব্ধলিঙ্গো ভৃশার্ত্তিমান্। দষ্টঃ শীতোদকেনেব সিক্তান্যঙ্গানি মন্যতে। এক দংষ্ট্রার্পিতঃ শূনঃ সরুজঃ পীড়কাকৃষা। ছর্দ্দিনিদ্রা চ স বিষৈ র্মণ্ডূকৈ র্দষ্টলক্ষণং। মৎস্যাস্তু স বিষাঃ কুর্য্যুদাহং শোথং রুজং তথা। কণ্ডূং শোথং জ্বরং মূর্চ্ছাং স বিষাস্তু জলৌকসঃ। বিদাহং শ্বয়থুং তোদং স্বেদঞ্চ গৃহগোধিকা। দংশে স্বেদং রুজং দাহং কুর্য্যাচ্ছতপদী বিষং।

কৃকলাশ অর্থাৎ গিরগিট দংশনে রোগীর মোহ ও মলরেচন এবং দেহ কৃষ্ণ শ্যাব অথবা পাণ্ডুবর্ণ হয়। বৃশ্চিক দংশনে প্রথমতঃ অগ্নির ন্যায় দাহ ও ভেদনবৎ বেদনা জন্মে এবং বিষ আশু ঊর্দ্ধগামী হয়, পরে উহা দংশিত স্থানে অবস্থিতি করে। হৃদয় নাসিকা অথবা জিহ্বামধ্যে বৃশ্চীক দংশন করিলে মনুষ্যের মৃত্যু হয়, এই রূপ অসাধ্য বৃশ্চীক দংশনে অত্যন্ত বেদনা ও মাংস বিগলিত হইয়া প্রাণত্যাগ হয়। কণভ দংশনে বীসর্প শোথ শূল জ্বর বমন এবং অবসাদ হয়। উচ্চিটিঙ্গ অর্থাৎ উচ্চিঙ্গরা দংশনে রোমহর্ষ স্তব্ধতা এবং অত্যন্ত বেদনা হয় এবং বোধ হয় অঙ্গসমূহ শীতল জলে সিক্ত হইতেছে। বিষমণ্ডূকের দংশনে বেদনাযুক্ত শোথ ও পীড়কা উৎপন্ন এবং রোগীর তৃষ্ণা বমন ও নিদ্রাভিভূততা হয়, ইহাদের দংশন স্বভাবতঃ এক দংষ্ট্রকৃত হইয়া থাকে। বিষযুক্ত মৎস্যদংশন হইতে দাহ শোথ এবং বেদনা হয়। বিষযুক্ত জলৌকস বা জোঁকের দংশন হইতে কণ্ডু শোথ জ্বর ও মূর্চ্ছা হয়। গৃহগোধিকা অর্থাৎ টিকটীকির বিষ হইতে বিদ্ধনবৎ বেদনা দাহ শোথ ও ঘর্ম্ম উৎপন্ন হয়। শতপদী অর্থাৎ কেন্নু বিষে ঘর্ম্ম দাহ এবং বেদনা হয়।

কণ্ডূমান্ মশকৈ র্বিষং শোথস্যাম্মন্দ বেদনঃ। অসাধ্যকীটসদৃশ মসাধ্যং মশকক্ষতং। সদ্যঃ প্রস্রাবিণী শ্যাবা দাহমূর্চ্ছা জ্বরান্বিতাঃ। পীড়কা মক্ষিকাদংশে তাসান্তু স্থগিকা সুকৃৎ। চতুষ্পাদ্ভি র্দ্বিপদ্ভিশ্চ নখ দন্ত বিষঞ্চ যৎ। পূয়তে পচ্যতে বাপি স্রবতি জ্বরয়ত্যপি। প্রশান্তদোষং প্রকৃতিস্থ ধাতু মন্নাভিকাষং সমমূত্রবিট্‌কং। প্রসন্নবর্ণেন্দ্রিয়চিত্তচেষ্টং বৈদ্যোঽবগচ্ছেদবিষং মনুষ্যং।

মশকবিষে কণ্ডূ শোথ এবং অল্প বেদনা হয়। পার্ব্বতীয় মশক বিষ অসাধ্য কীটাদি বিষের ন্যায় সাংঘাতিক হয়। মক্ষিকা দংশনে দাহ মূর্চ্ছা ও জ্বর এবং শ্যাব বর্ণ ও সদ্যস্রাব বিশিষ্ট পীড়কা উৎপন্ন হয়। পূর্ব্বোক্ত ছয় প্রকার মক্ষিকামধ্যে স্থগিকা নামা মক্ষিকা প্রাণ নাশ করে। চতুষ্পাদ এবং দ্বিপদবিশিষ্ট জন্তুদিগের নখ অথবা দন্তাদিসের দ্বারা জ্বর শূলসঞ্চার মাংসপাক ও স্রাব নির্গত হয়। বিষাতুর মনুষ্য আরোগ্য হইলে তাহার প্রকুপিত দোষ সমূহ শান্ত হয়, ধাতু সকল স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হয়, অন্নে অভিরুচি ও মল মূত্র প্রকৃত রূপে ত্যাগ এবং বর্ণ ইন্দ্রিয় চিত্ত ও চেষ্টা প্রসন্ন হয়।

দর্শনস্পর্শনপ্রশ্নৈঃ পরীক্ষা ত্রিবিধা মতা। বয়োবর্ণশরীরাণামিন্দ্রিয়াণাঞ্চ দর্শনাৎ॥

দর্শন স্পর্শন এবং প্রশ্ন এই ত্রিবিধ উপায় দ্বারা রোগ পরীক্ষা করা যায়, বয়ঃক্রম বর্ণ দেহ ইন্দ্রিয়দিগের অবস্থা দর্শনেও রোগীর অবস্থা জ্ঞান হয়।

ইতি শ্রীমাধবকর প্রণীত নিদান

সমাপ্ত।

THE MATERIA MEDICA OF THE HINDUS

By Udoy Chand Dutt, Civil Medical Officer

With a glossary of Indian plants by George King M. B. F. L. S. Superintendent Royal Botanical Garden, Calcutta and the author

PRICE RS. SIX THACKER SPINK & Co

This is the most interesting work on the Materia Medica of India which has yet been published in the English language and will be welcomed by all students of the history of medicine It is only through the united efforts of English educated native scholars that we can hope to acquire an adequate knowledge of the numerous repertory of pharmaceutical and therapeutical learning treasured up in the ancient Sanskrit medical literature of India and of which we still really know nothing. Dr Wise in his commentary on the Hindu System of Medicine has given us a pretty full account of the anatomy, pathology and surgery of the Hindus; and Dr Royle in his Himalayan Botany has almost exhausted the fascinating subject of the history of Indian drugs as derived from Greek and Latin and Arabic and Persian authorities. But in the present work we have for the first time a strict compilation as regards prescribing, compounding and the therapeutics of the actual texts of the principal Hindu writers on Materia Medica. * * *

Dr. Udoy Chand Dutt does not enter into any critical examination of the history of Indian drugs, but his knowledge of the Sanskrit authorities is so extensive and accurate, that his casual remarks afford or suggest solutions of several controversies as to the first introduction of foreign drugs into India and of Indian drugs into Europe.

DR. BIRDWOOD IN THE ACADEMY AUGUST 1877.

Although the author modestly describes the book as a compilation from standard Sanskrit medical works, he has evidently brought very considerable personal knowledge to bear upon it, availed himself of all the possible sources of information, and exercised great descrimination in distinguishing between the practical uses of the drugs from those which are occasional, or in many cases only theoretical. The author has evidently taken great pains also to make the work as trust-

worthy as possible, having given the original Sanskrit text in foot-notes so that the reader may be able to compare it with the translations given. * * * *

Much interesting information will be found scattered throughout the book; the general tenor of it shews that the Hindus are far in advance of many other Asiatic peoples in their knowledge of the properties of medicine and that they use with boldness and skill many powerful medicines, such as arsenic, aconite, mercury, &c.

A very comprehensive glossary of the native names of Indian plants in Sanskrit and vernacular with their scientific equivalents, and a good index, conclude a work which should be in the hands of every European physician in India, and which from its intrinsic value should find a place in every medical and pharmaceutical library.

THE PHARMACEUTICAL JOURNAL AND TRANSACTIONS:
FEBRUARY 1878.

It may be thought by some readers that the results to medical science of the present day are hardly commensurate with the labour evidently bestowed upon this book by the learned author; but still the information conveyed is very interesting not only to those numerous members of the profession who may be practising in India but also to the cultivators of therapeutical knowledge throughout the world. * * * *

MEDICAL TIMES AND GAZETTE. JUNE 1878.

It is a very valuable work and I am delighted to see a Hindu scholar throwing so much light on a most important but little known branch of Sanskrit learning.

PROFESSOR E. B COWELL.

Fills up a gap in the English Medical Literature of India.

INDIAN MEDICAL GAZETTE.

The work forms a valuable contribution to the history of drugs and will be found both useful and interesting by every student of medicine. Nor is it without interest to the general reader to whom the descriptions will be perfectly intelligible.

* * * * *

The glossary of Indian plants that concludes the volume affords one more illustration of the valuable results that must always follow in a combination of skilled European and native labour on such subjects. There are many similar publications

in existence, but they are for the most part defective and obsolete. The combined work of Dr. Dutt and Dr. King has produced a most valuable contribution to the botanical science of the world.

CALCUTTA REVIEW JULY 1877.

If Babu Udoy Chand Dutt is disappointed in the circulation of his work it will not be for want of a worthy design or of any of the qualities necessary to its successful accomplishment, but of a class of appreciative readers, sufficiently large to give his labours usefulness of the high order at which he aims.

ENGLISHMAN.

From this it will be found that Babu Udoy Chand Dutt not confiding wholly in his own knowledge of the Sanskrit texts has secured the help of the highest authorities accessible on the subject and has spared no pains in rendering the materials of his work as accurate and correct as possible, and we have no hesitation in declaring his "Hindu Materia Medica" to be one of the most valuable contributions to Indian medical literature added during the present age. His work will be considered as a glorious example of what a well educated doctor with long experience and a disinterested love for his fellow beings and with a true appreciation of what was good in olden times, can do for his own country. Our acknowledgements are due to him for his eminent services to the cause of the Hindu system of medicine, which will, we hope, continue to receive fresh exposition from him. Now that our doctors are more apt to come into contract with our native physicians, the Kavirajes, and now that the value of the Hindu system of treatment and of indigenous drugs in chronic diseases is beginning to be more and more appreciated, it will be well for all medical practitioners in India to secure a copy of Babu Udoy Chand Dutt's "Hindu Materia Medica". The knowledge of the Hindu system of medicine so long considered difficult to attain, has by the present work been made much easier of acquisition.

THE INDIAN MIRROR, APRIL 27, 1877.

NIDANA,

TRANSLATED INTO BENGALI

By, Udoy Chand Dutt. Civil Medl. Officer.

Price Rs. 1. 8. Ayur-Veda Press, Calcutta.

Nidana is a Sanskrit treatise on Hindu medicine, compiled by Madhub Kar, who lived many hundred years ago. It was intended for the benefit of the ordinary class of students, who, for certain reasons, had no access to the more learned works of Charaka and Susruta. It may, therefore, be accepted as one of the text-books of the Hindu Medical Schools. It gives a clear and concise account of all the diseases and injuries known to the Hindu physicians up to the time when it was written, including their diagnosis and prognosis. The whole work is evidently based on clinical experience, and, as a didactic record of facts, it is very valuable. But, for the explanations of these facts, they are often interwoven with absurd theories and doctrines which take the place of physiology and pathology.

Being free from barbarous interpolations and foreign words it is calculated to chasten the language of the new vernacular medical literature. On this account we trust government will insist on a knowledge of this work by all their licenciates in Bengali and English. In that way alone can a proper taste be created for a careful study of Bengali, the want of which is painfully apparent in many of the recently issued vernacular medical publications.

INDIAN MEDICAL GAZETTE, JANUARY, 1874.

The author before us belongs to the pre-university era. A good English scholar, a reputed master of the healing art, with an inquisitive turn of mind, and thoroughly alive to the merits of the indigenous system of medicine, he possesses many qualifications for expounding the principles of the Sanskrit System of medicine, and has performed well his self-elected task. In his preface to the work before us he says that it is a literal translation of the Sanskrit treatise on pathology, compiled by Madhava Kara, and generally known under the name of Nidana. It gives a pretty full account of the diseases known to the ancient Hindus, and it has been the text-book on medicine for native physicians from a long time past. With a view to enable the reader versed in English medicine readily to identify the diseases described in this work our author, wherever it has been practicable, has given their equivalent English names in foot-notes. This translation is a valuable contribution to Indian Medical Literature.

HINDOO PATRIOT, OCTOBER 20, 1873.

অথ মূর্চ্ছাভ্রমনিদ্রা সংন্যাসনিদানং।

ক্ষীণস্য বহুদোষস্য বিরুদ্ধাহারসেবিনঃ। বেগাঘাতাদভীঘাতাদ্ধীনসত্ত্বস্য বা পুনঃ। করণায়তনেষূগ্রাবাহ্যেষ্বাভ্যন্তরেষু চ। নিবিশন্তে যদা দোষা স্তদা মূর্চ্ছন্তি মানবাঃ। সংজ্ঞা বহাসু নাড়ীষু পিহিতাস্বনিলাদিভিঃ। তমোঽভ্যুপৈতিসহসা সুখদুঃখব্যপোহকৃৎ। সুখদুঃখব্যপোহাচ্চ নর পততি কাষ্ঠবৎ। মোহোমূর্চ্ছেতি তামাহুঃ ষড়্‌বিধা সা প্রকীর্ত্তিতা। বাতাদিভিঃ শোণিতেন মদ্যেন চ বিষেণ চ। ষট্‌স্বপ্যেতাসু পিত্তন্তু প্রভুত্বেনাবতিষ্ঠতে।

ক্ষীণ বিপুল দোষ যুক্ত এবং বিরুদ্ধ আহারসেবী ব্যক্তিদিগের, বেগ রোধকারী বা লগুড়াদির দ্বারা আহত ব্যক্তিদিগের এবং হীনসত্ত্বগুণবিশিষ্ট মনুষ্যের উগ্রদোষ সমূহ যখন মনের অভ্যন্তর (১) এবং বাহ্য আয়তন সমূহে প্রবেশ করে, তখন মানব মূর্চ্ছা যায়। বাতাদি দোষের দ্বারা সংজ্ঞাবহ নাড়ী সকল আবৃত হইলে সহসা সুখ দুঃখনাশক তমোগুণ বৃদ্ধি পায় এবং এই হেতু মনুষ্য কাষ্ঠের ন্যায় ভূমিতে পতিত হয়। এই রোগকে মোহ এবং মূর্চ্ছা কহে। ইহা ছয় প্রকার কথিত আছে যথা, বাত, পিত্ত, কফ, রক্ত, মদ্য এবং বিষজনিত। এই ছয় প্রকারেই পিত্তের প্রাধান্য জানিবে। সর্ব্বপ্রকার মূর্চ্ছা প্রকাশ হইবার পূর্ব্বে হৃৎপীড়া হাই শরীরের গ্লানি এবং জ্ঞানের দুর্ব্বলতা অনুভব হয়।

হৃৎপীড়াজৃম্ভণং গ্লানিঃ সংজ্ঞা দৌর্ব্বল্য মেবচ। সর্ব্বাসাং পূর্ব্বরূপাণি যথাস্বঞ্চ বিভাবয়েৎ। নীলবা যদি বা কৃষ্ণমাকাশমথ বারুণং। পশ্যংস্তমঃ প্রবিশতি শীঘ্রঞ্চ প্রতিবুধ্যতে। বেপথুশ্চাঙ্গমর্দ্দশ্চ প্রপীড়াহৃদয়স্য চ। কার্শ্যং শ্যাবারুণাচ্ছায়া মূর্চ্ছায়েবাতসম্ভবে। রক্তং হরিতবর্ণং বা বিয়ৎপীতমথাপি বা। পশ্যংস্তমঃ প্রবিশতি সস্বেদশ্চ প্রবুধ্যতে। সপিপাসঃ সসন্তাপোরক্ত-পীতাকুলেক্ষণঃ। সংভিন্নবর্চ্চাঃ পীতাঙ্গো মূর্চ্ছায়ে পিত্তসম্ভবে। মেঘসঙ্কাশ-

---

(১) মনের অভ্যন্তর আয়তন বা মনোবহ স্রোত সমূহ অর্থাৎ যে সকল নাড়ীদ্বারা মন, ইন্দ্রিয়ের স্থান সমূহ প্রাপ্ত হয় এবং বাহ্য আয়তন অর্থাৎ চক্ষু কর্ণ নাসিকা ইত্যাদি।

মাকাশমাবৃতং বা তমোঘনৈঃ। পশ্যং স্তমঃ প্রবিশতি চিরাচ্চ প্রতিবুধ্যতে। গুরুভিঃ প্রাবৃতৈরঙ্গৈর্যথৈবাদ্রেণ চর্ম্মণা। সপ্রসেকঃ সহৃল্লাসো মূর্চ্ছায়ে কফসম্ভবে।

বাতজনিত মূর্চ্ছা রোগে আকাশ নীল কৃষ্ণ অথবা অরুণবর্ণ দৃশ্য হইয়া মূর্চ্ছা হয় কিন্তু পুনরায় শীঘ্র জ্ঞান হয়। কম্প অঙ্গমর্দ্দন হৃদয়ের পীড়া ও দুর্ব্বলতা হয় এবং চর্ম্ম শ্যাব বা অরুণবর্ণ প্রাপ্ত হয়। পিত্তোদ্ভবা মূর্চ্ছাতে আকাশ রক্ত হরিৎ বা পীতবর্ণ দৃশ্য হইয়া মূর্চ্ছা হয় এবং রোগী ঘর্ম্ম যুক্ত হইয়া পুনরায় সংজ্ঞা লাভ করে, পিপাসা ও সন্তাপ, চক্ষু রক্ত পীত বা অরুণবর্ণ, মলত্যাগ এবং গাত্র পীতাভ হয়। কফসম্ভব মূর্চ্ছাতে রোগী আকাশকে মেঘাচ্ছন্ন অথবা অন্ধকারাবৃতবৎ দেখিয়া মোহ প্রাপ্ত হয়, বিলম্বে সংজ্ঞা লাভ করে, আদ্র চর্ম্মদ্বারা আচ্ছাদিতের ন্যায় গাত্র গুরুতা বোধ হয় এবং মুখ হইতে লালানিঃসরণ ও বমনভাব হয়।

সর্ব্বাকৃতিঃ সন্নিপাতাদপস্মার ইবাগতঃ। স জন্তুং পাতয়ত্যাশু বিনা বীভৎসচেষ্টিতৈঃ।

সন্নিপাতজনিতমূর্চ্ছা রোগ সর্ব্বলক্ষণাক্রান্ত হয় এবং মৃগিরোগের ন্যায় অতিশীঘ্র রোগীকে ভূমিষ্ঠ করে, কিন্তু ইহাতে মৃগিরোগের ন্যায় বীভৎস চেষ্টাসমূহ অর্থাৎ মুখে ফেণা, দন্ত সংঘটন, অক্ষিবিকৃত ইত্যাদি লক্ষণ হয় না সান্নিপাতিক মূর্চ্ছা ও মৃগিরোগের মধ্যে এই মাত্র প্রভেদ লক্ষ্য করিবে।

পৃথিব্যাপস্তমোরূপং রক্তগন্ধস্তদন্বয়ঃ। তস্মাদ্রক্তস্য গন্ধেন মূর্চ্ছন্তি ভুবি-মানবাঃ। দ্রব্যস্বভাব ইত্যেকে দৃষ্ট্বা যদভিমুহ্যতি। গুণাস্তীব্রতরত্বেন স্থিতাস্তু বিষমদ্যয়োঃ। তএবতস্মাত্তাভ্যাস্তু মোহৌস্যাতাং যথেরিতৌ। স্তব্ধাঙ্গ দৃষ্টিস্তুসৃজা গূঢ়োচ্ছ্বাসশ্চমূর্চ্ছিতঃ। মদ্যেন বিলপন্ শেতে নষ্টবিভ্রান্ত-মানসঃ। গাত্রাণি বিক্ষিপন্ ভূমৌ জরাং যাবন্নয়াতি তৎ। বেপথুস্বপ্নতৃষ্ণাঃ স্যুস্তমশ্চ বিষমূর্চ্ছিতে। বেদিতব্যং তীব্রতরং যথাস্বং বিষলক্ষণৈঃ।

রক্তজ মূর্চ্ছার নিদান নিম্নপ্রকারে নির্দ্দিষ্ট আছে যথা পৃথিবী এবং জলে বহু পরিমাণে তমোগুণ আছে এবং রক্তগন্ধ, পৃথিবী ও জল হইতে উৎপন্ন হয় বলিয়া কথিত আছে, এই জন্য শোণিতগন্ধ দ্বারা পৃথিবীজাত

মানব মূর্চ্ছা প্রাপ্ত হয়। কোন কোন গ্রন্থকার কহেন রক্তের দৃষ্টিমাত্রে যে মূর্চ্ছা হয় তাহা দ্রব্যের স্বভাব শক্তি মাত্র। বিষ এবং মদ্যে ব্যবয়াদি দশবিধ তীব্র গুণ (১) আছে, এই জন্য উহাদের দ্বারা মূর্চ্ছা উৎপন্ন হয়। রক্তজনিত মূর্চ্ছাতে অঙ্গ ও চক্ষুর স্তব্ধতা এবং অস্পষ্ট শ্বাস নির্গত হয়। মদ্যজ মূর্চ্ছাতে বুদ্ধি নষ্ট ও ভ্রম হয় ও যাবৎ মদ্য পরিপাক না পায় তাবৎ রোগী বিলাপ করতঃ ভূমিতে শয়ন করে এবং হাত পা ইতস্ততঃ বিক্ষেপণ করে। বিষজ মূর্চ্ছারোগে, কম্প, নিদ্রাবেশ এবং তৃষ্ণা হয়, অন্ধকারে প্রবিষ্টের ন্যায় বোধ হয় এবং যে যেমন বিষ, তদনুযায়িক অতি তীব্রতর লক্ষণ উৎপন্ন হয়।

মূর্চ্ছা পিত্ততমঃপ্রায়া রজঃপিত্তানিলাদ্ভ্রমঃ। চক্রবৎভ্রমতো গাত্রং ভূমৌ পততি সর্ব্বদা। ভ্রমরোগ ইতি জ্ঞেয়োরজঃপিত্তানিলাত্মকঃ। তমোবাত-কফাত্তন্দ্রা নিদ্রাশ্লেষ্মতমো ভবা। ইন্দ্রিয়ার্থেষ্বসংবিত্তি র্গৌরবং জৃম্ভণং ক্লমঃ। নিদ্রার্ত্তস্যেব যস্যেহা তস্য তন্দ্রাং বিনির্দ্দিশেৎ। দোষেষু মদমূর্চ্ছায়া হৃত-বেগেষু দেহিনাং। স্বয়মেবোপশাম্যন্তি সংন্যাসোনৌষধৈ র্ব্বিনা।

মূর্চ্ছা, তন্দ্রা ভ্রম এবং নিদ্রার নিদান নিম্নপ্রকার কথিত আছে যথা মূর্চ্ছা, পিত্ত এবং তমোগুণের আধিক্য হইতে উৎপন্ন হয়। পিত্ত অনিল এবং রজোগুণ হইতে ভ্রম জন্মে। যে রোগে শরীর সর্ব্বদা চক্রের ন্যায় ঘুরে এবং ভুমিতে পতিত হয়, তাহাকে ভ্রম কহে, রজোগুণ, বাত ও কফ হইতে তন্দ্রার এবং কফ ও তমোগুণ, হইতে নিদ্রার উৎপত্তি হয়। তন্দ্রাতে মনুষ্য ইন্দ্রিয় সমূহের স্ব স্ব বিষয়ে চেষ্টা রহিত হয়, শরীরেরভার হাই ও ক্লান্তি হয় এবং নিদ্রাভিভুতের ন্যায় বোধ হয়। মদ্য জনিত মূর্চ্ছা এবং সংন্যাস রোগের প্রভেদ নিম্ন প্রকার নির্দ্দিষ্ট আছে, যথা সংন্যাসরোগ, ঔষধ বিনা আরোগ্য হয় না কিন্তু মদ্যজমূর্চ্ছা দোষের বেগ নিবৃত্ত হইলে স্বয়ং উপশম হয়।

(১) দশবিধগুণ, যথা লঘু, রুক্ষ, আশু, বিষদ, ব্যবায়ি, তীক্ষ্ণ বিকাসি, সূক্ষ্ম, উষ্ণ এবং অনির্দ্দেশ্যরস।

বাগ্দেহমনসাং চেষ্টা মাক্ষিপ্যাতিবলামলাঃ। সংন্যস্যন্ত্যবলং জন্তুংপ্রাণা-
য়তনসমাশ্রিতাঃ। স নাসংন্যাসসংন্যস্তঃ কাষ্ঠীভূতো মৃতোপমঃ। প্রাণৈর্বিমুচ্যতে
শীঘ্রং মুক্ত্বাসদ্যঃফলাং ক্রিয়াং।

সংন্যাস রোগের নিদান নিম্নপ্রকার কথিত আছে যথা, প্রাণস্থানআশ্রিত অতি বলবান প্রকুপিত দোষ শরীর, বাক্য এবং মানসিক চেষ্টাকে নষ্ট করিয়া দুর্ব্বল মনুষ্যকে মোহযুক্ত করে এবং সেই মোহযুক্ত পুরুষ কাষ্ঠের ন্যায় মৃতদেহ স্বরূপ ভূমিতে পতিত হয় এবং সদ্য উপকারি চিকিৎসা না হইলে শীঘ্রই প্রাণত্যাগ করে।

অথ পানাত্যয়পরমদপানাজীর্ণপান বিভ্রম নিদানং।

যে বিষস্যগুণাঃ প্রোক্তা স্তেঽপিমদ্যে প্রতিষ্ঠিতাঃ। তেন মিথ্যোপচারেণ
ভবত্যুগ্রো মদাত্যয়ঃ। কিন্তু মদ্যং স্বভাবেন যথৈবান্নংতথা স্মৃতং। অযুক্তিযুক্তং
রোগায় যুক্তিযুক্তং যথামৃতং। প্রাণাঃপ্রাণভৃতামন্নং তদযুক্ত্যানিহন্ত্যসূন্।
বিষং প্রাণহং তচ্চ যুক্তিযুক্তং রসায়নং। বিধিনা মাত্রয়াকালে হিতৈরন্নৈর্যথা
বলং। প্রহৃষ্টোযঃ পিবেন্ মদ্যং তস্যস্যাদমৃতোপমং। সিগ্ধৈস্তদন্নৈর্মাংসৈশ্চ
ভক্ষৈশ্চ সহসেবিতং। ভবেদায়ুঃ প্রকর্ষায় বলায়োপচয়ায় চ। কাম্যতামন-
সস্তুষ্টি স্তেজোবিক্রম এবচ। বিধিবৎ সেব্যমানে তু মদ্যেসন্নিহিতা গুণাঃ।

বিষের যে সমস্ত গুণ উক্ত হইয়াছে তাহা মদ্যতেও বর্ত্তমান আছে, এই-হেতু অনিয়ম মদ্যপান করিলে উগ্রমদাত্যয় রোগ জন্মে, কিন্তু মদ্য স্বভাবতঃ অন্নের স্বরূপ এবং উহার ন্যায় অযুক্তি ক্রমে প্রযুক্ত হইলে রোগ জন্মায় ও যুক্তিযুক্ত ব্যবহৃত হইলে অমৃত স্বরূপ হয়। যেমন প্রাণিদিগের প্রাণ স্বরূপ যে অন্ন, তাহাই আবার অযুক্তিরূপ আহার করিলে প্রাণনাশকারী হয় এবং প্রাণনাশক যে বিষ তাহাও যুক্তিরূপে প্রয়োগ করিলে রসায়ন অর্থাৎ বলকারক হয়। বিধিমত উচিতমাত্রায় উচিতকালে এবং হিতকর অন্নের সহিত যে ব্যক্তি হৃষ্ট চিত্তে আপন বল অনুযায়িক মদ্য সেবন করে তাহার সে মদ্য অমৃতের সমান উপকারী হয়। ঘৃত, অন্ন এবং মাংসের সহিত মদ্য

সেবন করিলে আয়ু ও বল বৃদ্ধি এবং শরীর স্থূলাকার হয়। বিধিমত মদ্য পান করিলে রমণীয় মূর্ত্তি ও মনের সন্তোষ হয়।

বুদ্ধিস্মৃতি প্রীতিকরঃসুখশ্চ পানান্ননিদ্রারতিবর্দ্ধনশ্চ। সংপাঠগীতস্বরবর্দ্ধনশ্চ প্রোক্তোঽতিরম্যঃ প্রথমো মদোহি। অব্যক্তবুদ্ধিস্মৃতিবাগ্বিচেষ্টঃ সোন্মত্ত-লীলাকৃতিরপ্রশান্তঃ। আলস্যনিদ্রাভিহতো মুহুশ্চ মধ্যেন মত্তঃ পুরুষো মদেন। গচ্ছেদগম্যাংনগুরূংশ্চ মন্যেৎ খাদেদভক্ষ্যানি চ নষ্টসংজ্ঞঃ। ব্রূয়াচ্চ-গুহ্যানি হৃদিস্থিতানি মদেতৃতীয়ে পুরুষোঽস্বতন্ত্রঃ॥ চতুর্থেতু মদে মূঢ়ো ভগ্ন-দার্ব্বিব নিষ্ক্রিয়ঃ। কার্য্যাকার্য্যবিভাগজ্ঞো মৃতাদপ্যপরোমৃতঃ। কো মদং তাদৃশং গচ্ছেদুন্মাদমিব চাপরং। বহুদোষমিবা মূঢ়ঃ কান্তারং স্ববশঃকৃতী।

মদমত্ততা, অবস্থাবিশেষে চারিপ্রকার হইয়া থাকে। মদের প্রথম অবস্থা অতিমনোরম ও সুখদায়ক। ইহাতে প্রীতি ও বুদ্ধি এবং স্মৃতিশক্তির উত্তেজন, পান অন্ন এবং নিদ্রাতে অনুরাগবৃদ্ধি এবং পুস্তকাদি পাঠ ও নৃত্য গীতাদিতে আসক্তি ও স্বর বর্দ্ধিত হয়। মধ্যম মদাবস্থায় বুদ্ধি স্মৃতি ও বাক্যের অস্পষ্টতা হয় এবং মনুস্য বিরুদ্ধ চেষ্টান্বিত, উগ্রমূর্ত্তি ও পাগলের ন্যায় হইয়া মুহুর্মুহুঃ আলস্য ও নিদ্রাভিভূত হয়। তৃতীয় মদাবস্থায় মনুষ্য স্বতন্ত্র বা স্বাধীন থাকে না, অগম্যা স্ত্রীতে গমনশীল হয়, গুরুজনকে অমান্য করে, অভক্ষ্য দ্রব্য ভক্ষণ করে, জ্ঞান শূন্য হয় এবং হৃদয়স্থিত গুহ্য কথা প্রকাশ করে। চতুর্থ অবস্থায় মূঢ় মদ্যপায়ীমনুষ্য কার্য্যাকার্য্যজ্ঞানশূন্য হইয়া ভগ্ন কাষ্ঠের ন্যায় অকর্ম্মণ্য হয় এবং মৃতব্যক্তিরও অধম হইয়া পড়ে। এই রূপ অপর একটী উন্মাদ স্বরূপ মদমত্ততা, কোন্‌জ্ঞানী স্বাধীন এবং কৃতকৃত্য পুরুষ প্রাপ্ত হইতে ইচ্ছা করে। অর্থাৎ কেহই করে না। যেমন হিংস্র জন্তু বিশিষ্ট দুর্গম পথে কোন বুদ্ধিমান মনুষ্য গমন করে না।

নির্ভক্তমেকান্ততএব মদ্যং নিষেব্যমানং মনুজেন নিত্যং। আপাদয়েৎ কষ্টতমান্ বিকারা নাপদয়েচ্চাপি শরীরভেদং। ক্রুদ্ধেন ভীতেন পিপাসিতেন শোকাভিতপ্তেন বুভুক্ষিতেন। ব্যায়ামভারাধ্ব পরিক্ষতেন বেগাবরোধাভি-হতেন চাপি। অত্যম্লভক্ষাবততোদরেণ সাজীর্ণভুক্তেন তথাবলেন। উষ্ণা-ভিতপ্তে নচ সেব্যমানং করোতিমদ্যং বিবিধান্‌বিকারান্। পানাত্যয়ং পরমদং পানাজীর্ণমথাপি বা। পান বিভ্রমমুগ্রঞ্চ তেষাং বক্ষ্যামিলক্ষণং।

হিক্কাশ্বাস শিরঃকম্প পার্শ্বশূলপ্রজাগরৈঃ। বিদ্যাদ্বহুপ্রলাপস্য বাতপ্রায়ং মদাত্যয়ং। তৃষ্ণাদাহজ্বরস্বেদ মোহাতিসারবিভ্রমৈঃ। বিদ্যাদ্ধরিতবর্ণস্য পিত্তপ্রায়ং মদাত্যয়ং। ছর্দ্দ্যরোচকহৃল্লাস তন্দ্রাস্তৈমিত্যগৌরবৈঃ। বিদ্যাচ্ছীতপরীতস্য কফপ্রায়ং মদাত্যয়ং। জ্ঞেয়স্ত্রিদোষজশ্চাপি সর্ব্বলিঙ্গৈর্মদাত্যয়ঃ। শ্লেষ্মোচ্ছ্রয়োঽঙ্গগুরুতা বিরসাস্যতাচ বিণ্মূত্রসক্তিরথতন্দ্রর রোচকশ্চ। লিঙ্গং পরস্য চ মদস্যবদন্তি তজ্জ্ঞা স্তৃষ্ণারুজাশিরসি সন্ধিষু চাপি ভেদঃ। আধ্মানমুগ্রমথচোদ্গিরণং বিদাহঃ পানে জরাং সমুপগচ্ছতি লক্ষণানি। হৃদ্গাত্র তোদকফসংস্রবকণ্ঠধূমা, মূর্চ্ছাবমিজ্বরশিরোরুজন প্রদাহাঃ। দ্বেষঃ সুরান্নবিকৃতেষ্বপিতেষু তেষু তৎপানবিভ্রম মুশন্ত্যখিলেন ধীরাঃ। হীনোত্তরৌষ্ঠমতিশীতমমন্দদাহং তৈলপ্রভাস্যমপিপানহতংত্যজেতু। জিহ্বৌষ্ঠদন্তমসিতন্ত্বথ বাপি নীলং পীতঞ্চ যস্য নয়নে রুধিরপ্রভে বা। হিক্কাজ্বরৌ বমথুবেপথুপার্শ্ব শূলাঃ কাসভ্রমাবপি চ পানং হতং ত্যজন্তে॥

অনশন অবস্থায় অতিরিক্ত মদ্যপান করিলে অতিশয় কষ্টদায়ক মদাত্যয়াদি রোগ সমূহ উৎপন্ন হয় এবং শরীর নষ্ট হয়। ক্রুদ্ধ ভীত, পিপাসাগ্রস্ত, শোকান্বিত অথবা ক্ষুধিত ব্যক্তি দ্বারা. মল্লক্রিয়া ভারবহন অথবা পথপর্য্যটন হেতু ক্ষীণবল ব্যক্তিদ্বারা, মল মূত্রাদির বেগবিধারক অথবা অঘাতিতব্যক্তিদ্বারা. অত্যন্ত জলপান হেতু উদরস্ফীত ব্যক্তিদ্বারা, আহারের অজীর্ণাবস্থায় যে ব্যক্তি আহার করে তাহার দ্বারা এবং দুর্ব্বল ও উষ্ণাভিতপ্তব্যক্তি দ্বারা মদিরাপান করা হইলে নানা প্রকার রোগ উৎপন্ন হয় যথা, পানাত্যয়, পরমদ, পানাজীর্ণ ও পান বিভ্রম ইত্যাদি। ইহাদের লক্ষণ ক্রমে কথিত হইতেছে যথা, বাতাধিক্যমদাত্যয়ে হিক্কা শ্বাস শিরকম্প পার্শ্বশূল অনিদ্রা এবং অত্যন্ত প্রলাপ হয় (১)। পিত্তাধিক্য মদাত্যয়ে তৃষ্ণা দাহ জ্বর ঘর্ম্ম মোহ অতিসার বিভ্রম এবং শরীর হরিৎবর্ণ হয়। কফাধিক্য মদাত্যয়ে বমি অরুচি বমনেচ্ছা তন্দ্রা শরীরের আর্দ্রতা ও গুরুত্ব এবং শীতলত্ব হয়। ত্রিদোষজ মদাত্যয়ে উপরোক্ত বাতাদির সর্ব্বপ্রকার লক্ষণ দৃষ্ট হয়। পরমদের লক্ষণ নিম্ন প্রকারে কথিত আছে যথা, নাসিকা

(১) বাতাধিক্য মদাত্যয়ের লক্ষণ সমূহ ইংরাজী ডিলিরিয়ম ট্রিমেনস (delerium tremens.) রোগের সদৃশ বোধ হয়।

হইতে স্রাব নির্গমণ, শরীরের গুরুত্ব এবং সন্ধি সমূহে ভেদনবৎ বেদনা ও শিরঃ-পীড়া, মল ও মূত্রের বদ্ধতা, মুখের বিরসতা, তন্দ্রা পিপাসা এবং অরুচি। পানাজীর্ণ রোগে পেট্‌ফাঁপে উদ্‌গার উঠে এবং সর্ব্বাঙ্গে দাহ হয়। পানবিভ্রম রোগে শরীর ও হৃদয়ে বেদনা, কফনিঃসরণ, কণ্ঠ হইতে ধূমবৎ নির্গমন বোধ, মূর্চ্ছা বমি জ্বর শিরঃপীড়া ও প্রদাহ হয় এবং সুরা ও অন্ন বিকৃতিতে প্রস্তুতি-কৃত নানা প্রকার সুরা পিষ্টক লড্ডুকাদি দ্রব্যে দ্বেষ জন্মে। মদাত্যয়াদি রোগের অসাধ্য লক্ষণ নিম্ন প্রকার নির্দ্দিষ্ট আছে যথা, যে মদ্যপায়ী রোগীর নিম্ন ওষ্ঠ প্রলম্বমান মুখ তৈলাক্তবৎ, জিহ্বা ওষ্ঠ ও দন্ত কৃষ্ণ নীল অথবা পীতবর্ণ, নয়ন রক্তিমা বর্ণ এবং শরীরের বহির্ভাগ অত্যন্ত শীতল হয় ও অন্তরে অতিশয় দাহ জন্মে, তাহাকে বৈদ্যত্যাগ করিবে। পানাহত রোগী নিম্নলিখিত উপদ্রব সমূহদ্বারা প্রপীড়িত হয় যথা, হিক্কা জ্বর বমি কম্প পার্শ্বশূল কাস এবং ভ্রম (১)।

অথ দাহনিদানং।

ত্বচং প্রাপ্তঃ সপানোষ্মা পিত্তরক্তাভিমূর্চ্ছিতঃ। দাহং প্রকুরুতে ঘোরং পিত্তবত্তত্রভেষজং। কৃৎস্নদেহানুগং রক্ত মুদ্রিক্তং দহতি ধ্রুবং। স উষ্যতে তৃষ্যতে বা তাম্রাভ স্তাম্র লোচনঃ। লোহগন্ধাঙ্গবদনো বহ্নিনেবাবকীর্য্যতে। পিত্তজ্বরসমঃ পিত্তাৎ স চাপ্যস্য বিধিঃ স্মৃতঃ। তৃষ্ণানিরোধাদব্ধাতৌ ক্ষীণেতেজঃ সমুদ্ধতং। সবাহ্যাভ্যন্তরং দেহং প্রদহেন্মন্দচেতসঃ। সংশুষ্ক গলতাল্বোষ্ঠো জিহ্বাং নিষ্কৃষ্য বেপতে। অসৃজঃ পূর্ণকোষ্ঠস্য দাহোন্যঃ স্যাৎ

---

(১) ধ্বংসক এবং বিক্ষেপ নামা দুই প্রকার মদ্য বিকার, চরকে পঠিত আছে যথা, যে ব্যক্তি কখন মদ্যপান করে না, সে যদি সহসা অনেক মদিরা পান করে তাহার ধ্বংসক অথবা বিক্ষেপ রোগ জন্মে। যে রোগে কফস্রাব এবং মুখশোষ, শব্দের অসহিষ্ণুতা তন্দ্রা এবং নিদ্রাবেশ হয় তাহাকে ধ্বংসক রোগ কহে। যে রোগে হৃৎ এবং কণ্ঠ অবরুদ্ধ হয়, মূর্চ্ছা বমি অঙ্গবেদনা জ্বর তৃষ্ণা কাস এবং শিরঃশূল হয় তাহাকে বিক্ষেপ কহে।

সুদুস্তরং। ধাতুক্ষয়োক্তো যো দাহ স্তেন মূর্চ্ছাতৃড়র্দ্দিতঃ। ক্ষামস্বরঃ ক্রিয়া-হীনঃ সসীদেদ্ভৃশ পীড়িতঃ। মর্ম্মাভিঘাতজোপ্যস্তি সোঽসাধ্যঃ সপ্তমোমতঃ। সর্ব্ব এবচ বর্জ্যাঃ স্যুঃ শীতগাত্রেষু দেহিনঃ॥

দাহরোগ সপ্তপ্রকার কথিত আছে যথা মদ্যজনিত, রক্তজনিত, পিত্তজ, তৃষ্ণানিরোধজ, রক্তপূর্ণকোষ্ঠজ, ধাতুক্ষয়জ এবং মর্ম্মাভিঘাতজনিত। মদ্যজনিত দাহে মদ্য পান দ্বারা প্রকুপিত পিত্তোষ্মা, পিত্ত এবং রক্ত কর্তৃক বর্দ্ধিত হইয়া যখন চর্ম্মকে আশ্রয় করে তখন ঘোরতর দাহ উৎপন্ন হয়, ইহার চিকিৎসা কুপিত পিত্তের চিকিৎসার ন্যায় জানিবে। রক্তজনিত দাহে সমুদয় শরীরের রক্ত প্রকুপিত হইয়া শরীর দহন করে, রোগী সম্মুখস্থিত অগ্নিদ্বারা সন্তাপিতের ন্যায় বোধ করে, শরীর এবং অক্ষিদ্বয় তাম্রবর্ণ, তৃষ্ণা এবং বদনে ও গাত্রে লৌহবৎ গন্ধ হয়। পিত্তজদাহ পিত্তজ্বরের সমতুল্য লক্ষণযুক্ত হয় এবং ঐ রোগের ন্যায় চিকিৎসনীয় জানিবে। তৃষ্ণানিরোধজ দাহরোগের সম্প্রাপ্তি এবং লক্ষণ নিম্ন প্রকার নির্দ্দিষ্ট আছে যথা, যে অল্প বুদ্ধি মনুষ্য পিপাসা পাইলে জল পান না করে তাহার অপ্ধাতু ক্ষীণ হইয়া পিত্তের উষ্মা বর্দ্ধিত হয় এবং শরীরে বাহ্য ও অভ্যন্তর জ্বলিতে থাকে, গলা তালু ও ওষ্ঠ শুষ্ক হয় এবং মুখ হইতে জিহ্বা বাহির হইয়া কাঁপিতে থাকে। শস্ত্রাদি দ্বারা বিদ্ধ হইয়া কোন কোষ্ঠে রক্ত পূর্ণ হইলে যে অন্য এক প্রকার দাহ উৎপন্ন হয় তাহাকে রক্তপূর্ণ কোষ্ঠজ দাহ কহে, ইহা অতিশয় কষ্ট সাধ্য। ধাতুক্ষয় হেতু দাহ রোগে মূর্চ্ছা, তৃষ্ণা, ক্ষীণস্বর ও নিশ্চেষ্টতা হয় এবং দাহ অতিশয় প্রবল হইলে রোগী প্রাণত্যাগ করে। মর্ম্মস্থানের (১) অভিঘাত দ্বারা যে দাহ উৎপন্ন হয় উহাকে মর্ম্মাভিঘাতজ দাহ কহে, ইহা অসাধ্য। রোগীর গাত্র শীতল হইলে সর্ব্বপ্রকার দাহ অসাধ্য জানিবে।

অথ উন্মাদভূতোন্মাদ নিদানং।

মদয়ন্ত্যুদ্ধতা দোষা যস্মাদুন্মার্গমাগতাঃ। মানসোঽয়মতো ব্যাধিরুন্মাদ ইতি কীর্ত্তিতঃ। একৈকশঃ সর্ব্বশশ্চ দোষৈরত্যর্থ মূর্চ্ছিতৈঃ। মানসেন

---

(১) মর্ম্মস্থান যথা, হৃদয়, বস্তি এবং মস্তকাদি।

চ দুঃখেন সঙ্গ পঞ্চবিধো নতঃ। বিষাদ্ভবতি ষষ্ঠশ্চ যথাস্বং তত্রভেষজং। সচাপ্রবৃদ্ধ স্তরুণো মদসংজ্ঞাংবিভর্ত্তি চ। বিরুদ্ধদুষ্টাশুচিভোজনানি প্রধর্ষণং দেবগুরুদ্বিজানাং। উন্মাদহেতু র্ভয়হর্ষপূর্ব্বো মনোঽভিঘাতো বিষমাশ্চ চেষ্টাঃ। তৈরল্পসত্ত্বস্য মলাঃ প্রদুষ্টা বুদ্ধের্নিবাসং হৃদয়ং প্রদুষ্য। স্রোতাংস্যধিষ্ঠায় মনোবহানি প্রমোহয়ন্ত্যাশু নরস্য চেতঃ।

যে রোগে প্রকুপিত দোষ বিমার্গগামী হইয়া মনবিভ্রম জন্মায় সেই মানসব্যাধিকে উন্মাদ কহে। উন্মাদ রোগ ষষ্ঠ প্রকারে বিভক্ত যথা, বাতজ পিত্তজ শ্লেষ্মজ সান্নিপাতিক শোকজনিত এবং বিষজ। বিষজনিত উন্মাদ রোগে যে দোষ কুপিত হয় তাহা বিবেচনা করিয়া চিকিৎসা করিবে। উন্মাদ রোগ অপ্রবৃদ্ধ অর্থাৎ তরুণাবস্থায় মদ নামে কথিত হয়। নিম্ন লিখিত কারণ সমূহ হইতে উন্মাদ রোগ উৎপন্ন হয় যথা, বিরুদ্ধ দুষ্ট এবং অশুচি ভোজন, দেবতা গুরু ও ব্রাহ্মণের অভিশাপ, ভয় অথবা হর্ষ মনোভিঘাত এবং অসাধ্যসাধন চেষ্টা ইত্যাদি। উপরোক্ত নিদান সমূহদ্বারা প্রকুপিত দোষ, মনের নিবাসস্থান হৃদয়কে দূষিত করিয়া এবং মনোবহ স্রোত সমূহে অধিষ্ঠিত হইয়া স্বল্প জ্ঞান বিশিষ্ট মানবের চিত্তকে শীঘ্র মোহ যুক্ত করে।

ধীবিভ্রমঃসত্ত্বপরিপ্লবশ্চ পর্য্যাকুলাদৃষ্টিরধীরতা চ। অবদ্ধবাক্ত্বং হৃদয়ঞ্চ শূন্যং, সামান্যমুন্মাদগদস্য লিঙ্গং। রুক্ষাল্পশীতান্নবিরেক ধাতু ক্ষয়োপবাসৈরনিলোঽতিবৃদ্ধঃ। চিন্তাদি দুষ্টং হৃদয়ং প্রদুষ্য বুদ্ধিং স্মৃতিঞ্চাপ্যুপহন্তি শীঘ্রং। অস্থানহাস্যস্মিত নৃত্যগীত বাগঙ্গ বিক্ষেপণরোদনানি। পারুষ্যকার্শ্যারুণবর্ণতা চ, জীর্ণে বলঞ্চানিলজস্য রূপং। অজীর্ণ কট্বম্লবিদাহ্যশীতৈ র্ভোজ্যৈশ্চিতং পিত্তমুদীর্ণ বেগং। উন্মাদমত্যুগ্রমনাত্মকস্য হৃদিস্থিতং পূর্ব্ববদাশু কুর্য্যাৎ। অমর্ষসংরম্ভ বিনগ্ন ভাবাঃ সন্তর্জ্জনাতিদ্রবণৌষ্ণরোষাঃ। প্রচ্ছায়শীতান্নজলাভিলাষাঃ পীতা চ ভাঃপিত্তকৃতস্য লিঙ্গং। সংপূরণৈ র্মন্দবিচেষ্টিতস্য, সোষ্মাকফোমর্ম্মণি সংপ্রদুষ্টঃ। বুদ্ধিং স্মৃতিঞ্চাপ্যুপহত্যচিত্তং প্রমোহয়ন্ সংজনয়েদ্বিকারান্। বাক্চেষ্টিতং মান্দমরোচকশ্চ নারী বিবিক্তপ্রিয়তা চ নিদ্রা। ছর্দিশ্চ লালা চবলঞ্চ ভুক্তে নখাদি শৌক্ল্যঞ্চ কফাত্মকে স্যাৎ। যঃ সন্নিপাত প্রভবোঽতিঘোরঃ সর্ব্বৈঃ সমস্তৈঃ স চ হেতুভিঃ স্যাৎ। সর্ব্বাণি রূপাণি বিভর্ত্তিতাদৃগ্বিরুদ্ধভৈষজ্য বিধির্বিবর্জ্জ্যঃ।

সামান্য উন্মাদ রোগে বুদ্ধির ভ্রান্তি মনের চঞ্চলতা পর্য্যাকুলদৃষ্টি অধীরতা অসম্বন্ধবাক্য কথন এবং হৃদয়ের শূন্যতা হয়। বাতজ উন্মাদের সম্প্রাপ্তি নিম্ন প্রকার কথিত আছে, যথা, রুক্ষ অল্প ও শীতল অন্ন সেবন দ্বারা, বিরেচন এবং ধাতু ক্ষয বা উপবাসাদিদ্বারা, বায়ু অতিশয় বৃদ্ধি হইয়া চিন্তাযুক্ত হৃদয়কে দূষিত করতঃ বুদ্ধি এবং স্মৃতি শক্তিকে শীঘ্র নষ্ট করে। এই উন্মাদে রোগী অকারণে হাস্য কখন বা ঈষদ্ধাস্য করে, নৃত্য গীত অধিক বাক্য কথন অঙ্গ চালনা এবং রোদনাদিও করিয়া থাকে, গাত্রের কৃশত্ব কর্কশতা ও অরুণবর্ণতা হয় এবং আহার জীর্ণ হইলে রোগ বৃদ্ধি পায়। পৈত্তিক উন্মাদের সম্প্রাপ্তি ও লক্ষণ নিম্নরূপে বর্ণিত আছে, যথা অজীর্ণকারী কটু অম্ল ভাজা এবং উষ্ণ দ্রব্য সেবনদ্বারা হৃদয়স্থ সঞ্চিত পিত্ত কুপিত হইয়া অবশেন্দ্রিয় ব্যক্তি-দিগের চিত্তকে দূষিত করতঃ শীঘ্র অতি উগ্র উন্মাদ উৎপন্ন করে। পৈত্তিক উন্মাদে রোগী, অসহিষ্ণু, ভীত এবং সর্ব্বদা ক্রোধযুক্ত থাকে, মগ্ন হইয়া নৃত্যাদি করে, ভয় প্রযুক্ত পলাইয়া থাকিতে চেষ্টা করে শীতল ছায়া জল এবং অন্নে অভিলাষী হয় এবং শরীর উষ্ণ ও পীতাভ অর্থাৎ হরিদ্রা বর্ণযুক্ত হয়। অলস বা চেষ্টা রহিত মানবের অতি ভোজনদ্বারা পিত্তের সহিত কফ কুপিত হইয়া হৃদয় বুদ্ধি ও স্মরণশক্তিকে নষ্ট করিয়া চিত্তকে মোহযুক্ত করতঃ শ্লৈষ্মিক উন্মাদ রোগ উৎপন্ন করে, এই উন্মাদে রোগী সর্ব্বদা নির্জ্জনে থাকিতে ভাল বাসে, অল্প বাক্য কহে, স্ত্রীতে আশক্ত হয়, সর্ব্বদা নিদ্রাতে অভিভূত হইয়া থাকে, ত্বক মূত্র নেত্র ও নখাদি শুক্লবর্ণ, অরুচি বমন ও লালাস্রাব এবং আহার করিলে রোগের বৃদ্ধি হয়। সান্নিপাতিক উন্মাদ, প্রোক্ত সর্ব্বপ্রকার মিলিত কারণদ্বারা উৎপন্ন, এবং সর্ব্বলিঙ্গ যুক্ত হয়। এরূপ ঘোরতর বিরুদ্ধ চিকিৎসনীয় সান্নিপাতিক উন্মাদে রোগীকে বৈদ্য ত্যাগ করিবে।

চৌরৈর্নরেন্দ্রপুরুষৈররিভিস্তথান্যৈর্বিত্রাসিতস্য ধনবান্ধবসংক্ষয়দ্বা। গাঢ়ং-ক্ষতে মনসি চ প্রিয়য়ারিরংসোর্জায়েত চোৎকটতরো মনসো বিকারঃ। চিত্রং-ব্রবীতি চ মনোনুগতং বিসংজ্ঞো গায়ত্যথো হসতি রোদিতি চাপি মূঢ়ঃ। রক্তে ক্ষণো হতবলেন্দ্রিয়ভাঃ সুদীনঃ শ্যাবাননো বিষকৃতেথ ভবেদ্বি-সংজ্ঞঃ। অবাপ্তকীর্ত্যা দ্বক্ষী বা ক্ষীণমংসাবসো নরঃ। জাগরূকো হ্যসন্দেহ মুন্মাদেন বিমৃশ্যতি।

চোর রাজপুরুষ শত্রু অথবা অন্য কোন কারণ হইতে, ত্রাসহেতু এবং ধন ও বন্ধুনাশ অথবা অভিলষিত প্রিয়জন অপ্রাপ্তহেতু মনুষ্যের অন্তঃকরণ অতিশয় ক্ষোভিত হইলে উৎকটতর মানসিক বিকার অর্থাৎ শোকজ উন্মাদ রোগ উৎপন্ন হয়। এই রোগাক্রান্ত ব্যক্তি জ্ঞানশূন্য হইয়া নানা প্রকার গোপনীয় কথা প্রকাশ করে এবং গীত হাস্য ও রোদন করিতে থাকে। বিষজনিত উন্মাদে রোগীর চক্ষু রক্তবর্ণ, মুখ কৃষ্ণবর্ণ, বল ইন্দ্রিয় ও শরীরের দীপ্তি নষ্ট এবং দীনতা ও জ্ঞান শূন্যতা হয়। যে উন্মাদ রোগে রোগী সর্ব্বদা অধঃ অথবা উর্দ্ধবদন হইয়া থাকে, মাংস বলক্ষয় এবং সম্পূর্ণ রূপে নিদ্রানাশ হয়, তাহা অসাধ্য।

অমর্ত্ত্যবাগ্বিক্রমবীর্য্যচেষ্টো জ্ঞানাদিবিজ্ঞানবলাদিভি র্যঃ। উন্মাদকালোঽনিয়তশ্চ যস্য ভূতোত্থ মুন্মাদমুদাহরেত্তং।

যে উন্মাদে বাক্য বিক্রম বীর্য্য শারীরিকচেষ্টা তত্ত্বজ্ঞান এবং শিল্পাদি জ্ঞান অমনুষ্যের ন্যায় দৃষ্ট হয় এবং রোগের বৃদ্ধি ও প্রশমনের কাল নিশ্চয় থাকে না তাহাকে ভৌতিক উন্মাদ কহে। ভৌতিক উন্মাদ অষ্ট প্রকার নির্দ্দিষ্ট আছে, যথা দেবগ্রহ অসুরগ্রহ গন্ধর্ব্বগ্রহ যক্ষগ্রহ পিতৃগ্রহ ভুজঙ্গগ্রহ পিশাচগ্রহ এবং রাক্ষসগ্রহ জনিত।

সন্তুষ্টঃ শুচিরতিদিব্যমাল্যগন্ধো নিস্তন্দ্রীরবিতথ সংস্কৃত প্রভাষী। তেজস্বী স্থিরনয়নো বর প্রদাতা ব্রহ্মণ্যো ভবতি নরঃ সদেবজুষ্টঃ। সংস্বেদী দ্বিজ গুরুদেবদোষবক্তা জিহ্মাক্ষোবিগতভয়ো বিমার্গদৃষ্টিঃ সন্তুষ্টো ন ভবতি চান্নপানজাতৈর্দুষ্টাত্মা ভবতি সদেবশত্রু জুষ্টঃ। হৃষ্টা আপুলিনবনান্তরোপসেবী স্বাচারঃ প্রিয়পরি গীতগন্ধমাল্যঃ। নৃত্যন্ প্রহসতি চারুচাল্পশব্দং গন্ধর্ব্ব গ্রহপরিপীড়িতো মনুষ্যঃ। তাম্রাক্ষঃ প্রিয়তনুরক্তবস্ত্রধারী গম্ভীরো দ্রুতগতিরল্পবাক্সহিষ্ণুঃ। তেজস্বী বদতি চ কিং দদামি কস্মৈ যো যক্ষগ্রহপরিপীড়িতো মনুষ্যঃ। প্রেতানাং স দিশতি সংস্তরেষু পিণ্ডান্ শান্তাত্মা জলমপি চাপ সব্যবস্ত্রঃ। মাংসেপ্সুস্তিলগুড়পায়সাভিকাম স্তদ্ভক্তো ভবতি পিতৃগ্রহাভিজুষ্টঃ। যস্তূর্ব্ব্যাং প্রসরতিসর্পবৎ কদাচিৎ সৃক্কনো বিলিহতি জিহ্বয়া তথৈব। ক্রোধালুর্গুড়মধুদুগ্ধপায়সেপ্সু র্জ্ঞাতব্যোভবতিভুজঙ্গমেনজুষ্টঃ। মাংসাসৃগ্বিবিধসুরা-

বিকারলিপ্সু নির্লজ্জো ভৃশমতিনিষ্ঠুরোঽতিশূরঃ। ক্রোধালু র্বিপুলবলো নিশাবিহারী শৌচদ্বিড্ভবতি সরাক্ষসৈ গৃহীতঃ। উদ্ধস্তঃ কৃশপরুষোঽচির প্রলাপী দুর্গন্ধো ভৃশমশুচি স্তথাতি লোলঃ। বহ্বাশীবিজনবনান্তরোপসেবী ব্যাচেষ্টন্ ভ্রমতি রুদন্ পিচাশ জুষ্টঃ। স্থূলাক্ষো দ্রুতমটনঃসফেনলেহী নিদ্রালুঃ পতিত কম্পতে চ যো হি। যশ্চাদ্রিদ্বিরদনগাদি বিচ্যুতঃস্যাৎ সোঽসাধ্যো ভবতি তথা ত্রয়োদশাব্দে।

দেবগ্রহ পীড়িত ভৌতিক উন্মাদে রোগী সন্তুষ্টচিত্ত এবং শুদ্ধাচারী হয়, অতি সুগন্ধ মাল্য পুষ্পাদিদ্বারা আপনার শরীরকে সজ্জিত করে, বিশুদ্ধ-সংস্কৃতভাষা কহে, তেজস্বী স্থিরনয়নযুক্ত ও নিদ্রারহিত হয়, নিকটস্থ ব্যক্তি-দিগকে বর প্রদান এবং ব্রাহ্মণের প্রতি ভক্তি প্রকাশ করে। অসুর পীড়িত ভৌতিক উন্মাদে, শরীরে অতিশয় ঘর্ম্ম, দৃষ্টি বিমার্গগামী চক্ষু উজ্জল এবং রোগী ভয়শূন্য হয় এবং ব্রাহ্মণ দেবতা ও গুরুজনের নিন্দা বা দোষ ব্যাখ্যা করে, অন্নপানাদিতে সন্তুষ্ট হয় না এবং সর্ব্বদা দুষ্ক্রিয়াকে রত থাকে গন্ধর্ব্ব গ্রহপীড়িত ভৌতিক উন্মাদে রোগী সর্ব্বদা প্রফুল্ল চিত্ত থাকে, জলমধ্যস্থ পুলিনে অর্থাৎ চড়ায অথবা বনমধ্যে বাস করিতে ইচ্ছা করে, গীত সুগন্ধ দ্রব্য এবং মাল্যাদিতে সম্পূর্ণ অনুরাগ প্রকাশ করে, মনোহর রূপে নৃত্য এবং অনুচ্চস্বরে হাস্য করে। যক্ষগ্রহ পীড়িত মনুষ্য, সূক্ষ্ম শোভনীয় এবং রক্তবর্ণ বস্ত্র পরিধান করে, অল্প বাক্য কহে, তাম্রবর্ণ চক্ষুযুক্ত তেজস্বী গম্ভীর এবং সহিষ্ণু অর্থাৎ ক্ষমাশীল হয়, দ্রুতবেগে গমন করে এবং কাহাকে কি দান করিব, এই কথাই সর্ব্বদা কহিয়া থাকে। পিতা মাতা অথবা পূর্ব্ব পুরুষায় প্রেত গ্রহদ্বার পীড়িত হইলে মনুষ্য শান্ত চিত্ত হইয়া এবং বামোত্তরীয গ্রহণ করিয়া উহাদিগকে কুশপত্ররচিত শয্যাতে জল এবং পিণ্ড প্রদান করে, তাহাদের, প্রতি অতিশয় ভক্তি প্রকাশ করে এবং মাংস তিল মিষ্টান্ন ও পায়স ভক্ষণ করিতে ভাল বাসে। ভুজঙ্গ জুষ্ট ভৌতিক উন্মাদে রোগী উরুদ্বয়ের দ্বারা সর্পবৎ ভূমিতে গমন করে, কখন কখন জিহ্বা দ্বারা ওষ্ঠ প্রান্তদ্বয় লেহন করে, সর্ব্বদা ক্রোধ যুক্ত থাকে এবং গুড় মধু, দুগ্ধ ও পায়স ভক্ষণে ইচ্ছুক হয়। রাক্ষস গ্রহ-পীড়িত ভৌতিক উন্মাদে রোগী মাংস রক্ত ও নানা প্রকার সুরাবিকৃত

অর্থাৎ সুরা দ্বারা প্রস্তুতীকৃত পানীয় দ্রব্য ভক্ষণে ইচ্ছুক হয়, অতি নির্লজ্জ আচরণ ও নিষ্ঠুর ব্যবহার করিয়া থাকে, অতিশয় সাহসিক, বলবান এবং ক্রোধান্বিত হয়, রাত্রিকালে ইতস্ততঃ বিচরণ করে এবং শুদ্ধাচারে বিদ্বেষী হয়। পিশাচযুষ্ট ভৌতিক উন্মাদে রোগী উলঙ্গ অবস্থায় অবস্থিতি করে। শরীর কৃশ কর্কশ এবং দুর্গন্ধময় হয়। উন্মত্ত ব্যক্তি নানাপ্রকার প্রলাপ বাক্য কহে, ভয়ানক অশুচি ব্যবহার করিয়া থাকে এবং সর্ব্বপ্রকার অন্ন পানে লোভী হইয়া অধিক পরিমাণে আহার করিয়া থাকে, নির্জ্জন বনমধ্যে বাস করে এবং বিরুদ্ধাচারী হইয়া রোদন করতঃ ভ্রমণ করিতে থাকে। ভৌতিক উন্মাদের অসাধ্যলক্ষণ নিম্ন প্রকার লিখিত আছে যথা, যে রোগী অক্ষিদ্বয় বিবৃত করিয়া থাকে, জিহ্বা দ্বারা ফেণাযুক্ত ওষ্ঠদ্বয় লেহন করে, অতি দ্রুতবেগে গমন করে এবং নিদ্রাবিষ্ট হইয়া কাঁপিতে থাকে, বা ভূমিতে পড়িয়া যায়, তাহার রোগ অসাধ্য। যে উন্মাদরোগী পর্ব্বত বা বৃক্ষাদি হইতে পতিত হয়, সে মৃত্যু প্রাপ্ত হয়। সর্ব্ব প্রকার উন্মাদ, ত্রয়োদশ বৎসর কাল অতীত হইলে অসাধ্য হয়।

> দেবগ্রহাঃ পৌর্ণমাস্যাং অসুরাঃ সন্ধ্যয়োরপি। গন্ধর্ব্বাঃ প্রায়শোঽষ্টম্যাং যক্ষাশ্চ প্রতিপদ্যথ। পিত্র্যাঃ কৃষ্ণক্ষয়ে হিংস্যুঃ পঞ্চম্যামপি চোরগাঃ। রক্ষাংসি রাত্রৌ পিশাচাশ্চতুর্দ্দশ্যাং বিশন্তি হি। দর্পণাদীন্ যথা ছায়াশীতোষ্ণং প্রাণিনো যথা। স্বমণিং ভাস্করার্চ্চিশ্চ যথা দেহঞ্চ দেহধৃক্। বিশন্তি চ ন দৃশ্যন্তে গ্রহাস্তদ্বচ্ছরীরিণঃ॥

দেবাদি গ্রহ সমূহের মনুষ্যদেহে প্রবেশ করিবার কাল নিম্ন প্রকার নির্দ্দিষ্ট আছে যথা, দেবগ্রহেরা পূর্ণিমা তিথিতে প্রবেশ করে, অসুর গ্রহেরা উভয় সন্ধ্যাকালে, গন্ধর্ব্বগ্রহেরা প্রায় অষ্টমী তিথিতে, যক্ষেরা প্রতিপদে আবেশ করিয়া থাকে। পিতা মাতারা ও পূর্ব্বপুরুষদিগের প্রেতেরা অমাবস্যা তিথিতে, হিংসা করিয়া থাকে এবং সর্পেরা পঞ্চমীতে আক্রমণ করে। রাক্ষসেরা রাত্রিকালে এবং পিশাচেরা চতুর্দ্দশী তিথিতে নরদেহে প্রবেশ করে, যেমন ছায়া দর্পণাদিতে প্রবেশ করে, শীত ও উষ্ণ যেমন প্রাণীদিগের শরীরে অবস্থিতি করে, দীপ্তি যে রূপ সূর্য্যকান্ত মণিতে প্রযুক্ত হয় অথবা আত্মা

যে রূপ শরীর মধ্যে অদৃশ্যভাবে থাকিয়া দেহ ধারণ করে, সেইরূপ দেবাদি গ্রহ সমূহ মনুষ্যদিগের শরীরে অদৃশ্যভাবে প্রবেশ ও অবস্থিতি করে।

অথাপস্মারনিদানং।

তমঃ প্রবেশঃ সংরম্ভো দোষোদ্রেক হতস্মৃতেঃ। অপস্মার ইতি জ্ঞেয়ো গদো ঘোরশ্চতুর্ব্বিধঃ। হৃৎকম্পঃ শূন্যতাস্বেদো ধ্যানং মূর্চ্ছা প্রমূঢ়তা। নিদ্রানাশশ্চ তস্মিংশ্চ ভবিষ্যতি ভবত্যথ।

অপস্মাররোগে দুষ্ট দোষদ্বারা স্মৃতি এবং জ্ঞানের লোপ হয়, এজন্য উহাকে অপস্মার কহে। এই রোগাক্রান্ত মনুষ্যজ্ঞানশূন্য এবং বিকৃতনেত্র হইয়া হস্ত পদাদি বিক্ষেপণ করিতে থাকে। অপস্মার রোগ চারিপ্রকার যথা, বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক এবং সান্নিপাতিক। অপস্মারের পূর্ব্বরূপ নিম্ন-প্রকারে কথিত আছে যথা, হৃদয়ের কম্প এবং শূন্যতাবোধ, অতিশয় ঘর্ম্ম, চিন্তাশীলতা, নিদ্রানাশ এবং মনের ও ইন্দ্রিয়ের মোহ।

কম্পতে প্রদশেদ্দন্তান্ ফেণোদ্বামী শ্বসিত্যপি। পরুষারুণকৃষ্ণানি পশ্যেদ্রূপাণি চানিলাৎ। পীতফেণাঙ্গবক্ত্রাক্ষঃ পীতাসৃক্ রূপদর্শকঃ। সতৃষ্ণোষ্ণা নল ব্যাপ্ত লোকদর্শী চ পৈত্তিকঃ। শুক্লফেণাঙ্গবক্ত্রাক্ষঃ শীতহৃষ্টাঙ্গজো গুরু। পশ্যন্ শুক্লানি রূপাণি শ্লৈষ্মিকো মুচ্যতে চিরাৎ। সর্ব্বৈরেতৈঃ সমস্তৈশ্চ লিঙ্গৈ-র্জ্ঞেয় স্ত্রিদোষজঃ। অপস্মারঃ সচাসাধ্যে। যঃ ক্ষীণস্যানবশ্চ যঃ। প্রস্ফুরন্তং সুবহুশঃ ক্ষীণং প্রচলিত ভ্রুবং। নেত্রাভ্যাঞ্চ বিকুর্ব্বাণ মপস্মারো বিনাশয়েৎ।

বাতজনিত অপস্মারে রোগী অরুণ বা কৃষ্ণবর্ণ রূপ দর্শন করিয়া, কম্পান্বিত ও মুখে ফেণাযুক্ত হয় এবং দন্ত ঘর্ষণ ও খর শ্বাস নিক্ষেপ করে (১)। পৈত্তিক অপস্মারে রোগী পীত বা লোহিত রূপ দর্শন করিয়া মোহ প্রাপ্ত হয় শরীর,

---

(১) সুশ্রুত বলেন, রোগী মনে করে যে কোন অরুণ বা কৃষ্ণবর্ণ প্রাণী আমার অনুধাবণ করিতেছে এবং উহা নিকটস্থ হইলে চৈতন্য রহিত হয়। এইরূপ পৈত্তিক ও শ্লৈষ্মিক অপস্মারে পীত বা শ্বেতবর্ণ প্রাণির অনুধাবন বোধ হইয়া মূর্চ্ছা হয়।

মুখ, মুখের ফেণা এবং চক্ষু পীতবর্ণ, অতিশয় তৃষ্ণা এবং যাবতীয় পদার্থ অগ্নি দ্বারা ব্যাপিত অর্থাৎ অতিউষ্ণবোধ হয়। শ্লৈষ্মিক অপস্মারে রোগী শুক্লবর্ণরূপ দর্শন করিয়া অপস্মার প্রাপ্ত হয়। রোগীর মুখ, ও মুখের ফেণা, চক্ষু এবং অঙ্গসমূহ শুক্লবর্ণ হয় ও শীতবোধ, রোমহর্ষ এবং গাত্রগুরুতা জন্মে। শ্লৈষ্মিক অপস্মারে, অন্যান্য প্রকার অপস্মার অপেক্ষা রোগী বিলম্বে চৈতন্য প্রাপ্ত হয়। উক্ত তিন প্রকার অপস্মারের লক্ষণ সমূহ মিলিত রূপে দৃষ্ট হইলে সান্নিপাতিক অপস্মার কহা যায়। সান্নিপাতিক এবং দুর্ব্বল ব্যক্তিদিগের অপস্মার অসাধ্য। এই রোগ দীর্ঘকাল স্থায়ী হইলে আরাম হয় না। যে অপস্মার গ্রস্থ রোগীর অত্যন্ত কম্প ও ভ্রূদ্বয় বিচলিত হইতে থাকে, নেত্রদ্বয় বিকৃতি রূপ প্রাপ্ত হয় এবং শরীর অত্যন্ত দুর্ব্বল হইয়া যায় তাহার মৃত্যু হয়।

পক্ষাদ্বা দ্বাদশাহাদ্বা মাসাদ্বা কুপিতা মলাঃ। অপস্মারায় কুর্ব্বন্তি বেগং কিঞ্চিদথান্তরং। দেবে বর্ষত্যপি যথা ভূমৌ বীজানি কানিচিৎ। শরদি প্রতিরোহন্তি তথা ব্যাধি সমুচ্ছ্রয়ঃ॥

দ্বাদশ দিবস, একপক্ষ, অথবা এক মাসের মধ্যে কুপিত দোষসমূহ অপস্মার-রোগের বেগ জন্মায় অর্থাৎ রোগী ইহাদ্বারা আক্রান্ত হয়। কখন কখন উপরোক্ত নির্দ্দিষ্ট কালের পূর্ব্বে অথবা ততোধিক কালে বেগ হইয়া থাকে। অপস্মারজনক কুপিত দোষ সততদেহে অবস্থিতি করে, কিন্তু এই রোগ দশ পোনেরদিবস অথবা ততোধিককাল অন্তরে এক এক বার ক্ষণেক কালের নিমিত্ত প্রকাশ পায় মাত্র, অতএব ইহার উদাহরণের স্বরূপ কহিয়াছেন যেমন বর্ষাকালে রোপিত কোন কোন বীজ শরৎ কালে অঙ্কুর উৎপাদন করে, সেইরূপ এই ব্যাধির বৃদ্ধি জানিবে।

অথ বাতব্যাধি নিদানং।

রুক্ষশীতাল্পলঘ্বন্নব্যবায়াতিপ্রজাগরৈঃ। বিষমাদুপচারাচ্চ দোষসৃক্স্রবণাদতি। লঙ্ঘনপ্লবনাত্যধ্ব ব্যায়ামাদিবিচেষ্টিতৈঃ। ধাতূনাং সংক্ষয়াচ্চিন্তা-শোকরোগাতিকর্ষণাৎ। বেগসন্ধারণাদামাদভিঘাতাদভোজনাৎ। মর্ম্মাবাধাদ্গজোষ্ট্রাশ্ব শীঘ্রযানাপতংসনাৎ। দেহে স্রোতাংসি রিক্তানি পূরয়িত্বানিলো

বলী। করোতি বিবিধান্ ব্যাধীন্ সর্ব্বাঙ্গৈকাঙ্গসংশ্রয়ান্। অব্যক্তলক্ষণং তেষাং পূর্ব্বরূপ মিতি স্মৃতং। আত্মরূপন্তু যদ্ব্যক্ত মপায়ো লঘুতা পুনঃ।

বাতব্যাধিরোগ সমূহের কারণ নিম্নপ্রকার নির্দ্দিষ্ট আছে, যথা রুক্ষ, শীতল, অল্প বা লঘু অন্নাহার অথবা অনশন, অতিশয় স্ত্রীসংসর্গ, রাত্রিজাগরণ এবং বিষম উপচার অর্থাৎ অনিয়ম আচরণ, অতিশয় রক্তস্রাব অথবা বমনাদি নিঃসারক কার্য্য, লম্ফ দিয়া পতন, জলে সন্তরণ অথবা অতিশয় পথ ভ্রমণ, গজ, উষ্ট্র, অশ্ব বা অন্য কোন দ্রুতগামী বাহক হইতে পতন, অসাধ্য ব্যায়ামাদির চেষ্টা, ধাতুক্ষয় চিন্তা শোক কিম্বা রোগহেতু শরীরের অতি কৃশতা, মলমুত্রাদির বেগ ধারণ, আমরসের সঞ্চয়, অভিঘাত অথবা মর্ম্ম-স্থানের পীড়া ইত্যাদি কারণ সমূহ হইতে প্রবল বায়ু শরীরস্থ রিক্ত অর্থাৎ শূন্য স্রোত সকলকে পূর্ণ করিয়া ঐকাঙ্গিক অথবা সার্ব্বাঙ্গিক নানাপ্রকার বাতব্যাধি উৎপন্ন করে। বাতব্যাধির বক্ষ্যমাণ লক্ষণসমূহ অব্যক্ত অবস্থায় উহার পূর্ব্বরূপ বলিয়া কথিত হয় এবং স্পষ্টরূপ ব্যক্ত হইলে উহার রূপ কহা যায়।

সঙ্কোচঃ পর্ব্বণাং স্তম্ভো ভঙ্গোঽস্থ্নাং পর্ব্বণামপি। রোমহর্ষঃ প্রলাপশ্চ পাণিপৃষ্ঠশিরোগ্রহঃ। খাঞ্জ্যপাঙ্গুল্যকুব্জত্বং শোষোঽঙ্গানামনিদ্রিতা। গর্ভশুক্র রজোনাশঃ স্পন্দনং গাত্রসুপ্ততা। শিরোনাসাক্ষিজত্রূণাং গ্রীবায়াশ্চাপি হুণ্ডনং। ভেদস্তোদার্ত্তিরাক্ষেপো মুহুশ্চায়াস এব চ। এবং বিধানি রূপাণি করোতি কুপিতোঽনিলঃ। হেতুস্থানবিশেষাচ্চ ভবেদ্রোগ বিশেষকৃৎ।

বাতব্যাধির লক্ষণ সমূহ স্পষ্ট প্রকাশ হইয়া বায়ুর চপলত্ব হেতু কখন কখন অদৃশ্য হয় অথবা অল্প পরিমাণে অবস্থিতি করে। বাতব্যাধির সামান্য লক্ষণ নিম্ন প্রকার কথিত আছে যথা, পর্ব্ব সমূহ সঙ্কোচিত এবং স্তব্ধ হয় এবং অস্থি ও পর্ব্ব সমূহ ভাঙ্গিয়া যাইবার ন্যায় বোধ হয়. শরীর রোমাঞ্চ হয়, রোগী প্রলাপ বাক্য কহে এবং খঞ্জ পঙ্গু অথবা কুব্জভাবে গমনাগমন করে। হস্ত, পৃষ্ঠ এবং মস্তকে বেদনা হয়, নিদ্রাভালরূপ হয়না এবং বাহু মুখাদি অঙ্গ সমূহ শুষ্ক হইয়া যায়। স্ত্রীলোকদিগের গর্ভস্রাব ও রজঃ নাশ এবং পুরুষের বীর্য্য ক্ষয় হয়। গাত্র কম্পবান এবং অসার,

মস্তক বক্রভাব প্রাপ্ত, ঘ্রাণশক্তির নাশ, অক্ষিদ্বয় অন্তঃপ্রবিষ্ট ও বক্ষঃস্থলের উপর ভার বোধ হয় এবং গ্রীবাদেশ স্তব্ধ হইয়া যায়, চক্ষুঃ, কর্ণ, বক্ষঃ এবং পার্শ্বাদিতে ভেদনবৎ পীড়া শূল ও বেদনা এবং অঙ্গ সমূহের আক্ষেপ মোহ এবং শ্রান্তি-বোধ হয়। এবম্প্রকার লক্ষণ সমূহ কুপিত বায়ু কর্তৃক উৎপাদিত হয়। হেতু বিশেষে ও স্থানভেদে নানা প্রকার বিশেষ বিশেষ বাতব্যাধি রোগ হইয়া থাকে নিম্নে তৎ সমুদায়ের লক্ষণ লিখিত হইতেছে।

তত্র কোষ্ঠাশ্রিতে দুষ্টে নিগ্রহো মূত্রবর্চসোঃ। ব্রধ্নহৃদ্রোগ গুল্মার্শঃ পার্শ্বশূলঞ্চ মারুতে। সর্ব্বাঙ্গকুপিতে বাতে গাত্রস্ফুরণভঞ্জনং। বেদনাভিঃ পরীতশ্চ স্ফুটন্তীবাস্য সন্ধয়ঃ। গ্রহোবিণ্মূত্র বাতানং শূলাধ্মানাশ্মশর্করাঃ। জঙ্ঘোরু ত্রিকপাৎ পৃষ্ঠরোগশোষো গুদেস্থিতে॥ রুক্পার্শ্বোদর হৃন্নাভে স্তৃষ্ণোদ্গার বিসূচিকাঃ। কাসঃ কণ্ঠাস্য শোষশ্চ শ্বাসশ্চামাশয় স্থিতে। পক্কাশয়স্থোঽন্ত্রকূজং শূলাটোপৌ করোতি চ। কৃচ্ছ্রমূত্র পুরীষত্ব মানাহং ত্রিকবেদনাং। শ্রোতাদিষ্বিন্দ্রিয়বধং কুর্য্যাদ্দুষ্টসমীরণঃ।

দুষ্ট বায়ু কোষ্ঠ সমূহে অবস্থিতি করিলে, মল মূত্রের রোধ হয় এবং ব্রধ্ন হৃদ্রোগ গুল্ম অর্শ ও পার্শ্বশূল উৎপন্ন হয়। কুপিত বায়ু সর্ব্বাঙ্গব্যাপিত হইলে শরীর কম্পান্বিত ও বেদনাযুক্ত হয় এবং বোধ হয় যেন সমস্ত দেহ ভাঙ্গিতেছে ও সন্ধি সমূহ বিদারিত হইতেছে। দুষ্ট বায়ু বস্তিদেশে অবস্থান করিলে মল মূত্র এবং বাতকর্ম্মের রোধ হয়, উদরে শূল ও আধ্মান জন্মে, মূত্রাশয়ে পাথরী এবং শর্করা অর্থাৎ মূত্ররেণু উৎপন্ন হয় এবং পাদ জঙ্ঘা উরু ত্রিকস্থান ও পৃষ্ঠদেশ বেদনাযুক্ত ও শুষ্ক হয়। কুপিত বায়ু আমাশয় আশ্রয় করিলে পার্শ্ব উদর এবং নাভিস্থলে বেদনা হয়, কাস শ্বাস কণ্ঠ এবং মুখের শোষ হয় এবং তৃষ্ণা উদ্গার ও বিসুচিকা অর্থাৎ ভেদ ও বমন হয়। পক্কাশয়স্থ কুপিত বায়ু উদরে অন্ত্রকূজন বা গুড় গুড় শব্দ উৎপন্ন করে এবং শূল আনাহ মলমূত্রের কৃচ্ছ্রতা ও ত্রিকস্থানে বেদনা জন্মায়। ইন্দ্রিয়বাহি স্রোত সমূহে দুষ্ট বায়ু অবস্থিতি করিলে ইন্দ্রিয় সমূহের কার্য্য নষ্ট করে অর্থাৎ উহারা আপনাপন স্বাভাবিক কর্ম্ম করিতে অক্ষম হয়।

ত্বগ্রূক্ষা স্ফুটিতা সুপ্তা কৃশাকৃষ্ণা চ তুদ্যতে। আতন্যতে সরাগা চ পর্ব্বরুক্ ত্বগ্গতেঽনিলে। রুজাস্তীব্রাঃ সসন্তাপা বৈবর্ণং কৃশতারুচি। গাত্রেচারুংষি

ত্বক্‌স্থ রূক্ষশ্চাসৃগ্‌গতেঽনিলে। গুর্ব্বঙ্গং তুদ্যতেঽত্যর্থং দণ্ডমুষ্টিহতং যথা। সরুক্ শ্রমিতমত্যর্থং মাংসমেদোগতেঽনিলে। ক্ষিপ্রং মুঞ্চতি বধ্নাতি শুক্রং গর্ভমথাপি বা। বিকৃতিং জনযেচ্চাপি শুক্রস্থঃ কুপিতোঽনিলঃ। কুর্য্যাচ্ছিরাগতঃ শূলং শিরাকুঞ্চন পূরণং। সবাহ্যাভ্যন্তরায়ামং খল্লীং কৌব্জ্য মথাপি বা। সর্ব্বাঙ্গৈকাঙ্গরোগাংশ্চ কুর্যাৎ স্নায়ুগতোঽনিলঃ। হন্তি সন্ধিগতঃ সন্ধীন্ শূলাটোপৌ করোতি চ।

দুষ্ট বায়ু ত্বক প্রাপ্ত হইলে, পর্ব্ব সমূহে বেদনা চর্ম্ম রুক্ষ স্ফুটিত কর্কশ এবং কৃষ্ণ বা রক্ত বর্ণ ও সূচাবিদ্ধবৎ বেদনা যুক্ত হয়, স্পর্শজ্ঞানের হ্রাস হয় এবং বোধ হয় যেমন ত্বক শরীরের উপর বিস্তার হইতেছে। বায়ু রক্তগত হইলে সন্তাপযুক্ত তীব্র বেদনা, শরীরের বিবর্ণতা ও কৃশতা, গাত্রে ব্রণোৎপত্তি অরুচি এবং আহার করিলে শরীর ভার হয়। মাংস অথবা মেদে কুপিতবায়ু অবস্থিতি করিলে দণ্ড অথবা মুষ্টিদ্বারা আঘাতের ন্যায় অত্যন্ত বেদনা জন্মে এবং শরীর ভার বেদনা যুক্ত ও অতিশয় ক্লান্ত বোধ হয়। দুষ্ট বায়ু শুক্রগত হইলে অতি শীঘ্র রেতঃস্রাব হয় অথবা রেতঃ বদ্ধ হইয়া থাকে। স্ত্রীলোকদিগের গর্ভস্রাব হয় অথবা জরায়ু মধ্যে দীর্ঘকাল পর্য্যন্ত গর্ভআবদ্ধ থাকে এবং বিকৃতিরূপ প্রাপ্ত হয়। শিরা সমূহের মধ্যে দুষ্ট বায়ু অবস্থিতি করিলে নাড়ী সকলের সঙ্কোচন স্থূলতা এবং বেদনা হয়, বাহ্য ও অভ্যন্তর আয়াম অর্থাৎ পৃষ্ঠনততা ও ক্রোড়নততা হয় এবং রোগী গাঁটিয়াবাত গ্রস্ত অথবা কুব্জ হইয়া যায়। স্নায়ুগত দুষ্ট বায়ু সার্ব্বাঙ্গিক অথবা ঐকাঙ্গিক রোগ উৎপন্ন করে। সন্ধিগত কুপিত বায়ু সন্ধিবিশ্লেষ বা স্তম্ভ করে এবং শূল ও আটোপ জন্মায়।

প্রাণে পিত্তাবৃতে ছর্দ্দির্দ্দাহশ্চৈবোপজায়তে। দৌর্ব্বল্যং সদনং তন্দ্রা বৈরস্যঞ্চ কফাবৃতে। উদানে পিত্তযুক্তে তু দাহো মূর্চ্ছা ভ্রমঃ ক্লমঃ। অস্বেদহর্ষৌ মন্দাগ্নিঃ শীততা চ কফাবৃতে। স্বেদদাহৌষ্ণ্যমূর্চ্ছাঃ স্যুঃ সমানে পিত্তসংবৃতে। কফেন সঙ্গে বিন্মূত্রে গাত্রহর্ষশ্চ জায়তে। অপানে পিত্তযুক্তে তু দাহৌষ্ণ্যং রক্তমূত্রতা। অধঃকায়ে গুরুত্বঞ্চ শীততা চ কফাবৃতে। ব্যানে পিত্তাবৃতে দাহো গাত্র নিক্ষেপণং ক্লমঃ। স্তম্ভনোদণ্ডকশ্চাপি শূলশোথৌ কফাবৃতে।

প্রাণবায়ু পিত্তদ্বারা আবৃত হইলে বমন ও দাহ হয়, এবং কফদ্বারা আবৃত হইলে দুর্ব্বলতা অবসাদ তন্দ্রা ও মুখবৈরস্য জন্মে। উদান বায়ু পিত্তযুক্ত হইলে দাহ মূর্চ্ছা ভ্রম ও ক্লান্তি হয় এবং কফযুক্ত হইলে ঘর্ম্মরোধ শীতবোধ রোমহর্ষ এবং অগ্নিমান্দ্য হয়। সমান বায়ুতে পিত্ত সংবৃত হইলে দাহ উত্তাপ ঘর্ম্ম ও মূর্চ্ছা হয় এবং কফযুক্ত হইলে গাত্রহর্ষ ও মল মূত্র বদ্ধ হয়। অপানবায়ুতে পিত্তযুক্ত হইলে দাহ উত্তাপ এবং মূত্র রক্ত বর্ণ হয় এবং কফ-সংবৃত হইলে শরীরের অধোভাগের গুরুতা ও শীতলতা হয়। ব্যানবায়ু পিত্তাবৃত হইলে দাহ ক্লান্তি এবং অঙ্গবিক্ষেপ হয় এবং কফাবৃত হইলে শূল ও শোথ হয় এবং শরীর কাষ্ঠ দণ্ডের ন্যায় স্তম্ভ হইয়া থাকে।

যদা তু ধমনীঃ সর্ব্বাঃ কুপিতোঽভ্যেতি মারুতঃ। তদাক্ষিপত্যাশুমুর্হুমুর্হু র্দেহং মুহুশ্চরঃ। মুহুর্মুহুশ্চাক্ষেপণাদাক্ষেপক ইতি স্মৃতঃ।

বাতব্যাধি রোগের সামান্য নিদান কথিত হইয়া এক্ষণে বিশেষ বিশেষ বাতব্যাধি রোগের বিবরণ লিখিত হইতেছে। যখন কুপিত বায়ু কোষ্ঠ হইতে বহির্গত হইয়া ধমনী সকলকে প্রাপ্ত হয় তখন অতিশীঘ্র শরীরকে মুহুর্মুহুঃ আক্ষেপিত করে, মুহুর্মুহুঃ অঙ্গক্ষেপণ হওয়াতে এই রোগ আক্ষেপ নাম প্রাপ্ত হয়। অবস্থাভেদে ইহা দুইপ্রকার হইয়া থাকে যথা অপতন্ত্রক এবং অপতানক (১)।

ক্রুদ্ধঃ স্বৈঃ কোপনৈ র্বায়ুঃ স্থানাদূর্দ্ধং প্রপদ্যতে। পীড়য়ন্ হৃদয়ং গত্বা শিরঃশঙ্খৌ চ পীড়য়ন্। ধনুর্ব্বন্নময়েদ্গাত্রান্যাক্ষিপেন্মোহয়েত্তদা। সকৃচ্ছ্রা-দুচ্ছ্বসেচ্চাপি স্তব্ধাক্ষোঽথ নিমীলকঃ। কপোত ইব কূজেচ্চ নিঃসজ্ঞঃ-সোঽপতন্ত্রকঃ। দৃষ্টিং সংস্তভ্য সংজ্ঞাঞ্চ হত্বা কণ্ঠেন কূজতি। হৃদিমুক্তে নরঃ স্বাস্থ্যং যাতিমোহং বৃতে পুনঃ। বায়ুনা দারুণং প্রাহুরেকেতদপতানকং। কফান্বিতো ভৃশং বায়ু স্তাস্বেব যদি তিষ্ঠতি। দণ্ডবৎ স্তম্ভয়েদ্দেহং স তু দণ্ডাপতানকঃ। ধনুস্তুল্যং নমেদ্‌যস্ত স ধনুস্তম্ভ সংজ্ঞকঃ। অঙ্গুলীগুল্ফ-জঠরহৃদ্বক্ষোগল সংশ্রিতঃ। স্নায়ুঃ প্রতানমনিলো যদাক্ষিপতি বেগবান্।

---

(১) আক্ষেপকে ইংরাজীতে কনভালসন (Convulsion) কহে, ভাষাতে খেঁচনি কহে। অপতন্ত্রক আক্ষেপের লক্ষণ ইংরাজি য়্যাপপ্লেকটিক কনভালসনের (Apopletic convulsion) সহিত ঐক্য হয় এবং অপতানকাক্ষেপ হিষ্টেরিকেল কনভালসনের (Hysterical convulsion) সদৃশ।

বিস্টব্ধাক্ষঃ স্তব্ধহনুর্ভগ্নপার্শ্বঃ কফং বমন্। অত্যন্তরং ধনুরিব যদা নমতি মানবং। তদাস্যাভ্যন্তরায়ামং কুরুতে মারুতো বলী। বাহ্যস্নায়ু প্রতানস্থো বাহ্যায়ামং করোতি চ। তমসাধ্যং বুধাঃ প্রাহু র্বক্ষঃকট্যুরুভঞ্জনং। কফ-পিত্তান্বিতো বায়ু র্বায়ুরেব চ কেবলঃ। কুর্য্যাদাক্ষেপকং ত্বন্যং চতুর্থ মভিঘাতজং। গর্ভপাত নিমিত্তশ্চ শোণিতাতিস্রবাচ্চ যঃ। অভিঘাত নিমিত্তশ্চ ন সিদ্ধত্যপতানকঃ।

অপতন্ত্রকের সম্প্রাপ্তি ও লক্ষণ নিম্নপ্রকারে কথিত আছে যথা, 'যখন স্বতন্ত্র কারণে কুপিতবায়ু আপন স্থান হইতে উর্দ্ধগমন করতঃ হৃদয় মস্তক ও শঙ্খদ্বয়কে পীড়ন করে তখন দেহকে ধনুর ন্যায় নোয়াইয়া ফেলে এবং আক্ষেপ ও মোহ উৎপাদন করে, অক্ষিদ্বয় স্তব্ধ অথবা মুদ্রিত হয়, রোগী অতি কষ্টে নিঃশ্বাস ত্যাগ করে এবং জ্ঞানশূন্য হইয়া কপোতের ন্যায় কণ্ঠে অব্যক্ত শব্দ করিতে থাকে। অপতানক আক্ষেপে চক্ষুস্তম্ভিত ও সংজ্ঞা নাশ, কণ্ঠে অব্যক্ত শব্দ এবং হৃদয় বায়ুদ্বারা আবৃত হইলে রোগী মোহ প্রাপ্ত হয় ও বায়ু হৃদয় হইতে অপসৃত হইলে, পুনরায় স্বাস্থ লাভ করে। এই রোগের অপর একটী নাম দারুণ। যখন কফাবৃত বায়ু কুপিত হইয়া ধমনী সমূহে অবস্থিতি করে তখন শরীরকে দণ্ডের ন্যায় অত্যন্ত স্তব্ধ করে। এই রোগকে দণ্ডাপ-তানক কহা যায় (১)। যে রোগে শরীর ধনুর ন্যায় নমিত হয় তাহাকে ধনুস্তম্ভ কহে। ইহা দুই প্রকারে বিভক্ত যথা,অভ্যন্তরায়াম এবং বহিরায়াম। যখন অঙ্গুলী গুল্ফ জঠর,এবং বক্ষঃস্থল এবং গলদেশস্থিত বায়ু কুপিত হইয়া ঐ সকল স্থানের স্নায়ুজালকে আক্ষিপ্ত অর্থাৎ সঙ্কোচিত করে, তখন রোগীর শরীর ধনুর ন্যায় অভ্যন্তরে নত হয়, চক্ষুদ্বয় বিষ্টব্ধ, হনুস্তব্ধ ও পার্শ্বদ্বয় ভগ্নবৎ হয় এবং কফ বমন হইতে থাকে। এই রোগকে অভ্যন্তরায়াম ধনুষ্টঙ্কার কহে। যখন মন্যা এবং পৃষ্ঠদেশস্থিত বায়ু কুপিত হইয়া ঐ সকল স্থানের স্নায়ুজালকে সঙ্কোচিত করে তখন রোগীর দেহ পৃষ্ঠভাগে নত হয় এবং বক্ষঃস্থল কটিদেশ ও উরুদ্বয় ভগ্নবৎ বোধ হয়, এই প্রকার ধনুস্তম্ভকে বহিরায়াম কহে।

(১) দণ্ডাপতানকে রিজিড্‌স্পেজম (Rigid spasm,) ধনুস্তম্ভকে টিটেনাস (Tetanus) কহে।

এই রোগ অসাধ্য। আক্ষেপ রোগের উৎপত্তির কারণ চতুর্ব্বিধ যথা, প্রথম কফান্বিত বায়ু, দ্বিতীয় পিত্ত সমন্বিত বায়ু, তৃতীয় শুদ্ধ বায়ু, চতুর্থ অভিঘাতাদি। যে অপতানক আক্ষেপ গর্ভপাত অথবা অতিশয় রক্তস্রাব বা অভিঘাত হইতে উৎপন্ন হয় তাহা আরোগ্য হয় না।

গৃহীত্বার্দ্ধং তনো র্বায়ুঃ শিরাস্নায়ু র্বিশোষ্য চ। পক্ষমন্যতরং হন্তি সন্ধিবন্ধান্ বিমোক্ষয়ন্। কৃৎস্নার্দ্ধকায স্তস্য স্যাদকর্ম্মণ্যো বিচেতনঃ। একাঙ্গরোগং তং কেচিদন্যে পক্ষবধং বিদুঃ। সর্ব্বাঙ্গরোগ স্তদ্বচ্চ সর্ব্বকায়াশ্রিতেঽনিলে। দাহসন্তাপমূর্চ্ছাঃ স্যু র্বায়ৌ পিত্ত সমন্বিতে। শৈত্যশোথ গুরুত্বানি তস্মিন্নেব কফান্বিতে। শুদ্ধবাতহতং পক্ষং কৃচ্ছ্রসাধ্যতমং বিদুঃ। সাধ্যমন্যেন সংযুক্ত মসাধ্যং ক্ষয়হেতুকং।

পক্ষবধ রোগের সম্প্রাপ্তি নিম্ন প্রকার কথিত আছে যথা, বায়ু শরীরের অর্দ্ধাংশ গ্রহণ পূর্ব্বক উহার শিরা ও স্নায়ু সকলকে শোষণ করিয়া এবং সন্ধিবন্ধসকল বিমুক্ত করিয়া দেহের অন্যতম পক্ষ্যকে নষ্ট করে। এই রোগে অর্দ্ধ অঙ্গের সমস্ত অংশ অকর্ম্মণ্য এবং চেতনা রহিত হয়। ইহাকে কেহ একাঙ্গরোগ কেহ বা পক্ষবধ কহে (১)। সর্ব্বদেহাশ্রিত বায়ু ঐ রূপ কুপিত হইলে সার্ব্বাঙ্গিক রোগ উৎপন্ন হয়। পক্ষবধ রোগে বায়ুর সহিত পিত্ত সমন্বিত হইলে দাহ সন্তাপ এবং মূর্চ্ছা উৎপন্ন হয় এবং কফযুক্ত হইলে শীতবোধ গাত্রগুরুতা ও শোথ হয়। শুদ্ধ বাতজনিত পক্ষবধ কৃচ্ছ্রসাধ্য। দ্বিদোষ জনিত রোগ সাধ্য এবং ধাতুক্ষয় জনিত একাঙ্গরোগ অসাধ্য।

উচ্চৈর্ব্যাহরতোঽত্যর্থং খাদতঃ কঠিনানি বা। হসতো জৃম্ভতো বাপি ভারাদ্বিষম শায়িনঃ। অর্দ্দয়ত্যনিলো বক্ত্র মর্দ্দিতং জনয়ত্যতঃ। বক্রী ভবতি বক্ত্রার্দ্ধং গ্রীবা চাপ্যপবর্ত্ততে। শিরশ্চলতি বাক্সঙ্গো নেত্রাদীনাঞ্চ বৈকৃতং। গ্রীবাচিবুকদন্তানাং যস্মিন্ পার্শ্বেচ বেদনা। তমর্দ্দিতমিতি প্রাহু র্ব্যাধিং ব্যাধি বিচক্ষণাঃ। ক্ষীণস্যানিমিষাক্ষস্য প্রসক্তাব্যক্তভাষিণঃ। ন সিদ্ধত্যর্দ্দিতং গাঢ়ং ত্রিবর্ষং বেপনস্য চ। গতে বেগে ভবেৎ স্বাস্থ্যং সর্ব্বেষ্বাক্ষেপকাদিষু।

---

(১) পক্ষবধকে ইংরাজিতে হেমিপ্লেজিয়া (Hemiplegia) এবং ভাষাতে অর্দ্ধাঙ্গ রোগ কহে।

অর্দ্দিত (১) রোগের কারণ ও লক্ষণ নিম্নপ্রকার নির্দ্দিষ্ট আছে, যথা অত্যন্ত উচ্চৈঃস্বরে বাক্য কথন, কঠিন দ্রব্য চর্ব্বণ, ভারবহন, জৃম্ভন এবং অতিশয় হাস্য অথবা বিষম শয়নদ্বারা প্রকুপিতবায়ু আস্যকে পীড়ন করতঃ অর্দ্দিত রোগ উৎপন্ন করে। এই রোগে মুখের এবং গ্রীবার অর্দ্ধাংশ বক্র হইয়া যায় ও মস্তক কাঁপে এবং বাক্য স্পষ্টরূপে নিঃসৃত হয় না, মুখের যে পার্শ্বে অর্দ্দিত হয় সেই দিগের ভ্রূনেত্রাদি বিকৃতিরূপ প্রাপ্ত হয় এবং গ্রীবা দন্ত ও চিবুকে বেদনা জন্মে। যে অর্দ্দিত পীড়িত ব্যক্তির অক্ষিপুট নিমেষ রহিত হয় এবং অব্যক্ত বাক্যমাত্র নিঃসৃত হয়, যাহার শরীর ক্ষীণ ও কম্পযুক্ত অথবা রোগ কঠিন এবং ত্রিবর্ষকাল অতীত হয়, তাহার পীড়া অসাধ্য। উপরোক্ত আক্ষেপ প্রভৃতি সমস্ত বাতব্যাধিরোগে বায়ুরপ্রকোপ উপশম হইলে রোগী স্বাস্থ্যলাভ করে অর্থাৎ পীড়া অপেক্ষাকৃত লঘু হয়।

জিহ্বানির্লেখনাচ্ছুষ্কভক্ষণাদভিঘাততঃ। কুপিতোহনুমূলস্থঃ শ্রংসয়িত্বানিলো হনূ। করোতি বিবৃতাস্যত্ব মথবা সংবৃতাস্যতাং। হনুগ্রহঃ স তেন স্যাৎ কৃচ্ছ্রাচ্চর্ব্বণভাষণং। দিবাস্বপাসমস্থান বিবৃতোর্দ্ধ নিরীক্ষণৈঃ। মন্যা-স্তম্ভং প্রকুরুতে স এব শ্লেষ্মণাবৃতঃ। বাগ্বাহিনীশিরাসংস্থো জিহ্বাং স্তম্ভয়তেঽনিলঃ। জিহ্বাস্তম্ভঃ স তেনান্নপানবাক্যেষ্বনীশতা। রক্ত মাশ্রিত্য পবনঃ কুর্য্যান্মূর্দ্ধধরাঃ শিরাঃ। রুক্ষাঃসবেদনাঃ কৃষ্ণাঃ সোঽসাধ্যঃ স্যাৎ শিরো-গ্রহঃ। স্ফিক্পূর্ব্বা কটি পৃষ্ঠোরু জানুজংঘাপদং ক্রমাৎ। গৃধ্রসী স্তম্ভরুক্ তোদৈ গৃহ্ণাতি স্পন্দতে মুহুঃ। বাতাদ্বাতকফাত্তন্দ্রা গৌরবারোচকান্বিতা। তলং-প্রত্যঙ্গুলীনাং যাঃ কণ্ডরা বাহুপৃষ্ঠতঃ। বাহ্বোঃ কর্ম্মক্ষয়করী বিশ্বচী চেতি সোচ্যতে।

জিহ্বা পরিষ্কার করিবার সময় অথবা শুষ্ক দ্রব্য চর্ব্বণ করিবার কালীন এবং অভিঘাতের দ্বারা কখন কখন হনুমূলস্থিত কুপিত বায়ু হনুদ্বয়কে স্খলন করতঃ আস্যকে বিবৃত ভাবে রাখে কখন বা সংবৃত করে, এই রোগকে হনুগ্রহ কহা যায়। ইহাতে রোগী অতি কষ্টে চর্ব্বন এবং বাক্যকথন করিতে পারে।

---

(১) অর্দ্দিত রোগকে ইংরাজিতে ফেস্যালপেরালিসিস (Facial paralysis) কহে।

দিবানিদ্রা অথবা অসমস্থানে শয়নদ্বারা এবং বিবৃত অক্ষির সহিত ঊর্দ্ধদৃষ্টিদ্বারা বায়ু শ্লেষ্মাবৃত্ত হইয়া মন্যাস্তম্ভ রোগ উৎপন্ন করে। বাগবাহিনী শিরাস্থিত অনিল কুপিত হইলে জিহ্বাস্তম্ভ হয় এবং তদ্দ্বারা রোগী অন্নপানাদি গ্রহণে ও বাক্য কথনে অসমর্থ হয়। এই রোগকে জিহ্বাস্তম্ভ কহা যায়। প্রকুপিত বায়ু রক্তকে আশ্রয় করিলে শিরোধারক শিরাসমূহ রুক্ষ কৃষ্ণবর্ণ এবং বেদনাযুক্ত হয়। এই রোগকে শিরোগ্রহ কহে। ইহা স্বভাবতঃ অসাধ্য। কুপিত বায়ু প্রথমতঃ নিতম্বকে গ্রহণ করিয়া তৎপর ক্রমান্বয়ে কটি পৃষ্ঠ উরু জানু জঙ্ঘা এবং পদকে আশ্রয় করিলে ঐ সকল স্থান স্তম্ভিত বেদনাযুক্ত এবং মুহুর্মুহুঃ প্রকম্পিত হয়। এই রোগকে গৃধ্রসী কহে। ইহাতে বায়ু কফাশ্রিত হইলে তন্দ্রা অরুচি এবং গাত্র গুরুতা হয়। যে বাতব্যাধিরোগে বাহুপৃষ্ঠ হইতে হস্ততলাভিমুখগামী কণ্ডরাসমূহ বেদনায় আক্রান্ত হয়, তাহাকে বিশ্বচী কহে। এই রোগে বাহুর কর্ম্ম ক্ষয় হয় অর্থাৎ গ্রহণ আকুঞ্চনাদি শক্তি নাশ হয় (১)।

বাতশোণিতজঃ শোথো জানুমধ্যে মহারুজঃ। জ্ঞেয়ঃ ক্রোষ্টুকশীর্ষস্তু স্থূলঃ ক্রোষ্টুক শীর্ষবৎ। বায়ুঃ কট্যাশ্রিতঃ সক্থ্নঃকণ্ডরামাক্ষিপেদ্‌যদা। খঞ্জস্তদা ভবেজ্জন্তুঃ পঙ্গুঃসক্থ্নোর্দ্বয়োর্বধাৎ। প্রক্রামন্ বেপতে যস্তু খঞ্জন্নিব চ গচ্ছতি। কলায় খঞ্জং তং বিদ্যাৎ মুক্তসন্ধিপ্রবন্ধনং। রুক্ পাদে বিষমন্যস্তে শ্রমাদ্বা জায়তে যদা। বাতেন গুল্‌ফমাশ্রিত্য তমাহুর্বাতকণ্টকং। পাদয়োঃ কুরুতে দাহং পিত্তাসৃক্‌সহিতোঽনিলঃ। বিশেষতশ্চংক্রমতঃ পাদদাহং তমাদিশেৎ।

বাতরক্তজনিত অতিশয় বেদনাযুক্ত এবং শৃগালের মস্তকসদৃশ স্থূলাকার শোথ জানুমধ্যে উত্থিত হইলে উহাকে ক্রোষ্টকশীর্ষ কহে (২)। কটিদেশস্থিত

---

(১) হনুগ্রহের লক্ষণ হন্বাস্থির সন্ধিভ্রংশের সহিত ঐক্য হয়। মন্যাস্তম্ভকে ইংরাজিতে রাইনেক (Wryneck) কহা যায়। জিহ্বাস্তম্ভকে ইংরাজিতে পেরালিসিস অফ দি টং (Paralysis of the tongue) কহা যায়। গৃধ্রসীকে ইংরাজিতে সায়াটিকা (Sciatica) কহে। গৃধ্রসী বিশ্বচী এবং খল্লী বাত-রোগ বিশেষ। শিরোগ্রহকে শিফেলালজিয়া (Cephalalgia) কহে।

(২) ক্রোষ্টুকশীর্ষকে ভাষাতে শিবমুণ্ড কহে। ইংরাজিতে সাইনো-ভাইটীস অফ নিজয়েণ্ট (Synovitis of knee joint) কহে।

কুপিত বায়ু যখন উরুদেশের কণ্ডরাসমূহের আক্ষেপ উৎপাদন করে তখন রোগী খঞ্জ হয়। দুইটি উরুর কণ্ডরা সমূহ এককালীন পীড়িত বা আক্রান্ত হইলে পঙ্গু কহা যায়। যে রোগে পদসঞ্চালন করিতে শরীর কাঁপে এবং রোগী খঞ্জের ন্যায় গমন করে তাহাকে কলায়খঞ্জ কহে। ইহাতে সন্ধিবন্ধনী সমুদয় মুক্ত অর্থাৎ শিথিল হয় (১)। বিষমক্রমে পদনিক্ষেপদ্বারা অথবা অতিরিক্ত পথগমনদ্বারা বায়ুকুপিত হইয়া গুল্‌ফেবেদনা জন্মাইলে তাহাকে বাতকণ্টক রোগ কহা যায় (২)। রক্ত এবং পিত্তসমন্বিত বায়ু পদদ্বয়তে দাহ জন্মাইলে পাদদাহ কহে। এইদাহ পথগমনকালীন বিশেষরূপে বৃদ্ধি পায় (৩)।

হৃষ্যেতে চরণৌ যস্য ভবেতাঞ্চাপি সুপ্তকৌ। পাদহর্ষঃ সবিজ্ঞেয়ঃ কফ-বাত প্রকোপতঃ। অংসদেশস্থিতো বায়ুঃ শোষয়েদংসবন্ধনং। শিরাশ্চাকুঞ্চ্য তত্রস্থো জনয়েদববাহুকং। আবৃত্য বায়ুঃ সকফোধমনীঃ শব্দবাহিনীঃ। নরান্ করোত্যক্রিয়কান্ মূকমিম্মিণগদ্গদান্।

পাদহর্ষরোগে (৪) চরণদ্বয় ঝিনীঝিনীবৎ পীড়াযুক্ত এবং স্পর্শ জ্ঞান রহিত হয়। এই রোগ কফ এবং বায়ুরপ্রকোপ হইতে উৎপন্ন হয়। স্কন্ধ-দেশস্থিত বায়ু অংশবন্ধনীসমূহকে শোষণ এবং তত্রস্থ কণ্ডরাসমূহকে আকুঞ্চন করিয়া অববাহুক নামারোগ উৎপাদন করে। কফাশ্রিত বায়ু যখন শব্দবহা-ধমনী সমূহকে আবৃত করে, তখন তিনপ্রকার বাক্য বিনষ্টকারী রোগ উৎপন্ন

---

(১) কলায়খঞ্জ, খঞ্জরোগের অবস্থান্তর মাত্র। ইহাতে গমন প্রারম্ভে কম্প হয়, খঞ্জরোগে হয় না। ভাষাতে খঞ্জকে খোঁড়া বা নেঙড়া কহে।

(২) বাতকণ্টককে ইংরাজিতে স্প্রেন অফ দি এ্যাঙ্কল (Sprain of the ankle) কহে।

(৩) পাদদাহের ইংরাজি বার্ণিং অফ্ ফিট। (Burning of feet)।

(৪) পাদহর্ষ রোগ লেপ্রসির প্রথমাবস্থা মাত্র। অববাহুকে ষ্টীফনেস অফ সোলডার জএণ্ট কহে (Stiffness of shoulder joint)।

হয়। ইহারা লক্ষণের তারতম্যভেদে মূক, মিন্মিণ এবং গদ্গদ নামে কথিত হয়। মূকরোগে এককালীন বাক্য রোধ হয়, মিন্মিণ রোগে সানুনাসিক বাক্য উচ্চারণ হয় এবং গদ্গদরোগে অব্যক্ত বাক্য নিঃসৃত হয়।

অধো যা বেদনা যাতি বর্চ্চোমূত্রাশয়োত্থিতা। ভিন্দতীব গুদোপস্থং সাতূনীনামনামতঃ। গুদোপস্থোত্থিতা যাতু প্রতিলোমং প্রধাবিতা। বেগৈঃ পক্কাশয়ং যাতি প্রতিতূনীতি সোচ্যতে। সাটোপমত্যুগ্ররুজ মাধ্মাতমুদরং ভৃশং। আধ্মানমিতি তং বিদ্যাদ্ঘোরং বাতনিরোধজং। বিমুক্ত পার্শ্ব হৃদয়ং তদেবামাশয়োত্থিতং। প্রত্যাধ্মানং বিজানীয়াৎ কফব্যাকুলিতানিলং। নাভেরধস্তাৎ সংজাতঃ সঞ্চারী যদি বা চলঃ। অষ্ঠীলাবদ্ঘনগ্রন্থিরূর্দ্ধমায়ত উন্নতঃ। বাতাষ্ঠীলাং বিজানীয়াদ্ বহির্মার্গাবরোধিনীং। এতামেব রুজোপেতাংবাতবিণ্মূত্ররোধিনীং। প্রত্যষ্ঠীলামিতি বদেজ্জঠরে তির্য্যগুত্থিতাং। মারুতেহ বিগুণে বস্তৌ মূত্রং সম্যক্ প্রবর্ত্ততে। বিকারা বিবিধা, চাত্র প্রতিলোমে ভবন্তি চ। সার্ব্বঙ্গ কম্পঃ শিরসো বায়ুর্বেপথু সংজ্ঞকঃ। খল্লী তু পাদজংঘোরু করমূলাবমোটিনী।

পক্কাশয় এবং মূত্রা-শয়ে বেদনা উত্থিত হইয়া অধোগমন করতঃ উপস্থে অর্থাৎ স্ত্রীপুরুষ উভয়ের গুহ্যস্থানে এবং মলদ্বারে ভেদনবৎ পীড়া জন্মাইলে উহাকে তূনী রোগ কহা যায়। যে বেদনা মলদ্বার এবং উপস্থ হইতে প্রারম্ভ হইয়া প্রতিলোমক্রমে অতিশয় বেগে ঊর্দ্ধগামী হয় এবং পক্কাশয়ে উঠিয়া অবস্থান করে তাহাকে প্রতিতূনী কহা যায়। যে রোগে বায়ু নিরোধ হেতু পক্কাশয়েতে অত্যন্ত বেদনা, বাতপূর্ণচর্ম্মপুটকের ন্যায় স্ফীততা এবং গুড়্গুড় শব্দ উৎপন্ন হয় তাহাকে আধ্মান কহে (১)। এই রোগ অতি কষ্ট দায়ক। উপরোক্ত লক্ষণ সমূহ পার্শ্ব এবং হৃদয়কে ত্যাগ করিয়া আমাশয়ে উপস্থিত হইলে প্রত্যাধ্মান কহে, ইহা কফাশ্রিত বায়ু কর্ত্তৃক উৎপন্ন হয়। বাতাষ্ঠীলা রোগে নাভির অধোদেশে বর্ত্তুলাকার প্রস্তরবৎ কঠিন গ্রন্থি উৎপন্ন হয়। ইহা কখন সচল কখন স্থির থাকে, উচ্চ ও ঊর্দ্ধায়াতন বিশিষ্ট

(১)। আধ্মান অর্থাৎ পেটফাঁপা, ইংরাজি ফ্লাটুলেন্স (Flatulence)।

হয় এবং মল ও মূত্রের দ্বার অবরোধ করে। এইরূপ বাতাষ্ঠিলা যদ্যপি বেদনাযুক্ত ও তীর্য্যগায়তন প্রাপ্ত হয় এবং মল মূত্র ও বাতকর্ম্মের অত্যন্ত অবরোধ করে তবে উহাকে প্রত্যষ্ঠিলা রোগ কহা যায়। বস্তিস্থিত বায়ু অনুলোমগতি অর্থাৎ স্বাভাবিক অবস্থায় থাকিলে সম্যকরূপে মূত্র প্রবর্ত্তন হয় কিন্তু প্রতিলোম গতি হইলে অশ্মরী মূত্রকৃচ্ছ্র প্রভৃতি রোগ উৎপন্ন হয়। যে রোগে মস্তক অথবা সর্ব্বাঙ্গ কম্পান্বিত হয় তাহাকে বেপথু বলে (১)। পাদ জঙ্ঘা উরু এবং করমূলের অবমোটন অর্থাৎ খালধরাকে খল্লী কহা যায়।

স্থাননামানুরূপৈশ্চ লিঙ্গৈঃ শেষান্ বিনির্দ্দিশেৎ। সর্ব্বেষ্বেতেষু সংসর্গং পিত্তাদ্যৈ রুপলক্ষয়েৎ। হনুস্তম্ভার্দ্দিতাক্ষেপ পক্ষাঘাতাপতানকাঃ। কালেন মহতা-ঢ্যানাং যত্নাৎ সিধ্যন্তি বা নবাঃ। নবান্ বলবতস্ত্বেতান্ সাধয়েন্নিরুপদ্রবান্। বিসর্পদাহরুক্সঙ্গ মূর্চ্ছারুচ্যগ্নিমার্দ্দবৈঃ। ক্ষীণমাংসবলং বাতা ঘ্নন্তি পক্ষ-বধাদয়ঃ। শূনং সুপ্তত্বচং ভগ্নং কম্পাধ্মান নিপীড়িতং। রুজার্ত্তিমন্তঞ্চ নরং বাতব্যাধি র্বিনাশয়েৎ। অব্যাহতগতি র্যস্য স্থানস্থঃ প্রকৃতি স্থিতঃ। বায়ুঃস্যাৎ সোঽধিকং জীবেদ্বীতরোগঃ সমাঃ শতং।

উপরোক্ত বাতব্যাধি ভিন্ন অন্যান্য যে যে বাতব্যাধি রোগ আছে অর্থাৎ যাহাদের নাম এস্থলে উক্ত হইল না তাহাদিগের স্থান ও লক্ষণ দ্বারা সংজ্ঞা নির্দ্দেশ করিবে যথা কুক্ষিশূল, নখভেদ ইত্যাদি। সর্ব্বপ্রকার বাতব্যাধিরোগে পিত্ত এবং কফের সংসর্গ চিকিৎসা কার্য্যের নিমিত্ত উপলক্ষ করিবে। ধনশালী ব্যক্তিদিগের নবোত্থিত হনুস্তম্ভ অর্দ্দিত আক্ষেপ পক্ষাঘাত এবং অপতানক রোগ যথাকালে যত্নের সহিত চিকিৎসিত হইলে সাধ্য হইতে পারে। বলবান ব্যক্তিদিগের এই সকল রোগ নবোৎপন্ন এবং উপদ্রব রহিত হইলে সাধ্য জানিবে। পক্ষবধাদি রোগে বিসর্প দাহ বেদনা মুর্চ্ছা কোষ্ঠবদ্ধতা অরুচি এবং অগ্নিমান্দ্যাদি উপদ্রব সমূহ প্রকাশ হইলে ক্ষীণ এবং কৃশ রোগীর মৃত্যু

---

(১) বেপথুকে ইংরাজীতে প্যারালিসিস য়্যাজিট্যানস কহে (Paralysis Agitans)।

হয়। যে বাতব্যাধি রোগগ্রস্ত ব্যক্তির শোথ ত্বকের স্পর্শাজ্ঞপ্ততা অঙ্গভঙ্গ কম্প আধ্মান এবং অতিশয় বেদনা হয় তাহার রোগ অসাধ্য জানিবে। যে মানবের বায়ু সর্ব্বদা স্বস্থানস্থ এবং প্রকৃতিস্থিত থাকে এবং কখন অবরুদ্ধ হয় না, সে মনুষ্য নীরোগী হইয়া শতবর্ষের অধিক জীবিত থাকে।

অথ বাতরক্ত নিদানং।

লবণাম্লকটুক্ষারস্নিগ্ধোষ্ণাজীর্ণভোজনৈঃ। ক্লিন্নশুষ্কাম্বুজানূপমাংসপিন্যাক-মূলকৈঃ। কুলত্থমাষনিষ্পাবশাকাদিপললেক্ষুভিঃ। দধ্যারনালসৌবীর শুক্ততক্রসুরাসবৈঃ। বিরুদ্ধাধ্যশন ক্রোধ দিবাস্বপ্ন প্রজাগরৈঃ। প্রায়শঃ সুকুমারাণাং মিথ্যাহারবিহারিণাং। স্থূলানাং সুখিনাঞ্চাপি কুপ্যতে বাতশোণিতং। হস্ত্যশ্বোষ্ট্রৈর্গচ্ছতশ্চাশ্নতশ্চ বিদাহ্যন্নং সবিদাহোশনস্য। কৃৎস্নং রক্তং বিদহত্যাশু তচ্চ দুষ্টং স্রস্তং পাদয়োশ্চীয়তে তু। তৎসংপৃক্তং বায়ুনা দুষিতেন তৎপ্রাবাল্যাদুচ্যতে বাতরক্তং।

লবণ, অম্ল, কটু, ক্ষার, স্নিগ্ধ, উষ্ণ এবং অজীর্ণকারী দ্রব্য ভোজন দ্বারা, জলজাত কচ্ছপাদি এবং জলপ্লাবিত-দেশ-জাত বরাহাদির ক্লিন্ন ও শুষ্কমাংস ভক্ষণদ্বারা, তিলকল্ক মুলা কুলথ মাষকলায় শীম্বী শাকাদি মাংস ইক্ষু দধি কাঞ্জী সৌবীর শুক্ত তক্র ও মদিরা আসবাদির অতি সেবন দ্বারা, বিরুদ্ধ আহার ও অতিভোজনদ্বারা এবং ক্রোধ দিবানিদ্রা ও নিশিজাগরণ দ্বারা, প্রায়ই মিথ্যাহারবিহারকারী, মৃদুশরীরী এবং স্থূলকায় ও সুখী ব্যক্তিদিগের বায়ু এবং রক্ত প্রকোপ প্রাপ্ত হয়। বাতরক্তের সম্প্রাপ্তি নিম্ন প্রকারে কথিত আছে, যথা, যে মানব হস্তি, অশ্ব অথবা উষ্ট্রের পৃষ্ঠে গমন করে ও দাহজনক দ্রব্য ভক্ষণ করে এবং যাহার অন্ন পরিপাক পাইয়া দগ্ধবৎ হয়, তাহার সমুদায় রক্ত উত্তপ্ত ও দূষিত হইয়া অধোগমন করত পদদ্বয়ে সঞ্চিত হয়, তৎপরে দুষ্ট বায়ুর সহিত মিলিত হয়। এই রোগে বায়ুর প্রাধান্য হেতু ইহাকে বাতরক্ত কহে (১)।

---

(১) বাতরক্ত রোগকে ইংরাজীতে লেপ্রোসি (Leprosy) কহা যায়। সুশ্রুত গ্রন্থে ইহা বাতব্যাধির মধ্যে পঠিত হইয়াছে। চিকিৎসার বিশেষার্থ চরকে স্বতন্ত্র অধ্যায়ে লিখিত আছে।

স্বেদোঽত্যর্থং নবা কার্ষ্ণ্যং স্পর্শাজ্ঞত্বং ক্ষতেঽতিরুক্। সন্ধিশৈথিল্যমাল স্যং সদনং পিড়কোদ্গমঃ। জানুজঙ্ঘোরুকট্যংস হস্তপাদাঙ্গ সন্ধিষু। নিস্তোদঃ স্ফুরণং ভেদো গুরুত্বং সুপ্তিরেব চ। কণ্ডূঃ সন্ধিষু রুগ্‌ভূত্বা নশ্যতি চাসকৃৎ। বৈবর্ণ্যং মণ্ডলোৎপত্তি র্বাতাসৃক পূর্ব্বলক্ষণং।

বাতরক্তের পূর্ব্বরূপ নিম্ন প্রকারে নির্দ্দিষ্ট আছে, যথা, অতিশয় ঘর্ম্ম বা ঘর্ম্মরোধ, চর্ম্ম বিবর্ণ অথবা কৃষ্ণবর্ণ এবং স্পর্শজ্ঞান রহিত হয়, শরীরের কোন অংশে ক্ষত হইলে, অত্যন্ত বেদনা, সন্ধিশৈথিল্য, আলস্য ও অঙ্গাবসাদ এবং স্ফোটকোৎপত্তি হয়, জানু জঙ্ঘা উরু কটি অংস হস্ত পাদ এবং সন্ধি সমূহে, সূচীবেধবৎ বেদনা, স্পন্দন, ভঙ্গবৎ পীড়া, ভারবোধ ও সুপ্ততা হয়, সন্ধি সমূহ বারবার বেদনাযুক্ত কখন বা বেদনা রহিত হয়, চর্ম্মের উপরে চক্রাকার মণ্ডলের উৎপত্তি এবং রোগী গাত্র কণ্ডূতে পীড়িত হয়।

বাতেঽধিকেঽধিকং তত্র শূল স্ফুরণভঞ্জনং। শোথস্য রৌক্ষ্যং কৃষ্ণত্বং শ্যাবতা বৃদ্ধিহানয়ঃ। ধমন্যঙ্গুলিসন্ধীনাং সঙ্কোচোঽঙ্গগ্রহোঽতিরুক্। শীতদ্বেষানুপশয়ৌ স্তম্ভবেপথুসুপ্তয়ঃ। রক্তে শোথোঽতিরুক্তোদ স্তাম্রশ্চিমিচিমায়তে। স্নিগ্ধরুক্ষৈঃ শমং নৈতি কণ্ডূক্লেদ সমন্বিতঃ। পিত্তে বিদাহঃ সম্মোহঃ স্বেদ মূর্চ্ছা মদস্তৃষা। স্পর্শাসহত্বং রুগ্‌রাগঃ শোথঃ পাকো ভৃশোষ্মতা। কফে স্তৈমিত্যগুরুতা সুপ্তিস্নিগ্ধত্ব শীততাঃ। কণ্ডূর্মন্দা চ রুগ্‌দ্বন্দ্ব সর্ব্বলিঙ্গঞ্চ সঙ্করাৎ।

বাতাধিক্য বাতরক্ত রোগে, অত্যন্ত শূল, ভঙ্গবৎ পীড়া, বেদনা ও স্পন্দন হয়, শোথ, রুক্ষ কৃষ্ণ ও শ্যাব বর্ণ এবং কখন বর্দ্ধিত বা হ্রস্ব হয়। ধমনী অঙ্গুলী ও সন্ধি সকলের সঙ্কোচন এবং অঙ্গগ্রহ হয় শরীর কম্পবান স্তব্ধ ও সুপ্ত হয়, এবং শীত ও হিংসা হইতে রোগ বর্দ্ধিত হয়। রক্তাধিক্য বাতরক্তে, শোথ অত্যন্ত বেদনাযুক্ত, কখন সূচীবেধবৎ কখন বা চিমচিম বেদনাবিশিষ্ট, তাম্রবর্ণ, ক্লেদযুক্ত এবং কণ্ডুবিশিষ্ট হয়, এবং স্নিগ্ধ ও রুক্ষ ক্রিয়া দ্বারা বর্দ্ধিত হয়। পিত্তাধিক্য বাতরক্তে, শোথ স্পর্শাসহ, বেদনান্বিত, রক্তিমাকার, অতি উত্তপ্ত এবং পাকযুক্ত হয়। রোগী দাহ তৃষ্ণা ও ঘর্ম্মযুক্ত হয়, এবং মূর্চ্ছা সম্মোহ অর্থাৎ

মনোমোহ ও মত্ততা প্রাপ্ত হয়। কফাধিক্য বাতরক্তে, শোথে স্তিমিততা, গুরুতা, স্নিগ্ধতা, শীতলতা, সুপ্ততা, কণ্ডু এবং অল্প বেদনা হয়। উপরোক্ত বাতাদি-রক্ত পিত্তের মিলিত লক্ষণ হইতে, দ্বন্দ্বজ এবং সান্নিপাতিক বাতরক্ত রোগ বোধ করিবে।

পাদয়োর্মূলমাস্থায় কদাচিদ্ধস্তয়োরপি। আখোর্বিষমিব ক্রুদ্ধং তদ্দেহমুপসর্পতি। আজানুস্ফুটিতং যচ্চ প্রভিন্নং প্রস্রুতঞ্চ যৎ। উপদ্রবৈশ্চ যজ্জুষ্টং প্রাণমাংসক্ষয়াদিভিঃ। বাতরক্তমসাধ্যং স্যাদ্‌যাপ্যং সম্বৎসরোত্থিতং। অস্বপ্নারোচকশ্বাস মাংসকোথশিরোগ্রহাঃ। মূর্চ্ছাতিমদরুক্‌তৃষ্ণা জ্বরমোহপ্রবেপকাঃ। হিক্কাপাঙ্গুল্য বীসর্পপাকতোদভ্রমক্লমাঃ। অঙ্গুলীবক্রতাস্ফোটদাহমর্ম্মগ্রহার্ব্বুদাঃ। এতৈরুপদ্রবৈর্বর্জ্জ্যং মোহেনৈকেনবাপি যৎ। অকৃৎস্নোপদ্রবং যাপ্যং সাধ্যং স্যান্নিরুপদ্রবং। একদোষানুগং সাধ্যং নবং যাপ্যং দ্বিদোষজং। ত্রিদোষজ মসাধ্যং স্যাৎ যস্য চ স্যুরুপদ্রবাঃ॥

ক্রুদ্ধ বাতরক্ত প্রথমতঃ পাদদ্বয়ের মূল কদাচিৎ হস্তদ্বয়ের মূলদেশকে আশ্রয় করিয়া উৎপন্ন হয়। ইহা কখন পদদ্বয়েতেই আবদ্ধ থাকে, কখন বা আখুবিষের ন্যায়, অর্থাৎ মন্দবেগে বিসর্পণকরতঃ দেহের অন্যান্য অঙ্গে ব্যাপ্ত হয় (১)। যে বাতরক্তে পাদমূল হইতে জানুদেশ পর্য্যন্ত চর্ম্মবিদারিত অর্থাৎ ক্ষত উৎপন্ন হয়, অথবা চর্ম্ম ভেদ করিয়া অতিশয় স্রাব নির্গত হয়, তাহা অসাধ্য। যে বাতরক্তে রোগী বক্ষ্যমাণ উপদ্রব সমূহ দ্বারা পীড়িত হয়, বা তাহার বল এবং মাংস ক্ষীণ হয় তাহাও অসাধ্য। সম্বৎসরাতিবাহিত বাতরক্তরোগ যাপ্য। বাতরক্তরোগের উপদ্রবসমূহ নিম্নপ্রকারে লিখিত আছে, যথা রোগীর নিদ্রা হয় না এবং শিরঃশূল ভ্রম মোহ মূর্চ্ছা ও অতিশয় প্রলাপ হয়। রোগীর দাহ তৃষ্ণা জ্বর অরুচি শ্বাস হিক্কা ও কম্প হয় এবং

(১) উত্তান এবং গম্ভীরভেদে বাতরক্তরোগ দুইপ্রকার। যে বাতরক্ত ত্বক্ ও মাংস আশ্রয় করিয়া জন্মে তাহাকে উত্তান বাতরক্ত কহে। যে রোগ অন্তরাশ্রয় করিয়া অর্থাৎ বসামজ্জাদিধাতু প্রাপ্ত হইয়া উৎপন্ন হয়, তাহাকে গম্ভীর বাতরক্ত কহে।

ক্লান্তি, সূচীভেদনতুল্য বেদনা, অঙ্গগ্রহ ও মর্ম্মগ্রহদ্বারা পীড়া হয়, অঙ্গুলি সকল বক্র হইয়া যায় শরীর পঙ্গুবৎ হয়, চর্ম্মে বিসর্পস্ফোটক ও অর্ব্বুদের উৎপত্তি হয় এবং শোথ পাকিয়া মাংসমধ্যে নালী হয়। যে বাতরক্তরোগে, সমুদয় উপদ্রব একত্র দৃষ্ট হয় না, তাহা যাপ্য হইতে পারে. কিন্তু রোগী মোহপ্রাপ্ত হইলে অন্য কোন উপদ্রব না থাকিলেও অসাধ্য হয়। যে বাতরক্তে উপদ্রব না থাকে তাহা সাধ্য। একদোষজনিত, নবোত্থিত ও দ্বন্দ্বজ বাতরক্ত রোগ সাধ্য এবং ত্রিদোষজনিত বা উপদ্রববিশিষ্ট বাতরক্ত অসাধ্য।

অথোরুস্তম্ভ নিদানং।

শীতোষ্ণদ্রবসংশুষ্কগুরুস্নিগ্ধৈর্নিষেবিতৈঃ। জীর্ণাজীর্ণে তথায়াস সংক্ষোভ স্বপ্ন জাগরৈঃ। সশ্লেষ্মমেদঃ পবনঃ সামমত্যর্থসঞ্চিতং। অভিভুয়ে তরং দোষ মুরুচেৎ প্রতিপদ্যতে। সক্থ্যস্থিনী প্রপূর্য্যান্তঃশ্লেষ্মণা স্তিমিতে নচ। তদাস্তভ্নাতি তেনোরু স্তব্ধৌ শীতাবচেতনৌ। পরকীয়া বিব গুরুস্যাতামতিভৃশব্যথৌ। ধ্যানাঙ্গমর্দ্দ স্তৈমিত্যতন্দ্রা ছর্দ্যরুচিজ্বরৈঃ। সংযুক্তোপাদসদন কৃচ্ছোদ্ধরণ সুপ্তিভিঃ। তমূরুস্তম্ভ মিত্যাহু রাঢ্যবাত মথাপরে।

শীত উষ্ণ, দ্রব কঠিন, গুরু লঘু, স্নিগ্ধ রুক্ষ, জীর্ণ অজীর্ণ, ব্যায়াম অব্যায়াম, নিদ্রা জাগরণ, ইত্যাদি পরস্পর বিরুদ্ধ আহার ও আচারদ্বারা শ্লেষ্মা এবং মেদযুক্তবায়ু শরীরস্থ অতিসঞ্চিত অপকপিত্তকে অভিভব করিয়া, যখন উরুদ্বয়কে প্রাপ্ত হয়, এবং আদ্রশ্লেষ্মাদ্বারা উহাদের অস্থির অন্তরকে পূরণ করে, তখন বায়ু স্তব্ধ অর্থাৎ গতিরহিত হয়, এই হেতু উরুদ্বয় স্তব্ধ, শীতল অচেতন, ভারী ও অত্যন্ত বেদনাযুক্ত হয় এবং রোগী উত্থান ও গমনাদিতে অসমর্থ হয়। উরুস্তম্ভ রোগে, মনুষ্য নিশ্চেষ্ট হয়, এবং গাত্র আর্দ্র বস্ত্রদ্বারা আচ্ছাদিতের ন্যায় বোধ করে। তন্দ্রা, বমি, অরুচি, অঙ্গগ্রহ ও জ্বর এবং পাদদ্বয় অবসন্ন কষ্টে উত্তোলিত ও অসার হয়। কোন কোন গ্রন্থকর্ত্তা এই রোগকে আঢ্যবাত কহেন (১)।

---

(১) উরুস্তম্ভরোগও বাতব্যাধিবিশেষ এবং সুশ্রুতে বাতব্যাধি অধ্যায়ে

প্রাগ্ রূপং তস্য নিদ্রাতিধ্যানং স্তিমিততা জ্বরঃ। রোমহর্ষোঽরুচিশ্ছর্দ্দি জঙ্ঘোর্ব্বোঃসদনং তথা। বাতশঙ্কিভিরজ্ঞানাত্তস্য স্যাৎ স্নেহনাৎ পুনঃ। পাদয়োঃ সদনং সুপ্তিঃ কৃচ্ছ্রাদুর্দ্ধরণং তথা। জঙ্ঘোরুগ্লানিরত্যর্থ্যং শশ্বচ্চা দাহবেদনে। পাদঞ্চ ব্যথতে ন্যস্তং শীতস্পর্শং ন বেত্তি চ। সংস্থানে পীড়নে গত্যাং চালনে চাপ্যনীশ্বরঃ। অন্যনেয়ৌ হি সংভগ্নাবুরূ পাদৌ চ মন্যতে। যদা দাহার্ত্তিতোদার্ত্তো বেপনঃ পুরুষো ভবেৎ। উরুস্তম্ভস্তদা হন্যাৎ সাধ্যেদন্যথা নবং।

উরুস্তম্ভ রোগের পূর্ব্বরূপ নিম্নপ্রকারে কথিত আছে, যথা, অতিশয় নিদ্রা, নিশ্চেষ্টতা, স্তিমিতভাব, জ্বর, রোমহর্ষ, অরুচি, বমন এবং জঙ্ঘা ও উরুতে বেদনা হয়। যদি উরুস্তম্ভরোগে অজ্ঞানতাবশতঃ বাতরোগ আশঙ্কা করিয়া স্নেহাদিকার্য্য করে, তবে পদদ্বয়ের অবসাদ ও সুপ্ততা এবং অতিশয় কষ্টেউত্তোলিত হয়, জঙ্ঘা ও উরুতে অতিমাত্র গ্লানি এবং মুহুর্মুহু অল্পপরিমিত দাহযুক্ত বেদনা হয়, রোগী পদন্যাস করিতে ব্যথিত হয়, শীত স্পর্শবোধ করিতে পারে না, পদদ্বয়ের অবস্থিতি পীড়ন অথবা সঞ্চালন করিতে অশক্ত হয় এবং উরু ও পদদ্বয়কে ভগ্ন এবং অবশের ন্যায় বোধ করে। যখন রোগী দাহ বেদনা এবং কম্পযুক্ত হয়, তখন উরুস্তম্ভ রোগ তাহাকে নষ্ট করে। ইহার অন্যথা হইলে অথবা নবোত্থিত হইলে সাধ্য জানিবে।

অথামবাত নিদানং।

বিরুদ্ধাহারচেষ্টস্য মন্দাগ্নের্নিশ্চলস্য চ। স্নিগ্ধং ভুক্তবতোহ্যন্নং ব্যায়ামং কুর্ব্বত স্তথা। বায়ুনা প্রেরিতো হ্যামঃ শ্লেষ্মস্থানং প্রধাবতি। তেনাত্যর্থং বিদগ্ধোঽসৌ ধমনীঃ প্রতিপদ্যতে। বাতপিত্তকফৈর্ভূয়ো দূষিতঃ

পঠিত হয়। ইংরাজিতে ইহাকে প্যারাপ্লিজিয়া কহে। ভাষাতে উরুস্তম্ভ শব্দে উরুদেশের বৃহৎ এবং অবগাঢ় স্ফোটক অথবা ঐস্থানের বিস্তৃতাকার কার্বঙ্কেলকে বুঝায়। নিদানোক্ত উরুস্তম্ভে অধঃশাখাদ্বয় যুগপৎ অসার এবং চলৎশক্তি রহিত হয়।

সোঽমজোরসঃ। স্রোতাংস্যভিষ্যন্দয়তি নানাবর্ণোঽতিপিচ্ছিলঃ। জনয়ত্যাশু দৌর্ব্বল্যং গৌরবং হৃদয়স্য চ। ব্যাধীনামাশ্রয়ো হ্যেষ আমসংজ্ঞেতি দারুণঃ। যুগপৎ কুপিতাবন্ত ত্রিকসন্ধি প্রবেশকৌ। স্তব্ধং বা কুরুতো গাত্রং মামবাতঃ স উচ্যতে। অঙ্গমর্দ্দোঽরুচিস্তৃষ্ণা আলস্যং গৌরবং জ্বরঃ। অপাকঃ শূনতাঙ্গানা মামবাতস্য লক্ষণং। সকষ্টঃ সর্ব্ব রোগাণাং যদা প্রকুপিতো ভবেৎ।

স্নিগ্ধ এবং বিরুদ্ধ আহারী ও বিহারশীল, অব্যায়াম বা অতিব্যায়ামশীল ব্যক্তির অগ্নিমান্দ্যহেতু আম উৎপন্ন হইয়া বায়ুকর্তৃক আমাশয়ে নীত হয়। পরে বায়ুদ্বারা অতিশয় দূষিত হইয়া ধমনীসমূহে সঞ্চালিত হইলে, পুনরায় বায়ুপিত্ত এবং কফকর্তৃক দূষিত হইয়া নানাবর্ণযুক্ত এবং পিচ্ছিল হয়, স্রোতঃসমস্ত হইতে স্রাবনিঃসরণ করে এবং দুর্ব্বলতা ও হৃদয়ের গুরুতা জন্মায়, ইহাকেই নানাবিধ ব্যাধির আশ্রয়-স্বরূপ দারুণ আম কহে (১)। যখন দুষ্ট আম এবং বায়ু যুগপৎ কুপিত হইয়া মেরুদণ্ডের নিম্ন স্থান ও সন্ধির অন্তরে প্রবেশ করতঃ গাত্রের স্তব্ধতা উৎপাদন করে, তখন আমবাত রোগের উৎপত্তি হয়। সামান্য আমবাতের লক্ষণ নিম্নপ্রকারে নির্দ্দিষ্ট আছে, যথা, রোগীর অরুচি, অপাক, পিপাসা, আলস্য, গাত্রগুরুতা ও জ্বর হয়। এবং অঙ্গসমূহ বেদনাযুক্ত ও স্ফীত হয়। যখন আমবাত রোগ প্রকুপিত অর্থাৎ বৃদ্ধি পায়, তখন ইহা সকলরোগ অপেক্ষা কষ্টসাধ্য জানিবে।

হস্তপাদশিরোগুল্ফ ত্রিকজানূরুসন্ধিষু। করোতি সরুজং শোথং যত্র দোষঃ প্রপদ্যতে। সদেশোরুজ্যতেঽত্যর্থং ব্যাবিদ্ধ ইব বৃশ্চিকৈঃ। জনয়েৎ সোঽগ্নিদৌর্ব্বল্যং প্রসেকারুচি গৌরবং। উৎসাহহানিং বৈরস্যং দাহঞ্চ বহুমূত্রতাং। কুক্ষৌ কঠিনতাং শূলং তথা নিদ্রা বিপর্য্যয়ং। তৃট্ ছর্দ্দি-

(১) আহারীয় রস অগ্নির দুর্ব্বলতাহেতু পাক না পাইয়া আমাশয়ে গত হইলে উহাকে আম কহে। আমবাত রোগকে ইংরাজিতে য়্যাকিউট রিউমেটিসম্ কহে। ভাষায় বাতের ব্যামোহ অথবা গাটিয়া বাত কহে।

ভ্রমমূর্চ্ছাশ্চ হৃদ্‌গ্রহং বিড্‌বিবদ্ধতাং। জাড্যান্ত্রকূজনানাহং কষ্টাংশ্চান্যানুপদ্রবান্‌। পিত্তাৎ সদাহরাগঞ্চ সশূলং পবনানুগং। স্তিমিতং গুরুকণ্ডূঞ্চ কফদুষ্টং তমাদিশেৎ। একদোষানুগঃ সাধ্যো দ্বিদোষো যাপ্য উচ্যতে। সর্ব্বদেহচরঃ শোথঃ সকৃচ্ছ্রঃ সান্নিপাতিকঃ॥

বর্দ্ধিত আমবাতের চিহ্ন নিম্নপ্রকারে কথিত আছে, যথা, হস্ত, পাদ, মস্তক গুল্ফ, ত্রিকস্থান, জানু উরুদ্বয় এবং সন্ধিসমূহে বেদনা ও শোথ জন্মে এবং যে যে স্থানে দোষ অবস্থিতি করে, সেই সেই স্থান বৃশ্চিক দংশনের ন্যায় অত্যন্ত বেদনাযুক্ত হয়। রোগীর অগ্নিমান্দ্য, মুখস্রাব, অরুচি, মুখবিরস, কোষ্ঠবদ্ধ, পিপাসা, বমি, অন্ত্রকূজন, আনাহ, শূল ও কুক্ষিদ্বয় কঠিন হয়, নিদ্রা হয় না, মূর্চ্ছা, ভ্রম ও হৃদয়ের পীড়া হয়। শরীরে উৎসাহ থাকে না এবং দাহ বেদনা ও সর্ব্বদা ভারবোধ হয়। ইন্দ্রিয় সমূহের জড়তা অত্যন্ত মূত্রসঞ্চার এবং এতদ্ভিন্ন অন্যান্য নানাপ্রকার কষ্টদায়ক উপদ্রব, যথা, অঙ্গ সঙ্কোচন খঞ্জত্বাদি দৃষ্ট হয়। আমবাত রোগে, বাতাধিক্য হেতু অতিশয় বেদনা, পিত্তাধিক্য হেতু দাহ ও শরীর রক্তবর্ণ এবং কফের প্রাধান্য নিমিত্ত গাত্রগুরুতা, কণ্ডূ ও স্তৈমিত্য হয়। আমবাত রোগ স্বভাবতঃ ত্রিদোষজ, তন্মধ্যে এক দোষের আধিক্য থাকিলে রোগ সাধ্য। দ্বিদোষানুগ রোগ যাপ্য এবং ত্রিদোষজনিত রোগ সর্ব্বাঙ্গে শোথ হইলে কৃচ্ছ্রসাধ্য জানিবে।

অথ শূলপরিণামশূলান্নদ্রবশূল নিদানং।

দোষৈঃ পৃথক্‌ সমস্তামদ্বন্দ্বৈঃ শূলোহষ্টধা ভবেৎ। সর্ব্বেষ্বেতেষু শূলেষু প্রায়েণ পবনঃ প্রভুঃ। ব্যায়াম যানাদতিমৈথুনাচ্চ প্রজাগরাৎ শীতজলাতিপানাৎ। কলায় মুদ্গাঢ়কিকোরদূষা দত্যর্থ রুক্ষাধ্যশনাভিঘাতাৎ। কষায় তিক্তাতিবিরূঢ়জান্ন বিরুদ্ধবল্লূরক শুষ্কশাকাৎ। বিট্‌শুক্র মূত্রানিলবেগরোধাৎ শোকোপবাসাদতিহাস্যভাষাৎ। বায়ুঃ প্রবৃদ্ধোজনয়েদ্ধিশূলং হৃৎপার্শ্বপৃষ্ঠত্রিকবস্তিদেশে। জীর্ণে প্রদোষে চ ঘনাগমে চ শীতে চ কোপং সমুপৈতি গাঢ়ং। মুহুর্মুহুশ্চোপশম প্রকোপৌ বিড্‌বাতসংস্তম্ভ তোদভেদৈঃ। সংস্বেদনাভ্যঞ্জনমর্দ্দনাদ্যৈঃ স্নিগ্ধোষ্ণভোজ্যৈশ্চ সমং প্রয়াতি।

বাতিক, পৈত্তিক, কফজ, সান্নিপাতিক, আমজ এবং দ্বন্দজ ভেদে অষ্ট-প্রকার শূলরোগ কথিত আছে। প্রায় সর্ব্বপ্রকার শূল রোগে বায়ুর প্রাধান্য জানিবে। বাতজ শূলের বিবরণ নিম্নলিখিত ক্রমে নির্দ্দিষ্ট আছে, যথা, অতিশয় ব্যায়ামকার্য্য, যানারোহণ রতিক্রীড়া জাগরণ এবং অভিঘাতের দ্বারা, কলায় মুদ্গা অঢ়র এবং গোধূম ভক্ষণদ্বারা, অতিশীতল জলপান বিরুদ্ধ ভোজন ও অতিভোজনদ্বারা, রুক্ষ তিক্ত ও কষায় দ্রব্য সেবনদ্বারা, অঙ্কুরিত ধান্যের অন্ন শুষ্কমাংস ও শুষ্ক শাক আহার দ্বারা, মল মূত্র শুক্র ও বায়ুর বেগরোধ দ্বারা, এবং শোক, উপবাস, অতিহাস্য ও অতিরিক্ত ভাষণদ্বারা বায়ু প্রকুপিত হইয়া হৃদয়, পার্শ্ব, পৃষ্ঠ, ত্রিক এবং বস্তিদেশে শূল উৎপাদন করে, রোগী বাত এবং বদ্ধমলদ্বারা সূচীবেধের ন্যায় বেদনা এবং ভেদন তুল্য পীড়াতে প্রপীড়িত হয়। ভুক্তদ্রব্যের পরিপাক সময়ে, প্রদোষকালে, মেঘাগমে এবং শীতদ্বারা রোগ অতিশয় বৃদ্ধিপায় ও স্বেদক্রিয়া, অভ্যঞ্জন, মর্দ্দনাদি ও স্নিগ্ধ অথবা উষ্ণ দ্রব্য ব্যবহার দ্বারা শান্ত হয়। বায়ুর সচলতাহেতু শূল মুহুর্মুহু উপশমিত ও মুহুর্মুহু প্রকুপিত হইয়া থাকে।

ক্ষারাতিতীক্ষ্ণোষ্ণবিদাহি তৈল নিষ্পাবপিন্যাককুলত্থযূষৈঃ। কট্বম্লসৌবীর সুরাবিকারৈঃ ক্রোধানলায়াসরবিপ্রতাপৈঃ। গ্রাম্যাতিযোগাদশনৈর্বিদগ্ধৈঃ পিত্তং প্রকুপ্যাশু করোতি শূলং। তৃণ্মোহদাহার্ত্তি করং হি নাভ্যাং সংস্বেদ-মূর্চ্ছাভ্রম চোষযুক্তং। মধ্যন্দিনে কুপ্যতি চার্দ্ধরাত্রে বিদাহকালে জলদাত্যয়ে চ। শীতে চ শীতৈঃ সমুপৈতি শান্তিং সুস্বাদু শীতৈরপিভোজনৈশ্চ।

পৈত্তিক শূলের বিবরণ নিম্নপ্রকারে লিখিত আছে, যথা, যবক্ষারাদি অতি তীক্ষ্ণ উষ্ণ কটু অম্ল ও বিদাহী দ্রব্য সেবনদ্বারা, তিলতৈল খলী শিম্বী কুলত্থ কাঞ্জি ও মদিরা হইতে প্রস্তুতীকৃত দ্রব্য ভক্ষণ দ্বারা দগ্ধ দ্রব্য আহার দ্বারা, ক্রোধ পরিশ্রম অগ্নি ও রৌদ্রসন্তাপ এবং অতিশয় স্ত্রীসংসর্গদ্বারা, পিত্তকুপিত হইয়া নাভিস্থানে শূল উৎপাদন করে, রোগী পিপাসা মূর্চ্ছা দাহ ঘর্ম্ম ইন্দ্রিয়-মোহ ভ্রম এবং চোষণবৎ পীড়াক্রান্ত হয়, দিনের মধ্যভাগে, অর্দ্ধরাত্রে, অন্নের পরিপাক সময়ে এবং শীত ও শরৎকালে রোগ বৃদ্ধিপায়, শীতক্রিয়া ও সুস্বাদু যুক্ত শীতল ভোজনাদি দ্বারা শান্ত থাকে।

আনূপবারিজকিলাট পয়োবিকারৈ র্মাংসেক্ষুপিষ্টকৃশরাতিলশষ্কুলীভিঃ। অন্যৈর্বলাসজনকৈরপি হেতুভিশ্চ শ্লেষ্মা প্রকোপমুপগম্য করোতি শূলং। হৃল্লাসকাসসদনারুচি সংপ্রসেকৈ রামাশয়ে স্তিমিতকোষ্ঠ শিরোগুরুত্বৈঃ। ভুক্তে সদৈ বহিরুজং কুরুতেঽতিমাত্রং সূর্য্যোদয়েঽথ শিশিরে কুসুমাগমে চ। সর্ব্বেষু দোষেষু চ সর্ব্বলিঙ্গং বিদ্যাদ্ভিষক্ সর্ব্ব ভবং হি শূলং। সুকষ্টমেনংবিষবজ্রকল্পং বিবর্জ্জনীয়ং প্রবদন্তি তজ্জ্ঞাঃ।

কফ শূলের বিবরণ নিম্নপ্রকারে লিখিত আছে, যথা জলজাত এবং জলপ্লাবিতদেশজাত মাংস ভক্ষণ দ্বারা, ছানা দধি ঘোল প্রভৃতি ভোজন দ্বারা, পুলীপীঠা তিলের খিচরী তিলতণ্ডুল মাষকলায়জনিত যবাগুভক্ষণদ্বারা, ইক্ষু, মাষকলায় ও অন্যান্য শ্লেষ্মজনক দ্রব্য নিষেবণদ্বারা, কফকুপিত হইয়া আমাশয়েতে শূল উৎপাদন করে। রোগীর কোষ্ঠের স্তৈমিত্য মস্তকের গুরুতা হৃল্লাস কাশ মুখপ্রসেক অবসাদ এবং অরুচি হয়। আহার করিবা মাত্র, প্রাতঃকালে, শিশির এবং বসন্তকালে বেদনা অত্যন্ত বৃদ্ধি পায়। উপরোক্ত বাতাদি দোষের সমস্ত কারণ ও লক্ষণযুক্ত শূলকে সান্নিপাতিক জানিবে। সান্নিপাতিক শূল অতিশয় কষ্ট সাধ্য ও বিষ এবং বজ্র তুল্য। এই রোগীকে বৈদ্য ত্যাগ করিবেন।

আটোপহৃল্লাসবমীগুরুত্ব স্তৈমিত্য মানাহ কফপ্রসেকৈঃ। কফস্য লিঙ্গেন সমানলিঙ্গ মামোদ্ভবং শূল মুদাহরন্তি। বস্তৌ হৃৎপার্শ্ব পৃষ্ঠেষু সশূলঃ কফবাতিকঃ। কুক্ষৌ হৃন্নাভিমধ্যেষু সশূলঃ কফ পৈত্তিকঃ। দাহজ্বরকরো ঘোরো বিজ্ঞেয়ো বাতপৈত্তিকঃ।

আমজনিত শূলরোগে আনাহ, আটোপ, কফপ্রসেক, হৃল্লাস, বমি, শরীরের গুরুতা ও স্তিমিততা হয় এবং ইহাতে কফজ শূলরোগের লক্ষণ সমূহ দৃষ্ট হয়। বস্তি হৃদয় পার্শ্ব এবং পৃষ্ঠদেশে যে শূল উৎপন্ন হয়, সে শূল বাতশ্লৈষ্মিক জানিবে। বাতপৈত্তিক শূল, বায়ু-পিত্ত-জনিত শূল রোগের নির্দ্দিষ্ট স্থান সমূহে উৎপন্ন হয় এবং উহাতে ঘোরতর জ্বর ও দাহ জন্মে। কফপৈত্তিক শূল কুক্ষি হৃদয় এবং নাভিতে উৎপন্ন হইয়া থাকে।

একদোষোত্থিতঃ সাধ্যঃ কৃচ্ছ্রসাধ্যো দ্বিদোষজঃ। সর্ব্বদোষোত্থিতো ঘোরস্ত্বসাধ্যোভূর্য্যুপদ্রবঃ। স্বৈর্নিদানৈঃ প্রকুপিতো বায়ুঃ সন্নিহিত স্তদা।

কফপিত্তে সামবৃত্য শূলকারী ভবেন্মলী। ভুক্তে জীর্য্যতি যচ্ছূলং তদেব পরিণামজং। তস্য লক্ষণ মপ্যেতৎসমাসেনাভিধীয়তে। আধ্মানাটোপবিণ্মূত্র বিবন্ধারতি বেপথৈঃ। স্নিগ্ধোষ্ণোপশম প্রায়ং বাতিকং তদ্বদেচ্ছিষক্। তৃষ্ণাদাহারতিস্বেদং কট্বম্ললবণোত্তবং। শূলং শীতশমপ্রায়ং পৈত্তিকং লক্ষয়েদ্বুধঃ। ছর্দ্দিহৃল্লাসসংমোহং স্বল্পরুগ্দীর্ঘ সন্ততি। কটুতিক্তোপশান্তৌ চ তচ্চ জ্ঞেয়ং কফাত্মকং। সংসৃষ্ট লক্ষণং বুদ্ধা দ্বিদোষং পরিকল্পয়েৎ। ত্রিদোষজ মসাধ্যন্তু ক্ষীণমাংস বলানলং।

একদোষোত্থিত শূলরোগ সাধ্য, দ্বিদোষজনিত কষ্টসাধ্য এবং সর্ব্বদোষোৎপন্ন অর্থাৎ সান্নিপাতিক শূল অসাধ্য। যে শূল অতি-কষ্টকর হইয়া বহুবিধ উপদ্রব যুক্ত হয়, তাহাও অসাধ্য জানিবে (১) যে শূল, ভুক্ত জীর্ণ হইলে উপস্থিত হয়, তাহাকে পরিণাম শূল কহে। স্বীয় কারণ দ্বারা প্রকুপিত বায়ু যখন কফ এবং পিত্তকে দূষিত করিয়া বলবান হয় তখন পরিণাম শূল জন্মে। পরিণামশূলের লক্ষণ সকল সংক্ষেপে কথিত হইতেছে, যথা, বাতাধিক পরিণাম শূল রোগে, আধ্মান আটোপ মল ও মূত্র বদ্ধ গ্লানি এবং কম্প হয় এবং স্নিগ্ধ ও উষ্ণ ক্রিয়া দ্বারা রোগ উপশম পায়। পিত্তাধিক পরিণাম শূল, কটু অম্ল এবং লবণ-রসযুক্ত দ্রব্য সেবন দ্বারা বৃদ্ধিপায়, শীত ক্রিয়াদ্বারা নিবৃত্ত থাকে,রোগী তৃষ্ণা দাহ গ্লানি ও ঘর্ম্মযুক্ত হয়। কফাধিক্য পরিণামে বমি হৃল্লাস সম্মোহ এবং স্বল্প বেদনা হয়, কিন্তু রোগ দীর্ঘকাল স্থায়ী থাকে এবং কটু ও তিক্তরসযুক্ত দ্রব্য সেবনদ্বারা উপশম পায়। উপরোক্ত দ্বিদোষজের মিলিত লক্ষণ দ্বারা দ্বন্দ্বজ এবং ত্রিদোষোক্ত সাকল্য লক্ষণের দ্বারা সান্নিপাতিক পরিণাম শূল জানিবে। সান্নিপাতিক পরিণাম শূলে, রোগীর অগ্নি বল এবং মাংসের ক্ষীণতা হইলে রোগ অসাধ্য হয়।

জীর্ণেজীর্য্যত্যজীর্ণেবা যচ্ছূল মুপজায়তে। পথ্যাপথ্য প্রয়োগেন ভোজনাভোজনেনচ। ন শমং যাতি নিয়মাৎ সোন্নদ্রব উদাহৃতঃ। অন্নদ্রবাখ্যশূলেষু ন তাবৎ স্বাস্থ্যমশ্নুতে।, বান্তমাত্রে জয়েৎ পিত্তং শূলমাশু ব্যপোহতি॥

---

(১) শূলের উপদ্রব, অঙ্গমর্দ্দ তৃষ্ণা মূর্চ্ছা আনাহ গাত্রগুরুতা অরুচি কাশ শ্বাস এবং হিক্কা।

অন্নদ্রব নামে আর এক প্রকার শূল রোগ কথিত আছে, এই শূল অন্ন জীর্ণ এবং অজীর্ণ উভয়কালেই, অর্থাৎ প্রায় সর্ব্বদাই উপস্থিত থাকে। ইহা সুপথ্য বা কুপথ্য, আহার, বা অনাহার এবং নিয়ম বা অনিয়ম কিছুতেই উপশম পায় না, কেবল বমন মাত্র পিত্ত জীর্ণ হইয়া আশু কিছুকাল শূল শান্ত থাকে।

অথ উদাবর্ত্তানাহ নিদানং।

বাতবিণ্মূত্রজৃম্ভাশ্রুক্ষবোদ্গারবমীন্দ্রিয়ৈঃ। ক্ষুত্তৃষ্ণোচ্ছাস নিদ্রাণাং ধৃত্যোদাবর্ত্ত সম্ভবঃ। বাতমূত্রপুরীষাণাং সঙ্গাধ্মানঃক্লমোরুজা। জঠরে বাতজাশ্চান্যে রোগাঃস্যুর্বাতনিগ্রহাৎ। আটোপশূলৌপরিকর্ত্তিকা চ সঙ্গঃ পুরীষস্য তথোর্দ্ধ বাতঃ। পুরীষমাস্যাদথবানিরেতি পুরীষবেগেঽভিহতে নরস্য। বস্তিমেহনয়োঃ শূলং মূত্রকৃচ্ছ্রং শিরোরুজা। বিনামোবংক্ষণানাহঃ স্যাল্লিঙ্গং মূত্রনিগ্রহে। মন্যাগলস্তম্ভ শিরোবিকারা জৃম্ভোপঘাতাৎ পবনাত্মকাঃ স্যুঃ। তথাক্ষিনাসাবদনাময়াশ্চ ভবন্তি তীব্রাঃ সহকর্ণরোগৈঃ।

বায়ু মল মূত্র জৃম্ভা নেত্রজল উদ্গার বমি শুক্র ক্ষুধা তৃষ্ণা উচ্ছ্বাস এবং নিদ্রার বেগধারণ দ্বারা, ত্রয়োদশ প্রকার উদাবর্ত্ত রোগ জন্মে, এই ত্রয়োদশ প্রকার উদাবর্ত্তের (১) লক্ষণ নিম্নে লিখিত হইতেছে বাতবেগ-নিরোধজনিত-উদাবর্ত্তে, বাতমূত্র এবং মলের রোধ আধ্মান ক্লান্তি ও বেদনা হয় এবং জঠরে অন্যান্য বাতজনিত তোদশূলাদি নানা প্রকার রোগ জন্মে। মল বেগ রোধ জনিত উদাবর্ত্তে আটোপ শূল গুহ্যদ্বারেকর্ত্তনবৎপীড়া মলরোধ এবং বায়ুর ঊর্দ্ধগতি হয়, কখন বা মুখ হইতে মল নির্গত হয়। মূত্রের বেগধারণ দ্বারা বস্তি এবং শিশ্নে শূল, মূত্র-কৃচ্ছ্র ও শিরঃপীড়া হয় এবং বঙ্ক্ষণদেশে আনাহপীড়া দ্বারা

---

(১) উদাবর্ত্ত প্রকরণে কোন একটি নির্দ্দিষ্ট রোগের বিবরণ নাই। উত্থিত-বেগ বিধারণ দ্বারা আবৃত বায়ুর স্থিতিকে উদাবর্ত্ত কহে, ইহা দ্বারা নানাপ্রকার বাতজনিত বিকার উৎপত্তি হইয়া থাকে এবং এস্থলে ঐ সমস্ত রোগ সংগ্রহ হইয়াছে।

শরীর নত হয়। জৃম্ভণ অর্থাৎ হাইয়ের বেগ ধারণদ্বারামন্যা এবং গলস্তম্ভ রোগ জন্মে। বাতজনিত তীব্র শিরোরোগ চক্ষুরোগ নাসারোগ কর্ণরোগ ও মুখরোগ উৎপন্ন হয়।

আনন্দজং বাপ্যথশোকজং বা নেত্রোদকং প্রাপ্তমমুঞ্চতো হি। শিরোগুরুত্বং নয়নাময়াশ্চ ভবন্তি তীব্রাঃ সহপীনসেন। মন্যাস্তম্ভশিরঃশূলমর্দ্দিতার্দ্ধাবভেদকৌ। ইন্দ্রিয়াণাঞ্চ দৌর্ব্বল্যং ক্ষবথোঃ স্যাদ্বিনিগ্রহাৎ। কণ্ঠাস্য পূর্ণত্ব মতীবতোদঃ কূজশ্চ বায়োরথবা প্রবৃত্তিঃ। উদ্গারবেগেহভিহতে ভবন্তি ঘোরাবিকারাঃ পবন প্রসূতাঃ। কণ্ডুকোঠারুচিব্যঙ্গশোথপাণ্ড্বাময় জ্বরাঃ। কুষ্ঠ বীসর্পহৃল্লাসা শ্ছর্দ্দিনিগ্রহজা গদাঃ। মূত্রাশয়েবৈ গুদমুষ্কয়োশ্চ শোথোরুজাসূত্র বিনিগ্রহশ্চ। শুক্রাশ্মরী তৎস্রবণং ভবেচ্চ তে তে বিকারা বিহতে চ শুক্রে। তন্দ্রাঙ্গমর্দ্দাবরুচিঃ শ্রমশ্চ ক্ষুধাভিঘাতাৎ কৃশতা চ দৃষ্টেঃ। কণ্ঠাস্যশোষঃশ্রবণাবরোধ স্তৃষ্ণা বিঘাতাৎহৃদয়ব্যথা চ। শ্রান্তস্যনিঃশ্বাসবিনিগ্রহেণ হৃদ্রোগমোহাবথবাপি গুল্মঃ। জৃম্ভাঙ্গমর্দ্দোঽঙ্গশিরোঽক্ষিজাড্যং নিদ্রাভিঘাতাদথবাপি তন্দ্রা। বায়ুঃ কোষ্ঠানুগোরুক্ষৈঃকষায়কটুতিক্তকৈঃ। ভোজনৈঃ কুপিতঃ সদ্য উদাবর্ত্তং করোতি চ। বাতমূত্রপুরীষাসৃক্ কফমেদো বহানি বৈ। স্রোতাংস্যুদাবর্ত্তয়তি পুরীষং চাতিবর্ত্তয়েৎ। ততো হৃদ্বস্তি শূলার্ত্তো হৃল্লাসারতিপীড়িতঃ। বাতমূত্রপুরীষাণি কৃচ্ছ্রেণ লভতে নরঃ। শ্বাসকাস প্রতিশ্যায় দাহমোহতৃষা জ্বরান্। বমিহিক্কাশিরোরোগ মনঃশ্রবণ বিভ্রমান্। বহূনন্যাংশ্চ লভতেবিকারান্ বাতকোপজান্।

সুখজনিত বা শোকজনিত চক্ষুর জলধারণ দ্বারা জাত উদাবর্ত্তে মস্তকের গুরুতা পীনস এবং ভয়ানক নেত্ররোগ উৎপন্ন হয়। ক্ষুদ্বেগ-ধারণ-দ্বারা জাত উদাবর্ত্তে, মন্যাস্তম্ভ শিরঃশূল অর্দ্দিত অর্দ্ধাবভেদক অর্থাৎ অর্দ্ধশিরঃশূল এবং ইন্দ্রিয় সকলের দুর্ব্বলতা হয়। উদ্গারের বেগ ধারণ দ্বারা জাত উদাবর্ত্তে, কণ্ঠ এবং মুখে পূর্ণত্ব, সূচিবেধের ন্যায় অত্যন্ত বেদনা, অব্যক্ত ভাষণ ও শ্বাসের অবরোধ হয়, এবং বাতজনিত হিক্কাদি রোগ জন্মে। বমননিগ্রহ দ্বারা উৎপন্ন উদাবর্ত্তে মণ্ডলাকৃতি কোঠ গাত্রকণ্ডু অরুচি ব্যঙ্গ (১) শোথ

(১) ব্যঙ্গ মণ্ডলাকৃতি শ্যাববর্ণ মুখরোগ বিশেষ, লোকে মুখছোড্র নামে প্রসিদ্ধ।

পাণ্ডু জর কুষ্ঠ বিসর্প এবং হৃল্লাস হয়। শুক্রবেগধারণজনিত উদাবর্ত্তে, মূত্রাশয়ে মলদ্বারে ও অণ্ডকোষে শোথ এবং বেদনা জন্মে। মূত্রের নিরোধ, শুক্রজ অশ্মরী, শুক্রস্রাব এবং শুক্রস্রাব-জনিত বিকার সমূহ উৎপন্ন হয়। ক্ষুধাবেগ-রোধ দ্বারা, কণ্ঠ এবং মুখ শুষ্ক হয় ও শ্রবণের অবরোধ এবং হৃদয়ে বেদনা হয়। নিদ্রাভিঘাতের দ্বারা জৃম্ভণ তন্দ্রা অঙ্গমর্দ্দ এবং চক্ষু ও মস্তকের জড়তা হয়। শ্রান্তব্যক্তির নিশ্বাসনিগ্রহ হইতে হৃদ্রোগ মূর্চ্ছা কখন বা গুল্মরোগ হয়। এক্ষণে রুক্ষাদি-সেবন দ্বারা কুপিতবাত জনিতউদাবর্ত্ত রোগের বিবরণ কথিত হইতেছে, যথা, রুক্ষ কষায় কটু এবং তিক্ত রসযুক্ত দ্রব্য ভোজনের দ্বারা কোষ্ঠস্থিত বায়ু কুপিত হইয়া সদ্য উদাবর্ত্ত রোগ উৎপন্ন করে, মলের কাঠিন্য জন্মায় এবং বাত মল মূত্র রক্ত কফ ও মেদবাহক স্রোত সমূহকে আচ্ছাদন করে। এই রোগে হৃদয়ে ও বস্তিদেশে শূল জন্মে, শরীরের গ্লানি এবং হৃল্লাস হয়, বাত মূত্র এবং পুরীষ অতিকষ্টে ত্যাগ হয়, রোগীর শ্বাস কাশ প্রতিশ্যায় দাহ মূর্চ্ছা তৃষ্ণা জর বমি হিক্কা শিরোরোগ মনোবিভ্রম এবং শ্রবণবিভ্রম হয়, এবং প্রকুপিত-বাতজনিত অন্যান্য প্রকার রোগও হয়।

আমং শকৃদ্বানিচিতং ক্রমেণ ভূয়োবিবদ্ধং বিগুণানিলেন। প্রবর্ত্তমানং ন যথাস্বমেনং বিকারমানাহ মুদাহরন্তি। তস্মিন্ ভবত্যামসমুদ্ভবে তু তৃষ্ণা প্রতিশ্যায় শিরোবিদাহাঃ। আমাশয়ে শূল মথো গুরুত্বং হৃৎস্তম্ভউদ্গার বিঘাতনঞ্চ। স্তম্ভঃ কটি পৃষ্ঠ পুরীষমূত্রে শূলোঽথ মূর্চ্ছা শকৃতশ্চ ছর্দ্দিঃ। শোথশ্চ পক্বাশয়জে ভবন্তি তথা লসোক্তানি চ লক্ষণানি॥

যে রোগে বিমার্গগামী বায়ু কর্ত্তৃক আম অথবা পুরীষ ক্রমে অতিশয় বদ্ধ হইয়া নিঃসৃত হয় না, তাহাকে আনাহ কহে। আমজনিত এবং মলজনিত ভেদে আনাহ দুই প্রকার নির্দ্দিষ্ট আছে। আমজনিত আনাহে, তৃষ্ণা প্রতিশ্যায় শিরোদাহ আমাশয়ে শূল গাত্রগুরুতা হৃদয়ে স্তম্ভন এবং উদ্গারের অবরোধ হয়। মলজনিত আনাহে, কটি ও পৃষ্ঠদেশে জড়তা, মল মূত্রের অবরোধ, শূল মূর্চ্ছা বিষ্ঠাবমন ও শোথ হয় এবং অলসকরোগোক্ত লক্ষণ সমূহ, অর্থাৎ বাত নিরোধাদি দৃষ্ট হয়। (১)

---

(১) আনাহ, আপূর্ব্বক নহ ধাতু বন্ধনে, অর্থাৎ উদরমধ্যে বন্ধনবৎ

অথ গুল্ম নিদানং।

দুষ্টাবাতাদযোঽত্যর্থং মিথ্যাহারবিহারতঃ। কুর্ব্বন্তি পঞ্চধা গুল্মং কোষ্ঠান্ত-গ্রন্থিরূপিণং। তস্য পঞ্চবিধংস্থানং পার্শ্বে হৃন্নাভি বস্তয়ঃ। হৃন্নাভ্যোরন্তরে গ্রন্থিঃ সঞ্চারী যদিবাচলঃ। বৃত্তশ্চয়াপচয়বান্ সগুল্মইতিকীর্ত্তিতঃ। সব্যস্তৈ র্জায়তে দোষৈঃ সমস্তৈরপি চোচ্ছ্রিতৈঃ। পুরুষাণাং তথা স্ত্রীণাং জ্ঞেয়ো রক্তেন চাপরঃ। উদ্গার বাহুল্য পুরীষ বন্ধ তৃপ্ত্যক্ষমাত্বান্ত্র বিকূজনানি। আটোপমাধ্মানমপক্তিশক্তি রাসন্ন গুল্মস্য বদন্তি চিহ্নং। অরুচিঃ কৃচ্ছ্র-বিন্মূত্রবাততান্ত্র বিকূজনং। আনাহশ্চোর্দ্ধবাতত্বং সর্ব্বগুল্মেষু লক্ষয়েৎ।

যে রোগে হৃদয়ে এবং বস্তির মধ্য স্থানে বর্ত্তুলাকার, কখন সচল কখন অচল এবং কখন উপচয় ও কখন অপচয প্রাপ্ত গ্রন্থি উৎপন্ন হয়, তাহাকে গুল্ম কহে(১)। মিথ্যা-আহার-বিহারের দ্বারা বাতাদি দোষ অত্যন্ত দূষিত হইয়া কোষ্ঠান্তরে, অর্থাৎ আমাশয়াদির মধ্যে গ্রন্থিরূপ পঞ্চপ্রকার গুল্ম উৎপন্ন করে। এই পঞ্চপ্রকার গুল্মের পঞ্চস্থান নির্দ্দিষ্ট আছে; যথা, পার্শ্বদ্বয়, হৃদয়, নাভি এবং বস্তি। বাত পিত্ত শ্লেষ্মা সন্নিপাত এবং রক্তজ ভেদে, গুল্ম পঞ্চপ্রকার কথিত আছে; তন্মধ্যে বাতাদি চারি প্রকার গুল্ম স্ত্রীপুরুষ উভয়ের, এবং রক্তজ গুল্ম কেবল স্ত্রীলোকেরই হইয়া থাকে। গুল্মরোগ জন্মিবার পূর্ব্বে নিম্নলিখিতলক্ষণ দৃষ্ট হয যথা, উদ্গারের বাহুল্য মলরোধ আহারে অনভিলাষ দৌর্ব্বল্য অন্ত্রকূজন আটোপ আধ্মান এবং ভুক্তদ্রব্যের অপরিপাক। গুল্মরোগের সামান্য লক্ষণ, অরুচি বাত মল ও মূত্রের কৃচ্ছ্রতা অন্ত্রবিকূজন আনাহ এবং বায়ুর ঊর্দ্ধগতি।

রুক্ষান্নপানং বিষমাতিমাত্রং বিচেষ্টনং বেগবিনিগ্রহশ্চ। শোকোঽভিঘা-তোঽতিমলক্ষয়শ্চ নিরান্নতা চানিল গুল্মহেতুঃ। যঃ স্থানসংস্থান রুজা বিকল্পং বিড় বাতসঙ্গং গলবক্ত্রশোষং। শ্যাবারুণত্বং শিশিরজ্বরঞ্চ হৃৎকুক্ষিপা-র্শ্বাংস শিরোরুজঞ্চ। করোতি জীর্ণে ত্বধিকং প্রকোপং ভুক্তেমৃদুত্বং সমু-পৈতি যশ্চ। বাতাৎ সগুল্মো নচ তত্র রুক্ষং কষায়তিক্তং কটু চোপশেতে।

রোধ। আনাহ উদাবর্ত্তের প্রকার ভেদ মাত্র এবং ইহাতে অলশক রোগ উৎপন্ন হয়।

(১) গুল্ম শব্দে উদর ও বস্তি মধ্যস্থিত টিউমর (Tumour.) বুঝায়। রক্তজ গুল্মে জরায়ুর বিবৃদ্ধি অথবা অর্ব্বুদের লক্ষণ দৃষ্ট হয়।

কটম্লতীক্ষ্ণোষ্ণ বিদাহি রুক্ষ ক্রোধাতিমদ্যার্কহুতাশসেবা। আমাভিঘাতো রুধিরঞ্চ দুষ্টং পৈত্তস্য গুল্মস্য নিমিত্ত মুক্তং। জ্বরঃ পিপাসা বদনাঙ্গরাগঃ শূলং মহজ্জীর্য্যতিভোজনে চ। স্বেদো বিদাহো ব্রণবচ্চ গুল্মঃ স্পর্শাসহঃ পৈত্তিক গুল্ম রূপং। শীতং গুরুস্নিগ্ধ মচেষ্টনঞ্চ সংপূরণং প্রস্বপনং দিবা চ। গুল্মস্য হেতুঃ কফসম্ভবস্য সর্ব্বস্তু দুষ্টৌনিচয়াত্মকস্য। স্তৈমিত্য শীতজ্বরগাত্রসাদ হৃল্লাসকাসারুচিগৌরবাণি। শৈত্যং রুগল্পো কঠিনোন্নতত্বং গুল্মস্য রূপাণি কফাত্মকস্য। নিমিত্তরূপাণ্যুপশস্তাগ্লস্ত্যে দ্বিদোষজে দোষ বলাবলঞ্চ।

বিষম এবং অতিমাত্রায় রুক্ষান্নপান সেবন, অথবা অনাহারদ্বারা বিরুদ্ধ চেষ্টা, বেগবিঘাত শোক, অভিঘাত এবং অতিশয় মলরেচন দ্বারা বায়ু কুপিত হইয়া বাতগুল্ম উৎপন্ন করে। বাতগুল্মরোগে, গুল্মের স্থান আকৃতি এবং বেদনার বিকল্প হয়(১)। মল এবং বাতের অবরোধ হয় গলশোষ ও মুখশোষ জন্মে, শরীর শ্যাব অথবা রক্তবর্ণ, শীতজ্বর এবং হৃদয় কুক্ষি, পার্শ্ব, অংশ ও মস্তকে বেদনা হয়। ভুক্তান্ন জীর্ণ হইলে রোগবৃদ্ধি পায়, আহার করিলে উপশমিত থাকে এবং রুক্ষ কষায় তিক্ত ও কটুক্রিয়াদ্বারা প্রকোপ প্রাপ্ত হয়। কটু অম্ল তীক্ষ্ণ উষ্ণ বিদাহি এবং রুক্ষ দ্রব্য সেবনদ্বারা, ক্রোধ অতিশয় মদ্যপান রৌদ্র ও অগ্নিসন্তাপদ্বারা এবং আমাভিঘাত ও দূষিতরক্তদ্বারা, পৈত্তিক গুল্ম উৎপন্ন হয়। পৈত্তিক গুল্মে, জ্বর পিপাসা ও ঘর্ম্ম এবং মুখ ও শরীর রক্তবর্ণ হয়। ভুক্ত জীর্ণাবস্থায় অতিশয় শূল জন্মে, এবং গুল্ম ব্রণের ন্যায় দাহযুক্ত ও স্পর্শাসহ হয়। শীতল গুরু স্নিগ্ধ এবং পরিতৃপ্ত ভোজনদ্বারা, দিবানিদ্রা এবং নিশ্চেষ্টতাদ্বারা, শ্লৈষ্মিক গুল্ম উৎপন্ন হয়। শ্লৈষ্মিক গুল্মে, স্তৈমিত্য শীতজ্বর গাত্রাবসাদ হৃল্লাস কাস অরুচি গুরুত্ব এবং শীতবোধ হয়, গুল্ম কঠিন উন্নত ও অল্পবেদনা যুক্ত হয়।

---

(১) স্থানবিকল্প যথা, গুল্ম কখন নাভিতে কখন বা পার্শ্বাদিতে যায়। আকৃতি বিকল্প যথা, গুল্ম কখন অল্প কখন বৃহৎ কখন বা দীর্ঘ কখন বা বর্ত্তুল হয়। বেদনাবিকল্প যথা, বেদনার কখন হ্রাস কখন বা তীক্ষ্ণতা হয়।

ব্যামিশ্রলিঙ্গানপরাংশ্চগুল্মাং স্ত্রীনাদিশেদ্দোষধকল্পনার্থং।। মহারুজং দাহ পরীতমশ্মবদ্ঘনোন্নতং শীঘ্রবিদাহি দারুণং। মনঃশরীরাগ্নিবলাপহারিণং ত্রিদোষজং গুল্মমসাধ্যমাদিশেৎ।

উপরোক্ত বাতাদি গুল্মের দিনান সমূহ হইতে সান্নিপাতিক গুল্ম উৎপন্ন হয়। সান্নিপাতিক গুল্ম পাষাণের ন্যায় কঠিন উন্নত দারুণ এবং অত্যন্ত বেদনা ও দাহযুক্ত হয় এবং শীঘ্র শরীরের বিদাহ, মনের ব্যাকুলতা, দেহের কৃশত্ব, অগ্নির বিষমতা ও বলের হ্রাস উৎপাদন করে, এই সান্নিপাতিক গুল্ম অসাধ্য। ঔষধের কল্পনা হেতু, দোষদ্বয়ের মিশ্রকারণ এবং লক্ষণের দ্বারা দ্বন্দ্বজভেদে গুল্ম রোগ আর তিনপ্রকার অনুভব করিতে হয।

নব প্রসুতাহিতভোজনাযা যা চামগর্ভংবিসৃজেদৃতৌ চ। বায়ুর্হিতস্যাঃ পরিগৃহ্যরক্তং করোতি গুল্মং সরুজং সদাহং। পৈত্তস্যলিঙ্গেন সমান লিঙ্গং বিশেষণঞ্চাপ্যপরংনিবোধ। যঃস্পন্দতে পিণ্ডিত এব নাঙ্গৈ শ্চিরাৎ সশূলঃ সমগর্ভলিঙ্গঃ। সরৌধিরস্ত্রীভব এব গুল্মো মাসে ব্যতীতে দশমে চিকিৎস্যঃ।

রক্তগুল্মের বিবরণ নিম্নলিখিত ক্রমে কথিত আছে, যথা, নবপ্রসূতী, আমগর্ভ প্রসবা অর্থাৎ নবম মাসের পূর্ব্বে প্রসবা এবং ঋতুকালে অহিত-ভোজনশীল স্ত্রীদিগের বায়ুকর্ত্তৃক শোণিত গৃহীত হইয়া দাহ এবং বেদনাযুক্ত গুল্ম উৎপন্ন হয়। ইহাতে পৈত্তিক গুল্মের লক্ষণ ও অপর কএকটী বিশেষ লক্ষণ দৃষ্ট হয়। যে রোগে গর্ভের সদৃশ লক্ষণ দৃষ্ট হয়, অর্থাৎ আর্ত্তবের অদর্শন, স্তন মুখাদি কৃষ্ণবর্ণ ও দোহদাদি লক্ষণপ্রকাশ হয় এবং ভ্রূণ হস্তপদাদি-সঞ্চালনদ্বারা নিঃশূল স্পন্দন না হইয়া গর্ভাশয়ে বেদনাযুক্ত পিণ্ডস্পন্দন বোধ হয়, তাহাকে রক্তগুল্ম কহে। এই রক্তগুল্মরোগ যুবতী স্ত্রীলোকের হইয়া থাকে, বৈদ্য দশম মাস অতীব হইলে ইহার চিকিৎসা করিবেন।

সঞ্চিতঃ ক্রমশো গুল্মো মহাবাস্তু পরিগ্রহঃ। কৃতমুলঃশিরানদ্ধো যদা কূর্ম্ম ইবোত্থিতঃ। দৌর্ব্বল্যারুচিহৃল্লাসকাসচ্ছর্দ্দ্যরতি জ্বরৈঃ। তৃষ্ণাতন্দ্রা প্রতিশ্যায়ৈ র্যুজ্যতে স নসিদ্ধ্যতি। গৃহীত্বা স জ্বরং শ্বাস ছর্দ্দ্যতীসার পীড়িতং। হৃন্নাভি হস্ত পাদেষু শোথঃ কর্ষতি গুল্মিনং। শ্বাসঃশূলংপিপাসান্নবিদ্বেষ গ্রন্থিমূঢ়তা। জায়তেদুর্ব্বলত্বঞ্চগুল্মিনোমরণায়বৈ।

যে গুল্ম ক্রমশঃ সঞ্চয় প্রাপ্ত হইয়া সমস্ত উদরে ব্যাপিত হয়, ধাত্বন্তরে সংলগ্ন হইয়া শিরাসমূহদ্বারা বেষ্টিত হয়, ও কূর্ম্মের ন্যায় উত্থিত হয় এবং দৌর্ব্বল্য অরুচি হৃল্লাস কাস বমি গ্লানি জ্বর তৃষ্ণা তন্দ্রা ও প্রতীশ্যায় উৎপাদন করে, তাহা অসাধ্য। যে গুল্মে রোগীর হৃদয়নাভি হস্ত এবং পদে বিষম শোথ হইয়া জ্বর শ্বাস বমি এবং অতীসার উৎপন্ন হয়, সে রোগীর মৃত্যু হয়। যে রোগীর শ্বাস শূল পিপাসা অন্নবিদ্বেষ দৌর্ব্বল্য এবং গ্রন্থিরূপ গুল্মের অকস্মাৎ বিলয় হয়, সে মৃত্যুকে পায়।

অথ হৃদ্রোগনিদানং।

অত্যুষ্ণগুর্ব্বম্লকষায়তিক্ত শ্রমাভিঘাতাধ্যশন প্রসঙ্গৈঃ। সংচিন্তনৈর্ব্বেগবিধারণৈশ্চ হৃদাময়ঃ পঞ্চবিধঃ প্রদিষ্টঃ। দূষয়িত্বারসংদোষা বিগুণা হৃদয়ং গতাঃ। হৃদিবাধাং প্রকুর্ব্বন্তি হৃদ্রোগন্তং প্রচক্ষতে।

নিরন্তর অত্যুষ্ণ গুরুপাক অন্ন এবং কষায় ও তিক্তদ্রব্য সেবনদ্বারা, শ্রম অভিঘাত ও অধ্যশন দ্বারা এবং চিন্তা ও বেগবিঘাতের দ্বারা, বাতিক পৈত্তিক শ্লৈষ্মিক সান্নিপাতিক এবং কৃমিজভেদে পঞ্চপ্রকার হৃদ্রোগ উৎপন্ন হয় (১)। যে রোগে বিমার্গগামী হৃদয়গত দোষ, রসকে দূষিত করিয়া হৃদয়ে বেদনা উৎপন্ন করে, তাহাকে হৃদ্রোগ কহে।

আয়ম্যতে মারুতজেহৃদয়ং তুদ্যতে যথা। নির্ম্মথ্যতে দীর্য্যতে চ স্ফোট্যতে পাট্যতে হপি চ। তৃষ্ণোষ্মাদাহ চোষাঃ স্যুঃ পৈত্তিকে হৃদয়ক্লমঃ। ধূমায়নঞ্চ মূর্চ্ছা চ স্বেদঃ শোষো মুখস্য চ। গৌরবং কফ সংস্রাবোহরুচিস্তম্ভো-হগ্নিমার্দ্দবং। মাধুর্য্য মপি চাস্যস্য বলাসাবততে হৃদি। বিদ্যাত্ত্রিদোষস্তুপি সর্ব্বলিঙ্গং, তীব্রার্ত্তিতোদং ক্রিমিজং সকণ্ডুং। উৎক্লেদষ্ঠীবনং তোদঃশূলং হৃল্লাসকস্তমঃ। অরুচিঃ শ্যাবনেত্রত্বং শোথশ্চ ক্রিমিজে ভবেৎ। ক্লমঃ-সাদোভ্রমঃ শোষো জ্ঞেয়া স্তেষা মুপদ্রবাঃ। ক্রিমিজে ক্রিমিজাতীনাং শ্লৈষ্মিকানাঞ্চ যে মতাঃ॥

---

১ হৃদোগকে ইংরাজীতে হার্ট ডিজিজ (Heart disease) কহে।

বাতজনিত হৃদ্রোগে হৃদয়ে আকর্ষণের ন্যায়, সূচীভেদন বেদনার ন্যায়, দণ্ডদ্বারা মন্থনের ন্যায়, কুঠারের দ্বারা উৎপাটনের ন্যায় এবং কখন বা স্ফোটকের ন্যায় পীড়া বোধ হয়। পৈত্তিক হৃদ্রোগে, তৃষ্ণা দাহ চোষবৎ পীড়া মনের ব্যাকুলতা কণ্ঠ হইতে ধূমনির্গমন বোধ, মূর্চ্ছা ঘর্ম্ম এবং মুখ শোষ হয়। কফজনিত হৃদ্রোগে, কফস্রাব গাত্রগুরুতা স্তব্ধতা অগ্নিমান্দ্য মুখমাধূর্য্য এবং অরুচি হয়। ত্রিদোষ জনিত হৃদ্রোগে, উপরোক্ত বাতাদি তিনপ্রকার মিলিত লক্ষণ দৃষ্ট হয়। ক্রিমিজ হৃদ্রোগে, ক্রিমি হইতে কণ্ডু যুক্ত তীব্র বেদনা উৎক্লেদ নিষ্ঠীবন সূচী ভেদনবৎ বেদনা শূল বমি এবং অন্ধকারে প্রবিষ্ট বোধ এবং অরুচি শ্যাবনেত্রতা ও শোথ হয়। দোষজনিত হৃদ্রোগের উপদ্রব ক্লান্তি অবসাদ ভ্রম এবং শোষ। ক্রিমিজ হৃদ্রোগে শ্লৈষ্মিকক্রিমিরোগোক্ত উপদ্রবদৃষ্ট হয়, যথা, হৃল্লাস মুখস্রাব অবিপাকাদি।

অথ মূত্রকৃচ্ছ্র নিদান।

ব্যায়াম তীক্ষ্ণৌষধরুক্ষমদ্য প্রসঙ্গনিত্য দ্রুতপৃষ্ঠযানাৎ। আনূপমাংসাধ্যসনাদজীর্ণাৎ স্যুর্মূত্রকৃচ্ছ্রাণি নৃণাং তথাষ্টৌ। পৃথঙ্মলাঃস্বৈ কুপিতা নিদানৈঃ সর্ব্বেঽথবা কোপ মুপেত্যবস্তৌ। মূত্রস্য মার্গং পরিপীড়য়ন্তি যদা তদা মূত্র য়তীহ কৃচ্ছ্রাৎ।

ব্যায়াম তীব্রৌষধ ও রুক্ষ মদিরা এবং স্ত্রীসংসর্গদ্বারা, সর্ব্বদা দ্রুতবেগে ঘোটকাদিতে আরোহণ, জলপ্লাবিতদেশজাত মাংস ভক্ষণ, অধ্যশন এবং অজীর্ণ দ্বারা মনুষ্যদিগের অষ্ট প্রকার মূত্রকৃচ্ছ্র (১) রোগ উৎপন্ন হয়, যথা, বাতিক পৈত্তিক শ্লৈষ্মিক সন্নিপাতজ শল্যজনিত পুরীষজ অশ্মরীজাত এবং শুক্রজ। যে রোগে স্ব স্ব নিদানের দ্বারা প্রত্যেক বাতাদি দোষ কুপিত হইয়া, অথবা একদা দোষত্রয় কুপিত হইয়া বস্তিদেশে গমন করতঃ মূত্রের দ্বার পীড়ন করে এবং কষ্টে মূত্র ত্যাগ হয়, তাহাকে মূত্রকৃচ্ছ্র কহে।

---

(১) মূত্রকৃচ্ছ্রকে ইংরাজীতে ষ্ট্রাঙ্গুরি বা পেনফলমিকটিউরিসন (Strangury or painful micturition) কহে।

তীব্রার্ত্তিরুগ্বঙ্‌ক্ষণবস্তিমেঢ্রেস্বল্পং মুহুর্মূত্রয়তীহ বাতাৎ। পীতং সরক্তং সরুজং সদাহং কৃচ্ছ্রং মুহু র্মূত্রয়তীহ পিত্তাৎ। বস্তেঃ সলিঙ্গস্য গুরুত্ব-শোথৌ মূত্রংসপিচ্ছং কফমূত্রকৃচ্ছ্রে। সর্ব্বাণি রূপাণি তু সন্নিপাতাৎ ভবন্তি তৎকৃচ্ছ্রতমং হি কৃচ্ছ্রং। মূত্রবাহিষু শল্যেন ক্ষতেষ্বভিহতেষু বা। মূত্র-কৃচ্ছ্রং তদাঘাতাজ্জায়তেভৃশদারুণং। বাতকৃচ্ছ্রেণ তুল্যানি তস্যলিঙ্গানি নির্দ্দিশেৎ।

বাতজনিত মূত্রকৃচ্ছ্র রোগে বঙ্‌ক্ষণ বস্তি ও শিশ্নে অত্যন্ত বেদনা হয় এবং মূত্র বার বার অল্প পরিমাণে নির্গত হয়। পিত্তজ মূত্রকৃচ্ছ্রে দাহ এবং বেদনার সহিত পীত কখন বা রক্তবর্ণ প্রস্রাব বার বার কষ্টে নিসৃত হয়। কফ জনিত মূত্রকৃচ্ছ্রে মূত্রের পিচ্ছিলতা জন্মে এবং শিশ্নে ও বস্তিতে শোথ এবং ভারবোধ হয়। সান্নিপাতিক মূত্রকৃচ্ছ্ররোগ উপরোক্ত বাতাদির লক্ষণযুক্ত এবং অতিমাত্র কষ্ট সাধ্য জানিবে। মূত্রবাহিস্রোত, শৈল্যের দ্বারা ক্ষত বা অভিহত হইলে অতি ভয়ঙ্কর মূত্রকৃচ্ছ্র রোগ জন্মে এবং উহা বাতজনিত মূত্রকৃচ্ছ্র রোগের লক্ষণযুক্ত হয়।

শকৃতস্তু প্রতীঘাতাদ্বায়ুর্বিগুণতাং গতঃ। আধ্মানং বাতশূলঞ্চ মূত্রসঙ্গং করোতি চ। অশ্মরীহেতু তৎপূর্ব্বং মত্রকৃচ্ছ্র মুদাহরেৎ। শুক্রেদোষৈরু-পহতে মূত্রমার্গে বিধাবিতে। সশুক্রং মূত্রয়েৎ কৃচ্ছ্রাৎ বস্তিমেহন শূলবান্। অশ্মরী শর্করাচৈব তুল্য সম্ভবলক্ষণে। বিশেষং শর্করায়াশ্চ শৃণু কীর্ত্তয়তো মম। পচ্যমানাশ্মরী পিত্তাৎ শোষ্যমানা চ বায়ুনা। বিমুক্তকফসন্ধানা ক্ষরন্তী শর্করা মতা। হৃৎপীড়া বেপথুঃ শূলং কুক্ষাবগ্নিশ্চ দুর্ব্বলঃ। তয়া ভবতি মূর্চ্ছা চ মূত্রকৃচ্ছ্রঞ্চ দারুণং। মূত্রবেগনিরস্তাভিঃ প্রশমং যাতিবেদনা। যাবদস্যাঃ পুনর্নৈতি গুড়িকা স্রোতসো মুখং।

পুরীষ নিরোধ হেতু, মূত্রকৃচ্ছ্রে বায়ু কুপিত হইয়া আধ্মান শূল এবং মূত্রাবরোধ উৎপাদন করে। অশ্মরী জনিত মূত্র কৃচ্ছ্রে, প্রথমতঃ অশ্মরী উৎপন্ন হয়, পরে মূত্রকৃচ্ছ্র জন্মে। শুক্রজ মূত্র কৃচ্ছ্রে, শুক্র দোষ কর্ত্তৃক দূষিত হইয়া মূত্রমার্গে ধাবমান হয় এবং রোগী বস্তি ও শিশ্নে শূলযুক্ত হইয়া কষ্টে শুক্র মিশ্রিত মূত্র ত্যাগ করে। অষ্টপ্রকার মূত্র-কৃচ্ছ্র রোগ কহিয়া এক্ষণে, সুশ্রুতোক্ত শর্করাজনিত মূত্রকৃচ্ছ্ররোগের বিবরণ কহিতেছেন। অশ্মরী এবং শর্করারোগ

উৎপত্তি ও লক্ষণে সমতুল্য, উহাদের প্রভেদ এইরূপ নির্দ্দিষ্ট আছে, যখন অশ্মরী পিত্ত হইতে পাচিত, বায়ুকর্ত্তৃক শোষিত এবং কফ সংযোগ রহিত হইয়া চিনির ন্যায় ক্ষরিত হয়, তখন তাহাকে শর্করা কহে। শর্করা-জনিত মূত্রকৃচ্ছ্রে কম্প হৃৎপীড়া কুক্ষিশূল মন্দাগ্নি মূর্চ্ছা এবং মূত্রের কৃচ্ছ্রতা হয়। মূত্রের বেগ নিরস্ত হইলে বেদনার উপশম হয় এবং যে পর্য্যন্ত মূত্রের স্রোতমুখে শর্করার গুড়িকা পুনর্ব্বার প্রত্যাগত না হয়, সে পর্য্যন্ত রোগী সুস্থ থাকে।

অথ মূত্রাঘাতনিদানং।

জায়ন্তে কুপিতৈর্দোষৈর্মূত্রাঘাতাস্ত্রয়োদশঃ। প্রায়ো মূত্রবিঘাতাদ্যৈর্বাতকুণ্ডলিকাদয়ঃ। রৌক্ষ্যাদ্বেগবিঘাতাদ্বা বায়ুর্বস্তৌ সবেদনঃ। মূত্রমাবিশ্য চরতি বিগুণঃ কুণ্ডলীকৃতঃ। মূত্রমল্পাল্প মথবা সরুজং সংপ্রবর্ত্ততে। বাতকুণ্ডলিকাং তান্তু ব্যাধিং বিদ্যাৎ সুদারুণং। আধ্মাপয়ন্ বস্তিগুদং রুদ্ধাবায়ুশ্চলোন্নতাং। কুর্য্যাত্তীব্রার্ত্তিমষ্ঠীলাং মূত্রবিন্মার্গরোধিনীং। বেগং-বিধারয়েৎযস্তুমূত্রস্য কুশলো নরঃ। নিরুণদ্ধিমুখং তস্য বস্তের্বস্তিগতোঽনিলঃ। মূত্রসঙ্গোভবেত্তেন বস্তিকুক্ষি নিপীড়িতঃ। বাতবস্তিঃ সবিজ্ঞেয়ো ব্যাধিঃ কৃচ্ছ্রপ্রসাধনঃ।

প্রায় মূত্রাদির বেগ রোধ হইতে দোষ প্রকোপ হইয়া বাতকুণ্ডলি-কাদি নামক ত্রয়োদশ প্রকার মূত্রাঘাত (১) উৎপন্ন হয়। যে রোগে রুক্ষ সেবন দ্বারা অথবা মলমূত্রাদির বেগরোধ দ্বারা কুপিতবায়ু মূত্রকে আচ্ছাদিত করিয়া বস্তিতে বেদনা জন্মাইয়া কুণ্ডলাকারে অবস্থান করে, এবং রোগীও অল্পপরিমাণে অতি কষ্টের সহিত মূত্র ত্যাগ করে, তাহাকে দারুণ বাতকুণ্ডলী মূত্রাঘাত কহে। যে রোগে বায়ু বস্তি এবং গুহ্যদ্বার রোধ করিয়া আধ্মান উৎপাদন করে এবং যাহাতে মলমূত্রাদির অবরুদ্ধকারী

---

(১) মূত্রাঘাতকে ইংরাজিতে রিটেনশন অফ্ ইউরিন কহে (Retention of urine)।

তীব্রবেদনাজনক উন্নত ও সঞ্চরণশীল অষ্ঠীলা উৎপন্ন হয়, তাহাকে (১) অষ্ঠীলা নামক মূত্রাঘাত কহে। যে মূঢ় ব্যক্তি মূত্রের বেগ আপন ইচ্ছায় ধারণ করিয়া রাখে, তাহার বস্তিগত বায়ু বস্তিমুখ রুদ্ধ করিয়া মূত্র অবরোধ করে, এবং তদ্দ্বারা বস্তি ও কুক্ষিতে বেদনা উৎপন্ন হয়। এই প্রকার মূত্রাঘাত রোগেকে বাতবস্তি কহে, ইহা অতিশয় কৃচ্ছ্র সাধ্য অর্থাৎ দুশ্চিকিৎসনীয়।

চিরং ধারয়তোমূত্রং ত্বরয়া ন প্রবর্ত্ততে। মেহমানস্য মন্দং বা মূত্রাতীতঃ স উচ্যতে। মূত্রস্য বেগেঽভিহতে তদুদাবর্ত্তহেতুকঃ। অপানঃ কুপিতো বায়ু রুদরং পূরয়েদ্ভৃশং। নাভেরধস্তাদাধ্মানং জনয়েত্তীব্রবেদনং। তন্মূত্র জঠরং বিদ্যাদধোবস্তিনিরোধনং। বস্তৌ বাপ্যথবা নাভে মণৌ বাযস্য দেহিনঃ। মূত্রং প্রবৃত্তং সজ্জেতসরক্তং বা প্রবাহতঃ। স্রবেচ্ছনৈ রল্পমল্পংসরুজং বাপ নীরুজং। বিগুণানিলজো ব্যাধিঃ সমূত্রোৎসঙ্গসঙ্গিতঃ।

যে রোগে দীর্ঘকাল পর্য্যন্ত মূত্র বেগ ধারণ হেতু শীঘ্র মূত্রের প্রবর্ত্তন হয় না, অথবা হইলেও অল্পপরিমাণে নির্গত হয় তাহাকে মূত্রাতীত মূত্রাঘাত কহে। যে রোগে মূত্রের বেগ বিঘাত হেতু, প্রকুপিত অপান বায়ু উদাবর্ত্ত উৎপন্ন করিয়া হৃদয়কে অত্যন্ত স্ফীত করে, নাভীর অধোদেশে তীব্র বেদনাযুক্ত আধ্মান জন্মায় এবং বস্তির অধোদেশ রুদ্ধ করে, তাহাকে মূত্রজঠর কহে। যে রোগে রুক্ষ সেবন অথবা অতিরিক্ত পরিশ্রম হেতুক মূত্র অল্প পরিমাণে সঞ্চারিত হয় এবং বস্তিস্থিতপিত্ত ও বায়ু বস্তিতে বেদনা এবং দাহ উৎপাদন করে তাহাকে মূত্রক্ষয় মূত্রাঘাত কহে। যে রোগে বস্তির মুখ মধ্যে বর্ত্তুলাকার স্থির অল্প পরিমিত এবং অশ্মরীসদৃশ পীড়াজনক গ্রন্থি উৎপন্ন হয়, তাহাকে গ্রন্থিরোগ কহে। যে রোগে বস্তি শিশ্ন অথবা শিশ্নাগ্রে মূত্রবদ্ধ হয় এবং কুন্থন করিলে বেদনার সহিত অথবা বেদনা না হইয়া অল্প পরিমাণে বার বার মূত্র ত্যাগ হয়, তাহাকে মূত্রোৎসঙ্গ মূত্রাঘাত কহে। কখন কখন ইহাতে রক্ত মিশ্রিত মূত্র নির্গত হয়। এই রোগ বাত জনিত।

রুক্ষস্য ক্লান্তদেহস্য বস্তিস্থৌ পিত্তমারুতৌ। মূত্রক্ষয়ং সরুগ্দাহং জনয়েতাং তদাহ্বয়ং। অন্তর্বস্তি মুখেবৃত্তঃ স্থিরোঽল্পো সহসা ভবেৎ। অশ্মরীতুল্য-

(১) অষ্ঠীলা রোগের লক্ষণ বাতব্যাধি মধ্যে কথিত হইয়াছে

রুগ্‌গ্রন্থি মূর্ত্রগ্রন্থিঃসউচ্যতে। মুত্রিতস্য স্ত্রিয়ং যাতো বায়ুনা শুক্র মুদ্ধতং। স্থানাচ্চ্যুতং মুত্রয়তঃ প্রাক্‌পশ্চাদ্বা প্রবর্ত্ততে। ভস্মোদক প্রতীকাশং মূত্রশুক্রং তদুচ্যতে। ব্যায়ামাধ্বাতপৈঃ পিত্তং বস্তিং প্রাপ্যানিলান্বিতং। বস্তিং মেঢ্রং গুদঞ্চৈব প্রদহেৎ স্রাবয়েদধঃ। মূত্রং হারিদ্র মথবা সরক্তং রক্তমেব বা। কৃচ্ছ্রাৎ পুনঃ পুনর্জন্তো রুষ্ণবাতং ক্রবন্তিতং। পিত্তং কফো-ভাবপি বা সংহন্যেতেঽনিলেনচেৎ। কৃচ্ছ্রান্মূত্রং তদাপীতং শ্বেতং রক্তং ঘনং সৃজেৎ। সদাহং রোচনা শঙ্খচূর্ণবর্ণং ভবেত্তুতং। শুক্লং সমস্তবর্ণং বা মূত্রসাদং বদন্তি তং। রুক্ষদুর্ব্বলয়ো র্বাতেনোদাবর্ত্তং শকৃদ্‌-যদা। মূত্রস্রোতোঽনুপদ্যেত বিট্‌সংসৃষ্টং তদা নরঃ। বিড়্‌গন্ধং মূত্রয়েৎ কৃচ্ছ্রাৎ বিড্‌বিঘাতং বিনির্দ্দিশেৎ।

মনুষ্য মূত্রবেগযুক্ত হইয়া স্ত্রীগমন করিলে তাহার শুক্র বায়ু কর্ত্তৃক দূষিত হইয়া স্বস্থান হইতে ভ্রষ্ট হয় এবং প্রস্রাবের পূর্ব্বে অথবা পরে ভস্মমিশ্রিত উদকের ন্যায় বহির্গত হয়, ইহাকে মূত্রশুক্র মূত্রাঘাত কহে। ব্যায়াম পথ পর্য্যটন এবং রৌদ্রসেবনদ্বারা বায়ুপিত্ত বস্তিদেশে গমন করত: বস্তি মেঢ্র এবং মলদ্বারে দাহ উৎপন্ন করে এবং রোগী বার বার লোহিত অথবা হরিদ্রা বর্ণ মূত্র কখন বা কেবল রক্ত কষ্টে ত্যাগ করে, ইহাকে উষ্ণবাত কহে। যে রোগে পিত্ত অথবা কফ কিম্বা উভয়ে যুগপৎ বায়ু কর্ত্তৃক সংহত হইয়া ঘন, পীত, শ্বেত বা রক্ত বর্ণ মূত্র কষ্টে নিঃসৃত করে, তাহাকে মূত্রসাদ মূত্রাঘাত কহে। পিত্তজনিত মূত্রসাদে মূত্র গোরোচনা বর্ণ এবং দাহজনক হয়। কফজনিতে শঙ্খ চূর্ণের ন্যায় এবং সান্নিপাতিকে সর্ব্বপ্রকার বর্ণ প্রাপ্ত হয়। যে রোগে রুক্ষ এবং দুর্ব্বল ব্যক্তির মল বায়ু কর্ত্তৃক ঊর্দ্ধগামী হইয়া মূত্রবহা স্রোতকে প্রাপ্ত হয় এবং রোগী মলযুক্ত বা মলগন্ধযুক্ত মূত্র কষ্টে ত্যাগ করে, তাহাকে বিড়াবঘাত মূত্রাঘাত কহে।

রুক্ষাধ্বজনায়াসৈ রভিঘাতাৎ প্রপীড়নাৎ। স্বস্থানাদ্বস্তিরুদ্বৃত্তঃস্থূল-স্তিষ্ঠতি গর্ভবৎ। শূলস্পন্দনদাহার্ত্তো বিন্দুং বিন্দুং স্রবত্যপি। পীড়িতস্তু সৃজে-দ্ধারং সংস্তম্ভোদ্বেষ্টনার্ত্তিমান্‌। বস্তিকুণ্ডলমাহুস্তং ঘোরং শস্ত্রবিষোপমং। পবন প্রবলং প্রায়ো দুর্নিবার মবুদ্ধিভিঃ। তস্মিন্‌ পিত্তান্বিতে দাহ শূলং মূত্র বিবর্ণতা। শ্লেষ্মণা গৌরবং শোথঃ স্নিগ্ধংমূত্রং ঘনং সীতং। শ্লেষ্ম-

রুদ্ধ বিলোবস্তিঃ পিত্তোদীর্ণো ন সিধ্যতি। অবিভ্রান্ত বিলঃ সাধ্যো নতু যঃ কুণ্ডলীকৃতঃ। স্যাদ্বস্তৌ কুণ্ডলীভূতে তৃম্মোহঃশ্বাস এব চ।

দ্রুতপথ গমন, উৎপতন, ব্যায়াম, অভিঘাত এবং পীড়নের দ্বারা মূত্রাশয় স্বস্থান হইতে ঊর্দ্ধে উঠিয়া গর্ভের ন্যায় স্থূলাকার প্রাপ্ত হইলে, রোগী শূল স্পন্দন ও দাহ যুক্ত হইয়া বিন্দু বিন্দু মূত্র ত্যাগ করে এবং নাভির অধঃস্থান পীড়ন করিলে স্তম্ভ ও উদ্বেষ্টনরূপ বেদনা হইয়া ধারাক্রমে মূত্র নিঃসৃত হয়। এই রোগকে বস্তিকুণ্ডল কহে, ইহা প্রায়ই বায়ুর প্রাধান্য হইতে উৎপন্ন হইয়া থাকে এবং শস্ত্র ও বিষের ন্যায় ভয়ঙ্কর, নির্বোধ বৈদ্য ইহাকে আরোগ্য করিতে সক্ষম হয় না। পিত্তজনিত বস্তিকুণ্ডল রোগে দাহ শূল এবং মূত্রের বিবর্ণতা হয়, শ্লেষ্মজনিতে গাত্রগুরুতা ও শোথ হয় এবং শুক্লবর্ণ স্নিগ্ধ ও ঘন মূত্রত্যাগ হয়। যদি বস্তিকুণ্ডল রোগে বস্তির মুখরন্ধ্র, শ্লেষ্মার দ্বারা আবৃত অথবা বস্তিদেশ পিত্তদ্বারা উপচিত হয়, তবে রোগ অসাধ্য। বস্তির মুখ রুদ্ধ অথবা বস্তিকুণ্ডলীভূত না হইলে সাধ্য হয়, বস্তি কুণ্ডলীভূত হইলে তৃষ্ণা মোহ এবং শ্বাস জন্মে।

অথ অশ্মরীনিদান।

বাতপিত্তকফৈস্তিস্র শ্চতুর্থী শুক্রজাপরা। প্রায়ঃ শ্লেষ্মাশ্রয়াঃ সর্ব্বা অশ্মর্য্যঃ স্যুর্যমোপমা। বিশোষয়েদ্বস্তিগতং সশুক্রং মূত্রং সপিত্তং পবনং কফং বা। যদা তদাশ্মর্য্যুপজায়তে তু ক্রমেণ পিত্তেষ্বিব রোচনা গোঃ। নৈক দোষাশ্রয়াঃ সর্ব্বাঃ অথাসাং পূর্ব্বলক্ষণং। বস্ত্যাধ্মানং তদাসন্ন দেশেষু পরিতোঽতিরুক্। মূত্রেবস্ত সগন্ধিত্বং মূত্রকৃচ্ছ্রং জ্বরোরুচি।] সামান্যলিঙ্গং রুগ্নাভিসেবনী বস্তিমূর্দ্ধসু। বিশীর্ণধারমূত্রঃ স্যাৎ তয়ামার্গ নিরোধনে। তদ্ব্যাপায়াৎ সুখং মেহেদচ্ছং গোমেদকোপমং। তৎসংক্ষোভাৎ ক্ষতেসাস্রমায়াসাচ্চাতিরুগ্ভবেৎ।

যমস্বরূপ অশ্মরী অর্থাৎ পাথরীরোগ, বাতিক পৈত্তিক শ্লৈষ্মিক এবং শুক্রজভেদে চারি প্রকার নির্দিষ্ট আছে, তন্মধ্যে বাতাদি তিন প্রকার শ্লেষ্মাশ্রিত অর্থাৎ শ্লেষ্মাদ্বারা সংযমিত এবং শুক্রাশ্মরী শুক্র সংঘটিত হইয়া থাকে। যখন বায়ু

বস্তিগত শুক্রের সহিত মূত্রকে, অথবা পিত্তের সহিত, কফকে, শুষ্ক করে, তখন গোপিত্তে গোরচনার ন্যায় ক্রমে অশ্মরী উৎপন্ন হয় (১)। সর্ব্ব প্রকার অশ্মরী ত্রিদোষ হইতে জন্মে, কেবল দোষত্রয়ের উল্বণতা ভেদে উহার বাতাদি দোষভেদ জানিবে। অশ্মরীর পূর্ব্বরূপ নিম্নপ্রকার কথিত আছে, যথা বস্তিতে আধ্মান এবং যে স্থানে অশ্মরী অবস্থান করে, সেইস্থান অতিশয় বেদনা যুক্ত হয়, মূত্রের ছাগগন্ধত্ব ও কৃচ্ছ্রতা এবং জ্বর ও অরুচি হয়। অশ্মরী রোগের সাধারণ লক্ষণ নিম্ন প্রকারে কথিত আছে, যথা, নাভি শিশ্ন এবং বস্তির উপরভাগে বেদনা হয়, অশ্মরী দ্বারা মূত্র বদ্ধ হইলে বিচ্ছিন্ন ধারে মূত্র ত্যাগ হয়, মূত্রপথ হইতে অশ্মরী অপসৃত হইলে গোমেদের ন্যায় স্বচ্ছ মূত্র বিনা ক্লেশে নিঃসৃত হয়, বায়ু কর্ত্তৃক অশ্মরীর সঞ্চালন হইয়া মূত্র স্রোতে ক্ষত হইলে রক্ত মিশ্রিত মূত্র নির্গত এবং কুন্থন করিলে অত্যন্ত বেদনা হয়।

> তত্র বাতাদ্ভৃশং চার্ত্তো দন্তান্ খাদতি বেপতে। গৃহ্ণাতি মেহনং নাভিং পীড়য়ত্যনিশং ক্বণন্। সানিলং মুঞ্চতি সকৃৎ মুহু র্মেহতিবিন্দুশঃ। শ্যাবা-রুণাশ্মরী চাস্য স্যাচ্চিতাকণ্টকৈ রপি। পিত্তেন দহ্যতে বস্তিঃ পচ্যমান ইবোষ্মবান্। ভল্লাতকাস্থিসংস্থান রক্তপীতাসিতাশ্মরী বস্তি র্নিস্তুদ্যত ইব শ্লেষ্মণা শীতলো গুরুঃ। অশ্মরীমহতীশ্লক্ষ্ণা মধুবর্ণা থবাসিতা।

বাতজনিত অশ্মরীতে রোগী হস্ত দ্বারা শিশ্ন এবং নাভি পীড়ন করতঃ নিরন্তর আর্ত্তনাদ করিতে থাকে, মুহুর্মুহুঃ বিন্দু বিন্দু মূত্র ত্যাগ করে, মূত্রবেগ হইলে শব্দের সহিত মলত্যাগ হয় এবং দন্তে দন্ত লাগিয়া কম্প হয়। বাতাশ্মরী কণ্টক সমূহ দ্বারা বেষ্টিত এবং শ্যাব বা রক্ত বর্ণ হয়। পিত্তোল্বন অশ্মরী রোগে, বস্তি দাহযুক্ত উষ্ণ এবং পচ্যমান অর্থাৎ ক্ষারদ্বারা ভক্ষিতের ন্যায় হয় এবং অশ্মরী, ভল্লাতকবীজের সদৃশ ও রক্ত পীত কখন বা কৃষ্ণবর্ণ দৃষ্ট হয়। শ্লেষ্মপ্রধান অশ্মরী, বৃহদাকার শুক্ল কখন বা ঈষৎ পিঙ্গলযুক্ত শুক্লবর্ণ হইয়া থাকে এবং উহা কখন মসৃণ কখন কর্কশ হয়। রোগীর বস্তিদেশ, শীতল ভারি এবং সূচীবিদ্ধবৎ বেদনা যুক্ত হয়।

---

(১) অশ্মরীকে ইংরাজিতে ষ্টোন বা কালকুলাশ (Calculus.) কহে।

এতা ভবন্তি বালানাং তেষামপি চ ভূয়সা। আশ্রয়োপচয়াল্পত্বাৎ গ্রহণাহরণে সুখা। শুক্রাশ্মরী তু মহতাং জায়তে শুক্রধারণাৎ। স্থানাচ্চ্যুতমমুক্তং হি মুষ্কয়োরন্তরেঽনিলঃ। শোষয়ত্যুপসংগৃহ্য শুক্রং তচ্ছুক্রমশ্মরী। বস্তিরুজমূত্রকৃচ্ছ্রত্বং মুষ্কশ্বয়থুকারিণী। তস্যা মুৎপন্নমাত্রায়াং শুক্রমেতি বিলীয়তে। পীড়িতে ত্ববকাশেঽস্মিন্নশ্মর্য্যেব চ শর্করা। অণুশো বায়ুনাভিন্না সা তস্মিন্ননুলোমগে। নিরেতি সহমূত্রেণ প্রতিলোমে নিরুধ্যতে। মূত্রস্রোতঃ প্রবৃত্তা সা শিক্তা কুর্য্যাদুপদ্রবান্। দৌর্ব্বল্যং সদনং কার্শ্যং কুক্ষিশূলমথারুচিং। পাণ্ডুত্বমুষ্ণবাতঞ্চ তৃষ্ণাং হৃৎপীড়নং বমিং। প্রসূননাভিবৃষণং বদ্ধমূত্রং রুজাতুরং। অশ্মরীক্ষপয়ত্যাশু সিকতা শর্করান্বিতা।

উপরোক্ত দোষত্রয়জনিত অশ্মরীরোগ প্রায় বাল্যাবস্থাতেই জন্মে, বয়ঃপ্রাপ্ত ব্যক্তিদিগের কদাচিৎ হইয়া থাকে। বালকদিগের বস্তিদেশ স্বল্প মাংস বিশিষ্ট এবং অনবগাঢ়, এই হেতু অস্ত্র চিকিৎসা-কালীন অশ্মরীকে অনায়াসে গ্রহণ ও আহরণ করা যায় এবং রোগ সুখ-সাধ্য হয়। শুক্রাশ্মরী কেবল বয়ঃপ্রাপ্ত ব্যক্তিদিগের হইয়া থাকে, বালকের হয় না। মনুষ্যের কামোদ্রেক হেতু স্বস্থান হইতে শুক্র চ্যুত হইয়া ক্ষরিত না হইলে, যখন বায়ু বস্তিমুখ মধ্যে উহাকে গ্রহণ করিয়া শোষণ করে, তখন শুক্রাশ্মরীর উৎপাদন হয়, ইহাতে রোগীর মুষ্কদ্বয়ে শোথ, বস্তিতে বেদনা এবং মূত্রের কৃচ্ছ্রতা হয়। এই রোগ উৎপন্নমাত্রে শুক্র স্খলন হইতে থাকে এবং অঙ্গুলী দ্বারা বস্তিপীড়ন করিলে অশ্মরী নাই বলিয়া বোধ হয়।

শর্করা এবং সিকতানামা রোগদ্বয় অশ্মরীর অবস্থান্তর মাত্র, উহাদের সম্প্রাপ্তি এবং লক্ষণ নিম্নপ্রকার নির্দ্দিষ্ট আছে। যখন অশ্মরী বায়ু কর্তৃক বিভিন্ন হইয়া খণ্ড খণ্ড অর্থাৎ চিনিকণার ন্যায় হইয়া যায়, তখন তাহাকে শর্করা কহা যায় এবং যখন বালুকণা সদৃশ হইয়া যায় তখন উহাকে সিকতা কহে। শর্করা এবং সিকতার মধ্যে প্রভেদ এই যে, শর্করা অপেক্ষা সিকতার রেণুসমূহ সূক্ষ্ম।

শর্করারোগে বায়ুর অনুলোমগতি থাকিলে উহার রেণুসমূহ মূত্রের সহিত নির্গত হয়, বিরূপগতি হইলে উহারা বদ্ধ থাকে এবং মূত্রস্রোতে আগত হইয়া

রুদ্ধ হইলে নিম্নলিখিত উপদ্রব সমূহ উৎপাদন করে, যথা দুর্ব্বলতা, অঙ্গাবসাদ শরীরের কৃশতা, পাণ্ডুত্ব, কুক্ষিশূল, হৃৎপীড়া, পিপাসা, অরুচি, বমন, নাভি ও অণ্ডদ্বয়ে শোথ এবং মূত্র বিবদ্ধতা। এইরূপ শর্করা অথবা সিকতা প্রাপ্ত অশ্মরীরোগ শীঘ্র প্রাণনাশ করে।

অথ প্রমেহমধুমেহপীড়কানিদানং।

আস্যাসুখং স্বপ্নসুখং দধীনি গ্রাম্যোদকানূপরসাঃ পয়াংসি। নবান্নপানং গুড়বৈকৃতঞ্চ প্রমেহহেতুঃ কফকৃচ্চ সর্ব্বং। মেদশ্চ মাংসঞ্চ শরীরজঞ্চ ক্লেদং কফোবস্তি গতং প্রদূষ্য। করোতি মোহান্ সমুদীর্ণ মুষ্ণৈ স্তানেব পিত্তং পরিদূষ্যচাপি। ক্ষীণেষু দোষেষ্ববকৃষ্য ধাতুন্ সংদূষ্যমেহান্ কুরুতে-ঽনিলশ্চ।

অতিরিক্ত শয়ন ও উপবেশনদ্বারা অর্থাৎ অঙ্গচালনের অভাবহেতু গ্রাম্য জলজ বা অনূপজাত মৎস্যমাংসের অতিসেবনদ্বারা এবং দধি পায়স নুতনান্ন জল ও শর্করাদি অন্যান্য শ্লেষ্মজনক দ্রব্য নিষেবণদ্বারা, প্রমেহ উৎপন্ন হয় (১)। বাতিক পৈত্তিক এবং শ্লৈষ্মিকভেদে প্রমেহ রোগের ত্রিবিধ সম্প্রাপ্তি কথিত আছে, তন্মধ্যে কফজমেহের সুসাধ্যত্বহেতু প্রথম উল্লেখ হইতেছে। প্রকুপিত শ্লেষ্মা বস্তিগত মেদ মাংস ও শরীরজাত ক্লেদকে দূষিত করতঃ কফজ মেহ রোগ উৎপাদন করে। পিত্ত, উষ্ণবীর্য্য এবং উষ্ণস্পর্শ দ্রব্যদ্বারা কুপিত হইয়া উপরোক্ত বস্তিগত মেদমাংসাদিকে দূষিত করতঃ পৈত্তিক প্রমেহ উৎপন্ন করে। কফ এবং পিত্তের অপেক্ষাকৃত অপ্রবৃদ্ধ অবস্থায় প্রকুপিত বায়ু গম্ভীর ধাতু সমূহকে অর্থাৎ বসা মজ্জা ওজঃ এবং লসিকাকে দূষিত এবং বস্তিমুখে আনয়ন করতঃ, বাতজ মেহরোগসমূহ উৎপাদন করে।

সাধ্যাঃ কফোত্থাদশপিত্তজাঃ ষট্‌যাপ্যানসাধ্যঃ পবনাচ্চতুষ্কঃ। সমক্রিয়ত্বাদ্বিষমক্রিয়ত্বা মহাত্যয়ত্বাচ্চ যথা ক্রমন্তে।

---

১ প্রমেহ অধ্যায়ে প্রস্রাবের নানা প্রকার বিকৃতি বর্ণিত হইয়াছে।

বিংশতি প্রকার প্রমেহ রোগ কথিত আছে; তন্মধ্যে কফোত্থিত দশপ্রকার সাধ্য, কারণ যে সকল ঔষধ কফ দমন করে তাহারা কফকর্তৃক দূষিত মেদ প্রভৃতিরও উপকার করে। পৈত্তিক মেহ ষষ্ঠ প্রকার এবং চিকিৎসার বিরোধ হেতু উহারা যাপ্য রোগের মধ্যে গণ্য, যে হেতু পিত্ত দমনকারী মধুরাদি দ্রব্য মেদ প্রভৃতি ধাতুর বর্দ্ধন করে এবং মেদহর কটুকাদি দ্রব্য পিত্ত বৃদ্ধি করে। বাতজনিত মেহ চারি প্রকার, ইহা অসাধ্য বলিয়া উক্ত আছে কারণ মজ্জাদি গভীর ধাতু সমূহ দূষিত হইয়া শীঘ্র প্রাণনাশ করে। এক্ষণে সর্ব্ব প্রকার মেহ রোগের দোষ এবং দূষ্য সমূহ কথিত হইতেছে।

কফঃ সপিত্তঃ পবনশ্চ দোষা মেদোস্রশুক্রাম্বুবসালসীকাঃ। মজ্জারসৌজঃ পিশিতঞ্চ দূষ্যাঃ প্রমেহিনাং বিংশতিরেব মেহাঃ।

প্রমেহ রোগে দোষত্রয় অর্থাৎ কফ পিত্ত বায়ু এবং দূষ্য সমূহ অর্থাৎ মেদ রক্ত শুক্র অম্বু বসা লসিকা মজ্জা রস মাংস এবং ওজ নানা প্রকারে মিলিত হইয়া উপরোক্ত বিংশতি প্রকার প্রমেহ জন্মায় (১)

দন্তাদীনাং মলাঢ্যত্বং প্রাগ্রূপং পাণিপাদয়োঃ। দাহশ্চিক্কণতা দেহে তৃট্স্বাদ্বাস্যঞ্চ জায়তে। সামান্যং লক্ষণং তেষাং প্রভূতাবিলমূত্রতা। দোষদূষ্যা বিশেষেঽপি তৎসংযোগ বিশেষতঃ। মূত্রবর্ণাদি ভেদেন ভেদো মেহেষু কল্প্যতে।

মেহরোগের পূর্ব্বরূপ নিম্নপ্রকার কথিত আছে, যথা, দন্ত জিহ্বা ও তাল্বাদিতে অধিক পরিমাণে মলা সঞ্চিত, হস্ত পদের দাহ, চর্ম্ম চিক্কণ অর্থাৎ তৈলাক্তবৎ দৃষ্ট এবং রোগীর তৃষ্ণা ও মুখে মিষ্টরস বোধ হয়। সর্ব্ব প্রকার মেহ রোগের সামান্য লক্ষণ এইমাত্র যে রোগী অধিক পরিমাণে আবিলবর্ণ অর্থাৎ ঘোলা মূত্র ত্যাগ করে। দোষ এবং দূষ্যের তুল্যতাসত্ত্বেও উহাদের সংযোগের আধিক্য বা অল্পত্ব অনুসারে মূত্রের বর্ণাদি ভেদদ্বারা মেহ রোগের প্রকার ভেদ কল্পনা করা হইয়াছে।

(১) লসীকা অর্থাৎ ত্বক ও মাংসের মধ্যস্থিত উদক। ওজ, অর্থাৎ রসাদি সপ্তধাতুর সারাংশ।

অচ্ছং বহুসিতং শীতং নির্গন্ধমুদকোপমং। মেহত্যুদক মেহেন কিঞ্চিদাবিল পিচ্ছিলং। ইক্ষোরস মিবাত্যর্থং মধুরঞ্চেক্ষুমেহতঃ। সান্দ্রী ভবেৎ পর্য্যুষিতং সান্দ্রমেহেন মেহতি। সুরামেহী সুরাতুল্য মুপর্য্যচ্ছমধোঘনং। সংহৃষ্টরোমা পিষ্টেন পিষ্টবৎ বহুলং সিতং। শুক্রাভং শুক্র মিশ্রং বা শুক্রমেহী প্রমেহতি। মূর্ত্তাণূন্ সিকতামেহী সিকতারূপিণো মলান্। শীতমেহী সুবহুশো মধুরং ভৃশ শীতলং। শনৈঃশনৈঃ শনৈর্ম্মেহী মন্দংমন্দং প্রমেহতি। লালাতন্তুযুতং মূত্রং লালামেহেন পিচ্ছিলং।

এক্ষণে বিংশতি প্রকার মেহের নাম ও লক্ষণ ক্রমে বর্ণিত হইতেছে যথা, উদক মেহে অধিক পরিমাণে স্বচ্ছ শুক্লবর্ণ শীতল নির্গন্ধ অম্বু সদৃশ কিঞ্চিৎ আবিল এবং পিচ্ছিল মূত্র ত্যাগ হয় ১। ইক্ষু মেহে ইক্ষুরস সদৃশ অতি মধুর মূত্র নির্গত হয় ২। সান্দ্র মেহে মূত্র পাত্রস্থ করিয়া রাখিলে ঘন হইয়া যায় ৩। সুরামেহে মদিরা সদৃশ অর্থাৎ উপরে স্বচ্ছ এবং অধোভাগে ঘন মূত্র নির্গত হয় ৪। পিষ্টমেহে রোগী রোমাঞ্চিত হইয়া বহু পরিমিত শুক্লবর্ণ পিষ্ট মূত্র ত্যাগ করে ৫। শুক্রমেহে শুক্র মিশ্রিত অথবা শুক্রের সমবর্ণ মূত্র ত্যাগ হয় ৬। সিকতামেহে রোগী বহু পরিমাণে কঠিন বালুকার ন্যায় পদার্থ মূত্রের সহিত ত্যাগ করে ৭। শীতমেহে বহুপরিমিত মধুর এবং অতি শীতল মূত্রত্যাগ হয় ৮। শনৈর্ম্মেহে রোগী বারংবার অল্প মূত্র ত্যাগ করে ৯। লালামেহে পিচ্ছিল এবং লালা তন্তুযুক্ত মূত্র ত্যাগ হয় ১০।।

গন্ধবর্ণরসস্পর্শৈঃ ক্ষারেণ ক্ষারতোয়বৎ। নীলমেহেন নীলাভং কালমেহী মসীনিভং। হারিদ্রমেহী কটুকং হরিদ্রা সন্নিভং দহৎ। বিস্রং মাঞ্জিষ্ঠমেহেন মঞ্জিষ্ঠা সলিলোপমং। বিস্রমুষ্ণং সলবণং রক্তাভং রক্তমেহতঃ।

ক্ষারমেহে ক্ষারজলের স্পর্শ গন্ধ বর্ণ এবং রস সদৃশ মূত্র ত্যাগ হয় ১১। নীলমেহে মূত্র নীলবর্ণ দৃশ্য হয়। ১২। কালমেহে মসীরসদৃশ মূত্র নির্গত হয় ১৩। হরিদ্রা মেহে দাহের সহিত কটু হরিদ্রাক্ত মূত্রত্যাগ হয় ১৪। মাঞ্জিষ্ঠমেহে মঞ্জিষ্ঠাধৌতজলের ন্যায় এবং আমগন্ধি অর্থাৎ অপক্ক আহারের গন্ধযুক্ত মূত্রত্যাগ হয় ১৫। রক্তমেহে আমগন্ধযুক্ত উষ্ণলবণাক্ত এবং রক্তবর্ণ মূত্র নিঃসৃত হয়। ১৬।

যে রোগী উপরোক্ত উপদ্রব সকলের দ্বারা পীড়িত হয় এবং অধিক পরিমাণে ধাতু সংযুক্ত মূত্র ত্যাগ করে, অথবা যাহার শরীরে গাঢ় পীড়কা অর্থাৎ স্ফোটক উৎপন্ন হয়, তাহার মৃত্যু হয়। প্রমেহ রোগগ্রস্ত পিতামাতার বীজদোষ হইতে সন্তানের যে মেহরোগ জন্মে, তাহা অসাধ্য, যে হেতু যাবতীয় কুলজ বিকার অসাধ্য বলিয়া নির্দ্দিষ্ট আছে। সর্ব্বপ্রকার মেহরোগ যথাকালে চিকিৎসিত না হইলে কালক্রমে মধুমেহে পরিণত, সুতরাং অসাধ্য হয়।

মধু মেহেমধুসমং জায়তে সকিলদ্বিধা। ক্রুদ্ধে ধাতুক্ষয়াদ্বায়ৌ দোষাবৃত পথেঽথবা। আবৃতো দোষলিঙ্গানি সো নিমিত্তং প্রদর্শয়ন্। ক্ষণাৎ ক্ষীণঃ ক্ষণাৎ পূর্ণো ভজতে কৃচ্ছ্র সাধ্যতাং। মধুরং যচ্চ মেহেষু প্রায়োমধ্বিব মেহতি। সর্ব্বেঽপি মধুমেহাখ্যা মাধুর্য্যাচ্চ তনোরতঃ।

মধুমেহের মূত্র মধুর সদৃশ হয় এইজন্য উহাকে মধুমেহ কহে, এই রোগ দুই প্রকারে উৎপন্ন হয় যথা, ধাতুক্ষয়জনিত বায়ুর কোপহেতু, অথবা অপর দোষদ্বারা বায়ুর গতিরোধ হেতু। বায়ুর গতিরোধ হইতে যে মধুমেহ জন্মে, তাহাকে দোষবিশেষের লক্ষণ সমূহ অকারণ উপস্থিত হয়, এই হেতু রোগ কখন ক্ষীণ কখন পূর্ণ অবস্থা প্রাপ্ত ও কৃচ্ছ্র সাধ্য হয়। ধাতুক্ষয়জনিত মধুমেহে কেবল কুপিত বায়ুর লক্ষণ দৃষ্ট হইয়া থাকে। প্রায় সর্ব্বপ্রকার মেহ রোগে মধুর রসযুক্ত মূত্র ত্যাগ, এবং দেহের মধুরতা হয়, এই হেতু যাবতীয় মেহ রোগ মধুমেহ নামেও উক্ত আছে। [ক]।

শরাবিকাকচ্ছপিকাজালিনীবিনতালজী। মসূরিকা সর্ষপিকা পুত্রিণী স বিদারিকা। বিদ্রধিশ্চেতিপীড়কাঃ প্রমেহোপেক্ষয়া দশঃ। সন্ধিমর্ম্মসু জায়ন্তে মাংসলেষু চ ধামসু। অন্তোন্নতা তু তদ্রূপা নিম্ন মধ্যা শরাবিকা। গৌর সর্ষপসংস্থানা তৎপ্রমাণাচ সর্ষপী। সদাহা কূর্ম্মসংস্থানা জ্ঞেয়া কচ্ছপিকা বুধৈঃ। জালিনী তীব্রদাহা তু মাংসজাল সমাবৃতা। অবগাঢ়রুজাক্লেদা পৃষ্ঠে বাপ্যুদরেঽপি বা। মহতী সরুজানীলা বিনতানাম সাস্মৃতা। মহত্যল্প-চিতাজ্ঞেয়া পিড়কা চাপি পুত্রিণী। মসুরাকৃতিসংস্থানা বিজ্ঞেয়া তু মসূরিকা।

[ক] ভাষাতে মধুমেহকে বহুমূত্র কহে এবং ইংরাজিতে ডায়েবিটিশ (Diabetes.) কহা যায়।

রক্তাসিতা স্ফোটচিতা বিজ্ঞেয়া ত্বলজী ভবেৎ। বিদারীকন্দবদ্বৃত্তা কঠিনা চ বিদারিকা। বিদ্রধের্লক্ষণৈর্যুক্তা জ্ঞেয়া বিদ্রধিকা তু সা। যে যন্ময়াঃ স্মৃতা মেহা তেষা মেতাস্তু তন্ময়াঃ। বিনা প্রমেহমপ্যেতা জায়ন্তে দুষ্টমেদসঃ। তাবচ্চৈতা ন লক্ষ্যন্তে যাবদ্বাস্তু পরিগ্রহাঃ। গুদে হৃদি শিরস্যংসে পৃষ্ঠে মর্ম্মসু চোত্থিতাঃ। সোপদ্রবা দুর্ব্বলাগ্নেঃ পিড়কাঃ পরিবর্জ্জয়েৎ।

প্রমেহ রোগ চিকিৎসিত না হইলে দশপ্রকার পীড়কার উৎপত্তি হইয়া থাকে যথা, শরাবিকা, কচ্ছপিকা, জালিনী, বিনতা, অলজী, মসূরিকা, সর্ষপিকা পুত্রিণী, বিদারিকা এবং বিদ্রধি। এই সকল পীড়কা সন্ধি এবং মর্ম্মস্থানে অথবা মাংসযুক্ত স্থানে প্রকাশিত হয়। শরাবিকা শরার আকৃতি অর্থাৎ মধ্যে নিম্ন এবং পার্শ্বে উচ্চ ১। সর্ষপিকা আকৃতি এবং পরিমাণে শ্বেতসর্ষপের ন্যায় ২। কচ্ছপিকার কচ্ছপের ন্যায় আকৃতি এবং ইহাতে দাহ হইয়া থাকে ৩। জালিনী পীড়কা অত্যন্ত দাহান্বিত হয় এবং মাংসজালে সমাবৃত থাকে, অর্থাৎ ইহার উপরিস্থিত চর্ম্ম চিক্কণ না হইয়া জালিযুক্ত হয় ৪। বিনতা নাম পীড়কা পৃষ্ঠ অথবা উদরে প্রকাশ হয়, ইহা বৃহদাকার নীলবর্ণ এবং অতিশয় বেদনা ও ক্লেদযুক্ত হইয়া থাকে ৫। পুত্রিণী স্ফোটক বৃহদাকার এবং ইহার চতুষ্পার্শ্বে ছোট ছোট পীড়কা সকল রচিত থাকে ৬। মসূরিকা নামা পীড়কা, মসূরির আকৃতি ও পরিমাণ বিশিষ্ট হয় ৭। অলজীতে রক্ত অথবা কৃষ্ণবর্ণ স্ফোটক সমূহ দৃশ্য হয় ৮। বিদারী পীড়কা ভূমিকুষ্মাণ্ডের ন্যায় গোলাকার ও কঠিন ৯। বিদ্রধী পীড়কার লক্ষণ বিদ্রধি রোগে বর্ণিত আছে ১০। উপরোক্ত পীড়কা সমূহ যে দোষজনিত প্রমেহে উৎপন্ন হয়, উহাদেরও সেই দোষ অনুবন্ধ বোধ করিবে, কখন কখন প্রমেহ না হইয়া কেবল দুষ্ট মেদ হইতে পীড়কা হইয়া থাকে, এই পীড়কা সমূহ যে পর্য্যন্ত নিজ নিজ আকৃতি প্রাপ্ত না হয় সে পর্য্যন্ত তাহাদের লক্ষণ নিশ্চিত হয় না। দুর্ব্বলাগ্নিযুক্ত ব্যক্তিদিগের উপদ্রব বিশিষ্ট [১] পীড়কা মলদ্বার মস্তক স্কন্ধ পৃষ্ঠ হৃদয় বা অন্য কোন মর্ম্ম স্থানে প্রকাশ হইলে বৈদ্য সেই রোগীকে ত্যাগ করিবেন।

---

১ চরকোক্ত উপদ্রব যথা তৃষ্ণা, কাশ, মাংসসঙ্কোচন, মোহ, হিক্কা মত্ততা, জ্বর, বিসর্প এবং মর্ম্ম সংরোধ।

অথ মেদোনিদানং।

অব্যায়ামদিবাস্বপ্ন শ্লেষ্মলাহারসেবিনঃ। মধুরোঽন্ন রসঃ প্রায় স্নেহান্মেদঃ প্রবর্দ্ধয়েৎ। মেদসাবৃতমার্গত্বাৎ পুষ্যন্ত্যন্যেন ধাতবঃ। মেদস্তু চীয়তে তস্মাদশক্তঃ সর্ব্ব কর্ম্মসু। ক্ষুদ্রশ্বাসতৃষামোহস্বপ্নক্রথন সাদনৈঃ। যুক্তঃ ক্ষুৎস্বেদদুর্গন্ধৈ রল্পপ্রাণোঽল্পমৈথুনঃ। মেদস্তু সর্ব্ব ভূতানা মুদরেষ্বস্থি-সংস্থিতং। অতএবোদরে বৃদ্ধিঃ প্রায়ো মেদস্বিনো ভবেৎ।

যে সকল মনুষ্য অব্যায়ামী হয়, দিবাতে নিদ্রা যায় এবং অধিক শ্লেষ্মকর দ্রব্য ও মিষ্টান্ন আহার করে, তাহাদের মধুর অন্নরস স্নেহ বাহুল্য হেতু মেদ বৃদ্ধি করে। অতি বর্দ্ধিত মেদদ্বারা স্রোতাংশসমূহ আবৃত হইলে, অন্যান্য ধাতু সকল পুষিত হয় না, সুতরাং রোগী দুর্ব্বল ও অকর্ম্মণ্য হইয়া যায়। মেদরোগে নিম্নলিখিত লক্ষণ সমূহ দৃষ্ট হয় যথা ক্ষুদ্রশ্বাস, অকস্মাৎ শ্বাসাবরোধ, তৃষ্ণা, মোহ, নিদ্রাধিক্য [illegible]। রোগীর ক্ষুধা প্রবল থাকে [illegible] স্বেদ দুর্গন্ধযুক্ত হয়, বলের হ্রাস এবং মৈথুনে অশক্ত হয়। জীবমাত্রের উদরের পশ্চাৎস্থিত অস্থিতে মেদ সংস্থিত আছে, অতএব মেদবৃদ্ধি হইলে প্রায় উদর বৃদ্ধি হয়।

মেদসাবৃতমার্গত্বাদ্বায়ুঃকোষ্ঠে বিশেষতঃ। চরন্ সন্ধুক্ষয়ত্যগ্নি মাহারং শোষ-য়ত্যপি। তস্মাৎ স শীঘ্রং জরয়ত্যাহার মভিকাঙ্ক্ষতি। বিকারাংশ্চাপ্নুতে ঘোরান্ কাংশ্চিৎকাল ব্যতিক্রমাৎ। এতাবুপদ্রবকরৌ বিশেষাদগ্নিমারুতৌ। এতৌ হি দহতঃ স্থূলং বনদাবো বনং যথা। মেদস্যতীব সংবৃদ্ধে সহসৈ-বানিলাদয়ঃ। বিকারান্ দারুণান্ কৃত্বা নাশয়ন্ত্যাশু জীবিতং। মেদো-মাংসাতি বৃদ্ধত্বাচ্চল স্ফিগুদরস্তনঃ। অযথোপচয়োৎসাহোনরোঽতিস্থূল উচ্যতে।

মেদদ্বারা রুদ্ধ পথ হইয়া বায়ু কোষ্ঠমধ্যে বিশেষরূপে সঞ্চালিত হয়, ও অগ্নিকে প্রজ্বলিত এবং ভুক্তান্ন শোষণ করে, এই জন্য আহার অতি শীঘ্র জীর্ণ ও পুনরায় ক্ষুধাবোধ হয় এবং ভোজন কালের ব্যতিক্রম হইলে নানাপ্রকার কঠিন বায়ুরোগ উৎপন্ন হয়। অগ্নি এবং মারুত এই সকল উপদ্রব উৎপাদন করে এবং যেমন বনাগ্নি বন দহন করে,

সেইরূপ মেদস্বিন স্থূল ব্যক্তিকে দহন করে। অতিশয় মেদবৃদ্ধি হইলে বাতাদি দোষ সকল দারুণরোগ সমূহ উৎপাদন করিয়া শীঘ্র প্রাণ নাশ করে। যে ব্যক্তির মেদ এবং মাংসের অতিবৃদ্ধি হেতু পাছা উদর ও স্তন দোলিত হয় এবং আপনার শক্তির অননুযায়িক মাংস বৃদ্ধি ও উৎসাহ হয় তাহাকে অতিস্থূল মনুষ্য কহে। (১)

অথ উদর নিদানং।

রোগাঃ সর্ব্বেঽপি মন্দেঽগ্নৌ সুতরামুদরাণি চ। অজীর্ণান্মলিনৈশ্চান্নৈ জায়ন্তে মলসঞ্চয়াৎ। রুদ্ধ্বা স্বেদাম্বুবাহীনি দোষাঃ স্রোতাংসি সঞ্চিতাঃ। প্রাণাগ্ন্যপানান্ সংদূষ্য জনয়ন্ত্যুদরং নৃণাং। আধ্মানং গমনে শক্তি দৌর্ব্বল্যং দুর্ব্বলাগ্নিতা। শোথঃ সদনমঙ্গানাং সঙ্গো বাতপুরীষয়োঃ। দাহস্তন্দ্রা চ সর্ব্বেষু জঠরেষু ভবন্তি হি। পৃথগ্দোষৈঃ সমস্তৈশ্চ প্লীহবদ্ধক্ষতোদকৈঃ সম্ভবন্ত্যুদরাণ্যষ্টৌ তেষাং লিঙ্গং পৃথক্ শৃণু।

উদর রোগে উদর বৃদ্ধি হয়, এই হেতু মেদ নিদানের পরেই উদর নিদান কহিতেছেন, ইহার আর একটি নিয়ম এই। মন্দাগ্নি হইতে সকল রোগ উৎপন্ন হয়, সুতরাং মন্দাগ্নির দ্বারা এবং অজীর্ণকর ও দোষজনক বিরুদ্ধ অন্ন সেবনদ্বারা অথবা কোষ্ঠবদ্ধতা হইতে উদররোগ উৎপন্ন হয়। (২) কুপিত দোষ স্বেদ এবং অম্বুবাহি স্রোত সকল রুদ্ধ করিয়া এবং অগ্নি ও প্রাণ এবং অপান বায়ুকে দূষ্য করিয়া মনুষ্যদিগের উদররোগ জন্মায়। উদরের সামান্য লক্ষণ, দৌর্ব্বল্য অগ্নিমান্দ্য চলাচলে অশক্তা শোথ আধ্মান বাত

---

১ মেদকে ইংরাজিতে (Obesity.) ওবেসেটি কহে।

২ উদর অধ্যায়ে যে অষ্ট প্রকার রোগ কথিত আছে, তাহার অনেকগুলি ইংরাজিতে পৃথক পৃথক রোগ বলিয়া লিখিত আছে যথা, প্লীহা, যকৃদালী, বদ্ধগুদন, ও দকোদর ইত্যাদি।

পুরীষের বদ্ধতা অঙ্গাবসাদ দাহ এবং তন্দ্রা। অষ্ট প্রকার উদর বা জঠর রোগ নির্দ্দিষ্ট আছে যথা, বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সান্নিপাতিক, প্লীহা, বদ্ধ, ক্ষত এবং উদক উদর (১)।

তত্র বাতোদরে শোথঃ পাণিপান্নাভিকুক্ষিষু। কুক্ষিপার্শ্বোদরকটীপৃষ্ঠরুক্পর্ব্বভেদনং। শুষ্ককাসাঙ্গমর্দ্দাধো গুরুতা মলসংগ্রহঃ। শ্যাবারুণত্বগাদিত্বমকস্মাদ্বৃদ্ধিহ্রাসবৎ। সতোদভেদমুদরং তনুকৃষ্ণশিরাততং। আধ্মাতদৃতিবচ্ছব্দমাহতং প্রকরোতি চ। বায়ুশ্চাত্র সরুক্শব্দো বিচরেৎ সর্ব্বতো গতিঃ।

বাতিক উদরে হস্তপদ নাভি এবং কুক্ষিতে শোথ হয়, কটী পার্শ্ব পৃষ্ঠ কুক্ষি উদর এবং পর্ব্ব সমূহে বেদনা হয়, শুষ্ক কাশ অঙ্গমর্দ্দন শরীরের অধোদেশে গুরুতা এবং কোষ্ঠের কঠিনতা হয়, ত্বক চক্ষু মূত্রাদি শ্যাবারুণবর্ণ যুক্ত হয়, উদরের স্ফীততা এবং অকস্মাৎ বৃদ্ধি ও হ্রাস এবং উহাতে সূচিভেদন ও ভেদনবৎ বেদনা হয়, উদর প্রাচীরে কৃষ্ণ সূক্ষ্ম শিরাসমূহ দৃশ্য এবং উহাতে আঘাত করিলে বায়ুপূর্ণ চর্ম্মপুটকের ন্যায় শব্দ হয়। সর্ব্বগতি বায়ু এস্থলে বেদনার সহিত শব্দ উৎপাদন করে।

পিত্তোদরে জ্বরো মূর্চ্ছা দাহস্তৃট্ কটুকাস্যতা। ভ্রমোঽতীসারঃ পীতত্বং ত্বগাদাবুদরং হরিৎ। পীততাম্রশিরানদ্ধং সস্বেদং সোষ্মদহ্যতে। ধূমায়তে মৃদুস্পর্শং ক্ষিপ্রপাকং প্রদূয়তে।

পৈত্তিক উদরে জ্বর দাহ তৃষ্ণা কটুস্বাদ, অতিসার মূর্চ্ছা ভ্রম ও কণ্ঠ হইতে ধূম নির্গমণ বোধ হয়, ত্বক চক্ষু মূত্রাদি পীতবর্ণ হয়, উদর অত্যন্ত স্বেদযুক্ত উষ্ণতাতে দহ্যমান, স্পর্শে মৃদু, বেদনাযুক্ত এবং হরিৎবর্ণ হয় এবং উহার উপরে পীত ও তাম্রবর্ণ শিরাসকল দৃশ্য হয়, এই রোগে উদর শীঘ্র বৃদ্ধি প্রাপ্ত হইয়া জলোদরে পরিণত হয়।

---

১ যকৃদালীনামে আর একপ্রকার উদর রোগ আছে ইহা প্লীহোদরের সহিত নিদান এবং চিকিৎসাতে ঐক্য হয়, এজন্য স্বতন্ত্র সংখ্যায় গণনা হয় নাই ইহাকে প্লীহোদরের অন্তর্গত জানিবে।

শ্লেষ্মোদরেঽঙ্গসদনং স্বাপশ্বয়থুগৌরবং। নিদ্রোৎক্লেশারুচিশ্বাসকাসঃ শুক্লত্বগাদিতা। উদরং স্তিমিতং স্নিগ্ধং শুক্লরাজীততং মহৎ। চিরাভিবৃদ্ধং কঠিনং শীতস্পর্শং গুরুস্থিরং।

শ্লৈষ্মিক উদরে গাত্র গুরুতা অঙ্গাবসাদ শোথ ও স্পর্শজ্ঞানাভাব, অতিশয় নিদ্রা, বমনেচ্ছা অরুচি, শ্বাস কাশ ও ত্বক নেত্রাদি শুক্লবর্ণ হয়। উদর অত্যন্ত বৃদ্ধি ও শুক্লশিরাসমূহদ্বারা আবৃত, স্তিমিত, স্নিগ্ধ গুরু, স্থির কঠিন ও স্পর্শে শীতল এবং দীর্ঘকালে বৃদ্ধি প্রাপ্ত হয়।

স্ত্রিয়োঽন্নপানং নখরোমমূত্রবিড়ার্ত্তবৈর্যুক্তমসাধুবৃত্তাঃ। যস্মৈ প্রযচ্ছন্ত্যরয়োগরাংশ্চ দুষ্টাম্বুদূষীবিষসেবনাদ্বা। তেনাশু রক্তং কুপিতাশ্চ দোষাঃ কুর্য্যুঃ সুঘোরং জঠরং ত্রিলিঙ্গং। তচ্ছীতবাতে ভৃশদুর্দ্দিনে চ বিশেষতঃ কুপ্যতি দহ্যতে চ। স চাতুরো মূর্চ্ছতি হি প্রসক্তং পাণ্ডুঃ কৃশঃ শুষ্যতি তৃষ্ণয়া চ।

সান্নিপাতিক উদরের নিদান নিম্নপ্রকার কথিত আছে যথা, অসাধুবৃত্ত স্ত্রীলোকেরা অন্ন অথবা পানীয় দ্রব্য নখ, লোম, মল, মূত্র বা আর্ত্তবসংযুক্ত করিয়া, যাহাকে ভক্ষণ করায়, কিম্বা শত্রুতে যাহাকে বিষ প্রদান করে অথবা যে ব্যক্তি দূষিত জল বা মন্দ প্রভাবশালী বিষ সেবন করে, তাহাদের দোষত্রয় এবং রক্ত কুপিত হইয়া শীঘ্র ঘোর সান্নিপাতিক উদর উৎপন্ন করে। সান্নিপাতিক উদর শীতল বায়ুতে এবং দুর্দ্দিনেতে বিশেষ বৃদ্ধি ও দাহযুক্ত হয়, রোগী নিরন্তর মোহপ্রাপ্ত পাণ্ডুবর্ণ কৃশ এবং তৃষ্ণা দ্বারা শোষিত হয়। এই ত্রিদোষজ উদরকে দূষ্যোদরও কহিয়া থাকে।

দূষ্যোদরং কীর্ত্তিতমেতদেব প্লীহোদরং কীর্ত্তয়তো নিবোধ। বিদাহ্যভিষ্যন্দিরতস্য জন্তোঃ প্রদুষ্টমত্যর্থমসৃক্কফশ্চ। প্লীহাভিবৃদ্ধিং কুরুতঃ প্রবৃদ্ধো প্লীহোত্থমেতজ্জঠরং বদন্তি। তদ্বামপার্শ্বে পরিবৃদ্ধিমেতি বিশেষতঃ সীদতি চাতুরোঽত্র। মন্দজ্বরাগ্নিঃ কফপিত্তলিঙ্গৈরুপদ্রুতঃ ক্ষীণবলোঽতিপাণ্ডুঃ। সব্যান্যপার্শ্বে যকৃতি প্রবৃদ্ধে জ্ঞেয়ং যকৃদ্দাল্যুদরং তদেব। উদাবর্ত্তরুজানাহৈর্মোহতৃড্দহনজ্বরৈঃ। গৌরবারুচিকাঠিন্যৈর্বিদ্যাত্তত্র মলান্ ক্রমাৎ।

এক্ষণে প্লীহোদর কথিত হইতেছে যথা, দগ্ধ এবং অভিষ্যন্দি বস্তু সেবনকারী ব্যক্তিদিগের অতি প্রদূষিত কফ এবং রক্ত প্লীহা বৃদ্ধি করে, ক্রমে প্লীহা অতি বৃদ্ধ

হইলে সেই রোগকে প্লীহোদর কহা যায়। ইহা বামপার্শ্বে বৃদ্ধি হইয়া থাকে, ইহাতে রোগী পিত্তজনিত মন্দজ্বর এবং কফকৃত অগ্নিমান্দ্য হইতে অত্যন্ত কষ্ট পায় এবং বলক্ষয় ও দেহ পাণ্ডুবর্ণ হয়। এইরূপ দক্ষিণ পার্শ্বে যকৃৎ বৃদ্ধি হইলে তাহাকে যকৃদাল্যুদর কহা যায়। বাত প্লীহোদরে উদাবর্ত্ত বেদনা এবং আনাহ হয়। পিত্তজনিতে মোহ তৃষ্ণা, দাহ এবং জ্বর হয় এবং কফ অনুবন্ধ হইলে গাত্রগুরুতা অরুচি এবং উদরের কাঠিন্য হয়।

যস্যান্ত্রমন্নৈরুপলেপিভির্ব্বা বালাশ্মভির্ব্বা পিহিতং যথাবৎ। সঞ্চীয়তে তস্য মলঃ সদোষঃ শনৈঃ শনৈঃ শঙ্করবচ্চ নাড্যাং। নিরুধ্যতে তস্য গুদে পুরীষং নিরেতি কৃচ্ছ্রাদপি চাল্পমল্পং। হৃন্নাভিমধ্যে পরিবৃদ্ধিমেতি তস্যোদরং বদ্ধগুদং বদন্তি।

যে ব্যক্তির অন্ত্রনাড়ী, পিচ্ছিল শাকপালঙ্কাদি অন্নদ্বারা অথবা ক্ষুদ্রপ্রস্তর দ্বারা যথাক্রমে আচ্ছাদিত হয়, অর্থাৎ রুদ্ধ হইয়া যায়, তাহার দূষিত মল নাড়ী সেগুলি ধূলিকণার ন্যায় ক্রমে ক্রমে অন্ত্রের মধ্যে সঞ্চিত হয়। মলদ্বারে পুরীষ রোধ হয়, কখন বা কষ্টে অল্প অল্প নির্গত হয় এবং হৃদয় ও নাভির মধ্যস্থলে উদর বৃদ্ধি প্রাপ্ত হয়। এই রোগকে বদ্ধগুদ উদর কহে।

শল্যং তথান্নোপহিতং যদন্ত্রং ভুক্তং ভিনত্ত্যাগত মন্যথা বা। তস্মাৎ স্রুতোন্ত্রাৎ সলিলঃ প্রকাশঃ স্রাবঃ স্রবেদ্বৈ গুদতস্তু ভূয়ঃ। নাভে রধশ্চো-দর মেতি বৃদ্ধিং নিস্তুদ্যতে দাল্যতি চাতিমাত্রং। এতৎ পরিস্রাব্যুদরং প্রদিষ্টং দকোদরং কীর্ত্তয়তো নিবোধঃ।

কোন শল্য অর্থাৎ কণ্টকাদি আহারীয় বস্তুর দ্বারা আবৃত হইয়া ভক্ষিত হইলে, অথবা অন্য কোন প্রকারে অন্ত্র প্রবিষ্ট হইলে অন্ত্রকে ভেদ করিয়া শল্যোদর উৎপন্ন করে। ইহার আর একটী নাম পরিস্রাবী উদর। এই রোগে অন্ত্রস্থান হইতে বহুল পরিমাণে সলিল গুহ্যদ্বারদ্বারা বারম্বার নিঃসৃত হয়। নাভির অধোদেশে উদর বৃদ্ধি পায় এবং উহা অত্যন্ত সূচীভেদনবৎ ও বিদারণবৎ বেদনাযুক্ত হয়।

যঃ স্নেহপীতোঽপ্যনুবাসিতো বা বান্তো বিরিক্তোঽপ্যথবা নিরূঢ়ঃ। পিবেজ্জলং শীতলমাশু তস্য স্রোতাংসি দুষ্যন্তি হি তদ্বহানি। স্নেহোপলিপ্তেষ্বথবাপি তেষু দকোদরং পূর্ব্ববদভ্যুপৈতি। স্নিগ্ধং মহত্তৎ পরিবৃত্তনাভি সমাততং পূর্ণমিবাম্বুনা চ। যথা দৃতিঃ ক্ষুভ্যতি কম্পতে চ শব্দায়তে চাপি দকোদরং তৎ।

জলোদর বা দকোদরের নিদান ও লক্ষণ নিম্ন প্রকার কথিত আছে, যথা, যে ব্যক্তি স্নেহ পান করিয়া অথবা স্নেহযুক্ত দ্রব্যের পিচকারী (১) লইয়া কিম্বা বমন বিরেচন বা নিরূহণ কার্য্য করিয়া শীতল জল পান করে তাহার উদকবাহী স্রোতঃসমূহ আশু দূষিত ও স্নেহোপলিপ্ত হয়, এই হেতু অম্বুরস রসবাহ নাড়ীর বাহিরে সঞ্চিত হইয়া উদর বৃদ্ধি করে। এই জলোদর রোগে উদর স্নিগ্ধ ও বৃহদাকার হয়, নাভিস্থল বেদনাযুক্ত এবং পরিবৃত্ত [illegible] উচ্চ হয়। যেরূপ জলপূর্ণ চর্ম্মপুটকে (ভিস্তির মসকে) কম্প অন্তরে জল সঞ্চালন ও শব্দ হয়, সেইরূপ রোগীর উদরেও হইয়া থাকে।

জাতমাত্রোদরং সর্ব্বং প্রায়ঃ কৃচ্ছ্রতমং মতং। বলিনস্তদজাতাম্বু যত্নসাধ্যং নবোত্থিতং। পক্ষাদ্বদ্ধগুদং তূর্দ্ধং সর্ব্বং জাতোদকং তথা। প্রায়োভবত্যভাবায় ছিদ্রান্ত্রং চোদরং নৃণাং। শূনাক্ষং কুটিলোপস্থ-মুপক্লিন্ন তনুত্বচং। বলশোণিতমাংসাগ্নি পরিক্ষীণঞ্চ বর্জ্জয়েৎ। পার্শ্বভঙ্গান্নবিদ্বেষ শোথাতিসারপীড়িতং। বিরিক্তঞ্চাপ্যুদরিণং পূর্য্যমাণং বিবর্জ্জয়েৎ।

প্রায় সর্ব্ব প্রকার উদর রোগ উৎপন্ন মাত্রেই কৃচ্ছ্রসাধ্য কেবল বলবান ব্যক্তির নবোত্থিত অজাতাম্বু (২) উদর যত্নসাধ্য। বদ্ধগুদ উদরী পোনর

---

(১) অনুবাসন এবং নিরূহণ ভেদে পিচ্‌কারী বা বস্তিকর্ম্ম দুই প্রকার। স্নিগ্ধপদার্থে পিচ্‌কারীকে অনুবাসন এবং শুষ্ক বা কষায় দ্রব্যের প্রয়োগকে নিরূহণ কহে।

(২) অজাতাম্বু উদরের লক্ষণ সম্বন্ধে নিম্নপ্রকার নির্দ্দিষ্ট আছে, যথা, উদর অরুণবর্ণ শোথ রহিত গুড়্‌গুড়্ শব্দযুক্ত অনতিভারী এবং শিরাজালে আবৃত হয়, রোগীর হৃদয় বঙ্‌ক্ষণ কটি নাভি ও গুহ্যদ্বারে শূল হয়, এবং

দিবসের মধ্যে সাংঘাতিক হয়। জাতোদক এবং ক্ষতোদর উহা অপেক্ষা দীর্ঘকালে রোগীকে নষ্ট করে, কিন্তু উহারা কখন কখন শল্য শস্ত্রাদি চিকিৎসা দ্বারা আরোগ্যও হয়। যে উদর রোগীর অক্ষিতে শোথ শিশ্নবক্র ত্বক এবং সর্ব্বশরীর আর্দ্র বোধ, রক্ত মাংস বল অগ্নি ক্ষয়, অন্নে বিদ্বেষ এবং পার্শ্বভঙ্গ শোথ ও অতীসার হয় এবং সম্যক বিরেচনের পরও যাঁহার কোষ্ঠ পূর্ণ বোধ হয় তাহাকেও বৈদ্য ত্যাগ করিবেন।

অথ শোথ নিদানং।

রক্ত পিত্ত কফান্ বায়ু দুষ্টোদুষ্টান্ বহিঃশিরাঃ। নীত্বারুদ্ধগতি স্তৈর্হি কুর্য্যাত্বঙ্ মাংসসংশ্রয়ং। উৎসেধংসংহতং শোথং তমাহু র্নিচয়াদতঃ। সর্ব্বং হেতু বিশেষৈস্তু রূপভেদান্নবাত্মকং। দোষৈঃ পৃথগ্দ্বয়ৈঃ সর্ব্বৈ রভিঘাতাদ্বিষাদপি। তৎপূর্ব্বরূপং দবথুঃ শিরায়া মোঽঙ্গগৌরবং।

স্বীয় কারণে কুপিত বায়ু দূষিত রক্ত, পিত্ত এবং কফকে বহিঃশিরাসমূহে প্রেরণ করিয়া এবং তদ্দ্বারা রুদ্ধগতি অর্থাৎ পথ রহিত হইয়া ত্বক্ ও মাংসাশ্রিত উৎস্বেধ উৎপন্ন করে, এরূপ উৎসেধকে শোথ কহে (১)। কারণ এবং লক্ষণ ভেদে শোথ নয় প্রকার যথা, বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, দ্বন্দজত্রয়, সান্নিপাতিক, অভিঘাতজ এবং বিষজনিত। দেহে সন্তাপ শিরাসমূহের বিস্তারবৎ বেদনা এবং শরীরের গুরুতা শোথের পূর্ব্ব লক্ষণ বলিয়া নির্দ্দিষ্ট আছে।

নাভিবিষ্টম্ভকরতঃ বেগ করিলে ঐ বেগ মলদ্বারে ক্ষয় হয়, অগ্নি অতিমান্দ্য হয় না, আস্য লালাদ্বারা বিরস থাকে, মূত্রের অল্পতা বেগযুক্ত বায়ু নিঃসরণ এবং মল বদ্ধ হয়। জাতোদক উদরীতে কুক্ষিদ্বয়ের অতি বৃদ্ধি, শিরাসকলের অন্তর্দ্ধান এবং উদর জলপূর্ণ চর্ম্মপুটকের সদৃশ হয়।

(১) শোথকে ইংরাজীতে ইনফ্লামেশন (Inflammation.) কহে।

শুদ্ধ্যাময়ভক্ত কৃশাবলানাং ক্ষারাম্লতীক্ষ্ণোষ্ণ গুরূপসেবা। দধ্যাম শৃচ্ছাক-বিরোধি দুষ্ট গরোপসৃষ্টান্ননিষেবনঞ্চ। অর্শাংস্য চেষ্টা নচ দেহ শুদ্ধি মর্ম্মোপঘাতো বিষমা প্রসূতিঃ। মিথ্যোপচারঃপ্রতিকর্ম্মণাঞ্চ নিজস্যহেতুঃ শ্বযথোঃ প্রদিষ্ট।

বমন বিরেচন বা জ্বরাদি রোগাক্রান্ত হেতু, অথবা বিগুণ দ্রব্য আহার বা অনাহার হেতু, কৃষাঙ্গ এবং দুর্ব্বল মনুষ্যেরা, ক্ষার অম্ল তীক্ষ্ণ উষ্ণ অথবা গুরুদ্রব্য সেবন করিলে শোথ উৎপন্ন হয। পরম্পরা কারণ কহিয়া, এক্ষণে শোথোৎপত্তির নিজ নিদানসমূহ কথিত হইতেছে; যথা, অতিরিক্ত দধি শাক বা মৃত্তিকা ভক্ষণ, দোষ বিবর্দ্ধক অপক্ক বিরুদ্ধ কিম্বা বিষসংযুক্ত অন্ন সেবন, অব্যায়াম, প্রবল অর্শরোগ, মর্ম্মস্থানীয় আঘাত, গর্ভস্রাব, অথবা বমনবিরেচনাদি কর্ম্মের মিথ্যা উপচার, বা পীড়িতাবস্থায দেহশুদ্ধির নিমিত্ত উহাদের অপ্রয়োগ।

সগৌরবং স্যাদনবস্থিতত্বং সোৎসেধমুষ্মাথ শিরাতনুত্বং। সলোমহর্ষশ্চ বিবর্ণতা চ সামান্য লিঙ্গং শ্বয়থোঃ প্রদিষ্টং। চলস্তনুত্বক্ পরুষোঽরুণোঽসিতঃ সুষুপ্তিহর্ষার্ত্তিযুতোঽনিমিত্ততঃ। প্রশাম্যতি প্রোন্নমতি প্রপীড়িতো দিবাবলী চ শ্বয়থুঃ সমীরণাৎ। মৃদুঃ সগন্ধোঽসিত পীত রাগবান্ ভ্রমজ্বর স্বেদতৃষা মদান্বিতঃ। য উষ্যতে স্পর্শরুগক্ষিরাগকৃৎ সপিত্তশোথো ভৃশ দাহ পাকবান্। গুরুঃস্থিরঃ পাণ্ডুররোচকান্বিতঃ প্রসেক-নিদ্রাবমিবহ্নিমান্দ্যকৃৎ। সকৃচ্ছ্র জন্ম প্রশমো নিপীড়িতো নচোন্নমেদ্রা-ত্রিবলী কফাত্মকঃ। নিদানাকৃতি সংসর্গাৎ শ্বযথু স্যাদ্বিদোষজঃ। সর্ব্বাকৃতিঃ সন্নিপাতাচ্ছোথোব্যামিশ্রলক্ষণঃ।

শোথের সামান্য লক্ষণ নিম্ন প্রকার কথিত আছে, যথা, শোথাক্রান্ত স্থান ভারি স্থূল উচ্ছ্রিত অনবস্থিত অর্থাৎ চঞ্চল শিরাদ্বারা আবৃত রোমহর্ষযুক্ত বিবর্ণান্বিত এবং উষ্ণ হয়। বাতিকশোথে উৎসেধের উপরিস্থিত ত্বকপরুষ তনু কৃষ্ণ কিম্বা অরুণবর্ণ স্পর্শজ্ঞাপ্তি ও ঝিনঝিনি বেদনাযুক্ত হয়, শোথ কখন কখন বিনা কারণে প্রশমন হয়। পীড়ন করিলে নিম্ন হইয়া যায় এবং দিবসে বর্দ্ধিত হইয়া রাত্রিতে উপশম থাকে। পৈত্তিক শোথে উৎসেধ মৃদু

দুর্গন্ধ উত্তপ্ত অতিবেদনাযুক্ত এবং কৃষ্ণ পীত অথবা রক্তবর্ণ হয় এবং আত্যন্তিক দাহান্বিত হইয়া থাকে, রোগীর জ্বর তৃষ্ণা ভ্রম স্বেদ মত্ততা এবং চক্ষুরক্তিমাবর্ণ হয়। কফজনিত শোথ গুরু স্থির ও পাণ্ডুবর্ণ হয়, প্রপীড়িত হইলে নিম্ন হয় না, দীর্ঘকালে উপচয় ও প্রশমন হয় এবং রাত্রিতে বৃদ্ধি পাইয়া দিবাতে উপশম থাকে। রোগীর অগ্নিমান্দ্য বমি লালাস্রাব এবং নিদ্রাবাহুল্য হয়। এই রোগ প্রায়ই অরোচকগ্রস্ত ব্যক্তিদিগের হইয়া থাকে। দ্বিদোষের মিলিত নিদান ও লক্ষণের দ্বারা, দ্বন্দ্বজ ও দোষত্রয়ের সাকল্য লক্ষণ দ্বারা সান্নিপাতিক শোথ জানিবে।

অভিঘাতেন শস্ত্রাদি ছেদ ভেদ ক্ষতাদিভিঃ। হিমানিলোদধ্যনিলৈ ভল্লাতককপিকচ্ছজৈঃ। রসৈঃ শূকৈশ্চ সংস্পর্শাচ্ছ্বয়থুঃ স্যাদ্বিসর্পবান্। ভৃশোষ্মা লোহিতাভাসঃ প্রায়শঃ পিত্তলক্ষণঃ। বিষজঃ সবিষপ্রাণি পরিসর্পণ মূত্রণাৎ। দংষ্ট্রা দন্তনখাঘাতাদবিষপ্রাণিনামপি। বিণ্মূত্র শুক্রোপহত মলবদ্বস্ত্রসঙ্করাৎ। বিষবৃক্ষানিলস্পর্শাদ্গরযোগাবচূর্ণনাৎ। মৃদুশ্চলোঽবলম্বী চ শীঘ্রো দাহরুজাকরঃ।

শস্ত্রাদির দ্বারা ছেদন ভেদন বা ক্ষত হইলে, শীতল অথবা সমুদ্র বায়ু সেবন করিলে এবং ভল্লাতক বা আল্কুশির রস কিম্বা আল্কুশির রোঁয়া গাত্রে লাগাইলে, আভিঘাতিক শোথ উৎপন্ন হয়। অভিঘাতজ শোথ বিসর্পবান্ এবং অত্যন্ত উষ্ণ ও লোহিত বর্ণ হয়। ইহা প্রায় পিত্তলক্ষণাক্রান্ত হইয়া থাকে। বিষযুক্ত জন্তুদিগের গাত্র বা মূত্র সংযোগদ্বারা বিষজনিত শোথ জন্মে। বিষশূন্য প্রাণিদিগের দন্ত নখ অথবা দংষ্ট্রাঘাতদ্বারাও শোথ হইয়া থাকে। মল মূত্র শুক্র সংলগ্ন মলিন বস্ত্র পরিধানদ্বারা, বিষবৃক্ষের বায়ু স্পর্শন দ্বারা, এবং চূর্ণীকৃত বিষসংযোগদ্বারাও বিষজ শোথ উৎপন্ন হয়। এই শোথ মৃদু লম্ববান্ এবং দাহ ও বেদনাযুক্ত হয়, শীঘ্র উৎপন্ন হইয়া থাকে এবং একস্থানে আবদ্ধ থাকে না।

দোষাঃ শ্বয়থুমূর্দ্ধং হি কুর্ব্বন্ত্যামাশয়স্থিতাঃ। পক্বাশয়স্থা মধ্যে তু বর্চ্চঃস্থানগতাস্ত্বধঃ। কৃৎস্নদেহমনুপ্রাপ্তাঃ কুর্য্যুঃ সর্ব্বসরং তথা।

আমাশয়স্থিত দোষ দেহের ঊর্দ্ধভাগে শোথ উৎপন্ন করে, পক্বাশয়স্থ দোষ দেহের মধ্যদেশে এবং বর্চ্চস্থানগত দোষ দেহের অধোভাগে শোথ উৎপন্ন করে, সর্ব্বদেহসঞ্চরশীল প্রকুপিত দোষ সমস্তশরীরে শ্বয়থু উৎপন্ন করে।

যো মধ্যদেশে শ্বয়থুঃ সকষ্টঃ সর্ব্বগশ্চ যঃ। অর্দ্ধাঙ্গেরিষ্টভূতঃ স্যাদ্ যশ্চোর্দ্ধং পরিসর্পতি। শ্বাসঃ পিপাসাছর্দ্দিশ্চ দৌর্ব্বল্য জ্বর এব চ। যস্য চান্নে রুচি নাস্তি শ্বয়থুন্তং বিবর্জ্জয়েৎ। অনন্যোপদ্রবকৃতঃ শোথঃ পাদসমুত্থিতঃ। পুরুষং হন্তি নারীঞ্চ মুখজো গুহ্যজোদ্ভয়ং। নবোঽনুপদ্রবঃ শোথঃ সাধ্যোঽসাধ্যঃ পুরেরিতঃ। বিবর্জ্জয়েৎ কুক্ষ্যুদরাশ্রিতঞ্চ তথা গলে মর্ম্মণি সংশ্রিতঞ্চ। স্থূলঃ খরশ্চাপি ভবেদ্বিবর্জ্জ্যো যশ্চাপি বালস্থবিরাবলানাং।

যে শোথ দেহের মধ্যদেশে অথবা সর্ব্বাঙ্গে উৎপন্ন হয়, তাহা কষ্টসাধ্য। যে শোথ শরীরের অর্দ্ধাঙ্গে ব্যাপিত হয়, অথবা ঊর্দ্ধে গমন করে, তাহা রোগীকে নষ্ট করে। যে শোথযুক্ত রোগীর শ্বাস পিপাসা ছর্দ্দি দুর্ব্বলতা জ্বর এবং অন্নে অরুচি হয়, তাহাকে বৈদ্য ত্যাগ করিবেন। যে শোথ অন্য রোগের উপদ্রবরূপে না হইয়া স্বীয় কারণে উৎপন্ন হয় এবং পুরুষের পদে উত্থিত হইয়া ঊর্দ্ধ গমন করে, অথবা স্ত্রীলোকের মুখে জন্মিয়া অধোগমন করে, কিম্বা উভয় জাতির বস্তিদেশে উৎপন্ন হয়; তাহাও অসাধ্য জানিবে। নবোত্থিত এবং উপদ্রবরহিত শোথ রোগ সাধ্য। যদি শোথ কুক্ষি উদর গল এবং মর্ম্মস্থানকে আশ্রয় করে, তবে সে রোগীকে বৈদ্য ত্যাগ করিবেন। অতিস্থূল ও খর হইলেও শোথ বর্জ্জনীয় হয়। বালক বৃদ্ধ এবং হীনবল ব্যক্তিদিগের শোথ অসাধ্য জানিবে।

অথ বৃদ্ধিনিদানং।

ক্রুদ্ধোহূর্দ্ধ্বাগতির্বায়ুঃ শোথশূলকরশ্চরন্। মুষ্কৌ বঙ্‌ক্ষণতঃ প্রাপ্য ফলকোষাভিবাহিনীঃ। প্রপীড্য ধমনী বৃদ্ধিং করোতি ফলকোষয়োঃ। দোষাস্রমেদোমূত্রান্ত্রৈঃ সবৃদ্ধিঃ সপ্তধা গদঃ। মূত্রান্ত্রজাবপ্যনিলাদ্ধেতুভেদস্তু কেবলং।

শোথ এবং শূলকারি প্রকুপিত বায়ু যখন অধোগত হইয়া বঙ্‌ক্ষণ অর্থাৎ

কঁচকী হইতে অণ্ডকোষে গমন করতঃ উহার ধমনীকে পীড়ন করে, তখন ফলকোষের বৃদ্ধি হয়। সপ্তবিধ কোষবৃদ্ধি কথিত আছে, যথা বাতিক, শ্লৈষ্মিক পৈত্তিক, রক্তজ, মেদোজ, মূত্রজ এবং অন্ত্রজনিত। মূত্র এবং অন্ত্রজনিতবৃদ্ধি বাত জনিত হইয়াও কেবল হেতু ভেদের নিমিত্ত পৃথক্ উক্ত হইয়াছে।

> বাতপূর্ণধৃতি স্পর্শো রুক্ষোবাতাদহেতু রুক্। পক্বোডুম্বর সংকাশঃ পিত্তা-দ্দাহোষ্ম পাকবান্। কফাচ্ছীতো গুরুঃস্নিগ্ধঃ কণ্ডুমান্ কঠিনোঽল্পারুক্। কৃষ্ণস্ফোটাবৃতঃ পিত্তঃ বৃদ্ধিলিঙ্গশ্চ রক্তজঃ। কফবন্মেদসা বৃদ্ধি মৃদুস্তাল-ফলোপমঃ। মূত্রধারণশীলস্য মূত্রজঃ সতু গচ্ছতঃ। অম্ভোভিঃ পূর্ণদৃতিবৎ ক্ষোভং যাতি সরুঙ্ মৃদুঃ। মূত্রকৃচ্ছ্র মধঃস্যাচ্চ চলয়ন্ ফলকোষয়োঃ।

বাতজনিত বৃদ্ধি রুক্ষ এবং স্পর্শে বাতপূর্ণচর্ম্মপুটের ন্যায় বোধ হয়, ইহাতে অকারণে বেদনার বৃদ্ধি ও হ্রাস হইয়া থাকে। পৈত্তিক বৃদ্ধি দাহ এবং উত্তাপযুক্ত ও পক্ক উড়ুম্বরের সদৃশ হয় এবং পাকে অর্থাৎ উহাতে পূয উৎপত্তি হয়। শ্লৈষ্মিক বৃদ্ধি শুক্লবর্ণ গুরু স্নিগ্ধ কঠিন কণ্ডুয়মান এবং অল্প-বেদনাযুক্ত হয়। রক্তজবৃদ্ধি পিত্তজের সমান লক্ষণ যুক্ত এবং উহার উপর কৃষ্ণবর্ণ স্ফোটক প্রকাশ হয়। মেদোজবৃদ্ধি শ্লৈষ্মিকের লক্ষণবিশিষ্ট এবং মৃদু ও তালফলের সদৃশ। মূত্র ধারণ করিয়া গমন করিলে মূত্রজ বৃদ্ধি জন্মে, ইহাতে জলপূর্ণ চর্ম্মপুটের ন্যায় জলসঞ্চালন হয় এবং অল্প বেদনা থাকে ও মূত্রকৃচ্ছ্রবৎ যাতনা বোধ হয়, অণ্ড অর্থাৎ মুষ্ক, ফলকোষের মধ্যে সঞ্চালিত হইয়া অধোদিকে ঝুলিয়া পড়ে।

> বাতকোপিভি রাহারৈঃ শীততোয়াবগাহনৈঃ। ধারণে রণভারাধ্ব বিষমাঙ্গ প্রবর্ত্তনৈঃ। ক্ষোভনৈঃ ক্ষুভিতোন্যৈশ্চ ক্ষুদ্রান্ত্রাবয়বং যদা। পবনো-বিগুণীকৃত্য স্বনিবেশাদধো নয়েৎ। কুর্য্যাদ্বঙ্ক্ষণসন্ধিস্থো গ্রন্থ্যাভং শ্বয়থুং তথা। উপেক্ষ্যমাণস্য চ মুষ্কবৃদ্ধি মাধ্মান রুক্স্তম্ভবতীং সবায়ুঃ। প্রপীড়িতোঽন্তঃ-স্বনবান্ প্রয়াতি প্রধ্মাপয়ন্নেতিঃ পুনশ্চ মুক্তং। অন্ত্রবৃদ্ধিরসাধ্যোঽয়ং বাতবৃদ্ধি-সমাকৃতিঃ।

অন্ত্রবৃদ্ধির সম্প্রাপ্তি নিম্ন প্রকারে লিখিত আছে, যথা, বায়ু বৃদ্ধিকর আহারদ্বারা, শীতল জলে অত্যবগাহন দ্বারা, মূত্রমলাদির উপস্থিত বেগ

ধারণ অথবা অনুপস্থিত বেগ প্রেরণদ্বারা, অতিশয় ভারবহন পথগমন বা বিষমক্রমে অঙ্গপ্রবর্ত্তনদ্বারা, অথবা অন্য কোন বায়ু-বৃদ্ধিকর কারণ দ্বারা যখন কুপিত বায়ু ক্ষুদ্র অন্ত্রকে সঙ্কুচিত করিয়া স্বস্থান হইতে অধোদিগে লইয়া যায়, তখন কুচ্‌কিতে গ্রন্থির ন্যায় শোথ জন্মে, এই বঙ্‌ক্ষণস্থিত শোথ উপেক্ষিত হইলে কালক্রমে স্তম্ভবৎ আধ্মান ও বেদনাযুক্ত মুষ্কবৃদ্ধি উৎপন্ন হয়, ইহাকে অন্ত্রবৃদ্ধি কহে (১)। অন্ত্রবৃদ্ধি প্রপীড়িত হইলে শব্দ করিয়া উপরে উঠিয়াযায় এবং পীড়ন মুক্ত হইলে পুনরায় নাবিয়া আইসে। এই অন্ত্রবৃদ্ধিরোগ অসাধ্য এবং বাতজবৃদ্ধির সমাকৃতি জানিবে (২)।

অথ গলগণ্ড গণ্ডমালাপচীগ্রন্থ্যর্ব্বুদ নিদানং।

নিবদ্ধঃ শ্বয়থু র্যস্য মুষ্কবল্লম্বতে গলে। মহান্ বা যদি বা হ্রস্বো গলগণ্ডং তমাদিশেৎ। বাতঃ কফশ্চাপি গলে প্রদুষ্টো মন্যে তু সংশ্রিত্য তথৈব মেদঃ। কুর্ব্বন্তি গণ্ডং ক্রমশঃ স্বলিঙ্গৈঃ সমন্বিতং তংগলগণ্ডমাহুঃ। তোদান্বিতঃ কৃষ্ণশিরাবনদ্ধঃ শ্যাবোঽরুণো বা পবনাত্মকস্তু। পারুষ্য যুক্তশ্চিরবৃদ্ধপাকো যদৃচ্ছয়া পাকমিয়াৎ কদাচিৎ। বৈরস্য মাস্যস্য চ তস্য জন্তো র্ভবেত্তথা তালুগল

---

(১) বাতিক এবং শ্লৈষ্মিক বৃদ্ধিতে নানাপ্রকার স্ক্রোটেল টিউমর বর্ণিত হইয়াছে পৈত্তিক বৃদ্ধি ইংরাজি য়্যাবশেস এবং এরিসিপেলাসের লক্ষণের সহিত ঐক্য হয়। রক্তজ বৃদ্ধিকে হিমেটোসিল বলে। মূত্রজ বৃদ্ধি ইংরাজি হাইড্রোশিল বর্ণিত হইয়াছে, মেদজ বৃদ্ধি ইংরাজি এলিফেণ্টিয়াসিস অফ স্ক্রোটমের সহিত ঐক্য হয়। অন্ত্র বৃদ্ধিকে ইংরাজিতে হার্নিয়া কহে।

(২) তন্ত্রান্তরে ব্রধ্ন অর্থাৎ বাগী রোগের নিদান কথিত আছে, যথা, অত্যন্ত চোয়াইত গুরু এবং অপাক জনক আহারের দ্বারা দোষ সঞ্চিত হইয়া বঙ্‌ক্ষণ সন্ধিতে গ্রন্থির ন্যায় শোথ, এবং অত্যন্ত জ্বর শূল ও অঙ্গাবসাদ হয়, এই রোগকে ব্রধ্ন কহে।

প্রশোষঃ। স্থির সবর্ণো গুরুরুগ্রকণ্ডূঃ শীতোমহাংশ্চাপি কফাত্মকস্তু। চিরাভিবৃদ্ধিং ভজতে চিরাদ্বা প্রপচ্যতে মন্দরুজঃ কদাচিৎ। মাধুর্য্যমাস্যস্য চ তস্য জন্তো র্ভবেত্তথা তালুগল প্রলেপঃ। স্নিগ্ধোগুরু পাণ্ডুরনিষ্টগন্ধো মেদো ভবঃ কণ্ডুযুতো হল্পরুক্‌চ। প্রলম্বতেঽলাবুবদল্পমূলো দেহানুরূপ-ক্ষয়বৃদ্ধি যুক্তঃ। স্নিগ্ধাস্যতা তস্য ভবেচ্চ জন্তো র্গলেন শব্দং কুরুতে চ নিত্যং। কৃচ্ছ্রাচ্ছ্বসন্তং মৃদু সর্ব্বগাত্রং সংবৎসরাতীত মরোচকার্ত্তং। ক্ষীণঞ্চ বৈদ্যোগলগণ্ডযুক্তং ভিন্নস্বরঞ্চাপি বিবর্জ্জয়েচ্চ।

গলদেশে অণ্ডবৎ শোথ লম্ববান হইয়া নিবদ্ধ হইলে তাহাকে গলগণ্ডকহে, (১)। ইহা ক্ষুদ্র অথবা বৃহদাকার হইতে পারে। বায়ু কফ অথবা মেদ গলদেশে দুষ্ট হইয়া মন্যাদ্বয়কে আশ্রয়করতঃ ক্রমশঃ উপরোক্ত লিঙ্গযুক্ত গলগণ্ডরোগ উৎপাদন করে। বাতজনিত গলগণ্ড শ্যাব অথবা অরুণ বর্ণ পরুষ এবং বিদ্ধনবৎ বেদনাযুক্ত হয়, ইহার উপর কৃষ্ণবর্ণ শিরাসকল আবদ্ধ থাকে এবং ইহা বিলম্বে বৃদ্ধিপায় ও পাকে, কখন বা বিনাকারণেও অকস্মাৎ পাকিয়া থাকে, রোগীর মুখ বৈরস্য এবং তালু ও গলা শুষ্ক হয়। কফকৃত গলগণ্ড স্থির গুরু শীতল এবং শরীরের সমবর্ণ। ইহা বিলম্বে বর্দ্ধিত ও বৃহদাকার এবং অল্প-বেদনা ও কণ্ডুযুক্ত হয়। বহুকালে কখন কখন পাকিয়া থাকে, রোগীর আস্য মধুররসযুক্ত তালু ও গলা কফের দ্বারা লেপিত বোধ হয়। মেদজ গলগণ্ড স্নিগ্ধ গুরু পাণ্ডু বর্ণ এবং দুর্গন্ধযুক্ত হইয়া থাকে, ইহাতে কণ্ডু ও অল্প বেদনা হয়, ইহার মূল স্বল্প অর্থাৎ সরু এবং ইহা গলদেশ হইতে অলাবুর ন্যায় লম্ববান্ হইয়াপড়ে। এই শোথ দেহ ক্ষীণ হইলে শুষ্ক হয় এবং শরীর পুষ্ট হইলে বৃদ্ধি পায়। রোগীর মুখে তৈলাক্ত বোধ ও গলাতে নিরন্তর শব্দ হয়। যে গলগণ্ড মৃদুগাত্র অর্থাৎ নরম অথবা সংবৎসরাতীত হয়, তাহা অসাধ্য। যে গলগণ্ডরোগীর কষ্টে নিঃশ্বাস ত্যাগ এবং অরুচি স্বরভঙ্গ ও দুর্ব্বলতা হয় তাহাকে বৈদ্য ত্যাগ করিবেন।

---

(১) গলগণ্ডকে ইংরাজিতে ব্রঙ্কোসিল (Bronchocele.) কহে।

কর্কন্ধুকোলামলকৈঃ প্রমাণৈঃ কক্ষাংস মন্যা গলবংক্ষণেষু। মেদঃকফাভ্যাং চিরমন্দপাকৈঃ স্যাদ্গণ্ডমালা বহুভিশ্চ গণ্ডৈঃ। তে গ্রন্থয়ঃ কেচিদবাপ্তপাকাঃ স্রবন্তি নশ্যন্তি ভবন্তি চান্যে। কালানুবন্ধং চিরমাদধাতি সৈবাপচীতি প্রবদন্তি তজ্জ্ঞাঃ। সাধ্যাঃ স্মৃতাঃ পীনসপার্শ্বশূল কাসজ্বরচ্ছর্দ্দিযুতা স্বসাধ্যাঃ।

বহুসংখ্যক গণ্ড অর্থাৎ গ্রন্থি, মালার ন্যায় গাঁথা হইয়া উত্থিত হইলে, তাহাকে গণ্ডমালা কহে। এই রোগ কক্ষ, বাহুমূল, গলা, মন্যাস্থান এবং কুঁচকীতে দুষ্টমেদ ও কফের দ্বারা উৎপন্ন হইয়া ক্ষুদ্র বা বৃহৎকুল কিম্বা আমলকীর প্রমাণ আকৃতি প্রাপ্ত হয় এবং দীর্ঘকালে অল্প পরিমিত পাকে (১)।

বাতাদয়ো মাংস মসৃক্ প্রদুষ্টাঃ সংদূষ্য মেদশ্চ তথা শিরাশ্চ। বৃত্তোন্নতং বিগ্রথিতন্তু শোথং কুর্বন্ত্যতো গ্রন্থিরিতি প্রদিষ্টঃ। আয়ম্যতে বৃশ্চ্যতি তুদ্যতে চ প্রত্যস্যতে মথ্যতিভিদ্যতে চ। কৃষ্ণো মৃদুর্বস্তি রিবাততশ্চ ভিন্নঃ স্রবেচ্চানিলজাস্র মচ্ছং। দংদহ্যতে ধূপ্যতি বৃশ্চতে চ পাপচ্যতে প্রজ্বলতীব চাপি। রক্তঃ স পীতোপ্যথবাপি পিত্তাৎ ভিন্নংস্রবে দুষ্ণং মতীবচাস্রং। শীতো বিবর্ণোঽল্পরুজোতি কণ্ডূঃ পাষাণবৎ সংহননোপপন্নঃ। চিরাভিবৃদ্ধিশ্চ কফপ্রকোপাদ্ভিন্নস্রবেচ্ছুক্ল ঘনঞ্চ পূয়ং। শরীরবৃদ্ধি ক্ষয়বৃদ্ধি হানিঃ স্নিগ্ধো মহান্ কণ্ডুযুতো রুজশ্চ। মেদঃকৃতো গচ্ছতি চাত্র ভিন্নে পিন্যাক সর্পিঃ প্রতিমন্তু মেদঃ। ব্যায়ামজাতৈ রবলস্য তৈস্তৈরাক্ষিপ্য বায়ুস্তু শিরা প্রতানং। সংকুচ্য সংপীড্য বিশোষ্যচাপি গ্রন্থিং করোত্যুন্নতমাশুবৃত্তং। গ্রন্থিঃ শিরাজঃ সতু কৃচ্ছ্রসাধ্যো ভবেদ্যদিস্যাৎ সরুজশ্চলশ্চ। সচারুজশ্চাপ্যচলো মহাংশ্চ মর্ম্মোত্থিতশ্চাপি বিবর্জ্জনীয়ঃ।

গণ্ডমালার কোন কোন গ্রন্থি পাকিয়া স্রাবিত হয়, কতকগুলি অদৃশ্য হয়, অর্থাৎ মিলিয়া যায়, কতক বা নূতন উৎপন্ন হইয়া থাকে, তন্মধ্যে যে গ্রন্থি চিরানুবন্ধ অর্থাৎ অবস্থান্তর না হইয়া দীর্ঘকাল বিদ্যমান থাকে ও পাকে না, তাহাকে অপচী কহে। এই রোগ সাধ্য কিন্তু পীনস কাশ পার্শ্বশূল ছর্দ্দি এবং জ্বরযুক্ত হইলে অসাধ্য জানিবে।

---

(১) গণ্ডমালাকে ইংরাজিতে এনলার্জমেণ্ট, অফ লিম্ফেটিক গ্লেণ্ডস (Enlargement of lymphatic glands.) কহে।

দুষ্ট বাতাদি দোষত্রয় এবং মেদ ও শিরা, মাংস এবং রক্তকে দূষিত করিয়া কঠিন উন্নত, ও বর্ত্তুলাকৃতি গাঁটের ন্যায় শোথ উৎপন্ন করিলে, তাহাকে গ্রন্থি কহা যায়। বাতজনিত গ্রন্থি বিস্তারণ, সূচীবিদ্ধ, ক্ষেপণ, মন্থন, ভেদন ও ছেদনবৎ বেদনাযুক্ত হয়, কৃষ্ণবর্ণ মৃদু ও বস্তি সদৃশ বিস্তৃত হয় এবং ভিন্ন হইলে নির্ম্মল আস্রাব ত্যাগ করে। পৈত্তিক গ্রন্থি অত্যন্ত জ্বালা, উত্তাপ এবং ছেদনবৎ পীড়াযুক্ত ও রক্ত অথবা পীতবর্ণ হয়, অত্যন্ত পাকে এবং ভিন্ন হইলে অতিশয় উষ্ণরক্ত ত্যাগ করে। কফজ গ্রন্থি শীতল প্রকৃতিসমবর্ণ পাষাণবৎ কঠিন অল্প বেদনা ও অতিরিক্ত কণ্ডু যুক্ত হয়। দীর্ঘকালে বৃদ্ধি পায় এবং ভিন্ন হইলে ঘন শুক্লবর্ণ পুয় স্রাবকরে। মেদজ গ্রন্থি বৃহদাকার স্নিগ্ধ এবং কণ্ডু ও বেদনাযুক্ত হয় এবং শরীরের হ্রাস ও বৃদ্ধির সহিত ক্ষয় ও বৃদ্ধি পায়। অতিশয় ব্যায়ামাদি কারণে দুর্ব্বল মনুষ্যদিগের কুপিত বায়ু শিরাসমূহকে সঙ্কোচন, শোষণ এবং সংহত করিয়া শীঘ্র উন্নত গোলাকার গ্রন্থি উৎপন্ন করে, ইহাকেই শিরাজগ্রন্থি কহে। যদ্যপি এই গ্রন্থি বেদনাযুক্ত ও সচল হয় তবে কৃচ্ছ্রসাধ্য জানিবে, মর্ম্মস্থান উত্থিত বৃহদাকার শিরাজগ্রন্থি বেদনা শূন্য এবং অচল হইলেও অসাধ্য হয় (১)।

গাত্রপ্রদেশে ক্বচিদেব দোষাঃ সংমূর্চ্ছিতা মাংস মসৃক্ প্রদূষ্য। বৃত্তং স্থিরং মন্দরুজং মহান্ত মনল্প মূলং চিরবৃদ্ধ্যপাকং। কুর্ব্বন্তি মাংসোচ্ছ্রয়মত্যগাধং তদর্ব্বুদং শাস্ত্রবিদো বদন্তি। বাতেন পিত্তেন কফেন চাপি রক্তেন মাংসেন চ মেদসা বা। তজ্জায়তে তস্য চ লক্ষণানি গ্রন্থেঃ সমানানি তদা ভবন্তি। দোষঃ প্রদুষ্টো রুধিরং শিরাশ্চ সংকুচ্য সংপীড্য ততস্ত্বপাকং। সাস্রবমুন্নহতি মাংসপিণ্ডং মাংসাঙ্কুরৈ রাচিত মাশুবৃদ্ধিং। করোত্যজস্রং রুধির প্রবৃত্তি মসাধ্য মেতদ্রুধিরাত্মকন্তু। রক্তক্ষয়োপদ্রব পীড়িতত্বাৎ পাণ্ডুর্ভবেদর্ব্বুদ পীড়িতস্তু। মুষ্টিপ্রহারাদিভিরর্দ্দিতেঽঙ্গে মাংসং প্রদুষ্টং জনয়েদ্ধি

---

(১) ভোজ কহিয়াছেন-কপোল গলা মন্যা এবং সন্ধিস্থান উত্থিত গ্রন্থি দুশ্চিকিৎসনীয়। গ্রন্থি রোগ ইংরাজি নানাপ্রকার শিষ্টিক টিউমরের সহিত ঐক্য হয়।

শোথং। অবেদনং স্নিগ্ধমনন্যবর্ণমপাকমশ্মোপমমপ্রচাল্যং। প্রদুষ্টমাংসস্য নরস্য গাঢ়মেতদ্ভবেন্মাংসপরায়ণস্য। মাংসার্ব্বুদস্তে তদসাধ্যমুক্তং সাধ্যেষ্বপীমানি তু বর্জ্জয়েচ্চ। সংপ্রস্রুতং মর্ম্মণি যচ্চ যাতং স্রোতঃসু বা যচ্চ ভবেদচাল্যং। যজ্জায়তেঽন্যৎ খলু পূর্ব্বজাতে জ্ঞেয়ং তদধ্যর্ব্বুদমর্ব্বুদজ্ঞৈঃ। যদ্দ্বন্দ্বজাতং যুগপৎ ক্রমাদ্বা দ্বিরর্ব্বুদং তচ্চ ভবেদসাধ্যং। ন পাকমায়ান্তি কফাধিকত্বাৎ মেদো বহুত্বাচ্চ বিশেষতস্তু। দোষস্থিরত্বাৎ গ্রথণাচ্চ তেষাং সর্ব্বার্ব্বুদান্যেব নিসর্গতস্তু।

প্রকোপপ্রাপ্ত দোষ, গাত্রের কোনস্থানের মাংস এবং রক্তকে দূষিত করিয়া, স্থির, গোলাকার, বিস্তীর্ণমূল ও আয়তন বিশিষ্ট, অগাধ মাংস উৎসেধ উৎপন্ন করিলে, তাহাকে শাস্ত্রবিৎপণ্ডিতেরা অর্ব্বুদ কহেন। অর্ব্বুদ স্বল্প বেদনাযুক্ত হয়, বিলম্বে বৃদ্ধি পায় এবং পাকে না। বাতজ পিত্তজ শ্লেষ্মজ মেদজ রক্তজ এবং মাংসজ ভেদে ষষ্ঠ প্রকার অর্ব্বুদ রোগ কথিত আছে, তন্মধ্যে প্রথমোক্ত চারি প্রকার অর্ব্বুদ ঐ সকল দোষজাত গ্রন্থি রোগের লক্ষণ যুক্ত হয়, অপর রক্তজ ও মাংসজাত অর্ব্বুদের লক্ষণ নিম্নপ্রকার বর্ণিত আছে, যথা, প্রদুষ্ট দোষ রক্ত এবং শিরা সমূহকে সঙ্কোচন ও সংহত করিয়া, যে মাংসপিণ্ড প্রবর্দ্ধন করে তাহাকে, রক্তার্ব্বুদ কহা যায়। এই অর্ব্বুদ ঈষৎ পাকিয়া ক্লেদরূপ স্রাব নির্গত করে, অতিশীঘ্র বৃদ্ধি পায় এবং মাংসাঙ্কুরদ্বারা আবৃত হয়। পরিণামে ইহা হইতে অজস্র রক্তস্রাব হয় ও রক্তক্ষয় হেতু রোগী পাণ্ডুবর্ণ প্রাপ্ত হয়, এই রোগ অসাধ্য। মুষ্টিপ্রহারাদিদ্বারা অঙ্গ অর্দ্দিত হইলে দূষিত মাংসে যে শোথ জন্মে তাহাকে মাংসার্ব্বুদ কহে, এই অর্ব্বুদ দেহের সমবর্ণ স্নিগ্ধ বেদনাশূন্য অপ্রচাল্য এবং পাষাণবৎ কঠিন হয়, ইহা পাকে না। মাংসাশী ব্যক্তিদিগের প্রদুষ্ট মাংসেতে এই প্রকার অর্ব্বুদ অত্যন্ত গাঢ় হয়। মাংসার্ব্বুদরোগ অসাধ্য বলিয়া উক্ত হইয়াছে এবং সাধ্য হইলেও চিকিৎসাবর্জ্জিত হয়। যে অর্ব্বুদ মর্ম্মস্থানে উত্থিত হইয়া স্রাব নির্গত করে অথবা স্রোতাদির মধ্যে জন্মাইয়া অচল হয়, তাহা অসাধ্য। একটি অর্ব্বুদ পূর্ব্বে জন্মাইয়া পুনরায় আর একটি তাহার উপর জন্মাইলে তাহাকে অধ্যর্ব্বুদ কহে। একত্র বা ক্রমে দুইটি অর্ব্বুদ সংলগ্ন জন্মাইলে উহাকে দ্বিরর্ব্বুদ কহা যায়, শেষোক্ত দুই

প্রকার অর্ব্বুদ অসাধ্য। গ্রন্থির ন্যায় অর্ব্বুদ পাকেনা, কারণ কফ ও মেদের আধিক্য এবং দোষের স্থিরভাব হেতু ইহা অতি কঠিন হয় এবং স্বভাবতঃ অপচায়মাণ বলিয়া উক্ত আছে। (১)

অথ শ্লীপদ নিদানং।

যঃ সজ্বরো বংক্ষণজো ভৃশার্ত্তিঃ শোথো নৃণাং পাদগতঃ ক্রমেণ। তৎশ্লীপদং স্যাৎ করকর্ণনেত্র শিশ্নৌষ্ঠ নাসাস্বপি কেচিদাহুঃ। বাতজং কৃষ্ণরুক্ষঞ্চ স্ফুটিতং তীব্র বেদনং। অনিমিত্ত রুজংতস্য বহুশো জ্বর এবচ। পিত্তজং পীতসঙ্কাশং দাহজ্বরযুতং মৃদুঃ। শ্লৈষ্মিকং স্নিগ্ধবর্ণঞ্চ শ্বেতং পাণ্ডু গুরুস্থিরং। বল্মীক মিব সংজাতং কণ্টকৈ রুপচীয়তে। অব্দাত্মকং মহত্তচ্চ বর্জ্জনীয়ং বিশেষতঃ। ত্রীণ্য প্যেতানি জানিয়াৎ শ্লীপদানি কফোচ্ছ্রয়াৎ। গুরুত্বঞ্চ মহত্তঞ্চ যস্মান্নাস্তি কফং বিনা। পুরাণোদক ভূয়িষ্ঠাঃ সর্ব্বর্ত্তুষু চ শীতলাঃ। যে দেশা স্তেষু জায়ন্তে শ্লীপদানি বিশেষতঃ। সাস্রাব মত্যুন্নত সর্ব্বলিঙ্গং সকণ্ডুরং শ্লেষ্মযুতং বিবর্জ্জ্যং।

যে অত্যন্ত বেদনা বিশিষ্ট শোথ, আদৌজ্বরের সহিত বঙ্ক্ষণ সন্ধিতে উত্থিত হইয়া ক্রমে পদে অবনত হয় তাহাকে শ্লীপদ কহে, কখন কখন এই রোগ কর, কর্ণ, নেত্র, ওষ্ঠ, নাসিকা এবং শিশ্নেও উৎপন্ন হয়। দোষভেদে শ্লীপদ ত্রিবিধ বর্ণিত আছে। বাতজ শ্লীপদ কৃষ্ণবর্ণ রুক্ষ বিদারিত এবং তীব্র বেদনাযুক্ত হয়, ইহাতে অতিশয় জ্বর ও অকারণে বেদনা উপস্থিত হইয়া থাকে। পিত্তজ শ্লীপদ, নরম ও পীতাভ হয় এবং ইহাতে অত্যন্ত দাহ ও ও জ্বর জন্মে। শ্লৈষ্মিকশ্লীপদ, স্নিগ্ধ শ্বেত বা পাণ্ডুবর্ণ গুরু এবং স্থির হয়। যে শ্লীপদ বল্মীক শিখর সদৃশ গ্রন্থিসমূহদ্বারা আবৃত থাকে, তাহা অসাধ্য। এক বৎসরাতীত এবং বৃহদাকার হইলেও ইহাকে অসাধ্য জানিবে। যে শ্লীপদ অতি উন্নত শ্লেষ্মাত্মক কণ্ডু এবং স্রাবযুক্ত ও সর্ব্বলিঙ্গবিশিষ্ট, তাহাকে

---

(১) অর্ব্বুদকে ইংরাজিতে টিউমর কহে, (Tumor,)

বৈদ্য ত্যাগ করিবে। উপরোক্ত তিনপ্রকার শ্লীপদেই কফের প্রাধান্য স্বীকার করিতে হইবে, কারণ কফ বিনা উহার গুরুত্ব এবং বৃহদাকার সম্ভবে না। জলপ্লাবিত আর্দ্র এবং শীত-প্রধান দেশে এই রোগ অধিক পরিমাণে দৃষ্ট হয় (১)।

অথ বিদ্রধি নিদানং।

ত্বগ্রক্তমাংসমেদাংসি সংদূষ্যাস্থি সমাশ্রিতাঃ। দোষাঃ শোথাং শনৈ র্ঘোরং জনয়ন্ত্যুচ্ছ্রিতা ভৃশং। মহামূলং রুজা বন্তং বৃত্তং বাপ্যথবায়তং। স বিদ্রধিরিতি খ্যাতো বিজ্ঞেয়াঃ ষড়্‌বিধশ্চ সঃ। পৃথগ্‌দোষৈঃ সমস্তৈশ্চ ক্ষতেনাপ্যসৃজা তথা। ষন্নামপি হি তেষাস্তু লক্ষণং সংপ্রচক্ষ্যতে। কৃষ্ণোঽরুণো বা বিষমো ভৃশমত্যর্থ বেদনঃ। চিত্রোত্থান প্রপাকশ্চ বিদ্রধি র্বাত সম্ভবঃ। পক্কোডুম্বর সঙ্কাশঃ শ্যাবোবা জ্বর দাহবান্। ক্ষিপ্রোত্থান প্রপাকশ্চ বিদ্রধিঃপিত্তসম্ভবঃ। শরাবসদৃশঃ পাণ্ডু শীতঃ স্নিগ্ধোঽল্প বেদনঃ। চিরোত্থান প্রপাকশ্চ সকণ্ডূশ্চ কফোত্থিতঃ। তনু পীতাসিতাশ্চৈষা মাস্রাবাঃ ক্রমশঃ স্মৃতাঃ। নানাবর্ণো রুজাস্রাবো ঘাটালো বিষমো মহান্। বিষমং পচ্যতে চাপি বিদ্রধিঃ সান্নিপাতিকঃ।

অস্থি সমাশ্রিত দোষ, ত্বক মাংস, মেদ ও রক্তকে দূষিত করিয়া ক্রমে ভয়ানক উন্নত শোথ উৎপন্ন করিলে তাহাকে বিদ্রধি কহে (২)। এই শোথ মহামূল বিশিষ্ট বেদনাযুক্ত গোলাকার অথবা দীর্ঘাকৃতি হয়। চরক কহেন, ইহাতে অত্যন্ত দাহ হয় এই জন্য ইহার বিদ্রধি নাম হইয়াছে। ষষ্ঠপ্রকার বিদ্রধি কথিত আছে, যথা বাতিক পৈত্তিক শ্লৈষ্মিক সন্নিপাতজ, ক্ষতজ এবং রক্তজনিত। বাতসম্ভব বিদ্রধি, কৃষ্ণ অথবা অরুণবর্ণ কখন অল্প কখন বা অতিশয় বেদনাযুক্ত এবং নানা প্রকারে উত্থিত ও পাচিত হয়। পিত্তজাত

---

(১) শ্লীপদকে ইংরাজিতে এলিফ্যাণ্টিয়্যাসিস (Elephantiasis.) এবং ভাষায় গোদ কহে।

(২) বিদ্রধিতে ইংরাজি ডিপ্ শিটেড য়্যাবসেসের লক্ষণ দৃষ্ট হয়, (Deep-seated abscess.)।

বিদ্রধি, পক্ক ডুম্বুরের ন্যায় অথবা শ্যাববর্ণ হয় এবং শীঘ্র বৃদ্ধি পায় ও পাকে, ইহাতে অতিশয় জ্বর ও দাহ হয়। শ্লৈষ্মিক বিদ্রধি আকৃতিতে শরার ন্যায়, পাণ্ডু অথবা শুক্লবর্ণ, স্নিগ্ধ, কণ্ডু যুক্ত এবং অল্প বেদনান্বিত হয়, এই বিদ্রধি বিলম্বে বৃদ্ধি পায় ও পাকে। বাতবিদ্রধিতে তনুস্রাব নির্গত হয়, পৈত্তিকে পীতবর্ণ এবং শ্লৈষ্মিকে শুক্লস্রাব নিঃসৃত হয়। সান্নিপাতিক বিদ্রধি নানাবিধ বর্ণ, বেদনা ও স্রাবযুক্ত হয়, বৃহদাকার ও ঘাটাল অর্থাৎ অগ্রভাগে অতি উচ্ছ্রিত হইয়া থাকে এবং বিষমরূপে পাকে অর্থাৎ গম্ভীরতা ও উত্তানতাভেদে বিলম্বে বা শীঘ্র পাকে। এই রোগ অসাধ্য।

তৈ তৈ র্ভাবৈ রভিহতে ক্ষতে বা পথ্যকারিণঃ। ক্ষতোষ্মাবায়ুবিসৃতঃ সরক্তং পিত্তমীরয়েৎ। জ্বর স্তৃষ্ণা চ দাহশ্চ জায়তে তস্য দেহিনঃ। আগন্তু বিদ্রধি র্হ্যেষ পিত্তবিদ্রধিলক্ষণঃ। কৃষ্ণস্ফোটাবৃতঃ শ্যাব স্তীব্র দাহরুজা করঃ। পিত্তবিদ্রধিলিঙ্গস্তু রক্ত বিদ্রধি রুচ্যতে।

আগন্তু অর্থাৎ ক্ষতজ বিদ্রধি লগুড়াদিদ্বারা মথিত বা ক্ষতব্যক্তিদিগের অপথ্যসেবন হেতু উৎপন্ন হয়, ইহাতে বায়ু কর্তৃক প্রকুপিত ক্ষতোষ্মা, পিত্ত এবং রক্তকে দুষ্য করে, অর্থাৎ আঘাতোত্থিত তেজঃ পিত্ত ও রক্তকে দূষিত করিয়া বিদ্রধি উৎপন্ন করে। এই রোগে জ্বর, তৃষ্ণা ও দাহ এবং পিত্তবিদ্রধির লক্ষণসমূহ দৃষ্ট হয়। রক্তজবিদ্রধিতে অত্যন্ত দাহ ও বেদনা এবং শোথ কৃষ্ণবর্ণ ও স্ফোটকাবৃত হয়। ইহার অন্যান্য লক্ষণ পিত্তবিদ্রধির ন্যায় জানিবে।

পৃথক্‌সম্ভূয় বা দোষাঃ কুপিতা গুল্মরূপিণং। বল্মীকবৎ সমুন্নদ্ধ মন্তঃ কুর্ব্বন্তি বিদ্রধিং। গুদে বস্তি মুখেনাভ্যাং কুক্ষৌ বঙ্ক্ষণয়ো স্তথা। বৃক্কয়োঃ প্লীহ্নিযকৃতি হৃদি বা ক্লোম্নিবাপ্যথ। তেষা মুক্তানি লিঙ্গানি বাহ্যবিদ্রধি-লক্ষণৈঃ। অধিষ্ঠান বিশেষেণ লিঙ্গং শৃণু বিশেষতঃ। গুদে বাত নিরোধশ্চ বস্তৌ কৃচ্ছ্রাল্পমূত্রতা। নাভ্যাং হিক্কা তথাটোপঃ কুক্ষৌ মারুতকোপনং। কটীপৃষ্ঠগ্রহ স্তীব্রো বঙ্ক্ষণোত্থেতু বিদ্রধৌ। বৃক্কয়োঃ পার্শ্বসংকোচ প্লীহ্ন্যু-চ্ছ্বাসাবরোধনং। সর্ব্বাঙ্গ প্রগ্রহস্তীব্রো হৃদিকাশ্চস জায়তে। শ্বাসো যকৃতি হিক্কা চ ক্লোম্নি পেপীয়তে পয়ঃ।

ষড়্‌বিধ বিদ্রধি বর্ণনা করিয়া এক্ষণে অভ্যন্তর বিদ্রধির বিশেষ বিশেষ স্থান ও লক্ষণ কথিত হইতেছে, যথা বাত, পিত্ত, কফ, পৃথক অথবা মিলিতভাবে কুপিত হইয়া, গুল্মরূপবিশিষ্ট এবং বল্মীকবৎ সমুন্নত অভ্যন্তরবিদ্রধি উৎপন্ন করে। অভ্যন্তরবিদ্রধি মলদ্বারে, বস্তিমুখে, নাভিতে, উভয় কুক্ষি ও বঙ্ক্ষণদেশে, বৃক্কদ্বয়ে, হৃদয়ে, প্লীহাতে, যকৃতে এবং ক্লোম অর্থাৎ বৃক্কস্থানের উর্দ্ধে পিপাসাস্থানে উৎপন্ন হইয়া থাকে। ইহাদের সামান্য লক্ষণ বাহ্যবিদ্রধির ন্যায় কথিত আছে। স্থানবিশেষে যে সকল বিশেষ বিশেষ লক্ষণ দৃষ্ট হয় তাহা নিম্নে লিখিত হইতেছে। মলদ্বারে বিদ্রধি হইলে বাতকর্ম্মের নিরোধ হয়। বস্তিমুখে জন্মিলে কষ্টে অল্প পরিমিত মূত্র ত্যাগ হয়। নাভিতে জন্মিলে হিক্কা এবং উদর সংরম্ভ হয়। কুক্ষিতে বিদ্রধি হইলে মার্গাবরোধ হেতুক বায়ুর প্রকোপ হয়। বঙ্ক্ষণ সন্ধিতে জন্মাইলে কটী এবং পৃষ্ঠদেশে তীব্র বেদনা হয়। বৃক্কজাত হইলে পার্শ্বসংকোচন হয়। প্লীহোত্থিত হইলে শ্বাসাবরোধ হয়। যকৃতে জন্মাইলে শ্বাস এবং হিক্কা হয়। হৃদয়স্থিত হইলে সর্ব্বাঙ্গে তীব্র বেদনা ও কাস জন্মে এবং ক্লোম স্থানে বিদ্রধি উৎপন্ন হইলে অতিশয় পিপাসা হয়।

> নাভেরুপরিজাঃ পক্বা যান্ত্যূর্দ্ধমিতরেত্বধঃ। অধঃস্রুতেষু জীবেচ্চ স্রুতেষূর্দ্ধং ন জীবতি। হৃন্নাভিবস্তিবর্জ্জ্যাযে তেষু ভিন্নেষু বাহ্যতঃ। জীবেৎ কদাচিৎ পুরুষো নেতরেষু কদাচন। সাধ্যা বিদ্রধয়ঃ পঞ্চ বিবর্জ্জ্যঃ সান্নিপাতিকঃ। আমপক্ক বিদগ্ধত্বং তেষাং শোথবদাদিশেৎ। আধ্মাতং বদ্ধনিষ্যন্দং ছর্দ্দিহিক্কাতৃষান্বিতং। রুজাশ্বাস সমাযুক্তং বিদ্রধির্নাশয়েন্নরং।

উপরোক্ত বিদ্রধিসমূহের মধ্যে যেগুলি নাভির উপরস্থিত স্থানে উৎপন্ন হয় তাহারা পক্ক হইলে উর্দ্ধদিকে অর্থাৎ মুখনাসিকাদি দ্বারা পূয স্রাব করে। যাহারা নাভির অধোদেশে জন্মে অর্থাৎ বস্তিমুখ মলদ্বার ইত্যাদিস্থানে উৎপন্ন হয় তাহারা পাকিয়া অধোনিঃসৃত হয়। প্রথমোক্ত অর্থাৎ নাভির উর্দ্ধস্থিত বিদ্রধিসকল অসাধ্য এবং শেষোক্তগুলিন সাধ্য বলিয়া নির্দ্দিষ্ট আছে। হৃদয়, নাভি এবং বস্তিস্থান ত্যাগ করিয়া অপর স্থান যথা প্লীহ ক্লোমাদি উত্থিত বিদ্রধি বৈদ্য কর্ত্তৃক ভিন্ন হইলে কদাচিৎ সাধ্য হয়। বাতিক পৈত্তিক,

শ্লৈষ্মিক, রক্তজ এবং আগন্তুজ এই পঞ্চ প্রকার বিদ্রধি রোগ সাধ্য, কেবল সান্নিপাতিক অসাধ্য। শোথের ন্যায় বিদ্রধিরও আম, পক্ব এবং বিদগ্ধ লক্ষণ জানিবে। যে বিদ্রধিযুক্ত নরের আধ্মান, মূত্রবদ্ধতা বমি হিক্কা, তৃষ্ণা শ্বাস এবং অতিশয় বেদনা হয় তাহার রোগ অসাধ্য।

অথ ব্রণশোথ নিদানং।

একদেশোত্থিতঃ শোথো ব্রণানাং পূর্ব্বলক্ষণং। ষড়্বিধঃ স্যাৎ পৃথক্ সর্ব্বরক্তাগন্তুজ স্তথা। শোথাঃ ষড়েতে বিজ্ঞেয়াঃ প্রাগুক্তৈঃ শোথলক্ষণৈঃ। বিশেষঃ কথ্যতে চৈষাং পক্বাপক্বাদি নিশ্চয়ে। বিষমং পচ্যতে বাতাৎ পিত্তোত্থশ্চাচিরাচ্চিরং। কফজঃ পিত্তবচ্ছোথো রক্তাগন্তু সমুদ্ভবঃ।

এক স্থানে নিবদ্ধ শোথ ব্রণশোথের পূর্ব্ব লক্ষণ বলিয়া নির্দ্দিষ্ট আছে। ইহা বাতিক পৈত্তিক, শ্লৈষ্মিক, সান্নিপাতিক, রক্তজনিত এবং আগন্তুজভেদে ষড়্ বিধ হইয়া থাকে এবং উহাদের বিশেষ বিশেষ লক্ষণ ষষ্ঠ প্রকার শোথের অনুযায়িক জানিবে, এস্থলে কেবল উহাদের পক্বাপক্ব বিষয়ের নিয়ম ও লক্ষণমাত্র কথিত হইবে, যথা বাতজনিত ব্রণশোথ বিষমরূপে অর্থাৎ অনিশ্চিত সময়ে পক্ব হয়; পৈত্তিক শোথ অতি শীঘ্র এবং শ্লেষ্মজনিত শোথ বিলম্বে পক্ব হয়। রক্তজ এবং আগন্তুজ শোথ, পৈত্তিক শ্বযথুর ন্যায় ত্বরায় পাকিয়া থাকে।

মন্দোষ্মতাল্পশোথত্বং কাঠিন্যং ত্বক্ সবর্ণতা। মন্দবেদনতা চৈতৎ শোথানামামলক্ষণং। দহ্যতে দহনেনেব ক্ষারেণেব চ পচ্যতে। পিপীলিকাগণেনেব দশ্যতে ছিদ্যতে তথা। ভিদ্যতে চৈব শস্ত্রেণ দণ্ডেনেব চ তাড্যতে। পিড্যতে পাণিনে বাঙ্গ সূচীভিরিব তুদ্যতে। সোষাচোষো বিবর্ণঃ স্যাদঙ্গুল্যেবাবঘট্যতে। আসনে শয়নে স্থানেশান্তিংবৃশ্চিকবিদ্ধবৎ। নগচ্ছেদাততঃ শোথো ভবেদাধ্মাতবস্তিবৎ। জ্বরস্তৃষ্ণারুচিশ্চৈবং পচ্যমানস্য লক্ষণং। বেদনোপশমঃ শোথো লোহিতোল্পো নচোন্নতঃ। প্রাদুর্ভাবো বলীনাঞ্চ তোদঃ কণ্ডু র্মুহুর্মুহুঃ। উপদ্রবাণাং প্রশমো নিম্নতাস্ফুটনং ত্বচাং। বস্তাবিবাম্বুসঞ্চারঃ স্যাচ্ছোথেঽঙ্গুলিপীড়িতে। পূয়স্য পীড়য়ত্যেক মন্তমন্তে চ পীড়িতে। ভক্তাকাঙ্ক্ষা ভবেচ্চৈতচ্ছোথানাং পক্বলক্ষণং। নর্ত্তেনিলাদ্রুঙ্‌নবিনা চ পিত্তং পাকঃ কফঞ্চাপি বিনা ন পূয়ঃ। তস্মাদ্ধি সর্ব্বে পরিপাককালে পচন্তি শোথা স্ত্রিভিরেব দোষৈঃ।

অপক্ক অবস্থায় শোথ কঠিন, মন্দ, উষ্মা ও বেদনাযুক্ত এবং স্বল্পবিস্তার বিশিষ্ট হয় এবং ত্বক্ প্রকৃতবর্ণ থাকে। যখন ব্রণশোথ পাকিতে আরম্ভ করে তখন উহাতে অগ্নির ন্যায় দহনবৎ বা ক্ষারদ্বারা পচ্যমানবৎ পীড়া অনুভব হয়, পিপীলিকাদ্বারা দংশনবৎ অথবা ছেদনবৎ যাতনা হয়, শস্ত্রদ্বারা ছিন্ন দণ্ডের দ্বারা তাড়িত কখন বা হস্তের দ্বারা প্রপীড়িতের ন্যায় বোধ হয় এবং অন্তরে সূচীবিদ্ধবৎ বেদনা হয়। শোষ এবং দাহের সহিত চর্ম্ম [illegible] হয় এবং অঙ্গুলীদ্বারা পীড়িত হইলে নিম্ন হইয়া যায়, বৃশ্চিকদষ্ট ব্যক্তির ন্যায় রোগী শয়ন অথবা উপবেশন কোন অবস্থাতেই শান্তি লাভ [illegible] শোথ ক্রমশঃ বিস্তার হয় ও ফুলিয়া উঠে এবং রোগী জ্বর তৃষ্ণা ও [illegible] দ্বারা প্রপীড়িত হয়। ব্রণশোথ পক্ক হইলে বেদনার উপশম, শোথ রক্তিমাবর্ণ ও উহার উচ্চতার হ্রাস হয়, উহার উপরে বলীর উৎপত্তি হয় অর্থাৎ চর্ম্ম কুকড়াইয়া যায় এবং মুহুর্মুহু কণ্ডু ও সূচীবিদ্ধবৎ অল্প বেদনা বোধ হয়, চর্ম্ম ফাটিয়া যায়, শোথ নিম্ন এবং উপদ্রবের প্রশমন হয়, জলপূর্ণ চর্ম্মপুটকের মধ্যে যে-রূপ অম্বু সঞ্চালিত হয় সেই রূপ পক্কশোথের মধ্যে পূযের সঞ্চালন হইয়া থাকে এবং উহার এক দিকে অঙ্গুলিদ্বারা পীড়ন করিলে অন্যাদিকে পূযের সঞ্চালন অনুভব হয়। শোথ পক্ক হইলে আহারে পুনঃ পুনঃ ইচ্ছা হয় [illegible] বিনা বেদনা হয় না, পিত্ত ব্যতিরেকে পাক সম্ভবেনা এবং কফ বিনা [illegible] উৎপত্তি হয় না, অতএব পরিপাক কালে সর্ব্বপ্রকার শোথ ত্রিদো[illegible] জানিবে।

কক্ষং সমাশ্রিত্য যথৈব বহ্নি র্বায়ীরিতঃ সংদহতি প্রসহ্য। তথৈব পূয়ো[illegible] বিনিঃসৃতো হি মাংসং শিরাঃ স্নায়ু চ খাদতীহ। যশ্ছিনত্ত্যামমজ্ঞানাৎ যো বা পক্ক মুপেক্ষতে। শ্বপচাবিবমন্তব্যো তাবনিশ্চিতকারিণৌ আমং বিদহ্য-মানঞ্চ সম্যক্ পক্কঞ্চ যো ভিষক্। জানীয়াৎস ভবেদ্বৈদ্যঃ শেষা তস্করবৃত্তয়ঃ।

তৃণ কাষ্ঠাদিতে অগ্নি সংলগ্ন হইয়া বায়ু দ্বারা উত্তেজিত হইলে যেরূপ শীঘ্র দহন করে সেইরূপ অবিনিঃসৃত পূয দেহমধ্যে থাকিয়া মাংস শিরা ও স্নায়ু সমূহকে নষ্ট করে। যে অজ্ঞান মনুষ্য অপক্ক ব্রণশোথকে ছিড়িয়া ফেলে অথবা পক্ক হইলে উহাকে উপেক্ষা করে, তাহাকে চণ্ডালের ন্যায় জানি

করিবে। যে ভিষক্ অপক্ক পচ্যমান এবং পক্ক লক্ষণ বিনিশ্চয় করিতে সমর্থ হয় সেই বৈদ্য, যাহারা উহাদের প্রকৃত অবস্থা বুঝিতে না পারিয়া চিকিৎসা করে তাহারা তস্কর মাত্র (১)।

অথ শারীরব্রণ নিদানং।

দ্বিধা ব্রণঃ স্থবিজ্ঞেয়ঃ শারীরাগন্তু ভেদতঃ। দোষৈ রাদ্য স্তয়োরন্যঃ শস্ত্রাদি ক্ষতসম্ভবঃ। স্তব্ধঃ কঠিনসংস্পর্শো মন্দস্রাবো মহারুজঃ। তুদ্যতে স্ফুরতি শ্যাবো ব্রণো মারুত সম্ভবঃ। তৃষ্ণামোহজ্বর ক্লেদদাহ দুষ্ট্যাবদারুণৈঃ। ব্রণং পিত্তকৃতং বিদ্যাৎ গন্ধৈঃ স্রাবৈশ্চ পুতিকৈঃ। বহু পিচ্ছো গুরুস্নিগ্ধঃ স্তিমিতো মন্দবেদনঃ। পাণ্ডুবর্ণোহল্প সংক্লেদ শ্চিরপাকী কফব্রণঃ। রক্তো রক্ত স্রুতির্জ্ঞেয়া দ্বিত্রিজঃ স্যাত্তদন্বয়ৈঃ।

ব্রণ অর্থাৎ ক্ষত রোগ, শারীর এবং আগন্তুজভেদে দুই প্রকার কথিত আছে, যে ব্রণ বাতাদিদোষ হইতে উৎপন্ন হয়, তাহাকে শারীর ব্রণ কহে এবং যে ক্ষত শস্ত্রাদির আঘাত হইতে জন্মে, তাহাকে আগন্তুজ বা সদ্যব্রণ কহা যায়। এক্ষণে দোষভেদে শারীরব্রণের বিবরণ কথিত হইতেছে, যথা বাতজ ব্রণ স্থির কঠিন শ্যাববর্ণ এবং অল্প স্রাবযুক্ত হয়, ইহাতে অত্যন্ত বেদনা থাকে এবং স্ফুরণ অর্থাৎ কিঞ্চিৎ কম্পন বা সঞ্চালন বোধ হয়। পৈত্তিকব্রণ অরুণবর্ণ এবং পচা দুর্গন্ধ ও স্রাবযুক্ত হয়, রোগী তৃষ্ণা মোহ জ্বর মূর্চ্ছা এবং দাহতে পীড়িত হয়। শ্লৈষ্মিকব্রণ পাণ্ডুবর্ণ অল্প বেদনাযুক্ত স্থির ও চিরপাকী হয়, ইহার ক্লেদ অর্থাৎ রসানি অত্যন্ত পিচ্ছিল গুরু স্নিগ্ধ

---

(১) ব্রণশোথকে ইংরাজিতে য়্যাবসেস্ (Abscess) কহা যায় এবং ভাষাতে ফোঁড়া বলে। শরীরের অভ্যন্তর যন্ত্রসমূহে এবং বহির্দেশে বৃহদাকার ফোঁড়া হইলে বিদ্রধি নামে উক্ত হয়, পৈত্তিক এবং অভিঘাতজ শোথও পক্ক হয়, কিন্তু উহাদের উৎসেধ ব্রণশোথের ন্যায় এক স্থানে স্থিত নহে অর্থাৎ শরীরের নানা স্থানে বিসর্পন করে।

এবং অল্প পরিমাণে স্রাবিত হয়। রক্তসম্ভব ব্রণ লোহিতবর্ণ হয় এবং রক্ত স্রাব করে। রক্তের সহিত অপর দোষ সংযুক্ত হইয়া দ্বি অথবা ত্রিদোষজ ব্রণ উৎপন্ন হইয়া থাকে।

ত্বঙ্মাংসজঃ সুখেদেশে তরুণস্যানুপদ্রবঃ। ধীমতোঽভিনবঃ কালে সুখে সাধ্যঃ সুখং ব্রণঃ। গুণৈরন্যতমৈর্হীন স্ততঃ কৃচ্ছ্রো ব্রণঃ স্মৃতঃ। সর্ব্বৈ র্বিহীনো বিজ্ঞেয় স্ত্বসাধ্যো ভূর্য্যুপদ্রবঃ। পূতিঃ পূয়াতি দুষ্টাসৃক্স্রাব্যুৎসঙ্গী চিরস্থিতিঃ। দুষ্টো ব্রণোঽতি গান্ধাদিঃ শুদ্ধলিঙ্গ বিপর্য্যয়ঃ। জিহ্বাতলাভো মৃদুশ্লক্ষ্ণঃ স্নিগ্ধো বিগতবেদনঃ। সুব্যবস্থো নিরাস্রাবঃ শুদ্ধো ব্রণ ইতি স্মৃতঃ। কপোতবর্ণপ্রতিমা যস্যান্তাঃ ক্লেদবর্জ্জিতাঃ। স্থিরাশ্চ পীড়কাবন্তো রোহতীতি তমাদিশেৎ। রূঢ়বর্ত্মানমগ্রন্থি মশূনমরুজং ব্রণং। ত্বক্ সবর্ণং সমতলং সম্যগ্‌রূঢ়ং বিনির্দ্দিশেৎ।

যে ব্রণ ত্বক বা মাংসের উপর স্থিত হয়, মর্ম্মস্থান প্রবেশ করে না, তরুণ এবং উপদ্রব রহিত হয়, সুখসাধ্য কালে অর্থাৎ হেমন্তে বা শিশিরে জন্মে এবং অল্প বয়স্ক বা বুদ্ধিমন্ত ব্যক্তির হয়, তাহাকে সুখসাধ্য জানিবে। উপরোক্ত গুণের মধ্যে যতগুলির অভাব হইবে সেই পরিমাণে ব্রণরোগ কৃচ্ছ্র সাধ্য জানিবে। সর্ব্বপ্রকার সুখসাধ্য গুণবিহীন, বহুউপদ্রব বিশিষ্ট ব্রণ অসাধ্য। যে ব্রণ হইতে পচাগন্ধযুক্ত পূয ও অতিশয় দুষ্ট রক্ত স্রাব হয়, যাহা অতি উচ্চ এবং দীর্ঘকালস্থায়ী এবং অত্যন্ত দুর্গন্ধ, বেদনা ও স্রাবযুক্ত হয় সেই ক্ষতকে দুষ্টব্রণ কহে, বিশুদ্ধ ব্রণের বক্ষ্যমাণ লক্ষণ সমূহ ইহাতে কিছুই দৃষ্ট হয় না। শুদ্ধব্রণ, জিহ্বাতলের ন্যায় মৃদু, শ্লক্ষ্ণ, স্নিগ্ধ ও প্রভাযুক্ত হয়, ইহাতে বেদনা থাকে না এবং দুষ্ট স্রাব নির্গত হয় না, এই ব্রণ সুব্যবস্থ হয় অর্থাৎ অতি উচ্চ বা গভীর হয় না। যে ব্রণ, স্থির এবং পাণ্ডু ধূসর বর্ণ যাহা হইতে ক্লেদ বা পূয় নির্গত হয় না এবং যাহাতে মাংসাঙ্কুর সমূহ উত্থিত হয় তাহাকে রোহিত ব্রণ কহা যায়। যে ব্রণের বর্ণ, চর্ম্মের সদৃশ, উপরিভাগ জিহ্বাতলের ন্যায় সমতল, অর্থাৎ উচ্চনীচতাশূন্য, যাহার অন্তরে পূযাভাব হেতু বেদনা থাকেনা এবং যাহারব্রণবাস্ত উৎপন্ন অর্থাৎ ক্ষতপূর্ণ হইয়াছে তাহাকে সম্যকরূঢ় ব্রণ কহা যায়।

কুষ্ঠিনাং বিষজুষ্টানাং শোষিণাং মধুমেহিনাং। ব্রণাঃ কৃচ্ছ্রেণ সিধ্যন্তি যেষাঞ্চাপি ব্রণে ব্রণাঃ। বসাং মেদোঽথমজ্জানং মস্তুলুঙ্গঞ্চ যঃ স্রবেৎ। আগন্তুজো ব্রণঃ সিদ্ধ্যেন্নসিদ্ধ্যেদ্দোষসম্ভবঃ। মদ্যাগুর্ব্বাজ্যসুমনঃ পদ্ম-চন্দনচম্পকৈঃ। সগন্ধা দিব্যগন্ধাশ্চ মুমূর্ষাণাং ব্রণাস্মৃতাঃ। যে চ মর্ম্মসু সম্ভূতা ভবন্ত্যত্যর্থ বেদনাঃ। দহ্যন্তে চান্তরত্যর্থং বহিঃ শিতাশ্চ যে ব্রণাঃ। দহ্যন্তে বহিরত্যর্থং ভবন্ত্যন্তশ্চ শীতলাঃ। প্রাণমাংসক্ষয়শ্বাসকাসারোচক পীড়িতাঃ। প্রবৃদ্ধপূয়রুধিরা ব্রণা যেষাঞ্চ মর্ম্মসু। ক্রিয়াভি সম্যগারব্ধা ন সিদ্ধ্যন্তি চ যে ব্রণাঃ। বর্জ্জয়েদপিতান্ বৈদ্যঃ সংরক্ষমাত্মনো যশঃ।

কুষ্ঠ, ক্ষয় ও মধুমেহ গ্রস্ত এবং বিষজুষ্ট মনুষ্যদিগের ব্রণ কষ্টসাধ্য হয়। ব্রণের উপর ব্রণ হইলেও অসাধ্য হয়। যে ব্রণ হইতে বসা মেদ মজ্জা অথবা মৃত্তিকা সদৃশ স্রাব নির্গত হয়, তাহাকে অসাধ্য জানিবে। আগন্তুজ-ব্রণ সাধ্য এবং দোষ সম্ভব ব্রণ অসাধ্য বলিয়া উক্ত হইয়াছে। যাহার ব্রণ মদ্য, অগুরু, ঘৃত, পদ্মকাষ্ঠ, চন্দন, চম্পক, পুষ্প অথবা পারিজাতাদি দিব্য পুষ্পের ন্যায় গন্ধ যুক্ত হয় তাহার আসন্ন মৃত্যু জানিবে। যাহাদের মর্ম্মস্থানে ব্রণ উত্থিত হইয়া অত্যন্ত বেদনা হয়, যাহাদের অন্তরে অত্যন্ত দাহ ও বাহিরে শীত বোধ হয়, কিম্বা বাহিরে দাহ হইয়া অন্তরে শীত বোধ হয় এবং যাহারা বল ও মাংস ক্ষয়, শ্বাস কাশ এবং অরোচকের দ্বারা পীড়িত হয় তাহাদের ব্রণ অসাধ্য। মর্ম্মস্থানে ব্রণ হইয়া অধিক রক্ত ও পূয স্রাব হইলেও রোগ অসাধ্য জানিবে। যে ব্রণ যথাবিহিত চিকিৎসাদ্বারা আরোগ্য না হয় তাহাকে বৈদ্য আপনার যশঃ রক্ষার নিমিত্ত ত্যাগ করিবে। (১)

অথ সদ্যোব্রণ নিদানং।

নানাধারামুখৈঃ শস্ত্রৈর্নানাস্থান নিপাতিতৈঃ। ভবন্তি নানাকৃতয়ো ব্রণাস্তাং স্তানিবোধ মে। ছিন্নং ভিন্নং তথা বিদ্ধং ক্ষতং পিচ্ছিত মেব বা। ঘৃষ্ট মাহু স্তথা ষষ্ঠং তেষাং বক্ষ্যামি লক্ষণং। তির্য্যক্ ছিন্নমৃজুর্বাপি যো ব্রণ-

---

(১) শারীর ব্রণকে ইংরাজিতে আলসার (Ulcer) এবং ভাষাতে ক্ষত অথবা ঘা কহে।

স্রাবিতো ভবেৎ। গাত্রস্যপাতনং তদ্ধি ছিন্নমিত্যভিধীয়তে। শক্তিদন্তেষু খড়্গাগ্রবিষাণৈ রাশয়ো হতঃ। যৎ কিঞ্চিৎ প্রস্রবেত্তদ্ধি ভিন্ন লক্ষণ মুচ্যতে। স্থানান্যামাগ্নিপক্কানাং মূত্রস্য রুধিরস্য চ। হৃদুণ্ডুক ফুপ্ফুসশ্চ কোষ্ঠ ইত্যভিধীয়তে। তস্মিন্ ভিন্নে রক্তপূর্ণে জ্বরোদাহশ্চ জায়তে।

নানা প্রকার ধার ও অগ্রবিশিষ্ট শস্ত্র, শরীরের নানা স্থানে নিপাতিত হইলে নানা প্রকার সদ্যোব্রণ উৎপন্ন হয়, এস্থলে ছয় প্রকার সদ্যব্রণ কথিত হইবে যথা ছিন্ন, ভিন্ন, বিদ্ধ, ক্ষত, পিচ্চিত এবং ঘৃষ্টব্রণ। শরীরের কোন অবয়বে তির্য্যক অথবা ঋজুভাবে বিস্তৃতক্ষত হইলে তাহাকে ছিন্নব্রণ কহা যায়। শেল, দন্ত, বাণ, খড়্গাগ্র অথবা শৃঙ্গের দ্বারা আমাশয়াদি কোষ্ঠ ভেদ হইয়া যে ক্ষত হয় তাহাকে ভিন্ন সদ্যোব্রণ কহে। আমাশয় পচ্যমানাশয়, পক্কাশয়, মূত্রাশয়, রুধিরাশয়, হৃদয়, উণ্ডুক এবং ফুস্ ফুস্‌কে কোষ্ঠ কহে (১)। ইহাদের অন্যতম, ভিন্ন হইয়া রক্ত পূর্ণ হইলে জ্বর এবং দাহ উৎপন্ন হয় এবং যে কোষ্ঠ ভিন্ন হয় তদনুযায়িক স্রাব নির্গত হইয়া থাকে।

মূত্রমার্গগুদাস্যেভ্যো রক্তং ঘ্রাণাচ্চ গচ্ছতি। মূর্চ্ছাশ্বাস তৃষাধ্মান মভক্তচ্ছন্দ এব চ। বিণ্মূত্রবাতসঙ্গশ্চ স্বেদাস্রাবোক্ষিরক্ততা। লোহগন্ধি ত্বমাস্যস্য গাত্রদৌর্গন্ধ্য মেব চ। হৃচ্ছূলং পার্শ্বয়োশ্চাপি বিশেষঞ্চাত্র মে শৃণু। আমাশয়স্থেরুধিরে রুধিরংছর্দ্দয়ত্যপি আধ্মানমতিমাত্রঞ্চ শূলঞ্চ ভৃশদারুণং। পক্কাশয় গতে চাপি রুজা গৌরব মেব চ। অধঃকায়ে বিশেষেণ শীততা চ ভবেদিহ। সূক্ষ্মাস্য শল্যাভিহতং যদঙ্গস্ত্বাশয়ং বিনা। উত্তুণ্ডিতং নির্গতং বা তদ্বিদ্ধ মিতি নির্দ্দিশেৎ। নাতিচ্ছিন্নং নাতিভিন্নং উভয়োর্লক্ষণান্বিতং। বিষমং ব্রণমঙ্গে যৎ তৎক্ষতন্ত্বভিধীয়তে। প্রহারপীড়নাভ্যাস্তু যদঙ্গং পৃথুতাং গতং। সাস্থি তৎপিচ্চিতং বিদ্যাৎ মজ্জরক্ত পরিপ্লুতং।

---

(১) আমের স্থানকে আমাশয় কহে, ইহা স্তনের অধঃ নাভির ঊর্দ্ধে অবস্থিত। অগ্নির স্থানকে পচ্যমানাশয় এবং পক্কান্নের অবস্থিতি স্থানকে পক্কাশয় কহে। মূত্রাশয় বস্তিদেশে স্থিত, ইহাকে বস্তি নামেও উল্লেখ করিয়া থাকে। যকৃৎ এবং প্লীহা রক্তের আধার স্থান, ইহারা জঠরের দক্ষিণ এবং বামপার্শ্বে অবস্থিত। হৃদয়, মনের নিবাসস্থান। ফুস্ফুস্ হৃদয়ের পার্শ্বস্থিত যন্ত্র। উণ্ডুক অর্থাৎ অন্ত্রদেশে ব্যবস্থিত পুরীষধান।

কোষ্ঠবিশেষের অবস্থিতিস্থান ভেদে মূত্রমার্গ মলদ্বার আস্য অথবা নাসিকা হইতে রক্ত স্রাব হয়, রোগীর মূর্চ্ছা শ্বাস তৃষ্ণা আধ্মান অরুচি মল মূত্র এবং বাতকর্ম্মের অবরোধ, অত্যন্ত স্বেদ, অক্ষি রক্তবর্ণ মুখে লৌহগন্ধ এবং গাত্রে দুর্গন্ধ হয়, হৃদয়ে ও পার্শ্বে শূল জন্মে। আমাশয় ভিন্ন হইয়া রুধিরপূর্ণ হইলে রক্ত বমন অতিশয় শূল এবং আধ্মান হয়। ঐরূপ পক্বাশয়েতে রক্ত সঞ্চিত হইলে গাত্রগুরুতা অত্যন্ত বেদনা এবং শরীরের অধোভাগে বিশেষ শীত বোধ হয়। সূক্ষ্মাগ্র শল্যদ্বারা কোষ্ঠ স্থান ব্যতীত অপর কোন অঙ্গবিদ্ধ হইলে বিদ্ধসদ্যোব্রণ কহা যায়, ইহাতে শল্য, ক্ষতমধ্যে ঊর্দ্ধমুখী হইয়া থাকে অথবা নির্গত হইয়া যায়। যে ক্ষত অতি ছিন্ন অথবা অতি ভিন্ন না হইয়া উভয়ের কিঞ্চিৎ ভাব প্রাপ্ত হয় এবং অঙ্গ বৈষম্য অর্থাৎ ত্বক্ মাংসের কতক অংশ বিচ্ছেদ বা নষ্ট করে তাহাকে সদ্যক্ষতব্রণ কহে। লগুড়াদিদ্বারা প্রহারিত অথবা কপাটাদির দ্বারা পীড়িত হইয়া কোন অঙ্গ অস্থির সহিত দলিত হইলে এবং তদ্দ্বারা মজ্জা ও রক্ত পরিপ্লুত শোথ উৎপাদন হইলে তাহাকে পিচ্ছিত সদ্যোব্রণ কহে, ইহাতে ক্ষত না হইলেও চিকিৎসার নিমিত্ত ইহা সদ্যোব্রণ রোগমধ্যে গণনীয় হইয়াছে।

ঘর্ষণাদভিঘাতাদ্বা যদঙ্গং বিগতত্বচং। উষাস্রবান্বিতং তচ্চ ঘৃষ্টমিত্যাভিধীয়তে। শ্যাবং সশোথং পিড়কাচিতঞ্চ মুহুর্মুহুঃ শোণিতবাহিনঞ্চ। মৃদূদ্গতং বুদ্বুদতুল্যমাংসং ব্রণং সশল্যং সরুজং বদন্তি। ত্বচোঽতীত্য-শিরাদীনি ভিত্ত্বা বা পরিহৃত্য বা। কোষ্ঠে প্রতিষ্ঠিতং শল্যং কুর্য্যাদুক্তানুপদ্রবান্। তত্রান্তর্লোহিতং পাণ্ডু শীতপাদকরাননং। শীতোচ্ছ্বাসং রক্তনেত্র-মানদ্ধঞ্চ বিবর্জ্জয়েৎ।

ঘর্ষণ বা অভিঘাতদ্বারা কোন অঙ্গের উপত্বক উঠিয়া যাইলে তাহাকে ঘৃষ্টসদ্যোব্রণ কহে, ইহাতে দাহ এবং স্রাব নির্গত হয়। সশল্যক্ষতে অর্থাৎ যে ক্ষতমধ্যে শল্য বর্ত্তমান থাকে, ব্রণ, শ্যাববর্ণ শোথযুক্ত এবং পিড়কাবৃত্ত হয়, ক্ষত হইতে মুহুর্মুহু রক্ত বহিয়া যায় এবং উহাতে বুদ্বুদ তুল্য অল্প উন্নত বেদনাযুক্ত মাংসাঙ্কুর উত্থিত হয়। সপ্তত্বচ্ অতিক্রম করিয়া এবং শিরাস্নায়ু মাংস প্রভৃতিকে ভেদ করিয়া অথবা উহাদিগকে ত্যাগ করিয়া শল্যাদি, কোষ্ঠে

প্রবেশ করিলে বক্ষ্যমাণ লক্ষণ সমূহ উৎপন্ন হয়, যথা আটোপ, আনাহ এবং ব্রণমুখে আহার পুরীষাদির দর্শন ইত্যাদি। যদ্যপি কোষ্ঠভেদ হইয়া উহার মধ্যে রক্ত জমিয়া থাকে রোগীর চক্ষু রক্তিমাবর্ণ, দেহ পাণ্ডুবর্ণ, আনাহ এবং হস্তপদ আনন ও নিঃশ্বাস শীতল হয়, তবে উহাকে বৈদ্য ত্যাগ করিবে।

ভ্রমঃপ্রলাপঃ পতনং প্রমোহো বিচেষ্টনং গ্লানিরথোষ্ণতা চ। স্রস্তাঙ্গতা মূর্চ্ছনমূর্দ্ধবাত স্তীব্রারুজোবাতকৃতাশ্চ তাস্তাঃ। মাংসোদকাভং রুধিরঞ্চ গচ্ছেৎ সর্বেন্দ্রিয়ার্থোপরম স্তথৈব। দশার্দ্ধসংখ্যেষ্বথবিক্ষতেষু সামান্যতো মর্ম্মসু লিঙ্গমুক্তং। সুরেন্দ্রগোপপ্রতিমং প্রভূতং রক্তং স্রবেত্তৎ ক্ষতজশ্চ বায়ুঃ। করোতি রোগান্ বিবিধান্ যথোক্তান্ শিরাসু ছিন্নাস্বথ বাক্ষতাসু। কৌব্জং শরীরাবয়বাবসাদঃ ক্রিয়াস্বশক্তিস্তুমুলারুজশ্চ। চিরাদ্ ব্রণোরোহতি যস্য চাপি তংস্নায়ুবিদ্ধং পুরুষং ব্যবস্যেৎ।

মর্ম্মস্থানের অন্যতমে ক্ষত হইলে রোগীর অবশেন্দ্রিয়তা প্রলাপ মোহ ভ্রম অবসাদ মূর্চ্ছা হস্তপদাদিক্ষেপণ অঙ্গবিস্রংসবৎ-বেদনা বলক্ষয় এবং দাহ হয়, বায়ুর ঊর্দ্ধগতি ও বাতজনিত নানারূপ তীব্র বেদনা উৎপন্ন হয় এবং মাংসধৌত জলের সদৃশ রুধির নির্গত হয়। সিরা ভিন্ন অথবা ক্ষত হইলে ইন্দ্রগোপ নামা রক্তবর্ণ কীটের বর্ণ সদৃশ বহুল পরিমাণ রক্ত স্রাব হয় এবং বায়ুকুপিত হইয়া নানা প্রকার উপদ্রব অর্থাৎ শিরোভিতাপ অগ্নিমান্দ্য ও আক্ষেপাদি রোগ উৎপাদন করে। যে ব্যক্তির স্নায়ুবিদ্ধ হয়, তাহার কুব্জত্ব শরীরের অবসাদ স্ব স্বকার্য্যে অসমর্থতা এবং অত্যন্ত বেদনা হয় এই প্রকার ক্ষত অনেক বিলম্বে পূরিত হইয়া থাকে।

শোথাতি বৃদ্ধিস্তুমুলারুজাশ্চ বলক্ষয়ঃ সর্ব্বত এব শোথঃ। ক্ষতেষু সন্ধিষু চলাচলেষু স্যাৎ সর্ব্বকর্ম্মোপরমশ্চ লিঙ্গং। ঘোরারুজো যস্য শিলাভিন্নেষু, সর্ব্বাস্ববস্থাসু চ নৈতি শান্তিং। ভিষগ্নিপশ্চিদ্বিদ্ধার্থ সুত্র ময়ন্থিবিদ্ধং পুরুষং ব্যবস্যেৎ। যথাস্ব মেতানি বিভাবয়েচ্চ লিঙ্গানি মর্ম্মস্বভিতাড়িতেষু। পাণ্ডুর্বিবর্ণঃ স্পর্শনং ন বেত্তি যো মাংসমর্ম্মণ্যভিপীড়িতঃ স্যাৎ। বিসর্পঃ পক্ষঘাতশ্চ শিরাস্তম্ভোপতানকঃ। মোহোন্মাদব্রণরুজোজ্বরতৃষ্ণা-হনুগ্রহঃ। কাসশ্ছর্দ্দিরতীসারো হিক্কাশ্বাসঃ সবেপথুঃ। ষোড়শোপদ্রবাঃ প্রোক্তা ব্রণানাং ব্রণচিন্তকৈঃ।

চল অথবা স্থির উভয় প্রকার সন্ধিতে ক্ষত হইলে অতিশয় মুখশোষ বেদনা এবং বলক্ষয় হয় (১)। সন্ধিস্থানের চতুর্দ্দিগে শোথ এবং উহাদের কার্য্যের ব্যাঘাত হয়, অস্থি বিদ্ধ হইলে ঘোর বেদনা হয় এবং দিবারাত্র কোন অবস্থায় রোগী শান্তিলাভ করিতে পারে না, এই লক্ষণদ্বারা বিচক্ষণ বৈদ্য অস্থিবিদ্ধ রোগ নির্দ্দেশ করিবে। শিরা স্নায়ু সন্ধি প্রভৃতির ক্ষতের সহিত যদ্যপি মর্ম্মস্থানও ক্ষত হয় তাহা হইলে উপরোক্ত লক্ষণদ্বারা যথা-ক্রমে উহার লিঙ্গ কল্পনা করিয়া লইবে। মাংসবিদ্ধ হইলে রোগী পাণ্ডুবর্ণ এবং স্পর্শজ্ঞান রহিত হয়। এক্ষণে সর্ব্ব প্রকার ব্রণের ষোড়শ প্রকার উপদ্রব কথিত হইতেছে, যথা বিসর্প পক্ষঘাত শিরাস্তম্ভ অপতানক মোহ উন্মত্ততা ব্রণবেদনা জ্বর তৃষ্ণা হনুগ্রহ কাস ছর্দ্দি অতীসার হিক্কা শ্বাস এবং কম্প (২)।

অথ ভগ্ন নিদানং।

ভগ্নং সমাসাদ্দ্বিবিধং হুতাশ কাণ্ডে চ সন্ধৌ চ হি তত্র সন্ধৌ। উৎপিষ্ট বিশ্লিষ্ট বিবর্ত্তিতঞ্চ তির্য্যগ্‌গতং ক্ষিপ্ত মধশ্চ ষট্‌ চ। প্রসারণাকুঞ্চ-নবর্ত্তনোগ্রা রুক্‌স্পর্শবিদ্বেষণ মেতদুক্তং। সামান্যতঃ সন্ধিগতস্য লিঙ্গ

(১) সন্ধি দুই প্রকার চল এবং অচল, শাখাসমূহে হনুতে এবং কটীতে যে সকল সন্ধি তাহা চল অথবা চেষ্টাবান, এতদ্ভিন্ন যে সমস্ত সন্ধি আছে তাহা অচল অর্থাৎ স্থির।

(২) সদ্যব্রণকে ইংরাজিতে উণ্ড (Wound) কহে, ছিন্নব্রণকে, ইনসাইড্ উণ্ড (Incised wound) কহে, ভিন্নকে পেনিট্রেটিং উণ্ড (Penetrating wound) কহে, বিদ্ধকে পাঙ্কচার্ড উণ্ড (Punctured wound) কহা যায়। ক্ষতব্রণ লেস্যারেটেড উণ্ডের লক্ষণের সহিত ঐক্য হয়, (Lacerated wound)। পিচ্ছিতকে গুরুতর কণ্টিউসন (Contusion) কহা যাইতে পারে এবং ঘৃষ্টকে কণ্টিউজন (Contusion) অথবা ব্রুজ (Bruise) কহা যায়।

মুৎপিষ্টসন্ধেঃ খযথুঃ সমন্তাৎ। বিশেষতো রাত্রি ভবারুজা চ বিশ্লিষ্টজে তো চ রুজা চ নিত্যং। বিবর্ত্তিতে পার্শ্বরুজশ্চ তীব্রাঃ, তির্য্যগ্‌গতে তীব্ররুজো ভবন্তি। ক্ষিপ্তেঽতি শূলং বিষমত্বমস্থ্নোঃ, ক্ষিপ্তেত্বধোরুগ্‌বিঘটশ্চ সন্ধেঃ।

ভগ্ন সংক্ষেপে দুই প্রকার কথিত আছে, যথা অস্থি ভগ্ন এবং সন্ধি-বিশ্লেষ। সন্ধিবিশ্লেষ ছয় প্রকার, যথা উৎপিষ্ট, বিশ্লিষ্ট, বিবর্ত্তিত তির্য্যগ্‌গত ক্ষিপ্ত এবং অধঃক্ষিপ্ত। সন্ধিবিশ্লেষের সামান্য লক্ষণ নিম্ন প্রকারে নির্দ্দিষ্ট আছে, যথা বিশ্লেষিত অঙ্গে প্রসারণ আকুঞ্চন অথবা পার্শ্বপরিবর্ত্তন কালে অত্যন্ত বেদনা এবং বিশ্লিষ্ট, সন্ধিস্পর্শাসহিষ্ণু হয়। সন্ধিস্থিত অস্থিদ্বয় চূর্ণিত হইলে উৎপিষ্ট সন্ধিবিশ্লেষ কহে, ইহাতে সন্ধিস্থলের চতুর্দ্দিগে অতিশয় শোথ এবং রাত্রিকালে বেদনা বৃদ্ধি হয়। যখন সন্ধিস্থিত অস্থিদ্বয় সম্পূর্ণরূপে পৃথক না হইয়া অল্পমাত্র বিশ্লেষিত হয় তখন তাহাকে বিশ্লিষ্ট সন্ধিবিশ্লেষ কহা যায়, ইহাতেও শোথ ও রাত্রিতে বেদনার আধিক্য হয় এবং বেদনা সর্ব্বদাই বর্ত্তমান থাকে। যে সন্ধিবিশ্লেষে সন্ধিস্থ উভয় অস্থি বিভ্রমণ করতঃ বিপরীত ভাবে অবস্থিতি করে, তাহাকে বিবর্ত্তিত সন্ধিবিশ্লেষ কহে, ইহাতে অস্থিপার্শ্বে অতিশয় বেদনা হয়। যে সন্ধিবিশ্লেষে সন্ধিগত একটি অস্থি উৎক্ষিপ্ত হয় অর্থাৎ ঊর্দ্ধে নীত হয় তাহাকে ক্ষিপ্ত বা উৎক্ষিপ্ত সন্ধিবিশ্লেষ কহা যায়, ইহাতেও অত্যন্ত শূল হইয়া থাকে। যে সন্ধিবিশ্লেষে সন্ধিস্থ একমাত্র অস্থি সন্ধিস্থান ত্যাগ করিয়া তির্য্যক ভাবে অবস্থিতি করে, তাহাকে তির্য্যগ্‌গত সন্ধিবিশ্লেষ কহে, ইহাতে অত্যন্ত তীব্র বেদনা হয়। যে সন্ধিবিশ্লেষে একটি অস্থি কিঞ্চিৎ অধোদিকে অপসৃত হয়, তাহাকে অধঃক্ষিপ্ত সন্ধিবিশ্লেষ কহে, ইহাতে সন্ধিবিঘটন ও বেদনা হইয়া থাকে।

কাণ্ডেত্বতঃ কর্কটকাশ্বকর্ণ বিচূর্ণিতং পিচ্চিতমস্থিছল্লিকা। কাণ্ডে চ ভগ্নং হতিপাতিতঞ্চ মজ্জাগতঞ্চ স্ফুটিতঞ্চ বক্রং। ছিন্নং দ্বিধা দ্বাদশধাপি কাণ্ডে স্রস্তাঙ্গতা শোথরুজাতিবৃদ্ধিঃ। সংপীড্যমানে ভবতীহ শব্দঃ স্পর্শা সহ স্পন্দনতোদশূলাঃ। সর্ব্বাস্ববস্থাসু ন শর্ম্মলাভো ভগ্নস্য কাণ্ডে খলুচিহ্ন মেতৎ। ভগ্নন্তু কাণ্ডে বহুধা প্রয়াতি সমাসতোনামভিরেব তুল্যং। অল্পাশিনো নাত্মবতো জন্তো বাতাত্মকস্য চ। উপদ্রবৈর্ব্বা জুষ্টস্য ভগ্নং কৃচ্ছ্রেণ

সিধ্যতি। ভিন্নং কপালং কট্যান্ত সন্ধিমুক্তং তথাচ্যুতং। জঘনং প্রতি-
পিষ্টঞ্চ বর্জয়েত্তু বিচক্ষণঃ। অসংশ্লিষ্ট কপালঞ্চ ললাটে চূর্ণিতঞ্চ যৎ।
ভগ্নং স্তনান্তরে পৃষ্ঠে শঙ্খে মূর্দ্ধ্নি চ বর্জ্জয়েৎ। সম্যক সহিতমপ্যস্থি
দুর্নিক্ষেপ নিবন্ধনাৎ। সংক্ষোভাদ্বাপি যদ্গচ্ছেদ্বিক্রিয়াং তচ্চ বর্জ্জয়েৎ।
তরুণাস্থীনিনাম্যন্তে ভিদ্যন্তে নলকানি চ। কপালানি বিভজ্যন্তে স্ফুটন্তি
রুচকানি চ।

দ্বাদশ প্রকার অস্থি ভগ্ন কথিত আছে, যথা কর্কট, অশ্বকর্ণ, বিচূর্ণিত, পিচ্ছিত, অস্থিচ্ছল্লিকা, কাণ্ডভগ্ন, অতিপাতিত, মজ্জাগত, স্ফুটিত, বক্র এবং দুই প্রকার ছিন্ন অর্থাৎ অনুচ্ছিন্ন এবং বহুবিদীর্ণ। ইহাদিগের লক্ষণ নামানুযায়িক জানিবে (১)। অস্থিভগ্নের সামান্য লক্ষণ নিম্ন প্রকারে কথিত

---

(১) নলকাস্থির মধ্যে ভগ্ন হইলে উভয় পার্শ্ব অবনত এবং মধ্যস্থান উচ্চ হয়, এই জন্য ইহাকে কর্কটভগ্ন কহা যায়। ভগ্নের সহিত হইয়া বিপুল পরিমাণে অস্থিখণ্ড অশ্বকর্ণের ন্যায় বহির্গত হইলে অশ্বকর্ণ ভগ্ন কহে। যদ্যপি ভগ্নস্থানে অস্থিচূর্ণবৎ হইয়া যায়, তবে ইহাকে বিচূর্ণভগ্ন কহা যায়. স্পর্শ এবং শব্দের দ্বারা এই ভগ্ন নির্ণয় করিবে। কোন ভারি বস্তু বা যন্ত্রদ্বারা অস্থি নমিত হইলে উহাকে পিচ্ছিত ভগ্ন কহা যায়। যদ্যপি ভগ্নাস্থির বল্কল স্বরূপ অল্পমাত্র অংশ বিঘটিত হয়, তবে তাহাকে অস্থিচ্ছল্লিকা ভগ্ন কহে। অস্থিকাণ্ডে ভগ্ন হইলে, কাণ্ডভগ্ন কহা যায় অঙ্গ প্রসারণ কালে উহা কম্পবান্ হয়। যদ্যপি ভগ্নাস্থিখণ্ড এক কালে পৃথক্‌রূপে ছিন্ন হইয়া পড়ে, তবে তাহাকে অতিপাতিতভগ্ন জানিবে। ভগ্নাস্থির এক অগ্র অপরাংশের মজ্জামধ্যে প্রবেশ করিলে, উহাকে মজ্জাগত অস্থিভগ্ন কহা যায়। যদ্যপি অস্থির মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র অনেক ছিদ্র হয়, তবে তাহাকে স্ফুটিতভগ্ন কহে। যখন অস্থি ভগ্ন না হইয়া কিঞ্চিৎ বক্র হয়, তখন তাহাকে বক্রভগ্ন কহে, যদিচ ইহাতে অস্থি ভগ্ন হয় না তথাপি চিকিৎসার্থে ইহা সংখ্যায় গণনীয় হইয়াছে। যদ্যপি অস্থির এক পার্শ্ব ভগ্ন হয় ও অপর পার্শ্ব সংযুক্ত থাকে, তাহা হইলে উহাকে ছিন্নাস্থিভগ্ন কহে। ইহা দুই প্রকার, একটির নাম অণুবিদীর্ণ এবং অন্যের নাম বহুবিদীর্ণ। ইহাদের মধ্যে প্রভেদ ভগ্নের ন্যূনাধিক্য মাত্র।

আছে, যথা ভগ্নস্থানে, প্রস্তারতা, শোথ, অতিশয় বেদনা, স্পর্শসহিষ্ণুতা স্পন্দন সূচীবিদ্ধবৎ পীড়া এবং শূল হয়। অস্থিপীড়ন করিলে শব্দ হয় এবং রোগীর কোন অবস্থাতেই সুখলাভ হয় না। অল্পাহারী, ইন্দ্রিয়পরবশ বাত প্রকৃতিবিশিষ্ট এবং উপদ্রবগ্রস্ত ভগ্নরোগী কষ্টে আরোগ্য লাভ করে। যে রোগীর কপালাস্থি ভগ্ন হয়, কটী-সন্ধি মুক্ত হয় অথবা জঙ্ঘাস্থি উৎপিষ্ট হয়, তাহাকে বিচক্ষণ বৈদ্য ত্যাগ করিবে। ললাটের কপালাস্থি অসংশ্লিষ্ট থাকিয়া অথবা সংশ্লিষ্ট হইয়া চূর্ণিত হইলে রোগীর মৃত্যু হয়। স্তনান্তরে অর্থাৎ বুকস্থানে, পৃষ্ঠে শঙ্খ এবং মস্তকের উপরে অস্থি ভগ্ন হইলে অসাধ্য হয়। যে রোগীর সম্যক্ রূপে সংযমিত ভগ্নাস্থি দুর্নিক্ষেপণ অথবা দুষ্টবন্ধন হেতু কিম্বা অভিঘাতাদিদ্বারা সংক্ষোভন হেতু বিকৃত অবস্থা প্রাপ্ত হয় তাহাকে বৈদ্য ত্যাগ করিবে। তরুণাস্থি সমূহ অভিঘাতাদি দ্বারা নমিত হয়, নলকাস্থির ভগ্ন হয় কপালাস্থি সমূহ বিদারিত হয় এবং বলয়াস্থি ও দন্তসমূহ স্ফুটিত হইয়া থাকে (১)।

অথ নাড়ীব্রণ নিদানং।

যঃ শোথমামমিতিপক্ক মুপেক্ষতেজ্ঞো যোবাব্রণং প্রচুর পূয়মসাধুবৃত্তাঃ। অভ্যন্তরং প্রবিশতি প্রবিদার্য্যতস্য স্থানানি পূর্ব্ববিহিতানি ততঃ সপূয়ঃ। তস্যাতিমাত্র গমনাদ্গতিরিষ্যতেতু নাড়ীব বদ্বহতি তেন মতাতুনাড়ী। দোষৈস্ত্রিভির্ভবতিসা পৃথগেকশশ্চ সংমূচ্ছি তৈরপি চ শল্যনিমিত্ততোন্যা।

---

(১) সুশ্রুতমতে অস্থি পঞ্চ প্রকার, যথা তরুণ অর্থাৎ নাসিকা কর্ণ অক্ষিপুটাদির কোমলাস্থি। নলকাস্থি অর্থাৎ বৃহৎনলাকার অস্থিসমূহ। কপালাস্থি অর্থাৎ জানু, নিতম্ব, গণ্ড, তালু, শঙ্খ বঙ্ক্ষণ এবং মস্তকের চিপিটা অস্থিসমূহ। বলয়াস্থি যথা হস্ত পদাদির ক্ষুদ্র গোলাকার অস্থিসমূহ। রুচকাস্থি অর্থাৎ দন্তসমূহ। অস্থিভগ্নকে ইংরাজিতে ফ্র্যাকচার (Fracture) এবং সন্ধিবিশ্লেষকে ডিস্‌লোকেসন (Dislocation) কহে।

হে অজ্ঞ ব্যক্তি পক্ব শোথকে আম অর্থাৎ অপক্ক জ্ঞান করিয়া উপেক্ষা করে অথবা যে অহিতাচারি মানব গম্ভীর প্রচুর পূয়যুক্ত শোথকে অবহেলা করে তাহাদের সেই পূয়ত্বক্ মাংস শিরা স্নায়ু সন্ধি অস্থি কোষ্ঠ অথবা মর্ম্মস্থানকে বিদারণ করিয়া অভ্যন্তরে প্রবেশ করে। এইরূপ ব্রণ নলের ন্যায় হয় এবং অভ্যন্তরে অনেক দূর গমন করে এই জন্য ইহাকে নাড়ী অথবা গতিব্রণ কহা যায় (১)। পঞ্চ প্রকার নাড়ীব্রণ রোগ কথিত আছে যথা বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সন্নিপাতজ এবং শল্যজনিত।

তত্রানিলাৎ পরুষসূক্ষ্মমুখী সশূলা ফেনানুবিদ্ধমধিকং স্রবতি ক্ষপাসু।
পিত্তাত্তু ষাজ্বরকরীপরিদাহ যুক্তা পীতং স্রবত্যধিকমুষ্ণ মহঃসুচাপি। জ্ঞেয়া
বলাদ্বহু ঘনার্জ্জুনপিচ্ছিলাস্রা স্তব্ধাসকণ্ডু রুরুজা রজনী প্রবৃদ্ধা।

বাতজনিত নাড়ীব্রণ কর্কশ সূক্ষ্মমুখী এবং বেদনাযুক্ত হয়, ইহার পূয় ফেণামিশ্রিত থাকে এবং রাত্রিকালে উহা হইতে অধিক পরিমাণে স্রাব নির্গত হয়। পৈত্তিক নালী জ্বর তৃষ্ণা ও দাহ উৎপন্ন করে, ইহা হইতে বহুল পীতবর্ণ উষ্ণস্রাব নির্গত হয় এবং দিবাতে উহার স্রাব বৃদ্ধি পায়। কফজনিত গতিব্রণ বেদনাহীন কঠিন এবং কণ্ডুযুক্ত হয়, ইহা হইতে অতি ঘন শুক্লাভ পিচ্ছিল স্রাব নির্গত হয় এবং ইহারও রজনীতে পূয় বৃদ্ধি হইয়া থাকে।

দাহজ্বরশ্বসনমূর্চ্ছ নবক্ত্রশোষা যস্যাং ভবন্ত্যভিহিতানি চ লক্ষণানি।
তামাদিশেৎ পবনপিত্তকফপ্রকোপাদ্ ঘোরামসূক্ষয়করীমিব কালরাত্রিং।

যে নাড়ীব্রণে উপরোক্ত বাতাদি ত্রয়ের লক্ষণ সমস্ত বর্ত্তমান থাকে এবং দাহ জ্বর শ্বাস মূর্চ্ছা ও মুখশোষ হয় তাহাকে সান্নিপাতিক জ্ঞান করিবে এই ত্রিদোষজ নাড়ীব্রণ দারুণ যমভগিনীর ন্যায় ঘোর সাংঘাতিক হয়।

নষ্টং কথঞ্চিদনুমার্গমুদীরিতেষু স্থানেষু শল্যমচিরেণ গতিং করোতি।
সা ফেনিলং মথিত মুষ্ণমসৃগ্বিমিশ্রং স্রাবং করোতি সহসা সরুজাচ নিত্যং।
নাড়ীত্রিদোষ প্রভবা ন সিদ্ধেচ্ছেষাশ্চ তিস্রঃখলু যত্নসাধ্যাঃ।

বিমার্গগামী শল্য প্রভৃতি কোন প্রকারে অদৃশ্যরূপে ত্বক্ মাংসাদির অভ্যন্তরে প্রবেশ করিলে শল্যজ বা অভিঘাত জনিত নাড়ীব্রণ উৎপন্ন হয়। এরূপ

(১) নাড়ীব্রণকে ইংরাজিতে সাইনস অথবা ফিশ্চুলা (Sinus or Fistula) কহে।

ব্রণ সর্ব্বদা বেদনাযুক্ত থাকে এবং উহা হইতে ফেণাযুক্ত মথিত রক্তমিশ্রিত ও উষ্ণস্রাব নির্গত হয়। ত্রিদোষজাত নালী অসাধ্য বলিয়া উক্ত হইয়াছে, অপর দোষজনিত এবং অভিঘাতজ নাড়ীব্রণ রোগ যত্নসাধ্য জানিবে।

অথ ভগন্দর নিদানং।

গুদস্যাদ্ব্যঙ্গুলে ক্ষেত্রেপার্শ্বতঃ পীড়কার্ত্তিকৃৎ। ভিন্নাভগন্দরো জ্ঞেয়ঃ স চ পঞ্চবিধো মতঃ। কষায় রুক্ষৈরতি কোপিতোঽনিল স্ত্বপানদেশে পিড়কাং করোতি যাং। উপেক্ষণাৎ পাকমুপৈতি দারুণং রুজা চ ভিন্নারুণ ফেন বাহিনী। তত্রাগমো মূত্রপুরীষ রেতসাং ব্রণৈরনেকৈঃ শতপোনকং বদেৎ।

মলদ্বারের দ্বি অঙ্গুলী পরিমাণ ক্ষেত্রমধ্যে বেদনাযুক্ত পিড়কা হইয়া ভিন্ন হইলে ঐ ব্রণকে ভগন্দর কহা যায় (১)। এই ব্যাধি পঞ্চ প্রকার যথা শতপোনক উষ্ট্রগ্রীব পরিস্রাবী শম্বুকাবর্ত্ত এবং উন্মার্গী। কষায় এবং রুক্ষ সেবনদ্বারা বায়ু অতিশয় কুপিত হইয়া অপানদেশে পিড়কা উৎপাদন করে, ঐ পিড়কা উপেক্ষিত হইলে অত্যন্ত বেদনার্ত্ত হইয়া পাকে এবং ভিন্ন হইয়া অরুণ বর্ণ ফেনাযুক্ত পূয় ত্যাগ করে; ব্রণ মুখ হইতে মূত্র পুরীষ শুক্র নির্গত হইয়া থাকে ইহাতে অপানদেশে অনেক ছিদ্র উৎপন্ন হয় এজন্য ইহাকে শতপোনক ভগন্দর কহে।

প্রকোপনৈঃ পিত্ত মতি প্রকোপিতং করোতি রক্তাং পিড়কাং গুদাশ্রিতাং। তদাশুপাকা হিমপূতিবাহিনীং ভগন্দরস্তুষ্ট্র শিরোধরং বদেৎ। কণ্ডূয়নো ঘনস্রাবী কঠিনো মন্দবেদনঃ। শ্বেতাবভাসঃকফজঃ পরিস্রাবী ভগন্দরঃ। বহুবর্ণ-রুজাস্রাবা পীড়কা গোস্তনোপমা। শম্বুকাবর্ত্তবন্নাড়ী শম্বুকাবর্ত্তকো মতঃ। ক্ষতা-দ্ধাতিঃ পায়ুগতা বিবর্দ্ধতে হ্যুপেক্ষণাৎ সাংক্রিময়ো বিদার্য্যতে। প্রকুর্ব্বতে মার্গ-মনেকধা মুখৈ ব্রণৈস্তদুন্মার্গি ভগন্দরং বদেৎ। ঘোরাঃসাধয়িতুং দুঃখাঃ সর্ব্ব এব ভগন্দরাঃ। তেষ্বসাধ্যঃ ত্রিদোষথঃ ক্ষতজশ্চ বিশেষতঃ। বাতমূত্র-পুরীষাণি ক্রিময়ঃ শুক্রমেব চ। ভগন্দরাৎ প্রবহন্তু নাশয়ন্ত তমাতুরং।

---

(১) ভগন্দরকে ইংরাজিতে ফিশ্চুলা ইন এনো (Fistula in ano) কহে।

পিত্তবৃদ্ধিকারী আহার ব্যবহারদ্বারা পিত্ত প্রকুপিত হইয়া মলদ্বারে রক্তবর্ণ পিড়কা জন্মায়, উহা অতি শীঘ্র পাকে এবং উষ্ণ দুর্গন্ধ পূয়-স্রাব করে। এই পীড়কা আশু বৃদ্ধি ও পাক প্রাপ্ত হইয়া বক্র হয়, এইজন্য ইহাকে উষ্ট্রগ্রীব কহে। কফ উত্থিত ভগন্দরে পিড়কা কঠিন স্বল্প বেদনাযুক্ত এবং শ্বেতাভ হয় ও ঘন পূয় স্রাব করে ইহাকে পরিস্রাবী ভগন্দর কহে। যে পিড়কা গোস্তনাকৃতি ও নানা প্রকার বর্ণ বেদনা ও স্রাবযুক্ত হয় এবং যাহাতে নালী শম্বুকের ন্যায় আবর্ত্তিত থাকে, তাহাকে শম্বুকাবর্ত্তক কহে। মলদ্বারে কণ্টকাদির দ্বারা ক্ষত হইয়া যে নালী উৎপন্ন হয়, তাহা উপেক্ষিত হইলে বিবর্দ্ধিত হইয়া ক্রমে উহাতে ক্রিমি জন্মায়, ঐ ক্রিমিসমূহ, মাংস বিদারণ বশতঃ বহুছিদ্রবিশিষ্ট ব্রণ উৎপন্ন করে, এরূপ ভগন্দরকে উন্মার্গী কহে। সর্ব্ব প্রকার ভগন্দর অতি ভয়ানক দুঃখদায়ক এবং দুঃসাধ্য, তন্মধ্যে সান্নিপাতিক এবং ক্ষতজ বিশেষ অসাধ্য জানিবে। যে ভগন্দর হইতে বায়ু মূত্র পুরীষ ক্রিমি এবং শুক্র নির্গত হয় তাহা আরাম হয় না।

অথ উপদংশ নিদানং।

হস্তাভিঘাতান্নখদন্তপাতাদধাবনাদত্যুপসেবনাদ্বা। যোনিপ্রদোষাচ্চ ভবন্তি শিশ্নে পঞ্চোপদংশা বিবিধোপচারৈঃ। সতোদভেদস্ফুরণৈঃ সকৃষ্ণৈঃ স্ফোটৈর্ব্যবস্যেৎ পবনোপদংশং। পীতৈর্বহুক্লেদযুতৈঃ সদাহৈঃ পিত্তেন রক্তাৎ পিশিতাবভাসৈঃ। স্ফোটৈঃ সকৃষ্ণৈ রুধিরস্রবদ্ভিঃ রক্তাত্মকং পিত্তসমানলিঙ্গং। সকণ্ডুরৈঃ শোথযুতৈর্মহদ্ভিঃ শুক্লৈর্ঘনস্রাবযুতৈঃ কফেন। নানাবিধস্রাবরুজোপপন্নমসাধ্যমাহুস্ত্রিমলোপদংশং।

হস্ত নখ দন্তাদিদ্বারা শিশ্নে অভিঘাত হইলে অথবা উহাকে অপরিষ্কার রাখিলে, অতিশয় স্ত্রীসংসর্গ বা দূষিতযোনি গমন করিলে এবং অন্যান্য বিবিধ অপচার হইতে পুরুষাঙ্গে পঞ্চ প্রকার উপদংশ রোগ উৎপন্ন হয়, যথা বাতিক, পৈত্তিক কফজ, সান্নিপাতিক এবং রক্তজ। বাতিক উপদংশে কৃষ্ণবর্ণ স্ফোটক প্রকাশ হয় এবং তোদন ভেদন স্ফুরণাদি লক্ষণ দৃষ্ট হয়। পৈত্তিক উপদংশে পীতবর্ণ এবং দাহ ও অতিশয়

ক্লেদযুক্ত স্ফোটক দৃশ্য হয়। রক্তসম্ভব উপদংশে স্ফোটক মাংসপিণ্ডের ন্যায় তাম্রবর্ণ অথবা কৃষ্ণবর্ণ হয়, রক্তসংযুক্ত থাকে এবং রুধির স্রাব করে, ইহার অপর অপর লক্ষণ পৈত্তিক উপদংশের ন্যায়। কফজনিত উপদংশে স্ফোটক, শুক্লবর্ণ বৃহদাকার শোথ ও কণ্ডূযুক্ত হয় এবং ঘনস্রাব নির্গত করে। সান্নিপাতিক উপদংশ নানা প্রকার বেদনা ও স্রাবযুক্ত হয়, ইহা অসাধ্য।

বিশীর্ণমাংসং ক্রিমিভিঃ প্রজগ্ধং মুষ্কাবশেষং পরিবর্জয়েত্তু। সংজাত মাত্রে ন করোতি মূঢ়ঃ ক্রিয়াং নরো যো বিষয়ে প্রসক্তঃ। কালেন শোথক্রিমিদাহপাকৈ বিশীর্ণশিশ্নো ম্রিয়তে স তেন।

যে উপদংশ রোগীর শিশ্নের মাংসগলিত হয় অথবা ক্রিমিদ্বারা ভক্ষিত হয় এবং যাহার মুষ্কমাত্র বিশীর্ণ হইয়া কেবল অণ্ডকোষমাত্র অবশিষ্ট থাকে, তাহাকে বৈদ্য ত্যাগ করিবে। যে মূঢ় বিষয়াসক্ত মনুষ্য উপদংশ রোগ প্রকাশ হইবামাত্র চিকিৎসা না করে ও কুসংসর্গে লিপ্ত থাকে, কালক্রমে তাহার শিশ্ন শোথ ক্রিমি দাহ এবং পাক প্রাপ্ত হইয়া গলিত হয় এবং তদ্দ্বারা মৃত্যু হয়।

অঙ্কুরৈরিব সঞ্জাতৈরুপর্য্যুপরি সংস্থিতৈঃ। ক্রমেণ জায়তে বর্ত্তি স্তাম্র-চূড়শিখোপমা। কোষস্যাভ্যন্তরে সন্ধৌ পর্ব্বসন্ধিগতাপি বা। অবেদনা পিচ্ছিলা চ দুশ্চিকিৎস্যা ত্রিদোষজা। লিঙ্গবর্ত্তিরভিখ্যাতা লিঙ্গার্শ ইতি চাপরে।

এক স্থানে উৎপত্তি হেতুক লিঙ্গার্শ রোগের বিবরণ এস্থলে কথিত হইতেছে। লিঙ্গার্শের অঙ্কুর সমূহ প্রথমে বীজাকার মাংস প্রতানস্বরূপ প্রকাশ হয়, পরে উপর্য্যুপরি সংস্থিত হইয়া ক্রমে কুক্কুটশিখার ন্যায় আকৃতি প্রাপ্ত হয়। উহারা অণ্ডকোষের অভ্যন্তরে মেঢ়সন্ধি এবং বঙ্ক্ষণ সন্ধিতে দৃষ্ট হয়, বেদনাশূন্য এবং পিচ্ছিল হইয়া থাকে, কিন্তু ত্রিদোষ-জন্য হেতুক দুশ্চিকিৎসনীয় হয়। লিঙ্গার্শের আর একটি পর্য্যায় লিঙ্গবর্ত্তি (১)।

(১) ইংরাজিতে (Syphilis) সিফিলিস রোগকে উপদংশ বলিয়া অনেকেই অনুবাদ করিয়াছেন কিন্তু নিদানে যে উপদংশ রোগ বর্ণিত আছে তাহাতে

অথ শূকদোষ নিদানং।

অক্রমাচ্ছেফসো বৃদ্ধিং যোহভিবাঞ্ছতি মূঢ়ধীঃ। ব্যাধয়স্তস্য জায়ন্তে দশ চাষ্টৌ চ শূকজাঃ। গৌরসর্ষপসংস্থানা শূকদুর্ভুগ্নহেতুকা। পিড়কাশ্লেষ্মবাতাভ্যাং জ্ঞেয়া সর্ষপিকা তু সা। কঠিনা বিষমৈর্ভুগ্নৈ র্বায়ুনাষ্ঠীলিকা ভবেৎ। শূকৈ র্যৎপূরিতং শশ্বচ্ছিশ্নং নাম তৎকফাৎ। কুম্ভিকা রক্তপিত্তোত্থাজাম্ববাস্থিনিভা শুভা। তুম্যজাস্ত অজীং বিদ্যাদ্যথা প্রোক্তাং বিচক্ষণঃ। মৃদিতং পীড়িতং যচ্চ সংরব্ধং বাতকোপতঃ। পাণিভ্যাং ভৃশসংঘুষ্টে সংমূঢ়পিড়কা ভবেৎ। দীর্ঘাবিহ্রশ্চ পিড়কা দীর্যন্তে মধ্যতস্তু যাঃ। সোধিমন্থঃ কফাসৃগ্ভ্যাং বেদনা রোমহর্ষকৃৎ। পিড়কাচিতা যা পিড়কা পিত্তশোণিতসম্ভবা। পদ্মকর্ণিকসংস্থানা জ্ঞেয়া পুষ্করিকা তু সা।

যে সকল মূঢ় ব্যক্তিরা অনিয়মিক লিঙ্গবৃদ্ধি করিবার অভিপ্রায়ে শূকাদি নানাপ্রকার দ্রব্য শিশ্নতে সংযুক্ত করে, তাহাদের অষ্টাদশ প্রকার শূকদোষনামা

ব্যাধি অথবা সেকণ্ডারি সিফিলিসের অর্থাৎ গৌণিক উপর শূক কোন উল্লেখ নাই, ইহাতে অনুমান হয় প্রাচীন কালে অস্মদ্দেশে প্রকৃত সিফিলিসরোগ বর্ত্তমান ছিল না কেবল অভিঘাত জনিত ও অপর বাহ্যাদি কারণ ঘটিত মেঢ্রব্রণ মাত্র হইত, ইংরাজি ইতিহাস লেখকেরা কহেন যে, এই ভয়ানক রোগ আদৌ অমেরিকা খণ্ড হইতে স্পেনদেশীয় লোকদিগের দ্বারা খৃষ্টাব্দ ১৪৯৮ সালে ইউরোপে আনীত হয় তথায় তৎকালিক তত্রস্থ সমস্ত লোকদিগের অতিশয় লম্পটতা হেতুক ইহার ভয়ানক বৃদ্ধি এবং সর্ব্বত্রে প্রচার হয়, ইউরোপ হইতে এই রোগ আসিয়া ঘণ্ড নাত হয় এবং পারশ্যদেশ হইতে ইহা প্রথম ভারতবর্ষে প্রবেশ করে, এই হেতু উত্তরপশ্চিমাঞ্চলে ইহাকে উল্লনায় ফার্সি কহিয়া থাকে। দুর্ব্বৃত্তশীল পর্টুগিজেরাও এই কুৎসিত রোগদ্বারা বঙ্গভূমিকে কলুষিত করিয়াছে তাহারও প্রমাণ পাওয়া যায় যে হেতু আধুনিক অস্মদ্দেশীয় গ্রন্থাদিতে এই ব্যাধি ফিরিঙ্গী রোগ বলিয়া উক্ত হইয়াছে, লিঙ্গার্শকে ইংরাজিতে ওয়ার্টস (Warts) কহে, কিন্তু কুক্কুটশিখার উপমাদ্বারা বোধ হয় ইহাতে এপিথিলিএল কেনসার (Epethilial cancer) ও লক্ষিত হইয়াছে।

রোগ হইয়া থাকে। শূকপ্রয়োগ রূপ কদর্য্য ব্যবহার দ্বারা শিশ্নে গৌরসর্ষপাকৃতি পীড়কাসমূহ উত্থিত হইলে উহাদের সর্ষপিকা কহে ইহা বাতকফাত্মক। অষ্ঠীলিকা অর্থাৎ লৌহকারের ভাণ্ড সদৃশ কঠিন, অপ্রশস্ত পিড়কা উৎপন্ন হইলে তাহাকে অষ্ঠীলিকা কহে, ইহা বাতজ। সর্ব্বদা শূকের দ্বারা পূরিত হইলে শিশ্নে যে গ্রন্থিবৎ ব্যাধি জন্মে তাহাকে গ্রথিত কহে, ইহা কফাত্মক। রক্ত এবং পিত্তজনিত কৃষ্ণবর্ণ জামের আটির ন্যায় পিড়কা উৎপন্ন হইলে তাহাকে কুম্ভিকা কহা যায়। প্রমেহ রোগে অলজীনামা যে এক প্রকার পিড়কা উৎপন্ন হয়, শূকদোষ হেতু তাদৃশ লক্ষণাক্রান্ত পিড়কা হইয়া থাকে এবং ঐ নামেই কথিত হয়। এস্থলে কেবল নিদান ও চিকিৎসা ভেদের নিমিত্ত পুনরুক্ত হইয়াছে। শূকপ্রয়োগ হেতু লিঙ্গ, শোথযুক্ত হইলে উহাকে মৃদিত কহা যায়, এই রোগ কুপিত বাতজনিত। শূকসংলগ্নহেতু পীড়িত লিঙ্গ, হস্তের দ্বারা পিচ্ছিল করিয়া মর্দ্দন করিলে, উহাকে সংমূঢ় পিড়কা কহে। অবমন্থ নামক পিড়কায়, দীর্ঘ ও বহুসংখ্যক পিড়কা উৎপন্ন হয়, উহারা মধ্যে বিদীর্ণ হইয়া বেদনা ও রোমহর্ষ উৎপাদন করে, এই রোগ কফরক্তজ। যে পিড়কা, পদ্মবীজকোষের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র পিড়কাদ্বারা বেষ্টিত থাকে তাহাকে পুষ্করিকা কহে ইহা পিত্তরক্ত সম্ভবা।

স্পর্শহানিস্তু জনয়েচ্ছোণিতং শূকদূষিতম্। মুদ্গমাষোপমা রক্তা
রক্তপিত্তোদ্ভবা তু যা। ব্যাধিরেষোত্তমো নাম শূকাজীর্ণনিমিত্তজঃ।
ছিদ্রৈরণুমুখৈর্লিঙ্গং চিতং যস্য সমন্ততঃ। বাতশোণিতজো ব্যাধিঃ
সংজ্ঞেয়ঃ শতপোনকঃ। বাতপিত্তকৃতো জ্ঞেয়স্ত্বক্‌পাকো জ্বরদাহবান্।
কৃষ্ণৈঃ স্ফোটৈঃ সরক্তাভিঃ পীড়কাভির্নিপীড়িতম্। যস্য বাস্তিরুজ-
শ্চোগ্রা জ্ঞেয়ং তচ্ছোণিতার্ব্বুদম্। মাংসদোষেণ জানীয়াদর্ব্বুদম্
মাংসসম্ভবম্। শীর্য্যন্তে যস্য মাংসানি যস্য সর্ব্বাশ্চ বেদনাঃ। বিদ্যাত্তং
মাংসপাকন্তু সর্ব্বদোষাকৃতিং ভিষক্।

স্পর্শহানি নামক পিড়কা শূকদূষিত শোণিত হইতে উৎপন্ন হয়। পুনঃপুন শূক প্রয়োগহেতু মুদ্গ অথবা মাষকলায় সদৃশ রক্তবর্ণ পিড়কা হইলে উহাকে উত্তমা কহে, ইহা রক্তপিত্তোদ্ভবা। যদ্যপি শিশ্ন ক্ষুদ্র ক্ষুদ্র

ছিদ্রদ্বারা চতুর্দ্দিগে আচিত হয়, তবে সেই ব্যাধিকে শতপোনক কহা যায় ইহা বাতরক্ত জনিত। ত্বক্‌পাক নামা শূকদোষ ব্যাধি জ্বর এবং দাহ উৎপন্ন করে, ইহা বায়ু এবং পিত্তকৃত। লিঙ্গে, কৃষ্ণ বা রক্তবর্ণ স্ফোটক এবং তাহাতে উগ্রবেদনা হইলে শোণিতার্ব্বুদ কহে। শূক প্রয়োগান্তর প্রপাতাদি দ্বারা মাংস দূষিত হইয়া মাংসার্ব্বুদ উৎপন্ন হয়। যদ্যপি লিঙ্গ হইতে মাংস গলিয়া পড়ে এবং উহার সর্ব্বত্র বেদনা হয়, তবে সেই ব্যাধিকে মাংসপাক কহা যায়, ইহা সন্নিপাতজ।

বিদ্রধিং সন্নিপাতেন যথোক্তমপি নির্দ্দিশেৎ। কৃষ্ণানি চিত্রাণ্যথবা শূকানি সবিষাণি বা। পাতিতানি পচন্ত্যাশু মেঢ্রং নিরবশেষতঃ। কালানি ভূত্বা মাংসানি শীর্য্যন্তে যস্য দেহিনঃ। সন্নিপাতসমুত্থাংস্তু তান্ বিদ্যাত্তিলকালকান্। তত্র মাংসার্ব্বুদং যচ্চ মাংসপাকশ্চ যঃ স্মৃতঃ। বিদ্রধিশ্চ ন সিধ্যন্তি যে চ স্যুস্তিলকালকাঃ।

বিদ্রধিরোগে নানা প্রকার বেদনা বর্ণ ও লক্ষণযুক্ত যে সান্নিপাতিক বিদ্রধি উক্ত হইয়াছে শূকদোষে তদ্রূপ ব্যাধি উৎপন্ন হইলে উহাকে বিদ্রধি কহে। কৃষ্ণ অথবা নানা বর্ণ বিশিষ্ট বিষাক্ত শূক প্রয়োগ করিলে সমুদয় মেঢ্র শীঘ্র পচিয়া যায় এবং মাংস কাল হইয়া গলিয়া পড়ে এই সান্নিপাতিক রোগকে তিলকালক কহে। উপরোক্ত অষ্টাদশ প্রকার শূকদোষের মধ্যে মাংসার্ব্বুদ, মাংসপাক, বিদ্রধি এবং তিলকালকনামা ব্যাধিচতুষ্টয় অসাধ্য (১)।

অথ কুষ্ঠনিদানং।

বিরোধীন্যন্নপানানি দ্রবস্নিগ্ধগুরূণি চ। ভজতামাগতাং ছর্দ্দিং বেগাংশ্চান্যান্ প্রতিঘ্নতাং। ব্যায়ামমতি সন্তাপ মতিভুক্‌। নিষেবিণাং।

---

(১) পূর্ব্বকালে লিঙ্গবৃদ্ধি করিবার নিমিত্ত নানাপ্রকার ঔষধ ব্যবহার হইত, তন্মধ্যে শূক প্রয়োগ বিশেষ প্রসিদ্ধ ছিল। শূক একপ্রকার জলমলসম্ভব বিষকীট বিশেষ।

প্রকারকে ক্ষুদ্রকুষ্ঠ কহে। সর্ব্ব প্রকার কুষ্ঠরোগ ত্রিদোষজনিত, কেবল দোষের উল্বণতাহেতু পৃথক্ দ্বন্দ্ব এবং সান্নিপাতিক ভেদে সপ্ত প্রকার হইয়া থাকে। কুষ্ঠ প্রকাশ হইবার পূর্ব্বে চর্ম্ম বিবর্ণ অতিমসৃণ অথবা খর স্পর্শ এবং অতিশয় স্বেদ যুক্ত কিম্বা স্বেদ বিহীন হয়, উহাতে কণ্ডূ দাহ স্পর্শাজ্ঞাপ্তি সূচীবিদ্ধবৎ বেদনা এবং কোঠের উৎপত্তি হয়, দৈবাগত ব্রণ সমূহের শীঘ্র উৎপত্তি অতিশয় শূল, দীর্ঘকাল স্থিতি অল্প কারণে বৃদ্ধি এবং অঙ্কুর সকল রুক্ষ হয়, রোগীর ভ্রম অকস্মাৎ রোমহর্ষ এবং রক্ত কৃষ্ণবর্ণ হয়।

কৃষ্ণারুণ কপালাভং যদ্রূক্ষং পরুষং তনু। কাপালং তোদবহুলং তৎকুষ্ঠং বিষমং স্মৃতং॥ রুগ্দাহরাগ কণ্ডুভিঃ পরীতং রোমপিঞ্জরং। উডুম্বর-ফলাভাসং কুষ্ঠমৌডুম্বরং বদেৎ। শ্বেতং রক্তং স্থিরং স্ত্যানং স্নিগ্ধমুৎসন্ন মণ্ডলং। কৃচ্ছ্রমন্যোন্য সংযুক্তং কুষ্ঠং মণ্ডল মুচ্যতে। কর্কশং রক্তপর্য্যন্ত মন্তঃশ্যাবং সবেদনং। যদৃষ্যজিহ্বা সংস্থান মৃষ্যজিহ্বং তদুচ্যতে। সশ্বেতং রক্তপর্য্যন্তং পুণ্ডরীকদলোপমং। সোৎসেধঞ্চ সরাগঞ্চ পুণ্ডরীকং তদুচ্যতে। শ্বেতং তাম্রং তনু চ যদ্রজো ঘৃষ্টং বিমুঞ্চতি। প্রায়শোরসি তৎসিধ্মমলা-বুকুসুমোপমং।

সপ্ত প্রকার মহাকুষ্ঠের লক্ষণ নিম্নরূপ লিখিত আছে, যথা কাপাল কুষ্ঠে চর্ম্মের উপর খাপরাভাঙ্গা অর্থাৎ খোলা কাটির ন্যায় কৃষ্ণারুণবর্ণ, রুক্ষ, খরস্পর্শ তনু এবং অতিশয় বেদনা যুক্ত চিহ্ন সমূহের উৎপত্তি হয়, এই রোগ অসাধ্য। ঔডুম্বর কুষ্ঠে উডুম্বর ফল সদৃশ রক্তবর্ণ এবং বেদনা দাহ ও কণ্ডুযুক্ত হয় এবং উহার উপরিস্থিত রোম কপিলবর্ণ হইয়া যায়। মণ্ডল কুষ্ঠে শ্বেত, কখন বা রক্তবর্ণ, কঠিন, আর্দ্র এবং স্নিগ্ধ হয়, উচ্চমণ্ডলাকারে উত্থিত হয় এবং অন্যান্য কুষ্ঠের সহিত মিলিত থাকে, ইহা অতি কষ্টসাধ্য। ঋষ্যজিহ্ব কুষ্ঠ কর্কশ বেদনাযুক্ত এবং ঋষ্যনামা হরিণের জিহ্বাকৃতি হইয়া থাকে, ইহাদের অন্তর কৃষ্ণবর্ণ এবং চতুঃপার্শ্ব রক্তবর্ণ দৃষ্ট হয়। পুণ্ডরিকা কুষ্ঠে উৎপন্ন মণ্ডল সমূহ রক্তপদ্মদলের ন্যায় মধ্যে রক্তবর্ণ এবং চতুঃপার্শ্বে শ্বেত রক্তবর্ণ হইয়া থাকে। সিধ্ম কুষ্ঠে শুষ্ক, তনু এবং অল্প

পুষ্পের সদৃশ শ্বেত, তাম্রবর্ণ চিহ্ন সমূহ প্রকাশিত হয়, ঘর্ষণ করিলে উহাদের উপর হইতে ধূলি সদৃশ গুঁড়া নির্গত হয়, এই রোগ প্রায় বক্ষঃস্থলে হয়। সিধ্ম (১)।

> কাকণন্তিকাবর্ণং সপাকং তীব্রবেদনং। ত্রিদোষলিঙ্গং তৎকুষ্ঠং কাকণং নৈব সিধ্যতি। অস্বেদনং মহাবাস্তু যন্মৎস্যশকলোপমং। তদেককুষ্ঠং চর্ম্মাখ্যং বহলং হস্তিচর্ম্মবৎ। শ্যাবং কিণখরস্পর্শং পরুষং কিটিভং স্মৃতং। বৈপাদিকং পাণিপাদস্ফুটনং তীব্রবেদনং। কণ্ডূমদ্ভিঃ সরাগৈশ্চ গণ্ডৈরলসকং চিতং। সকণ্ডূরাগপিড়কং দদ্রুমণ্ডলমুদ্গতং। রক্তং সশূলং কণ্ডূমৎ সস্ফোটং যদ্দলত্যপি। তচ্চর্ম্মদলমাখ্যাতং সংস্পর্শাসহমুচ্যতে। সূক্ষ্মা বহ্ব্যঃ পিড়কাঃ স্রাববত্যঃ পামেত্যুক্তাঃ কণ্ডূমত্যঃ সদাহাঃ। সৈব স্ফোটৈস্তীব্রদাহৈরুপেতা জ্ঞেয়া পাণ্যোঃ কচ্ছুরুগ্রা স্ফিচোশ্চ। স্ফোটাঃ শ্যাবারুণাভাসা বিস্ফোটাঃ স্যুস্তনুত্বচঃ। রক্তং শ্যাবং সদাহার্ত্তি শতারুঃ স্যাদ্বহুব্রণং। সকণ্ডূপিড়কা শ্যাবা বহুস্রাবা বিচর্চ্চিকা।

কাকণক কুষ্ঠে চিহ্ন সকল তীব্র বেদনাযুক্ত হয় ও পাকে, ইহাদের বর্ণ কাকণন্তিকার ন্যায় মধ্যে কৃষ্ণ এবং পার্শ্বে রক্তবর্ণ অথবা মধ্যে রক্ত ও পার্শ্বে কৃষ্ণ হয়, এই রোগ ত্রিদোষজ এবং অসাধ্য। এক্ষণে একাদশ ক্ষুদ্রকুষ্ঠের বিষয় লিখিত হইতেছে। এক কুষ্ঠ রোগে ত্বকের উপর মৎস্যশল্ক সদৃশ চিহ্ন সকল প্রকাশ পায় এবং অস্বেদন হয়। চর্ম্মকুষ্ঠে ত্বক্ হস্তিচর্ম্মবৎ স্থূল হয়, এই ব্যাধি বহুল স্থান ব্যাপিয়া প্রকাশ পায়। কিটিভ কুষ্ঠ শ্যাববর্ণ পরুষ এবং কিণ অর্থাৎ ক্ষত চিহ্নের ন্যায় খরস্পর্শ। বৈপাদিক কুষ্ঠে হস্ত এবং পদতল স্ফুটিত অর্থাৎ ফাটিয়া ক্ষত বিক্ষত হয় এবং সর্ব্বদা তীব্রবেদনা যুক্ত থাকে। অলসক কুষ্ঠে কণ্ডূযুক্ত রক্তবর্ণ স্ফোটক সমূহ বহির্গত হয়। দদ্রুকুষ্ঠে কণ্ডূযুক্ত রক্তবর্ণ উদ্গত পিড়কা মণ্ডলাকারে

---

১ সিধ্মকুষ্ঠ দ্বিবিধ যথা অবগাঢ় মূল এবং অনবগাঢ়মূল যে সিধ্ম স্থির থাকে তাহা অবগাঢ় মূল ও যেসিধ্ম বিসর্পণ করে তাহা অনবগাঢ় অর্থাৎ চর্ম্মগত জানিবে। সুশ্রুত অবগাঢ় সিধ্মকে মহাকুষ্ঠ এবং ত্বক্‌গতকে বিসর্পণ বা ক্ষুদ্রকুষ্ঠ কহেন।

প্রকাশ হয়। চর্ম্মদল কুষ্ঠে স্ফোটক সমস্ত রক্তবর্ণ বেদনা ও কণ্ডুযুক্ত এবং স্পর্শাসহ হয়, ইহারা ত্বরায় পাকিয়া পূয নির্গত করে। পামাকুষ্ঠে পিড়কাসকল সূক্ষ্ম বহুসংখ্যক এবং কণ্ডু ও দাহ যুক্ত হয়, ইহা অতিশয় স্রাব নির্গত করে। কচ্ছু কুষ্ঠে হস্তদ্বয় এবং নিতম্বে তীব্র বেদনাযুক্ত পামার সদৃশ স্ফোটক প্রকাশ হয়। বিস্ফোট কুষ্ঠে শ্যাবারুণবর্ণ স্ফোটক নির্গত-হয়, উহার চর্ম্ম অতি পাতলা হইয়া থাকে। শতারুক কুষ্ঠে রক্ত শ্যাববর্ণ দাহ-যুক্ত বহুসংখ্যক ব্রণের উৎপত্তি হয়। বিচর্চ্চিকানামে আর এক প্রকার চর্ম্মরোগ কথিত আছে। ইহাতে শ্যাববর্ণ কণ্ডুযুক্ত এবং প্রচুরস্রাবী পিড়কা প্রকাশ হয়। এই কুষ্ঠ হস্ত ও পাদদ্বয়ে হইয়া থাকে, পাদস্থিত বিচর্চ্চিকা বিদীর্ণ হইলে বৈপাদিক কহায়ায়, এই জন্য ইহা সঙ্খ্যা মধ্যে গণ্য নহে।

খরং শ্যাবারুণং রুক্ষং বাতকুষ্ঠং সবেদনং। পিত্তাৎ প্রকুপিতং দাহ রাগাস্রাবান্বিতং মতং। কফাৎ ক্লেদিঘনং স্নিগ্ধং সকণ্ডু শৈত্যগৌরবং। দ্বিলিঙ্গং দ্বন্দ্বজং কুষ্ঠং ত্রিলিঙ্গং সান্নিপাতিকং। ত্বকস্থে বৈবর্ণ্যমঙ্গেষু কুষ্ঠে রৌক্ষ্যঞ্চ জায়তে। ত্বকস্বাপোরোমহর্ষশ্চ স্বেদস্যাতি প্রবর্তনং। কণ্ডু র্বিপূয়কশ্চৈব কুষ্ঠে শোণিতসংশ্রিতে। বাহুল্যং বক্ত্রশোষশ্চ কার্কশ্যং পীড়কোদ্গমঃ। তোদঃ স্ফোটঃ স্থিরত্বঞ্চ কুষ্ঠে মাংসসমাশ্রিতে। কৌণ্যং গতিক্ষয়োঽঙ্গানাং সংভেদঃ ক্ষতসর্পণং। মেদঃ স্থানগতে লিঙ্গং প্রাগুক্তানি তথৈব চ। নাসাভঙ্গোঽক্ষিরাগশ্চ ক্ষতেষু ক্রিমি সম্ভবঃ। স্বরোপ-ঘাতশ্চ ভবেদস্থিমজ্জসমাশ্রিতে। দম্পত্যোঃ কুষ্ঠবাহুল্যাদ্ দুষ্টশোণিত শুক্রযোঃ। যদপত্যং তয়োর্জাতং জ্ঞেয়ং তদপি কুষ্ঠিতং।

কুষ্ঠরোগে দোষত্রয়ের উল্বণতা হেতু যে যে বিশেষ বিশেষ লক্ষণ দৃষ্ট হয তাহা এক্ষণে কথিত হইতেছে। বাতোল্বণ কুষ্ঠ খরস্পর্শ রুক্ষ শ্যাব কখন বা অরুণবর্ণ এবং বেদনাযুক্ত হয়। পিত্তজকুষ্ঠ রক্তাকার এবং দাহ ও দুর্গন্ধস্রাবযুক্ত হয়। কফজাত কুষ্ঠ স্নিগ্ধ কণ্ডু বিশিষ্ট, শীতল গুরু এবং ঘনক্লেদযুক্ত হয়। দ্বন্দ্বজ কুষ্ঠে দ্বিদোষের লক্ষণ এবং সান্নিপাতিক কুষ্ঠে মিলিত ত্রিদোষের লক্ষণদৃষ্ট হয়। কুষ্ঠরোগ ধাতুগত হইলে অর্থাৎ সপ্তধাতুর অন্যতর ধাতুসংশ্রিত হইলে যে সকল লক্ষণ দৃষ্ট হয়, তাহা এক্ষণে

ক্রমান্বয়ে কথিত হইতেছে। রসগত কুষ্ঠরোগে অঙ্গের বিবর্ণতা ও রুক্ষতা, রোমহর্ষ ত্বকের স্পর্শজ্ঞানাপ্তি এবং অতিশয় ঘর্ম্ম হয়। রক্তাশ্রিতকুষ্ঠে কণ্ডু এবং পূয় সঞ্চার হয়। মাংসগতকুষ্ঠে অতিশয় মুখশোষ, শরীরের পরুষতা এবং চর্ম্মের উপর স্থির বেদনাযুক্ত স্ফোটকাচিত পিড়কার উৎপত্তি হয়। মেদগত-কুষ্ঠে রোগীর অঙ্গ সমূহে ক্ষত হয় এবং ঐ ক্ষত সর্ব্বত্র বিসর্পণকরে, অঙ্গুলি-সকল খসিয়া পড়ে এবং গমনাগমনের ব্যাঘাত হয়। রসরক্ত ও মাংসগতকুষ্ঠের লক্ষণ সমূহও ইহাতে দৃষ্ট হয়। অস্থি এবং মজ্জসমাশ্রিত কুষ্ঠে নাসিকাভঙ্গ এবং অক্ষি রক্তবর্ণ হয়, ক্ষতস্থানে ক্রিমিজন্মায় এবং স্বরভঙ্গ হয়। শুক্রগত কুষ্ঠরোগে মাতা পিতার রক্ত ও শুক্র, বাহুল্যরূপে দূষিত হইয়া সন্তান উৎপত্তি হইলে সেই সন্তান কুষ্ঠরোগগ্রস্ত হইবে।

> সাধ্যং ত্বগ্রক্তমাংসস্থং বাতশ্লেষ্মাধিকঞ্চ যৎ। মেদসি দ্বন্দ্বজং যাপ্যং
> বর্জ্জ্যংমজ্জাস্থিসংশ্রিতং। ক্রিমিতৃড়্দাহমন্দাগ্নিসংযুক্তং যৎত্রিদোষজং।
> প্রভিন্নং প্রস্রুতাঙ্গঞ্চ রক্তনেত্রং হতস্বরং। পঞ্চকর্ম্মগুণাতীতং কুষ্ঠং
> হন্তীহমানবং।

ত্বক্ রক্ত ও মাংসগত এবং বাত ও শ্লেষ্মাপ্রধান কুষ্ঠ সাধ্য। মেদোগত ও দ্বন্দ্বজ কুষ্ঠ যাপ্য এবং মজ্জা ও অস্থিগত কুষ্ঠ অসাধ্য। ক্রিমি তৃষ্ণা দাহ এবং মন্দাগ্নি বিশিষ্ট ত্রিদোষজাত কুষ্ঠ ও অসাধ্য। যে কুষ্ঠে রোগীর অঙ্গ বিদীর্ণ এবং গলিত হয়, নেত্র রক্তিমাবর্ণ ও স্বরভঙ্গ হয় এবং যে রোগী বমন বিরেচনাদি পঞ্চকর্ম্মের বহির্ভূত হয় অর্থাৎ ঐ সকল ক্রিয়া দ্বারা উপকৃত হয় না, তাহার মৃত্যু হয়।

> বাতেন কুষ্ঠং কাপালং পিত্তেনৌডুম্বরং কফাৎ। মণ্ডলাখ্যং বিচর্চী চ
> ঋষ্যাখ্যং বাতপিত্তজং। চর্ম্মৈক কুষ্ঠং কিটিমংসিধ্মালসক বিপাদিকাঃ।
> বাতশ্লেষ্মোদ্ভবাঃ শ্লেষ্মপিত্তাদ্দদ্রু শতারুষী। পুণ্ডরীকং সবিস্ফোটং পামা-
> চর্ম্মদলং তথা। সর্বৈঃ স্যাৎকাকণং পূর্ব্ব ত্রিকং দদ্রু সকাকণং।
> পুণ্ডরীকর্ষ্যজিহ্বা চ মহাকুষ্ঠানি সপ্ত তু।

এক্ষণে চিকিৎসার্থ উপরোক্ত অষ্টাদশ কুষ্ঠের বাতাদি দোষ অনুবন্ধ কথিত হইতেছে। কপালকুষ্ঠ বাতজনিত, উড়ুম্বর পিত্তজ, মণ্ডল ও বিচর্চ্চিকা

কফজ, ঋষ্যজিহ্ব বাতপিত্তজ, চর্ম্মকুষ্ঠ এককুষ্ঠ, কিটিম, সিধ্ম, অলসক এবং বিপাদিকা কুষ্ঠ বাতশ্লেষ্মোদ্ভব, দদ্রু, শতারুষী. পুণ্ডরীক, বিস্ফোটক, পামা, ও চর্ম্মদল, শ্লেষ্মপিত্তজ এবং কাকণকুষ্ঠ ত্রিদোষজনিত। কপাল, উডুম্বর, মণ্ডল পুণ্ডরীক, ঋষ্যজিহ্ব, সিধ্ম এবং কাকণ এই সপ্ত কুষ্ঠকে মহাকুষ্ঠ কহে (১)।

> কুষ্ঠৈক সম্ভবং শ্বিত্রং কিলাসং বারুণং ভবেৎ। নির্দ্দিষ্টমপরিস্রাবি ত্রিধাতূদ্ভব সংশ্রয়ং। বাতাদ্রুক্ষারুণং পিত্তাত্তাম্রং কমলপত্রবৎ। সদাহং রোম বিধ্বংসি কফাচ্ছ্বেতং ঘনং গুরু। সকণ্ডূরং ক্রমাদ্রক্তমাংস মেদঃ সুচাদিশেৎ। বর্ণৈনৈবেদৃগুভয়ং কৃচ্ছ্রং তচ্চোত্তরোত্তরং। অশুক্লরোমবহুল মসংশ্লিষ্টং মিথো নবং। অনগ্নি দগ্ধজং সাধ্যং শ্বিত্রং বর্জ্জ্যমতোঽন্যথা। গুহ্যপাণিতলৌষ্ঠেষুজাতমপ্যচিরন্তনং। বর্জ্জনীয়ং বিশেষণ কিলাসং সিদ্ধিমিচ্ছতা।

কিলাস নামে আর একটী চর্ম্ম রোগ কথিত আছে। যে সকল কারণ হইতে কুষ্ঠ রোগ উৎপন্ন হয়, কিলাসও সেই সকল কারণ জনিত হইয়া থাকে। শ্বিত্র, দারুণ এবং অরুণ ভেদে তিন প্রকার কিলাস বর্ণিত আছে, ইহারা অস্রাবী অর্থাৎ মহাকুষ্ঠের ন্যায় ক্ষত ও স্রাব যুক্ত হয় না, বাতজনিত কিলাস রুক্ষ এবং অরুণ বর্ণ, পৈত্তিক কিলাস কমলপত্রবৎ তাম্র বর্ণ, দাহ-বিশিষ্ট ও রোমবিধ্বংসী এবং শ্লৈষ্মিক কিলাস শ্বেতবর্ণ, ঘন, গুরু ও কণ্ডুযুক্ত হয়। উপরোক্ত তিন প্রকার বর্ণ অর্থাৎ অরুণ, তাম্র ও শ্বেতবর্ণদ্বারা যথা-ক্রমে রক্ত মাংস এবং মেদসংশ্রিত কিলাস নির্ণয় করিবে। রক্ত এবং মাংসগত কিলাস কৃচ্ছ্রসাধ্য। শ্বিত্রকিলাস দুই প্রকার হইয়া থাকে, যথা দোষজনিত এবং ব্রণজ অর্থাৎ ক্ষত বা অগ্নিদগ্ধ জনিত। যে শ্বিত্র কিলাসে বহুসংখ্যক কৃষ্ণবর্ণ রোম বর্ত্তমান থাকে, যাহার চিহ্ন সমূহ পরস্পর অসংশ্লিষ্ট হয়, অথবা যাহা অগ্নিদগ্ধ হইতে উৎপন্ন হয় নাই এবং নবো-

---

(১) মূলশ্লোকে সিধ্মস্থানে দদ্রু পঠিত হইয়াছে, কিন্তু সপ্ত প্রকার মহাকুষ্ঠের বিবরণে সিধ্মের লক্ষণ লিখিত আছে, দদ্রুর উল্লেখ নাই। সুশ্রুতে দদ্রু মহা-কুষ্ঠে উক্ত হইয়াছে, চরকে ক্ষুদ্র কুষ্ঠ মধ্যে। অনবগাঢ় মূল সিধ্মকে Pityriasis versicoler বলে।

থিত, তাহা সুসাধ্য, ইহার অন্যথা হইলে অসাধ্য জানিবে। গুহ্যদেশে, ওষ্ঠে এবং হস্ততলের নবোত্থিত শ্বিত্রকেও যশোভিলাষী বৈদ্য ত্যাগ করিবে।

প্রসঙ্গাদ্গাত্রসংস্পর্শান্নিঃশ্বাসাৎ সহ ভোজনাৎ। একশয্যাসনাচ্চৈব বস্ত্রমাল্যানুলেপনাৎ। কুষ্ঠং জ্বরশ্চ শোষশ্চ নেত্রাভিষ্যন্দ এব চ। ঔপসর্গিকরোগাশ্চ সংক্রামন্তি নরান্নরং।

মৈথুন, গাত্রসংস্পর্শ, নিশ্বাষ, বায়ুগ্রহণ, একত্রভোজন, একশয্যায় শয়ন, বা উপবেসন, অথবা দূষিত বস্ত্র বা মাল্য পরিধান হেতু সংক্রামক রোগসমূহ একব্যক্তি হইতে অন্যব্যক্তিকে আক্রমণ বা দূষিত করে। কুষ্ঠ জ্বর, রাজযক্ষ্মা, নেত্রাভিষ্যন্দ এবং পাপজনিত রোগ সকল সংক্রামক বলিয়া কথিত আছে (১)।

(১) সপ্তপ্রকার মহাকুষ্ঠে নানাবর্ণের ও আকৃতির টিউবারকিউলার লেপ্রসির বর্ণনা অনুভব হয় অনবগাঢ় মূল সিধ্মকে Pityriasis verso color কহে। ক্ষুদ্র কুষ্ঠ সমূহ যে যে ইংরাজি চর্ম্মরোগের সহিত ঐক্য হয় তাহা নিম্নে লিখিত হইল।

এককুষ্ঠ	ইকথিওসিস্	Icthyosis
চর্ম্মকুষ্ঠ বাগচর্ম্ম হাইপারট্রপি অফ্ স্কিন		Hypertrophy of Skin
কিটিম	কিলয়েড … …	Keloid
বৈপাদিক সোরায়াসিস্ অফ ফুট		Psoriasis of foot
অলসক	লিকেন … …	Lichen
দদ্রু	রিংওয়ারম্ … …	Ringworm
চর্ম্মদল	ইম্পেটিগো … …	Impetigo
পামা	একজিমা … …	Eczema
কচ্ছু	স্কেবিস্ … …	Scabies
বিস্ফোট	বএল … …	Boil
শতারুষী	ফারাঙ্কল … …	Furuncle
বিচর্চ্চিকা	সোরায়াসিস্ … …	Psoriasis
কিলাস	লিউকোডার্মা … …	Leucoderma

নিদান।

গ্রন্থারম্ভ।

প্রণম্য জগদুৎপত্তিস্থিতিসংহারকারণং। স্বর্গাপবর্গয়োর্দ্বারং ত্রৈলোক্যশরণং শিবং ॥ নানা মুনীনাং বচনৈরিদানীং সমাসতঃ সদ্ভিষজাং নিয়োগাৎ। সোপদ্রবারিষ্ট নিদানলিঙ্গো নিবধ্যতে রোগ বিনিশ্চয়োঽয়ং ॥ নানাতন্ত্রবিহীনানাং ভিষজামল্পমেধসাং। সুখং বিজ্ঞাতু মাতঙ্ক ময়মেব ভবিষ্যতি ॥

জগতের উৎপত্তি, স্থিতি ও সংহারের কারণস্বরূপ এবং স্বর্গ ও মোক্ষের দ্বারস্বরূপ ত্রিলোকের রক্ষক মহাদেবকে প্রণাম করিয়া, ইদানীং চিকিৎসকদিগের উপকারার্থে নানামুনির বচন হইতে সংক্ষেপে এই রোগবিনিশ্চয় নামা গ্রন্থ (১) আমি সংগ্রহ করিতেছি। ইহাতে রোগ সমূহের কারণ, লক্ষণ, উপদ্রব ও অরিষ্ট অর্থাৎ মৃত্যুর পূর্ব্বলক্ষণ সমূহ লিখিত হইবে। ইহাদ্বারা অল্প-বুদ্ধি-বিশিষ্ট ও নানাশাস্ত্রানভিজ্ঞ চিকিৎসকদিগের অনায়াসে রোগ নির্ণয় করিবার জ্ঞান জন্মিবে।

নিদানং পূর্ব্বরূপাণি রূপাণ্যুপশয় স্তথা। সংপ্রাপ্তিশ্চেতি বিজ্ঞানং রোগানাং পঞ্চধা স্মৃতং ॥ নিমিত্ত হেত্বায়তন প্রত্যয়োত্থানকারণৈঃ। নিদানমাহুঃ পর্য্যায়ৈঃ প্রাগ্রূপং যেন লক্ষ্যতে ॥ উৎপিৎসুরাময়ো দোষবিশেষেণানধিষ্ঠিতঃ। লিঙ্গমব্যক্তমল্পত্বাদ্ব্যাধীনাং তদ্ যথাযথং ॥ তদেবব্যক্ততাং যাতংরূপমিত্যভিধীয়তে। সংস্থানং ব্যঞ্জনং লিঙ্গং লক্ষণং চিহ্নমাকৃতিঃ ॥ হেতু ব্যাধি বিপর্য্যস্ত বিপর্য্যস্তার্থকারিণাং। ঔষধান্ন বিহারাণামুপযোগং

---

(১) মাধবকর এই গ্রন্থের নাম রোগবিনিশ্চয় রাখিয়াছেন, কিন্তু সচরাচর ইহা নিদান নামে প্রসিদ্ধ।

সুখাবহং ॥ বিদ্যাদুপশয়ং ব্যাধেঃ সহিসাত্ম্যমিতি স্মৃতঃ। বিপরীতোঽনুপশয়ো ব্যাধ্যসাত্ম্যেতি সংজ্ঞিতঃ ॥ যথা দুষ্টেন দোষেণ যথা চানুবিসর্পতা। নির্বৃত্তিরাময়স্যাসৌ সংপ্রাপ্তির্জাতিরাগতিঃ ॥

রোগ নির্ণয় করিবার উপায় পঞ্চ প্রকার নির্দ্দিষ্ট আছে, যথা, নিদান, (১) পূর্ব্বরূপ, রূপ, উপশয় এবং সম্প্রাপ্তি। নিদানের অর্থাৎ ব্যাধিহেতুর অপর কএকটি পর্য্যায় ব্যবহৃত হইয়া থাকে, যথা, নিমিত্ত, হেতু, আয়তন, প্রত্যয়, উত্থান এবং কারণ। যে লক্ষণদ্বারা বাতাদি দোষসম্বন্ধ অনি-

(১) নিদান-শব্দে নিদান-গ্রন্থ এবং ব্যাধির হেতু, উভয়কেই বুঝায়। হেত্বর্থ নিদান চতুর্ব্বিধ, যথা, সন্নিকৃষ্ট, বিপ্রকৃষ্ট, ব্যভিচারি এবং প্রাধানিক। দিবা রাত্রি, ঋতু ও আহারের যথাযথ সময়ে যে দোষ প্রকোপ হয়, তাহাকে সন্নিকৃষ্ট অর্থাৎ নিকটবর্ত্তী কারণ কহে। ইহাতে অন্য কারণাদি অপেক্ষা না করিয়াও রোগ উৎপন্ন হইতে পারে, যথা, দিবসের প্রথম দশদণ্ড কাল পর্য্যন্ত কফ প্রকুপিত থাকে, মধ্যদশদণ্ডে পিত্ত এবং অপরাহ্ন দশদণ্ডে বায়ু প্রকুপিত হয়। ঋতুর মধ্যে শিশির ও বর্ষাকালে বায়ুর, গ্রীষ্ম ও শরৎকালে পিত্তের, এবং বসন্ত ও হিমকালে কফের প্রকোপ হয়। এইরূপ, ভোজনের প্রথমাংশে কফ, পাকাবস্থায় পিত্ত এবং পাকশেষে বায়ু প্রকুপিত হয়।

বিপ্রকৃষ্ট অর্থাৎ দূরস্থিত কারণ, যেমন হেমন্তে সঞ্চিত শ্লেষ্মা, বসন্তাগমনে কফরোগ জন্মায় ইত্যাদি। ব্যভিচারি, নিষ্ফল অর্থাৎ যে কারণ দুর্ব্বলতাহেতু স্বয়ং রোগ উৎপন্ন করিতে অসমর্থ। প্রাধানিক অর্থাৎ সদ্যঃফলদায়ক, যথা, বিষাদিপ্রয়োগ। নিদান অন্য ত্রিবিধ প্রকারেও বিভক্ত হইয়াছে, যথা, অসাত্ম্যেন্দ্রিয়ার্থসংযোগ, প্রজ্ঞাপরাধ এবং পরিণাম। অসাত্ম্যেন্দ্রিয়ার্থসংযোগ অর্থাৎ ইন্দ্রিয়ের সেবনীয় বস্তুর অযোগ, অতিযোগ, বা মিথ্যাযোগ, যেমন দর্শনেন্দ্রিয়ের অযোগহেতু আলোকাদর্শন, অতিযোগহেতু বহুক্ষণ সূর্য্যদর্শন, মিথ্যাযোগহেতু অল্পাদর্শন ইত্যাদি কারণে যে অক্ষিরোগ জন্মে, তাহাকেই অসাত্ম্যেন্দ্রিয়ার্থসংযোগ নিদান কহে। বুদ্ধি ধৈর্য্য স্মৃতি প্রভৃতি নষ্ট হইয়া, অশুভকর্ম্ম করিলে. যে রোগ উৎপন্ন হয়, তাহাকে প্রজ্ঞাপরাধ নিদান কহে। পাপাচার হইতে যে রোগ জন্মে, তাহাও এই শ্রেণীভুক্ত। ঋতুসমূহের অস্বাভাবিক শীতউষ্ণতাদি দ্বারা যে রোগ জন্মে তাহাকে পরিণাম নিদান কহে। বাহ্য ও আভ্যন্তরভেদে ব্যাধির কারণ. আর দুই প্রকারে বিভক্ত আছে, যথা, বাহ্যকারণ আহার আচার কালাদি এবং আভ্যন্তর অর্থাৎ শরীরাভ্যন্তরস্থিত, বায়ু পিত্ত কফ রস রক্তাদি। এতদতিরিক্ত অন্যান্য আর কয়েকপ্রকার নিদান গ্রন্থকারেরা লিখিয়াছেন, কিন্তু বাহুল্যশঙ্কায় তাহা এস্থলে উক্ত হইল না।

র্দ্দিষ্ট আময়ের অর্থাৎ যে ব্যাধি জন্মিবে, তাহার জ্ঞান হয়, তাহাকে পূর্ব্বরূপ কহে। যখন উৎপন্ন ব্যাধির অল্পত্ব হেতু দোষবিশেষের ঈষৎ ব্যক্ত লক্ষণ মাত্র দৃশ্য হয় তখন তাহাকে বিশিষ্ট পূর্ব্বরূপ কহাযায় (১)। ঐ অব্যক্ত লক্ষণগুলি স্পষ্টরূপে ব্যক্ত হইলে রূপ কহে। রূপের অন্যান্য পর্য্যায় সংস্থান, ব্যঞ্জন, লিঙ্গ, লক্ষণ, চিহ্ন ও আকৃতি। ব্যাধি এবং হেতুর বিপরিতকারী এবং হেতুর সমানধর্ম্ম হইয়া উহাদের বিপরীতকারী অর্থাৎ বিনাশকারী যে ঔষধ, অন্ন বিহারাদির আরোগ্যকর কার্য্য, তাহাকে উপশয় কহে (২)। ইহার আর একটী নাম সাত্ম্য অর্থাৎ আত্মার হিতকর। ঐ

---

(১) পূর্ব্বরূপ দ্বিবিধ সামান্য এবং বিশিষ্ট। বায়ুপিত্তাদিদোষ বিশেষ অনির্দ্দিষ্ট থাকিলে সামান্যপূর্ব্বরূপ কহে, যথা, শরীর অসুস্থ ও ক্লান্ত এবং কখন শীত কখন গ্রীষ্ম বোধ হইলে জ্বর হইবে, এই মাত্র বোধ হয়, কিন্তু কোন্ প্রকারের জ্বর হইবে, তাহা নিশ্চয় হয় না। আর যে দোষ প্রকুপিত হইয়া রোগ জন্মায়, তাহার অনুভব হইলে বিশিষ্ট পূর্ব্বরূপ কহে, যথা, শরীর অসুস্থ প্রভৃতি পূর্ব্বোক্ত লক্ষণের সহিত হাই উঠিলে, বাতজ্বর, চক্ষুজ্বালা করিলে পিত্তজ্বর এবং অন্নে অরুচি হইলে শ্লেষ্মজ্বর অনুভব করিবে।

(২) আহারবিহারাদির এবং ঔষধের বৈলক্ষণ্যহেতু রোগ জন্মে, এই জন্য তাহাদিগকে নিদান কহাযায়। কিন্তু আহারবিহারাদির এবং ঔষধের যথাযোগ্য প্রয়োগে ব্যাধি আরোগ্যও হয়, অতএব ইহাদিগের রোগোপশমকর কার্য্যকে উপশয় কহে। উপশয়-কার্য্য নানাপ্রকারে সাধিত হইয়া থাকে। কখন ব্যাধির হেতু নষ্ট করিয়া ইহারা রোগ উপশম করে, যথা, শীতকফজ্বরে, শুণ্ঠি আদি উষ্ণ ঔষধ, কফজ্বরের কারণ যে দুষ্ট শ্লেষ্মা, তাহা নষ্ট করিয়া জ্বর উপশম করে। কখন বা ইহারা ব্যাধিকে নষ্ট করে এবং কাজে কাজে উহার কারণীভূত দুষ্ট দোষাদিও নিবৃত্তি প্রাপ্ত হয়। যথা, অতীসারে সংগ্রাহী বা স্তম্ভনকারী ঔষধাদি রোগের কারণকে অলক্ষ্য করিয়া অতিসার দমন করে। এই উভয়প্রকার উপশমের প্রভেদে এই মাত্র লক্ষ্য হইবে যে যেসকল ঔষধান্নবিহারাদি এককালে রোগ নষ্ট করে, তাহারা হেতুকে নিয়তই নষ্ট করিবে। কিন্তু যাহারা হেতুর বিনাশকারী তাহারা যে, রোগের নিশ্চয় উপশমকারী হইবে, ইহা সার্ব্বত্রিক নহে। যথা, বমন এবং লঙ্ঘনদ্বারা কফ নষ্ট হয় বটে, কিন্তু ইহাদের প্রয়োগে, কফ গুল্ম আরোগ্য হয় না বরং চরকমতে গুল্মরোগে অনুপশয় বলিয়া লঙ্ঘন নিষিদ্ধ আছে। কখন বা ঔষধান্নবিহারাদি, নিদানের সমানধর্ম্মী অর্থাৎ যে কারণে রোগ হইয়াছে, সেই কারণের সমানগুণশালী হইয়া রোগ উপশম করে। যথা ছর্দ্দি বা বমন হইলে মদনফল

সকল ঔষধ অন্ন বিহারাদির বিপরীত অর্থাৎ রোগবৃদ্ধিকর কার্য্যকে অনুপশয় বা অসাত্ম্য কহে। যথাবিহিত কুপিত এবং বিমার্গগামী দোষদ্বারা সম্পূর্ণ রোগের উৎপত্তি হইলে তাহাকে সম্প্রাপ্তি, জাতি বা আগতি কহে [১]।

সংখ্যা বিকল্প প্রাধান্য বলকাল বিশেষতঃ। সাভিদ্যতে যথাত্রৈব বক্ষ্যন্তে-

ঽষ্টৌ জ্বরা ইতি ॥ দোষাণাং সমবেতানাং বিকল্পোঽংশাংশ কল্পনা।

প্রয়োগদ্বারা পুনর্ব্বার বৃদ্ধকার্য্যের ব্যবস্থা আছে। যেহেতু বহু শ্লেষ্মজ ছর্দ্দিতে বমন না করিলে রোগ কঠিন হইয়া দীর্ঘকাল স্থায়ী হয়। সেইরূপ অগ্নিদাহজ ক্ষততে উষ্ণ প্রলেপাদি হেতুর সমধর্ম্মী হইয়া উহার উপশম করে। কতকগুলি ঔষধান্নাদি, হেতু ও ব্যাধি উভয়ের নাশ করে, যথা, বাতশোথে দশমূলপাঁচন প্রসিদ্ধ, যেহেতু দশমূল বাতঘ্ন বটে এবং শোথকেও নষ্ট করে।

(১) ব্যাধি সকল চারিশ্রেণীতে বিভক্ত হইয়াছে, যথা, স্বাভাবিক, মানসিক, কায়িক এবং আগন্তুক। স্বাভাবিক যথা, জন্মান্ধ, জন্মবধির ইত্যাদি। মানসিক যথা, উন্মত্ত, প্রমত্ত প্রভৃতি। কায়িক যথা, জ্বরাতিসার প্রভৃতি। আগন্তুক যথা, ভূমিঘাতাদিজনিত ক্ষত ভগ্ন ইত্যাদি। মতান্তরে ব্যাধিসমূহ তিন শ্রেণীতে বিভক্ত যথা, কর্ম্মজ অর্থাৎ পাপ কর্ম্মাদিহেতুক যে রোগ জন্মে, দোষজ অর্থাৎ বায়ু পিত্ত কফ কুপিত হইয়া যে রোগ জন্মে, এবং উভয়জ অর্থাৎ কর্ম্ম এবং দোষ হইতে যে রোগ উৎপন্ন হয়। অপর ত্রিবিধপ্রকারেও রোগসকল বিভক্ত হইয়াছে যথা, সাধ্য, যাপ্য এবং অসাধ্য। সাধ্য রোগ অনায়াসে আরোগ্য হয়, যাপ্য চিকিৎসা দ্বারা সমতা পায়, কিন্তু বিনা চিকিৎসায় বৃদ্ধি পাইয়া প্রাণনাশ করে। অসাধ্যরোগ সুচিকিৎসিত হইলেও উপশমিত হয় না, কিন্তু সাধ্যরোগ অচিকিৎসিত থাকিলে, যাপ্য বা অসাধ্য হইতে পারে।

সামত্ব এবং নিরামত্ব ভেদে আর দুই রোগ প্রকার কথিত আছে। অগ্নির অল্পত্বহেতু রস অপক্ক থাকিয়া আমাশয় প্রাপ্ত হইলে, তাহাকে আম বা আমরস কহে। সেই আম রসদ্বারা দোষ অর্থাৎ বায়ুপিত্ত কফ এবং দূষ্য অর্থাৎ রস রক্ত মাংস মেদঃ অস্থি মজ্জা শুক্র এই সপ্ত ধাতু দূষিত হইয়া রোগ জন্মাইলে, সেই রোগকে সাম রোগ কহা যায়। কিন্তু যখন আম না জন্মিয়া অর্থাৎ আহারীয় রস পরিপক্ক হইয়া উহাদ্বারা দোষ কিম্বা ধাত্বাদি দূষিত হয় না, তখন রোগ নিরাম বলিয়া কথিত হয়। সাম বা অপক্ক রোগের সামান্য লক্ষণ যথা, স্রোতোবহা নাড়ী সকলের গতি অবরোধ, বলহ্রাস, ক্লান্তি, গাত্রভার, বায়ুস্তব্ধতা আলস্য, অপাক, অরুচি, মুখনাসিকার স্রাব ইত্যাদি। রোগী নিরাম হইলে উহার বিপরীত লক্ষণ দৃষ্ট হয়, যথা, জ্বর পক্ক বা নিরাম ও মৃদু, শরীর হাল্কা এবং মলমূত্র সরল হয় ইত্যাদি।

স্বাতন্ত্র্যপারতন্ত্র্যাভ্যাং ব্যাধেঃ প্রাধান্যমাদিশেৎ॥ হেত্বাদি কাৎর্স্ন্যাবয়বৈর্বলাবল বিশেষণং। নক্তং দিনর্ত্তুভুক্তাংশৈর্ব্যাধিকালো যথা মলং॥ ইতি প্রোক্তা নিদানার্থ স্তত্র্যাসেনোপদেক্ষ্যতে॥

সংখ্যা, বিকল্প, প্রাধান্য, বল এবং কালের বিশেষ বিশেষ অবস্থাভেদে সম্প্রাপ্তির ভেদ জানিবে। যথা, এস্থলে সংখ্যাভেদে অষ্ট প্রকার জ্বর কথিত হইবে। পরস্পর মিলিত বায়ু, পিত্ত ও কফের অংশাংশ বিবেচনাকে বিকল্প কহে। অর্থাৎ উপস্থিত রোগে, কার কতটা অংশ আছে এই কল্পনা করাকেই বিকল্প কহে। দোষ সমূহ স্বাতন্ত্র্য অর্থাৎ স্বয়ং বিকৃতি প্রাপ্ত হইয়া অথবা পারতন্ত্র্য অর্থাৎ অন্য দোষের বিকৃতিতে কুপিত হইয়া রোগ জন্মায়। এই প্রভেদ দ্বারাই রোগের প্রাধান্য এবং অপ্রাধান্য জানিবে। হেত্বাদি অর্থাৎ নিদান, পূর্ব্বরূপ, রূপ প্রভৃতির সাকল্য বা অসম্পূর্ণ অবস্থিতিদ্বারা রোগের বল এবং অবল নির্দ্দেশ করিবে। দিবা, রাত্রি, ঋতু ও আহারের কালভেদে বাতাদি দোষজনিত রোগের বৃদ্ধির কাল জানিবে, অর্থাৎ যে কালে যে দোষ স্বাভাবিক হেতুতে প্রকুপিত হয়, রোগসম্বন্ধে সেই কালে সেই দোষ কুপিত হইয়া রোগবৃদ্ধি করে।

সর্ব্বেষামেব রোগাণাং নিদানং কুপিতা মলাঃ। তৎপ্রকোপস্য চ প্রোক্তং বিবিধাহিতসেবনং। নিদানার্থকরো রোগো রোগস্যাপ্যুপজায়তে॥ তদ্যথা জ্বরসন্তাপাদ্রক্তপিত্ত মুদীর্য্যতে। রক্তপিত্তাজ্জ্বরস্তাভ্যাং শোষশ্চাপ্যুপজায়তে॥ প্লীহাভিবৃদ্ধ্যা জঠরং জঠরাচ্ছোথ এবচ। অর্শোভ্যো জঠরং দুঃখং গুল্মশ্চাপ্যুপজায়তে॥ প্রতীশ্যায়াদথো কাসঃ কাসাৎ সংজায়তে ক্ষয়ঃ। ক্ষয়োরোগস্য হেতুত্বে শোথশ্চাপ্যুপজায়তে॥ তে পূর্ব্বং কেবলা রোগাঃ পশ্চাদ্ধেত্বর্থকারিণঃ। কশ্চিদ্ধি রোগোরোগস্য হেতুর্ভূত্বা প্রশাম্যতি॥ ন প্রশাম্যতি চাপ্যন্যো হেতুত্বং কুরুতেঽপি চ। এবং কৃচ্ছ্রতমা নৃণাং দৃশ্যন্তে ব্যাধিসঙ্করাঃ॥ তস্মাদ্‌যত্নেন সদ্বৈদ্যৈরিচ্ছদ্ভিঃ সিদ্ধিমুদ্যতাং। জ্ঞাতব্যো বক্ষ্যতে যোঽয়ং জ্বরাদীনাং বিনিশ্চয়ঃ॥

কুপিত দোষ অর্থাৎ বায়ুপিত্ত কফ, সকল রোগের মূল। নানা প্রকার অহিতসেবনই ইহাদের কুপিত হইবার কারণ। একটি রোগও অপর একটী রোগের নিদান স্বরূপ হইতে পারে, যথা জ্বরের সন্তাপহেতু রক্তপিত্ত রোগ জন্মে, রক্তপিত্ত হইতে জ্বর এবং জ্বর ও রক্তপিত্ত হইতে রাজযক্ষ্মা উৎপন্ন হয়।

প্লীহার অতিবৃদ্ধি হইতে জঠর ও জঠর হইতে, শোথ জন্মে। অর্শঃ হইতে ক্লেশকর জঠর ও গুল্মরোগ হয়। পীনসরোগ হইতে কাস, কাসহইতে ক্ষয়রোগের উৎপত্তি, ক্ষয় এবং উরঃক্ষত রোগদ্বারা শোষ অর্থাৎ ধাতুক্ষয় উৎপন্ন হয়। এই সমস্ত ব্যাধি প্রথমতঃ একটি মাত্র প্রকাশিত হইয়া, পরে অপরাপর রোগের হেতুস্বরূপ হয়, কখন কখন একটী রোগ অন্য আর একটী রোগকে উৎপন্ন করিয়া স্বয়ং উপশম প্রাপ্ত হয়, কখন বা অন্যরোগ উৎপন্ন করিয়াও উপশম প্রাপ্ত হয় না। এইরূপ মিলিত রোগ সমূহ মনুষ্যের পক্ষে কৃচ্ছ্রসাধ্য, অতএব অনেক বিষয়ে সিদ্ধফলাভিলাষী সদ্‌বৈদ্যদিগের কর্ত্তব্য যে নিম্নলিখিত জ্বরাদিনিদান সমূহ যত্নের সহিত জ্ঞাত হন।

জ্বরনিদান।

দক্ষাপমান সংক্রুদ্ধঃ রুদ্রনিশ্বাসসম্ভবঃ। জ্বরোঽষ্টধা পৃথগ্‌দ্বন্দ্ব সংঘাতা-গন্তুজঃ স্মৃতঃ॥ মিথ্যাহারবিহারস্য দোষাহ্যামাশয়াশ্রয়াঃ। বহির্নিরস্য কোষ্ঠাগ্নিং জ্বরদাঃস্যুরসানুগাঃ॥

দক্ষরাজ কর্ত্তৃক অবমানিত মহাদেব ক্রোধান্বিত হইয়া যে নিশ্বাস ত্যাগ করেন তাহাহইতেই জ্বরের প্রথম উৎপত্তি হয়। পৃথগ্‌ দ্বন্দ্ব সান্নিপাতিক এবং আগন্তুভেদে অষ্টপ্রকার জ্বর কথিত আছে। পৃথক্‌ জ্বর তিন প্রকার যথা, বাতিক, পৈত্তিক ও শ্লৈষ্মিক। দ্বন্দ্বজ তিন প্রকার, যথা, বায়ুপিত্ত বাতশ্লেষ্ম এবং পিত্তশ্লেষ্ম জ্বর। সন্নিপাতজ অর্থাৎ মিলিত ত্রিদোষজনিত এবং আগন্তুজ অর্থাৎ অভিঘাতাদি জনিত। মিথ্যা আহার বিহারকারী মানবদিগের আমাশয়স্থিত দোষ সমূহ কোষ্ঠস্থিত অগ্নিকে বাহিরে নিক্ষেপ এবং রসকে দূষিত করিয়া জ্বর উৎপন্ন (১) করে।

---

(১) মাধবসংগ্রহে অষ্টপ্রকার জ্বরের একপ্রকার সম্প্রাপ্তিমাত্র পাওয়া যায়, কিন্তু সুশ্রুত মতে আগন্তু জ্বরের সম্প্রাপ্তি ভিন্ন রূপে নির্দ্দিষ্ট আছে, যথা, শ্রম, ক্ষয় এবং অভিঘাতাদি দ্বারা মনুষ্যদিগের বায়ু কুপিত হইয়া সর্ব্বদেহপূর্ণ করত ভয়ানক জ্বর উৎপন্ন করে। এস্থলে আমাশয়স্থিত বায়ু কুপিত না হইয়া সার্ব্বাঙ্গিক ও স্রোতোশ্চর বায়ু ঊর্দ্ধ অধঃ এবং তির্য্যগ্‌গতি অবলম্বন করে। এই জ্বর আদৌ ব্যথা হইতে উৎপন্ন হইয়া পরে দোষ অনুবদ্ধ হয়।

স্বেদাবরোধঃ সন্তাপঃ সর্ব্বাঙ্গ গ্রহণন্তথা। যুগপদ্‌যত্র রোগে চ স জ্বরো ব্যপদিশ্যতে॥ শ্রমোঽরতির্বিবর্ণত্বং বৈরস্যং নয়নপ্লবঃ। ইচ্ছাদ্বেষৌ মুহুশ্চাপি শীতবাতাতপাদিষু॥ জৃম্ভাঙ্গমর্দ্দো গুরুতা রোমহর্ষোঽরুচিস্তমঃ। অপ্রহর্ষশ্চ শীতঞ্চ ভবত্যুৎপৎস্যতি জ্বরে॥ সামান্যতো বিশেষেণ জৃম্ভাত্যর্থং সমীরণাৎ। পিত্তান্নয়নযোর্দ্দাহঃ কফাদন্নারুচির্ভবেৎ॥ রূপৈরন্যতরাভ্যান্তু সংসৃষ্টৈ র্দ্বন্দ্বজং বিদুঃ। সর্ব্বনমলিঙ্গঞ্চ সর্ব্বদোষ প্রকোপজে॥

যে রোগে ঘর্ম্মরোধ, সন্তাপ, এবং সর্ব্বাঙ্গে বেদনা একত্র দৃষ্ট হয়, তাহাকে জ্বর কহে। নিম্নলিখিত লক্ষণ সমূহ জ্বরের সামান্য পূর্ব্বরূপ বলিয়া উক্ত আছে যথা, শ্রমবোধ, চিত্তের অস্থিরতা, গাত্রের বিবর্ণতা, মুখের বিরসতা, অশ্রুপূর্ণ চক্ষুদ্বয়, শীতল ও উষ্ণ বস্তুতে এবং বায়ুতে কখন ইচ্ছা কখন দ্বেষ, হাই, অঙ্গবেদনা, শরীরের গুরুত্ব, রোমহর্ষ, অরুচি, অন্ধকারে প্রবিষ্ট বোধ, বিষন্নতা এবং শীত বোধ। অত্যন্ত জৃম্ভাদ্বারা বাতজ, চক্ষুদ্বয়ের দাহদ্বারা পিত্তজ এবং অন্নে অরুচিদ্বারা শ্লৈষ্মিক জ্বরের বিশেষ পূর্ব্বরূপ জানা যায়। দ্বিদোষের মিলিত লক্ষণদ্বারা দ্বন্দজ এবং দোষত্রয়ের সর্ব্বলক্ষণসংযোগদ্বারা সান্নিপাতিক, । ত্রিদোষজ জ্বরের বিশিষ্ট পূর্ব্বরূপ বোধ করিবে।

বেপথু র্বিষমো বেগঃ কণ্ঠৌষ্ঠ পরিশোষণং। নিদ্রানাশঃ ক্ষবস্তম্ভো গাত্রাণাং রৌক্ষমেব চ॥ শিরোহৃদ্গাত্ররুগ্বক্ত্রবৈরস্যং গাঢ়বিট্‌কতা। শূলাধ্মানে জৃম্ভণঞ্চ ভবত্যনিলজে জ্বরে।

বাতজ্বরে জ্বর বিষমভাবে দৃশ্য হয় অর্থাৎ উহার বেগ কখন অল্প কখন অধিক হইয়া থাকে। রোগীর কণ্ঠ ও ওষ্ঠশোষ, মুখের বিরসতা, হাই, নিদ্রানাশ ও হাঁচি বন্ধ হয়, দেহের রুক্ষতা, অঙ্গমর্দ্দ, কম্প, বিশেষতঃ মস্তক ও হৃদয়ে বেদনা এবং উদরে মলের কাঠিন্য, শূল, ও আধ্মান হইয়া থাকে (১)।

(১) টীকাতে বাতাদি জ্বরের অতিরিক্ত কএকটী লক্ষণ লিখিত আছে, যথা, বাতজ্বরে নানাপ্রকার বেদনা পাদসুপ্ততা, পিণ্ডিকের উদ্বেষ্টন, কর্ণে শব্দবোধ, মুখের কষায়ত্ব, ঊরুদ্বয়ের অবসাদ, হনুস্তম্ভ, সন্ধিসমূহের বিশেষ [illegible] নুদ্বয়ের শিথিলতা শুষ্ককাস, বমন, রোম এবং দন্তহর্ষ, শ্রান্তি ভ্রান্তি মূত্র ও নেত্রাদির অরুণবর্ণতা, তৃষ্ণা প্রলাপ এবং উষ্ণ বস্তুতে অভিলাষ। পিত্তজ্বরে ত্বকের তীব্র উষ্ণতা, রক্তবর্ণ কোঠের উৎপত্তি, শীতল

বেগ স্তীক্ষ্ণোঽতিসারশ্চ নিদ্রাল্পত্বং তথা বমিঃ। কণ্ঠৌষ্ঠমুখনাসানাং পাকঃ স্বেদশ্চ জায়তে॥ প্রলাপো বক্ত্রকটুতা মূর্চ্ছাদাহোমদস্তৃষা। পীত-বিণ্মূত্রনেত্রত্বং পৈত্তিকেভ্রম এবচ॥

পিত্তজ্বর, অতিশয় তীক্ষ্ণ ও বেগবান্ হয়। উহার সহিত দাহ, ঘর্ম্ম, পিপাসা, অল্পনিদ্রা, প্রলাপ, ভ্রম, মত্ততা ও মূর্চ্ছা হইয়া থাকে। পিত্তের দ্রবত্ব হেতু অতিসার, অর্থাৎ তরল মলের নিঃসরণ হয়, মুখের তিক্তস্বাদ, বমন, কণ্ঠ ওষ্ঠ মুখ এবং নাসিকা পাকার ন্যায় বোধ এবং মল মূত্র ও চক্ষু হরিদ্রাবর্ণ হয়।

স্তৈমিত্যং স্তিমিতো বেগ অলস্যং মধুরাস্যতা। শুক্লমূত্র পুরীষত্বং স্তম্ভ-স্তৃপ্তিরথাপি চ॥ গৌরবংশীতমুৎক্লেদো রোমহর্ষোঽতিনিদ্রতা। প্রতিশ্যায়ো-রুচিঃ কাসঃ কফজেঽক্ষ্ণোশ্চ শুক্লতা॥

কফজ্বরে শরীর, আর্দ্রবস্ত্রদ্বারা আচ্ছাদিতের ন্যায় বোধ এবং জ্বর বেগবান্ হয়। রোগীর আলস্য, গাত্রগুরুতা শীতবোধ, অঙ্গের স্তব্ধতা রোম-হর্ষ, এবং নিদ্রাধিক্য হয়। মুখে মিষ্টস্বাদবোধ, অরুচি বিবমিষা, ও তৃপ্ত ভোজনের ন্যায় অন্নে অনভিলাষ জন্মে। এবং নাসিকা হইতে স্রাব, কাস ও মল মূত্র এবং অক্ষিদ্বয়ের শুক্লবর্ণতা দৃষ্ট হইয়া থাকে।

তৃষ্ণামূর্চ্ছাভ্রমোদাহঃ স্বপ্ননাশঃ শিরোরুজা। কণ্ঠাস্যশোষোবমথূ রোম-হর্ষোরুচিস্তমঃ। পর্ব্বভেদশ্চ জৃম্ভা চ বাতপিত্তজ্বরাকৃতিঃ॥

বাতপৈত্তিক-দ্বন্দ্বজ্বরে দাহ, পিপাসা, মূর্চ্ছা, ভ্রম, নিদ্রানাশ, শিরঃপীড়া এবং অন্ধকারে প্রবিষ্টবোধ হইয়া থাকে। কণ্ঠ ও মুখশোষ হয় এবং রোম-হর্ষ, বমন, অরুচি, জৃম্ভা, ও গ্রন্থিসমূহে বেদনা দ্বারা রোগী পীড়িত হয়।

বস্তুতে অভিলাষ এবং অন্নে অরুচি। কফজ্বরে অত্যন্তস্ফোটকোৎপত্তি, লালাস্রাব, বমন, শ্বাস, অগ্নিমান্দ্য, মুখ নখ ও চক্ষুর শুক্লতা, উষ্ণদ্রব্যে অভিলাষ, এবং হৃদয়ে লেপন-বৎ বোধ। বাতপিত্তজ্বরে বাক্যের আধিক্য, বাতশ্লেষ্মজ্বরে শিরঃপীড়া ঘর্ম্ম কাস এবং মুখের বিরসতা। পিত্তশ্লেষ্মজ্বরে কফ ও পিত্তের প্রবর্ত্তন এবং বার বার ঘর্ম্ম ও শরীরস্তব্ধতা। সন্নিপাতজ্বরে দিবাতে মহানিদ্রা রাত্রিতে জাগরণ, সর্ব্বদা নিদ্রা, অথবা অনিদ্রা, অতিঘর্ম্ম বা ঘর্ম্মরোধ এবং রোগীর গীত নৃত্য হাস্যাদি বিরূপচেষ্টাতে প্রবৃত্তি হইয়া থাকে।

স্তৈমিত্যং পর্ব্বণাংভেদো নিদ্রাগৌরব এবচ। শিরোগ্রহ প্রতিশ্যায়ঃ কাসঃ স্বেদাপ্রবর্ত্তনং॥ সন্তাপো মধ্যবেগশ্চ বাতশ্লেষ্মজ্বরাকৃতিঃ। লিপ্ত তিক্তাস্যতা তন্দ্রা মোহাঃ কাসোঽরুচিস্তৃষা॥ মুহুর্দ্দাহো মুহুঃশীতং পিত্তশ্লেষ্মজ্বরাকৃতিঃ॥

বাতশ্লৈষ্মিকজ্বরে শরীরের আর্দ্রতা ও গুরুতা, গ্রন্থিবেদনা, নিদ্রা, শিরঃপীড়া, প্রতিশ্যায়, কাস, সর্ব্বাঙ্গে ঘর্ম্ম, সন্তাপ এবং জ্বরের মধ্যমবেগ হইয়া থাকে। পিত্তশ্লেষ্ম জ্বরে মুখের তিক্ততা ও কফের দ্বারা লেপিত বোধ, তন্দ্রা, মোহ, কাস, অরুচি, তৃষ্ণা, এবং কখন শীত, কখন গ্রীষ্ম বোধ হয়।

ক্ষণে দাহঃ ক্ষণে শীত মস্থিসন্ধি শিরোরুজা। সাস্রাবে কলুষে রক্তে নির্ভুগ্নে চাপি লোচনে॥ সস্বনৌ সরুজৌ কর্ণৌ কণ্ঠঃ শূকৈরিবাবৃতঃ। তন্দ্রা-মোহঃ প্রলাপশ্চ কাসঃ শ্বাসোঽরুচিভ্রমঃ॥ পরিদগ্ধা খরস্পর্শা জিহ্বা স্রস্তাঙ্গতা-পরং। ষ্ঠীবনং রক্তপিত্তস্য কফেনোম্মিশ্রিতস্য চ॥ শিরসোলোঠনং তৃষ্ণা নিদ্রানাশো হৃদিব্যথা। স্বেদমূত্রপুরীষাণাং চিরাদ্দর্শনমল্পশঃ॥ কৃশত্বং নাতিগাত্রাণাং প্রততং কণ্ঠকূজনং। কোঠানাং শ্যাবরক্তানাং মণ্ডলানাঞ্চ দর্শনং। মূকত্বং স্রোতসাংপাকো গুরুত্ব মুদরস্য চ॥ চিরাৎ পাকশ্চ দোষাণাং সন্নিপাতজ্বরাকৃতিঃ।

সন্নিপাতজ্বরে কখন দাহ, কখন শীতবোধ, তৃষ্ণা, কাস শ্বাস, অরুচি উদরের গরুতা এবং ঘর্ম্ম, মূত্র ও পুরীষের বিলম্বে অল্প প্রদর্শন হইয়া থাকে। হৃদয়, মস্তক, অস্থি ও সন্ধি সমূহে বেদনা হয়। অক্ষিদ্বয়, অশ্রুপূর্ণ আবিল ও রক্তবর্ণ এবং পলক রহিত হয়। কর্ণে বেদনা এবং অকারণ শব্দ হয়। কণ্ঠ ধান্যাদির অগ্রভাগ সদৃশ পদার্থদ্বারা আবৃত বোধ হয়, জিহ্বা কৃষ্ণবর্ণ ও খরস্পর্শ এবং মুখ হইতে কফমিশ্রিত রক্ত ও পিত্তের নিষ্ঠীবন হয়। অঙ্গ সমস্ত নিঃসহায় হইয়া পড়ে, রোগীর মস্তক চালনা, তন্দ্রা অর্থাৎ নিদ্রাবৎ ক্লান্তি, নিদ্রানাশ, ভ্রম প্রলাপ ও মূর্চ্ছা উৎপন্ন হয়। গলদেশে নিরন্তর অব্যক্ত শব্দ হইতে থাকে, এবং বাক্যের অল্পতা বা এককালে বাক্যরোধ হয়। স্রোতবহা নাড়ীসকল শুষ্ক হইয়া যায়, কিন্তু শরীর অতিকৃশ হয় না, চর্ম্মের উপর মণ্ডলাকার শ্যাবরক্ত কোঠের প্রকাশ হয় এবং দোষ সমূহ অনেক বিলম্বে পরিপাক পায়।

দোষে বিবদ্ধে নষ্টেঽগ্নৌ সর্ব্বসংপূর্ণলক্ষণঃ। সন্নিপাতজ্বরোঽসাধ্যঃ কৃচ্ছ্রসাধ্যস্ততোঽন্যথা॥ সপ্তমে দিবসে প্রাপ্তে দশমে দ্বাদশেঽপি বা। পুনর্ঘোরতরো ভূত্বা প্রশমং যাতি হন্তি বা॥ সপ্তমী দ্বিগুণা চৈব নবম্যেকাদশী তথা। এষা ত্রিদোষমর্য্যাদা মোক্ষায় চ বধায় চ॥ সন্নিপাতজ্বরস্যান্তে কর্ণমূলে সুদারুণঃ। শোথঃ সংজায়তে তেন কশ্চিদেব প্রমুচ্যতে॥

যে সন্নিপাতজ্বরে মল বদ্ধ থাকে, অগ্নি, সম্পূর্ণরূপে নষ্ট হয়, এবং জ্বর, সর্ব্বলক্ষণযুক্ত হয়, তাহাকে অসাধ্য জানিবে। ইহার অন্যথা হইলে অর্থাৎ যদ্যপি অগ্নি সম্পূর্ণ নষ্ট না হয় মল-নিঃসরণ হয় ও সমুদায় লক্ষণ উপস্থিত না থাকে তবে রোগ কষ্টসাধ্য জানিবে। সন্নিপাতজ্বর সপ্তম, দশম, এবং দ্বাদশ দিবসে পুনর্ব্বার বৃদ্ধি পাইয়া পরে উপশান্ত হয়, অথবা রোগীকে নষ্ট করে (১) মতান্তরে সন্নিপাতরোগের সপ্তম চতুর্দ্দশ নবম, অষ্টাদশ, একাদশ এবং দ্বাবিংশ দিবস পর্য্যন্ত মুক্তির অথবা মৃত্যুর কাল নির্দ্দিষ্ট আছে। সান্নিপাতিক জ্বরের অন্তে যদ্যপি কর্ণমূলে সুদারুণ অর্থাৎ অতিভয়ানক শোথ উৎপন্ন হয়, তবে ইহা হইতে রোগী কদাচিৎ মুক্তিলাভ করে।

ত্রয়ঃ প্রকুপিতা দোষা উরঃস্রোতোঽনুগামিনঃ। আমান্বিতবৃদ্ধ্যা গ্রথিতা বুদ্ধীন্দ্রিয়মনোগতাঃ॥ জনয়ন্তি মহাঘোরমভিন্যাসং জ্বরং দৃঢ়ং। স্রুতৌ-নেত্রে প্রসুপ্তিঃ স্যান্ন চেষ্টাং কাঞ্চিদীহতে॥ নচ দৃষ্টির্ভবেত্তস্য সমর্থা রূপদর্শনে। ন ঘ্রাণং নচ সংস্পর্শং শব্দং বা নৈব বুধ্যতে॥ শিরো লোঠয়তেঽ-ভীক্ষ্ণমাহারং নাভিনন্দতি। কূজতি ভুদ্যতে চৈব পরিবর্ত্তনমীহতে। অল্পং প্রভাষতে কিঞ্চিদভিন্যাসঃ স উচ্যতে॥ প্রত্যাখ্যাতঃ স ভূয়িষ্ঠঃ কশ্চিদেবাত্র সিধ্যতি।

---

(১) সন্নিপাত জ্বরে দোষ ও ধাতুর পরিপাক লক্ষণভেদে সপ্তাহাদি নির্দ্দিষ্টকালে রোগ আরোগ্য অথবা সাজ্বাতিক হইবার কারণ নির্দ্দিষ্ট আছে, যথা, দোষপাক হইলে রোগীর জ্বর ও দোষের লঘুতা ইন্দ্রিয়সমূহের বিমলত্ব এবং বাতাদি, দোষ, স্বভাব প্রাপ্ত হয়, ইহাতে, রোগী মুক্তি লাভ করে। ধাতুপরিপাকে রোগীর, নিদ্রানাশ, উদরের বিষ্টম্ভ হৃদয়ের স্তব্ধতা গাত্রগুরুতা, অরুচি, বলক্ষয় এবং অবসাদ হয়। ইহাতে রোগীর মৃত্যু হয়। চরকগ্রন্থে ত্রিদোষের হীন, মধ্য ও উল্বণ অবস্থাভেদে ক্রমান্বয়ে ত্রয়োদশ প্রকার সন্নিপাত জ্বর বর্ণিত আছে, বাহুল্যশঙ্কায় এস্থলে লিখিত হইল না।

অভিন্যাস নামে অন্য এক প্রকার সান্নিপাতিক জ্বর প্রসিদ্ধ আছে। প্রকুপিত দোষত্রয় অতিবর্দ্ধিত আমদ্বারা গাঁথা এবং বক্ষস্থল ও কর্ণের অনুগামী হইয়া বুদ্ধি মন ও ইন্দ্রিয়সমূহকে প্রাপ্ত হইলে এই ঘোরতর অতিপ্রবল অভিন্যাস জ্বর উৎপন্ন হয়। ইহাতে শরীরের নিশ্চেষ্টতা, চক্ষু ও কর্ণের সুপ্ততা, রূপাদি দর্শন, ঘ্রাণ, স্পর্শ, এবং শব্দগ্রহণে অসমর্থতা হইয়া থাকে। রোগী শয়ন করিলে সর্ব্বদা পার্শ্ব পরিবর্ত্তন করিতে থাকে, অল্পবাক্য কহে অথবা কণ্ঠ হইতে অব্যক্ত শব্দ নির্গত করে এবং উহার গাত্রে সূচীবিদ্ধবৎ বেদনা, আহারে অনিচ্ছা ও সর্ব্বদা মস্তক পরিচালিত হয়। এই জ্বরে রোগী প্রায় নষ্ট হয়, কচিৎ আরোগ্যলাভ করে।

অভিঘাতাভিচারাভ্যামভিষঙ্গাভিশাপতঃ। আগন্তুর্জায়তে দোষৈ র্যথাস্বং তং বিভাবয়েৎ॥ শ্যাবাস্যতা বিষকৃতে তথাতীসার এব চ। ভক্তারুচিঃ পিপাসা চ তোদশ্চ সহ মূর্চ্ছয়া॥ ওষধীগন্ধজে মূর্চ্ছা শিরোরুগ্বমথু স্তথা। কামজে চিত্তবিভ্রংশ স্তন্দ্রালস্য মভোজনং॥ ভয়াৎ প্রলাপঃ শোকাচ্চ ভবেৎ কোপাচ্চ বেপথুঃ। অভিচারাভিশাপাভ্যাং মোহস্তৃষ্ণা চ জায়তে॥ ভূতাভিষঙ্গাদুদ্বেগো হাস্যরোদনকম্পনং।

অভিঘাত অর্থাৎ শস্ত্রাদির আঘাত, অভিচার অর্থাৎ অনিষ্টকর বিষ প্রয়োগাদি, অভিষঙ্গ অর্থাৎ কাম, শোক, ভয়, ক্রোধ প্রভৃতি ও ভূতাদির অভিযোগ, এবং অভিশাপ অর্থাৎ ব্রাহ্মণ গুরু, বৃদ্ধ ও সিদ্ধ পুরুষাদির শাপ বাক্য এই কারণ চতুষ্টয় হইতে আগন্তু জ্বর উৎপন্ন হয়। উপরোক্ত অভিঘাতাদির মধ্যে যে কারণে যে দোষ প্রকুপিত হয় তজ্জনিত আগন্তু-জ্বর সেই দোষ অনুবন্ধ জানিবে। বিষভক্ষণজনিত আগন্তু জ্বরে রোগীর মুখ শ্যাববর্ণ এবং অতিসার, অরুচি, পিপাসা, মূর্চ্ছা ও সূচীবিদ্ধবৎ বেদনা হয়। ওষধিগন্ধজজ্বরে অর্থাৎ তীক্ষ্ণ ওষধির ঘ্রাণ দ্বারা জ্বর হইলে শিরঃপীড়া মূর্চ্ছা এবং বমন হয়। কামজ্বর অর্থাৎ অভিমত কামিনী অপ্রাপ্ত হেতু জ্বর উৎপন্ন হইলে চিত্তের বিভ্রংশ, তন্দ্রা, আলস্য, এবং আহার ত্যাগ হয়। ভয় অথবা শোকজনিত জ্বরে প্রলাপ অর্থাৎ নানা প্রকার অসম্বদ্ধ বাক্য নির্গত হয়। ক্রোধজনিত জ্বরে প্রলাপ এবং শরীরের কম্প হয়। অভিচার এবং অভি-

শাপ দ্বারা জ্বর হইলে মোহ এবং তৃষ্ণা উৎপন্ন হয়। ভূতাভিষঙ্গদ্বারা অর্থাৎ ভূতপ্রেতাদির দৃষ্টিঘটিত জ্বর জন্মিলে চিত্তের উদ্বেগ, হাস্য, রোদন এবং শরীর কম্পযুক্ত হয়।

কামশোকভয়াদ্বায়ুঃ ক্রোধাৎপিত্তং ত্রয়োমলাঃ। ভূতাভিষঙ্গাৎ কুপ্যন্তি ভূত সামান্যলক্ষণাঃ॥

এক্ষণে আগন্তুজ্বরে যে কারণ দ্বারা যে দোষ কুপিত হয়, তাহা কথিত হইতেছে। কাম শোক, ও ভয়োত্থিত জ্বরে বায়ু এবং ক্রোধোত্থিত জ্বরে পিত্ত প্রকুপিত হয়। ভুতাভিষঙ্গজনিত জ্বরে দোষত্রয়, ভুত সামান্য লক্ষণযুক্ত হইয়া কুপিত হয়. অর্থাৎ যে ভূতের অভিযোগে যে যে রোদনাদি লক্ষণ নির্দ্দিষ্ট আছে, সেই সেই লক্ষণের অনুযায়ি বায়ু পিত্ত এবং কফ কুপিত হইয়া থাকে।

দোষোঽল্পোঽহিত সংভূতো জ্বরোৎসৃষ্টস্য বা পুনঃ। ধাতুমন্যতমং প্রাপ্য করোতি বিষমজ্বরং॥ সন্ততং সততান্যেদ্যুস্তৃতীয়ক চতুর্থকান্। সন্ততং রস-রক্তস্থঃ সোন্যেদ্যুঃ পিশিতাশ্রিতঃ॥ মেদোগত স্তৃতীয়েঽহ্নি অস্থিমজ্জগতঃ পুনঃ। কুর্য্যাচ্চাতুর্থকং ঘোর মন্তকং রোগসঙ্করং॥

জ্বরোৎসৃষ্ট ব্যক্তির হীনবলপ্রাপ্ত দোষ, অহিতাচরণদ্বারা পুনবায় কুপিত হইয়া অথবা প্রথমতঃ নিত্যজ্বর না হইয়া হীনবল প্রাপ্ত দুষ্ট দোষ কাল বিশেষে লব্ধবল হইয়া এবং কোন একটি ধাতুকে আশ্রয় করিয়া বিষম জ্বর উৎপন্ন করে। এই জ্বর সন্তত সতত অন্যেদ্যুঃ তৃতীয়ক, এবং চতুর্থকভেদে পঞ্চ প্রকার নির্দ্দিষ্ট আছে। দোষ রসস্থ হইলে সন্তত, রক্তাশ্রিত হইলে সতত এবং মাংসগত হইলে অন্যেদ্যুঃ জ্বর উৎপন্ন হয়। মেদস্থিত দোষ তৃতীয়ক জ্বর উৎপাদন করে এবং অস্থি ও মজ্জাসমাশ্রিত দোষ চতুর্থকনামা বিষমজ্বরের উৎপাদক হয়। এই জ্বর অতি ভয়ানক যমসদৃশ ও ব্যাধিসঙ্কর হয় অর্থাৎ অন্যান্য ব্যাধি-সংঘটন করায়।

সপ্তাহং বা দশাহং বা দ্বাদশাহমথাপি বা। সন্তত্যা যোঽবিসর্গী স্যাৎ সন্ততঃ স নিগদ্যতে॥ অহোরাত্রে সততকো দ্বৌ কালাবনুবর্ত্ততে। অন্যেদ্যুস্কস্ত্বহোরাত্র এককালংপ্রবর্ত্ততে॥ তৃতীয়ক স্তৃতীয়েঽহ্নি চতুর্থেঽহ্নি চতুর্থকঃ।

কেচিদ্ভূতাভিষঙ্গোত্থং ব্রুবতে বিষমজ্বরং॥ কফপিত্তাত্ত্রিকগ্রাহী পৃষ্ঠাদ্বাত কফাত্মকঃ। বাতপিত্তাচ্ছিরোগ্রাহী ত্রিবিধঃ স্যাত্তৃতীয়কঃ॥ চাতুর্থকো দর্শয়তি প্রভাবং দ্বিবিধং জ্বরঃ। জংঘাভ্যাং শ্লৈষ্মিকং পূর্ব্বং শিরাস্তোঽনিল-সম্ভবঃ। বিষমজ্বর এবান্যশ্চাতুর্থক বিপর্য্যয়ঃ। মধ্যেহহনীজ্বরয়ত্যাদাবন্তে চ মুঞ্চতি॥

যে জ্বর সাত দিন দশ দিন অথবা দ্বাদশ দিবস পর্য্যন্ত অবিচ্ছেদক্রমে অব-স্থিতি করে, তাহাকে সন্তত বিষমজ্বর কহে (১)। যে জ্বর দিবারাত্র মধ্যে দুই কালে হয় অর্থাৎ দিবসে একবার ও রাত্রিতে একবার উপস্থিত হয়, কিম্বা দিবাতে দুইবার হয় রাত্রিতে হয় না, অথবা রাত্রিতে দুইবার দিবাতে হয় না, তাহাকে সতত বা, দ্বৈকালীন জ্বর কহা যায়। যে জ্বর দিবারাত্রি মধ্যে এককালে হয় অর্থাৎ প্রত্যহ এককার উঠে, তাহাকে অন্যেদ্যুষ্ক বিষম জ্বর কহে। যে জ্বর তৃতীয় দিবসে হয় অর্থাৎ এক দিন পরে এক দিন হয় তাহাকে তৃতীয়ক বিষম জ্বর কহে। যে জ্বর চতুর্থ দিবসে হয় অর্থাৎ দুই দিবস অন্তর এক দিবস হয়, তাহাকে চতুর্থক জ্বর কহা যায়।

কোন কোন গ্রন্থকার কহেন, ভূতাভিষঙ্গ হইতে বিষমজ্বর উৎপন্ন হইয়া থাকে। দোষের উল্বণতাভেদে তৃতীয়ক জ্বর, তিন প্রকারে উৎপন্ন হয়, যথা, কফপিত্ত হইতে উৎপন্ন তৃতীয়ক জ্বর, ত্রিকগ্রাহী হয় অর্থাৎ কটিদেশের অধঃ নিতম্বের ঊর্দ্ধ তিনখানি অস্থি নির্ম্মিত স্থানে অগ্রে বেদনা হইয়া পশ্চাৎ সর্ব্ব শরীরে জ্বর ব্যাপ্ত হয়। এইরূপ তৃতীয়ক জ্বর বাতকফাত্মক হইলে পৃষ্ঠগ্রাহী এবং বাতপিত্তাত্মক হইলে শিরোগ্রাহী হইয়া থাকে। চতুর্থক জ্বরও দ্বিবিধ শক্তি প্রকাশ করে যথা, শ্লেষ্মাত্মক চতুর্থক জ্বরে, প্রথমতঃ

(১) যে জ্বর মুক্তানুবন্ধী হয় অর্থাৎ ত্যাগ হইয়া পুনরায় উত্থিত হয় তাহাকে বিষম জ্বর কহে। কিন্তু সন্ততজ্বরের মুক্তানুবন্ধিত্ব নাই, ইহা সপ্তাহাদি নির্দ্দিষ্টকাল থাকিয়া ত্যাগ হয়, এই হেতু কোন কোন গ্রন্থকার ইহাকে বিষম-জ্বর-মধ্যে গণ্য করেন না। চরক বলেন, সন্তত জ্বর দ্বাদশাদি দিবস পরে বিচ্ছেদ পাইয়া অব্যক্ত লক্ষণযুক্ত ও দীর্ঘ কাল পর্য্যন্ত স্থায়ী এবং ইহার উপশয় দুর্লভ হয়, অতএব ইহাকে তিনি বিষম জ্বরের মধ্যে, গণ্য করিয়া গিয়াছেন।

জঙ্ঘাদ্বয়ে বেদনা হইয়া পরে জ্বর সর্ব্বাঙ্গে ব্যাপ্ত হয়, এবং উহা বাতাত্মক হইলে মস্তকবেদনা করিয়া পশ্চাৎ সর্ব্বশরীরে ব্যাপ্ত হয়। চতুর্থকের বিপর্য্যয় জ্বরও বিষমজ্বর মধ্যে গণ্য। যে জ্বর, মধ্যে দুই দিন হয় আদি এবং অন্তদিবসে হয় না, তাহাকে চতুর্থক বিপর্য্যয় বিষম জ্বরকহে(১)।

নিত্যং মন্দজ্বরোরুক্ষঃশূনক স্তেন সীদতি। স্তব্ধাঙ্গঃ শ্লেষ্মভূয়িষ্ঠোনরো বাতবলাসকী॥ প্রলিম্পন্নিব গাত্রাণি ঘর্ম্মেণ গৌরবেণ বা। মন্দজ্বর বিলেপী চ সশীতঃস্যাৎপ্রলেপকঃ॥

প্রসিদ্ধহেতুক এস্থলে বাতবলাসক এবং প্রলেপকনামা দুইটি স্বতন্ত্র জ্বরের লক্ষণ ক্রমে কথিত হইতেছে। বাতবলাসক জ্বরে শরীর, রুক্ষ ও স্তম্ভের ন্যায় বোধ হয়; শ্লেষ্মার আধিক্য থাকে, শোথ ও সর্ব্বদা মন্দ মন্দ জ্বর হয় এবং রোগী সেই জ্বর দ্বারা নষ্ট হয়। যে জ্বরে, শরীর, ঘর্ম্ম গৌরব ও মন্দ জ্বরে লিপ্ত থাকে এবং মধ্যে মধ্যে শীতলবোধ হয়, তাহাকে প্রলেপক জ্বর কহে (২)।

বিদগ্ধেঽন্নরসে দেহে শ্লেষ্মপিত্তে ব্যবস্থিতে। তেনার্দ্ধং শীতলং দেহে চার্দ্ধঞ্চোষ্ণং প্রজায়তে॥ কায়েদুষ্টং যদা পিত্তং শ্লেষ্মাচান্তে ব্যবস্থিতঃ। তেনোষ্ণত্বং শরীরস্য শীতত্বং হস্তপাদয়োঃ॥ কায়ে শ্লেষ্মা যদা দুষ্টঃ পিত্তং চান্তে ব্যবস্থিতং। শীতত্বং তেন গাত্রাণামুষ্ণত্বং হস্তপাদয়োঃ॥ ত্বক্‌স্থৌ শ্লেষ্মানিলৌ শীতমাদৌ জনয়তো জ্বরে। তয়োঃ প্রশান্তয়োঃ পিত্তমন্তে দাহং করোতি চ॥ করোত্যাদৌ তথা পিত্তং ত্বক্‌স্থং দাহমতীব চ। তস্মিন্ প্রশান্তে ত্বিতরৌ কুরুতঃ শীতমন্ততঃ। দ্বাবেতৌ দাহশীতাদি জ্বরৌ সংসর্গজৌ স্মৃতৌ। দাহপূর্ব্ব স্তয়োঃ কষ্টঃ কৃচ্ছ্রসাধ্যতমশ্চ স॥

বিষমজ্বরে অন্নরস অপরিপক্ক এবং শ্লেষ্মা ও পিত্তদূষিত হইলে শরীরের অর্দ্ধাঙ্গ শীতল এবং অপরার্দ্ধ উষ্ণ হয়। যদ্যপি শ্লেষ্মা কোষ্ঠদেশে এবং পিত্ত, হস্ত ও পদে দুষ্ট হইয়া অবস্থান করে, তবে রোগীর শরীর শীতল এবং হাত,

১ চতুর্থকজ্বরের ন্যায় তৃতীয়ক এবং অন্যেদ্যুক প্রভৃতি বিষমজ্বরের বিপর্য্যয় রূপ দৃষ্ট হইয়া থাকে, তাহাদিগকেও বিষমজ্বর বলিয়া গণ্য করিবে।

২ প্রলেপক জ্বর যক্ষ্মা এবং অন্যান্য ক্ষয়কারী রোগের চরম অবস্থায় দৃষ্ট হয়।

ও পা, উষ্ণ হয়। যদ্যপি পিত্ত, কোষ্ঠদেশে ও শ্লেষ্মা হস্তে এবং পদে, দুষ্ট হইয়া অবস্থান করে, তবে শরীর উষ্ণ এবং হাত ও পা শীতল হইয়া থাকে। বায়ু এবং শ্লেষ্মা চর্ম্মস্থ থাকিলে জ্বরের আদিতে শীত হয়, বায়ুকফের কোপ-শান্ত হইলে পিত্ত হস্ত এবং পদে জ্বালা উৎপাদন করে। এইরূপ পিত্ত চর্ম্মস্থ হইলে জ্বরের আদিতে শরীরে জ্বালা হয়, এবং উহার প্রকোপ শান্ত হইলে বায়ু ও শ্লেষ্মা, হাত পা শীতল করে। উপরোক্ত দুই প্রকার দাহ এবং শীতপূর্ব্ব জ্বর, দ্বন্দজ অর্থাৎ মিলিত দোষে উৎপন্ন হয়, তন্মধ্যে দাহপূর্ব্বজ্বর কষ্টদায়ক এবং কৃচ্ছ্রসাধ্য ॥

গুরুতা হৃদয়োৎক্লেশঃ সদনং ছর্দ্যরোচকৌ। রসস্থে তু জ্বরে লিঙ্গং দৈন্যঞ্চা-স্যোপজায়তে। রক্তনিষ্ঠীবনং দাহোমোহশ্ছর্দন বিভ্রমৌ ॥ প্রলাপঃ পীড়কা-তৃষ্ণারক্তপ্রাপ্তেজ্বরে নৃণাং। পিণ্ডিকোদ্বেষ্টনং তৃষ্ণা সৃষ্টমূত্রপুরীষতা। উষ্মান্তর্দাহবিক্ষেপৌ গ্লানিঃ স্যান্মাংসগে জ্বরে॥ ভৃশংস্বেদস্তৃষামূর্চ্ছা প্রলাপ-শ্ছর্দিরেব চ। দৌর্গন্ধ্যারোচকৌগ্লানির্মেদস্থে চাসহিষ্ণুতা ॥ ভেদোঽস্থ্নাং কূজনং শ্বাসো বিরেকশ্ছর্দিরেব চ। বিক্ষেপণঞ্চ গাত্রাণামেতদস্থিগতে জ্বরে ॥ তমঃ প্রবেশনং হিক্কা কাসঃ শৈত্যং বমিস্তথা। অন্তর্দাহো মহাশ্বাসো মর্ম্ম-চ্ছেদশ্চ মজ্জগে। মরণং প্রাপ্নুয়াত্তত্র শুক্রস্থানগতে জ্বরে ॥ শেফসঃ স্তব্ধতা মোক্ষঃ শুক্রস্য তু বিশেষতঃ ॥

বাতাদিজ্বর ধাতুবিশেষ প্রাপ্ত হইলে যে সকল লক্ষণযুক্ত হয়, এক্ষণে তাহা ক্রমে কথিত হইতেছে, যথা, জ্বর রসস্থ হইলে শরীরের গুরুতা বিবমিষা অঙ্গের অবসাদ, বমন, অরুচি এবং দৈন্যরা হয়। জ্বর, রক্তপ্রাপ্ত হইলে মুখহইতে রক্তের নিষ্ঠীবন ও ত্বকের উপর পীড়কা অর্থাৎ স্ফোটক নির্গত হয়, এবং রোগীর তৃষ্ণা, দাহ, বমন, মূর্চ্ছা, ভ্রম ও প্রলাপ হইয়া থাকে। জ্বর মাংসগত হইলে পিণ্ডিকের উদ্বেষ্টন অর্থাৎ জঙ্ঘার ডিমে দণ্ডাদিদ্বারা পীড়নবৎ বেদনানুভব হয়, শরীরে গ্লানিবোধ, তৃষ্ণা, ও মলমূত্রের তরলতা হয়, রোগী, দেহের উষ্ণতা, আভ্যন্তরিক দাহ ও হস্তপদাদির সঞ্চালনদ্বারা কষ্ট পায়। জ্বর মেদোধাতুপ্রাপ্ত হইলে অতিশয় ঘর্ম্ম, পিপাসা, বমন, অরুচি ও গ্লানি হয়। মূর্চ্ছা, প্রলাপ ও শরীরে অতিশয় দুর্গন্ধ হয়, এবং

রোগীর চিত্ত অত্যন্ত অসহিষ্ণু হয় অর্থাৎ সর্ব্বদা ক্রোধাভিভূত হইয়া থাকে। জ্বর অস্থিগত হইলে অস্থি সমুহে ভগ্নবৎ বেদনানুভব হয়, কণ্ঠ হইতে অব্যক্ত শব্দ, বমি, শ্বাস ও মলরেচন হয় এবং রোগী সর্ব্বদা আপনার শরীর সঞ্চালন করিতে থাকে। মজ্জাগত জ্বরে হিক্কা, কাস, মহাশ্বাস ও বমন হয়, অন্তরে দাহ ও বাহ্যে শীত বোধ এবং রোগীর অন্ধকারে প্রবিষ্ট ও হৃদয় বিদীর্ণবৎ বোধ হয়। জ্বর শুক্রগত হইলে শিশ্নের স্তব্ধতা ও শুক্রের অতিশয় স্খলন হয়। এই জ্বর সংঘাতিক।

বর্ষাশরদ্বসন্তেষু বাতাদ্যৈঃ প্রাকৃতঃ ক্রমাৎ। বৈকৃতোঽন্যঃ স দুঃসাধ্যঃ প্রাকৃতশ্চানিলোদ্ভবঃ। বর্ষাসু মারুতো দুষ্টঃ পিত্তশ্লেষ্মান্বিতো জ্বরং॥ কুর্য্যাৎ পিত্তঞ্চ শরদি তস্য চানুবলঃ কফঃ। তৎপ্রকৃত্যা বিসর্গাচ্চ তত্র নানশনাদ্ভয়ং॥ কফো বসন্তে তমপি বাতপিত্তং ভবেদনু। কালে যথাস্বং সর্ব্বেষাং প্রবৃত্তি-র্বৃদ্ধিরেব বা॥ নিদানোক্তানুপশয়ো বিপরীতোপশায়িতা।

বর্ষা, শরৎ এবং বসন্ত ঋতু ক্রমান্বয়ে বায়ুপিত্ত এবং কফের প্রকৃতকাল বলিয়া নির্দ্দিষ্ট আছে, ইহার বিপর্যযকালকে বিকৃতকাল কহে। বিকৃতকালের রোগ দুঃসাধ্য এবং প্রকৃত কালের রোগ সমূহ সুখসাধ্য, কিন্তু বায়ুর প্রকৃতকালও দুঃসাধ্য জানিবে। বায়ু বর্ষাকালে দুষ্ট হইয়া জ্বর উৎপাদন করে, পিত্ত এবং শ্লেষ্মা তাহার অনুগত থাকে। ঐ রূপ পিত্ত দুষ্ট হইয়া শরৎকালে জ্বর জন্মায়, কফ তাহার অনুবন্ধ হয়। এবং কফদূষিত হইয়া বসন্তকালে জ্বর উৎপাদন করে, বায়ু এবং পিত্ত তাহার অনুসঙ্গী হয়। পৈত্তিক এবং শ্লৈষ্মিক জ্বরে পিত্ত শ্লেষ্মার স্বাভাবিক অবস্থ হেতু এবং কালের বিসর্গত্ব হেতু অনশন ভয় করিবে না অর্থাৎ বৈদ্য রোগীকে লঙ্ঘন দিতে ভয় করিবে না (১)। স্বভাবতঃ বাতাদি দোষ প্রকুপিত হইবার যে কাল নির্দ্দিষ্ট

(১) কাল দুই প্রকার, বিসর্গ এবং আদান বর্ষা শরৎ ও হেমন্ত ঋতুত্রয়, বিসর্গকাল বলিয়া কথিত আছে, এই কালে চন্দ্রের প্রবলতাহেতু প্রাণীদিগের স্বভাবতঃ বলসঞ্চয় হইয়া থাকে। শিশির বসন্ত ও গ্রীষ্ম ঋতুত্রয়কে আদান কাল কাহা যায়। এই কালে সূর্য্যের বলাধিক্যহেতু প্রাণিমাত্রের বল হানি হয় অর্থাৎ সূর্য্যের তেজঃশক্তির বৃদ্ধি হইয়া শরীরের রস শুষ্ক হয় অতএব বিসর্গকালের রোগে লঙ্ঘন যুক্তিযুক্ত এবং আদানকালে অকর্ত্তব্য।

আছে (১)। সেই সেই কালে তত্তদ্দোষজনিত জ্বরাদি রোগের উৎপত্তি ও বৃদ্ধির কাল জানিবে। যে যে আহারাচারাদি দ্বারা দোষ বিশেষ কুপিত হয় তাহাদিগকে অনুপশয় কহে ইহার বিপরীত যে আহারাদি অর্থাৎ যাহাদের দ্বারা দোষ দমন হয়, তাহাদের উপশয় কহা যায়।

অন্তর্দ্দাহোঽধিক স্তৃষ্ণা প্রলাপঃ শ্বসনং ভ্রম। সন্ধ্যস্থিশূলমস্বেদো দোষো-বর্চ্চো বিনিগ্রহঃ। অন্তর্ব্বেগস্য লিঙ্গানি জ্বরস্যৈতানি লক্ষয়েৎ॥ সন্তাপো হ্যধিকো বাহ্য স্তৃষ্ণাদীনাঞ্চ মার্দ্দবং। বহির্ব্বেগস্য লিঙ্গানি সুখসাধ্যত্ব-মেব চ॥

সামান্যতঃ জ্বর অন্তর্বেগ এবং বহির্বেগভেদে দুই প্রকার কথিত আছে। যে জ্বরে অত্যন্ত অন্তর্দাহ, তৃষ্ণা, প্রলাপ, শ্বাস, ভ্রম এবং সন্ধি ও অস্থিতে বেদনা হয়, ঘর্ম্ম হয় না এবং দোষ ও মল বদ্ধ থাকে, তাহাকে অন্তর্বেগ জ্বর কহে। যে জ্বরে শরীরে অতিশয় সন্তাপ হয় এবং তৃষ্ণাদির মৃদুত্ব অর্থাৎ অন্তর্বেগোক্ত তৃষ্ণাদিলক্ষণের অল্পতা হয়, তাহাকে বহির্বেগ জ্বর কহা যায়। ইহা সুখসাধ্য।

লালাপ্রসেকো হৃল্লাস হৃদয়াশুদ্ধ্যরোচকাঃ। তন্দ্রালস্যা বিপাকাস্য বৈরস্যং গুরুগাত্রতা॥ ক্ষুন্নাশো বহুমূত্রত্বং স্তব্ধতা বলবান্ জ্বরঃ। আমজ্বরস্য লিঙ্গানি ন দদ্যাত্তত্র ভেষজং। ভেষজং হ্যামদোষস্য ভূয়োজ্বলয়তি জ্বরং॥ জ্বরবেগোঽধিক স্তৃষ্ণা প্রলাপঃ শ্বসনং ভ্রমঃ। মলপ্রবৃত্তিরুৎক্লেশ পচ্যমানস্য লক্ষণং॥ ক্ষুৎক্ষামতা লঘুত্বঞ্চ গাত্রাণাং জ্বরমার্দ্দবং। দোষপ্রবৃত্তিরষ্টাহো নিরামজ্বরলক্ষণং॥

এক্ষণে চিকিৎসার বিশেষ প্রয়োজন হেতু আম, পচ্যমান, এবং পক্ক জ্বরের লক্ষণ ক্রমে লিখিত হইতেছে। আম অর্থাৎ অপক্ক বা তরুণ জ্বর অতিবলবান হইয়া থাকে। ইহাতে লালানিঃসরণ হৃল্লাস এবং মুখ বিরস

(১) দিবারাত্রির মধ্যে বায়ু পিত্ত এবং কফের প্রকোপ ও উপশমের যে যে কাল নির্দ্দিষ্ট আছে সেই কালে দোষবিশেষজনিত জ্বরাদি রোগেরও প্রকোপ এবং উপশমকাল জানিবে, অর্থাৎ বাতিকরোগের বায়ুবৃদ্ধিসময়ে বৃদ্ধি অথবা উৎপত্তি হইয়া পিত্ত এবং এবং শ্লেষ্মার প্রকোপসময়ে রোগের উপশম থাকে, এই রূপ পিত্ত এবং কফজনিত রোগেও প্রকোপ উপশমকাল জানিবে। এই কালানুবন্ধক্রমে দোষত্রয়ের বৃদ্ধি এবং হ্রাস বিষমজ্বরের ভোগ ও ত্যাগের হেতু হয়, এবং নিত্য জ্বরের হ্রাস ও বৃদ্ধি সাধন করে।

হয়, তন্দ্রা, আলস্য, অরুচি, অপাক, ক্ষুধানাশ ও মূত্রের আধিক্য হয় এবং রোগীর মনের গ্লানি ও শরীরে গুরুত্ব বোধ হয়। এই জ্বরে ঔষধসেবন করাইবে না, যেহেতু আমজ্বরে ঔষধ প্রয়োগ করিলে জ্বর পুনঃ প্রজ্বলিত হয়। পচ্যমানজ্বরের বেগ অতি প্রবল হইয়া থাকে এবং ইহাতে রোগীর পিপাসা, প্রলাপ ভ্রম, শ্বাস, বমি ও মলরেচন হয়। পক্ক বা নিরামজ্বরে, জ্বরের মৃদুত্ব এবং শরীরের লঘুত্ব হয় এবং রোগীর ক্ষুধাবোধ, কাতরতা ও মলত্যাগ হইয়া থাকে। অষ্ট দিবস গত হইলেও জ্বরকে পক্ক কহা যায় (১)।

বলবৎ স্বল্পদোষেষুজ্বরঃ সাধ্যোঽনুপদ্রবঃ। হেতুভির্বহুভি র্জাতো বলিভির্বহুলক্ষণঃ॥ জ্বরঃ প্রাণান্তকৃ দ্যশ্চ শীঘ্রমিন্দ্রিয়নাশনঃ। জ্বরঃ ক্ষীণস্য শূনস্য গম্ভীরোদৈর্ঘরাত্রিকঃ॥ অসাধ্যো বলবান্ যশ্চ কেশসীমন্তকৃজ্জ্বরঃ। গম্ভীরস্তুজ্বরো জ্ঞেয়োহ্যন্তর্দাহেন তৃষ্ণয়া॥ আনদ্ধত্বেন দোষাণাং শ্বাসকাসোদ্গমেন চ। আরম্ভাদ্বিষমো যস্তুযশ্চ বা দৈর্ঘ্যরাত্রিকঃ॥ ক্ষীণস্য চাতিরুক্ষস্য গম্ভীরো যস্য হন্তি তং। বিসংজ্ঞস্তাম্যতে যস্তু শেতেনিপতিতোঽপি বা॥ শীতার্দিতোঽন্তরুষ্ণশ্চ জ্বরেণম্রিয়তে নরঃ। যো হৃষ্টরোমারক্তাক্ষো হৃদিসংঘাতশূলবান্॥ বক্ত্রেণ চৈবোচ্ছ্বসিতি তং জ্বরো হন্তি মানবং। হিক্কাশ্বাসতৃষাযুক্তং মূঢ়ং বিভ্রান্ত লোচনং॥ সন্ততোচ্ছ্বাসিনং ক্ষীনংনরংক্ষপয়তি জ্বরঃ॥ হতপ্রভেন্দ্রিয়ং ক্ষীণমরোচক নিপীড়িতং॥ গম্ভীর তীক্ষ্ণ বেগার্ত্তং জ্বরিতং পরিবর্জ্জয়েৎ।

জ্বরের সাধ্য এবং অসাধ্য লক্ষণ সমূহ নিম্নলিখিত ক্রমে কথিত আছে। যে জ্বরে দোষের অল্পতা, ও শরীর সবল থাকে এবং কোন উপদ্রব না হয়, সেই জ্বর সাধ্য। যে জ্বর প্রবল ও বহুহেতু দ্বারা উৎপন্ন হইয়া বহুলক্ষণ প্রাপ্ত হয়, তাহা প্রাণ অন্ত করে অর্থাৎ অসাধ্য হয়। যে জ্বর হইয়াই ইন্দ্রিয়ের শক্তি নষ্ট করে, তাহা অসাধ্য। ক্ষীণ এবং শোথযুক্ত ব্যক্তির জ্বরও অসাধ্য। জ্বরের গম্ভীরত্ব হইলে অর্থাৎ জ্বর রোগীর অন্তর্ধাতু প্রবিষ্ট হইয়া বাতাদি দোষের অনিশ্চয়ক হইলে অসাধ্য হয়। গম্ভীরজ্বরে রোগীর কাস,

(১) হরিশ্চন্দ্র কহেন, অষ্টাহের পূর্ব্বেও যদি রসাদির পাকদ্বারা ক্ষুধাদি লক্ষণ উৎপন্ন হয়, তবে তাহাকে পক্কজ্বর কহা যায়, কিম্বা দোষের পক্কতাদ্বারা মলনিঃসরণ হইলেও পক্ক জ্বর হয় ক্ষুধাদি সাকল্য লক্ষণের অনুপস্থিতি সত্ত্বে কেবল অষ্টাহ প্রাপ্ত হইলেও নিরামজ্বর বলা যায়।

শ্বাস, পিপাসা; অন্তর্দাহ এবং দোষের বদ্ধতা হয়। যে বলবান্ জ্বরে অকস্মাৎ কেশ সীমন্তবৎ অর্থাৎ মস্তকে শীতিপড়ার ন্যায় হইয়া যায় তাহা অসাধ্য। ক্ষীণ ও রুক্ষকায় ব্যক্তির জ্বর গম্ভীর হইলে রোগীর মৃত্যু হয়। যে জ্বর আরম্ভ হইতে বিষমত্ব প্রাপ্ত হয় তাহাও অসাধ্য। যে ব্যক্তি জ্বরে বিহ্বল মূর্চ্ছাপন্ন, শয্যায় নিপতিত, শীতে কম্পমান এবং অন্তর্দাহ বিশিষ্ট হয়, তাহার প্রাণ নষ্ট হয়। যে জ্বরে শরীর রোমাঞ্চিত, চক্ষু রক্তবর্ণ, হৃদয়ে সাংঘাতিক বেদনা, এবং মুখশ্বাস হয়, তাহা অসাধ্য। যে ব্যক্তির জ্বরে হিক্কা, শ্বাস, তৃষ্ণা, মূর্চ্ছা, ক্ষীণতা, বিভ্রান্ত চক্ষু এবং সর্ব্বদা মুখ হইতে শ্বাস নির্গত হয়, জ্বর তাহাকে নষ্ট করে। যে জ্বরগ্রস্ত রোগীর ইন্দ্রিয়ের শক্তিহীনতা, জ্বরের গাম্ভীর্য্য বেগের তীক্ষ্ণতা, দেহের ক্ষীণত্ব এবং মুখে অরুচি হয় তাহাকে বৈদ্য ত্যাগ করিবে।

> দাহঃস্বেদোভ্রমস্তৃষ্ণা কম্পবিড্‌ভেদসংজ্ঞিতা। কূজনঞ্চাস্য বৈগন্ধ্যমাকৃতি-জ্বর মোক্ষণে। স্বেদো লঘুত্বং শিরসঃ কণ্ডূঃ পাকোমুখস্য চ। ক্ষবথুশ্চান্ন-লিপ্সা চ জ্বর মুক্তস্য লক্ষণং॥

জ্বর ত্যাগ হইবার পূর্ব্বে নিম্নলিখিত লক্ষণ সমূহ দৃষ্ট হয় যথা দাহ, ঘর্ম্ম ভ্রম, পিপাসা, কম্প, মলভেদন, সংজ্ঞানাশ অর্থাৎ জ্ঞানশূন্যতা, কণ্ঠাকে অব্যক্ত শব্দ এবং শরীরে দুর্গন্ধ। জ্বর পরিত্যাগ হইলে দেহের লঘুতা, ঘর্ম্ম, হাঁচী ও অন্নে অভিলাষ হয়, মস্তক চুলকায়, এবং মুখে ফুসকুড়ি নির্গত হয় (১)।

---

(১) নিদানে জ্বরের প্রকারভেদে যে সকল নাম ও লক্ষণ লিখিত আছে, ঐ সকল সংজ্ঞা অস্মদ্দেশে প্রায় সর্ব্বত্রই ব্যবহার হইয়া থাকে কিন্তু ইংরাজী-চিকিৎসা-ব্যবসায়ীরা প্রায় তাহা গ্রহণ করেন না, এবং উহাদের পরিবর্তে নানা প্রকার নূতন কল্পিত সংজ্ঞা ব্যবহার করিয়া থাকেন, যথা ইংরাজী ইন্টর মিটেন্ট ফীবরকে বিষম জ্বর না কহিয়া কোন কোন ডাক্তার কম্পজ্বর বা সবিচ্ছেদ জ্বর বলিয়া অনুবাদ করিয়াছেন নিদানোক্ত যে যে প্রকার জ্বর, ইংরাজীশাস্ত্রে যে যে নামে বর্ণিত হইতে পারে, তাহা আমরা এস্থলে সংক্ষেপে উল্লেখ করিতেছি যথা বাতজ্বরের লক্ষণ, বর্ষা ঋতুর সামান্য রিমিটেন্ট (Remittent) বা স্বল্প বিরাম

অতীসারনিদানং।

গুর্ব্বতি স্নিগ্ধরুক্ষোষ্ণদ্রবস্থূলাতি শীতলৈঃ। বিরুদ্ধাধ্যসনাজীর্ণৈ র্বিষমৈশ্চাপি ভোজনৈঃ॥ স্নেহাদ্যৈ রতিযুক্তৈশ্চ মিথ্যাযুক্তৈর্বিষৈর্ভয়ৈঃ। শোকাদ্দুষ্টাম্বুমদ্যাতিপানৈঃ সাত্ম্যর্ত্তুপর্য্যয়ৈঃ॥ জলাভিরমণৈর্ব্বেগবিঘাতৈঃ ক্রিমিদোষতঃ। নৃণাংভবত্যতীসারোলক্ষণং তস্যবক্ষ্যতে॥ সংশম্যাপাং ধাতুরগ্নিং প্রবৃদ্ধঃ শকৃন্মিশ্রোবায়ুনাধঃ প্রণুন্নঃ। সরত্যসীবাতিসারং তমাহুর্ব্যাধি ঘোরং ষড়্বিধং তং বদন্তি॥ একৈকশঃ সর্ব্বশশ্চাপি দোষৈঃ শোকেনান্যঃ ষষ্ঠ আমেন চোক্তঃ। হৃন্নাভিপায়ূদরকুক্ষিতোদ গাত্রাবসাদাহনিল সন্নিরোধাঃ॥ বিট্‌সংগ্রআধ্মান মথাবিপাকো ভবিষ্যত স্তস্য পুরঃসরাণি।

নিম্নলিখিত কারণ সমূহ-হইতে অতিসার রোগ উৎপন্ন হয়, যথা, গুরু অতিস্নিগ্ধ, অতিরুক্ষ, অত্যুষ্ণ, অতিদ্রব, অতিস্থূল ও অতিশীতল দ্রব্য সেবন, বিরুদ্ধ আহার, অধ্যশন অর্থাৎ ভোজনোপরিভোজন, অজীর্ণকর আহার ও বিষমভোজন অর্থাৎ অকালে ভোজন স্নেহাদি পঞ্চকর্ম্মের (১) অতিযোগ, অযোগ

জ্বরের সহিত ঐক্য হয়। পিত্তজ্বরে বিলিয়স রিমিটেণ্ট ফীবরের (Bilious remittent) লক্ষণ দৃষ্ট হয়। কফজ্বর হেমন্ত ও বসন্তকালের কেটারাল ফীবরের তুল্যলক্ষণ বিশিষ্ট। সন্নিপাতজ্বর, টাইফয়েড টাইপ অফ্‌রিমিটেণ্ট (Typhoid type of remittent) জ্বরের সহিত ঐক্য হয়। অভিন্যাস জ্বর (Ardent fever) আর্ডেন্টফীবরের সহিত ঐক্য হয় অর্থাৎ সূর্য্যের উত্তাপদ্বারা যে সংন্যাসযুক্ত জ্বর গ্রীষ্মকালে উষ্ণ প্রধানদেশে দৃষ্ট হয় তাহার সহিত ঐক্য হয়। বিষমজ্বর, ইংরাজী ইণ্টারমিটেণ্ট ফীবরের সামান্য নাম মাত্র। ইংরাজীমতে যেরূপ ইণ্টরমিটেণ্ট ফীবরের নানাপ্রকার প্রভেদ আছে, নিদানেও উহার সেইরূপ বিস্তারিত বর্ণনা আছে। আগন্তুজ্বর (Surgical) সার্জিকেল এবং য়্যাকসিডেণ্টাল ফীবরের সহিত ঐক্য হয়। বাতবলাসকজ্বর শোথযুক্ত রোগীর পুরাতন মন্দ জ্বর মাত্র। বিসেপী জ্বরকে ইংরাজীতে হেক্‌টিক ফীবর (Hectic fever) কহে। উপরোক্ত বিবরণ অনুধাবন করিয়া দেখিলে স্পষ্ট প্রতীত হইবে যে এক্ষণে ইংরাজীমতে এতদ্দেশীয় যে যে প্রকার জ্বর জানা আছে, তাহার প্রায়ঃ সমুদয়গুলিই আমাদিগের প্রাচীন নিদানে সংক্ষেপে বর্ণিত আছে॥

(১) স্নেহাদি পঞ্চকর্ম্ম যথা, স্নেহ, বমন, বিরেচন, অনুবাসন ও নিরূহণ কার্য্য। স্নেহ কার্য্য অর্থাৎ তৈলাদি লেপন, বমনকার্য্য অর্থাৎ বান্তিকার্য্য, বিরেচন অর্থাৎ দাস্তব্যবহার, অনুবাসনকার্য্য অর্থাৎ স্নিগ্ধবস্তুদ্বারা পিচকারী, নিরূহণ অর্থাৎ মলদ্বারে রুক্ষদ্রব্যের ব্যবহার এই পঞ্চ প্রকার চিকিৎসাকে পঞ্চকর্ম্ম কহে।

অথবা হীনযোগ, বিষপ্রয়োগ, ভয় এবং শোক, দূষিত জল ও অতিশয় মদ্যপান, ঋতুবিপর্য্যয়, জলক্রীড়া, মলমূত্রাদির বেগনিঘাত, দুষ্টক্রিমি ইত্যাদি। শরীরস্থ জলীয়ধাতু সমস্ত অর্থাৎ কফ, পিত্ত, রস, রক্ত, উদক, মূত্র, স্বেদ ও মেদঃ প্রভৃতি ধাতু প্রবর্দ্ধিত হইয়া কোষ্ঠস্থিত অগ্নিকে নির্ব্বাণ করত মলের সহিত মিশ্রিত, এবং বায়ুকর্ত্তৃক অধোদেশে প্রেরিত হইয়া অতিশয় নিঃসরণ হইলে অতিসার কহা যায়।

পণ্ডিতেরা এই ভয়ঙ্কর রোগকে ষষ্ঠপ্রকারে বিভক্ত করিয়াছেন, যথা বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সান্নিপাতিক, শোকজ এবং আমজনিত। অতীসার হইবার পূর্ব্বে হৃদয়, নাভি, মলদ্বার, উদর ও কুক্ষিতে সূচিবিদ্ধবৎ বেদনা হয় এবং অঙ্গাবসাদ, বাতকর্ম্ম নিরোধ, মলের বদ্ধতা, আধ্মান ও আহারের অপাক হইয়া থাকে।

> অরুণং ফেনিলং রুক্ষ মল্পমল্পং মুহুর্মুহুঃ। শকৃদামং সরুক্‌শব্দং মারুতেনাতি সার্য্যতে॥ পিত্তাৎ পীতং হরিতং লোহিতং বা তৃষ্ণামূর্চ্ছা দাহ পাকোপপন্নং। শুক্লং সান্দ্রং সকফং শ্লেষ্মণাতুবিস্রং শীতং হৃষ্টরোমা মনুষ্যঃ॥ বরাহস্নেহমাংসাম্বুসদৃশং সর্ব্বরূপিণং। কৃচ্ছ্র সাধ্যমতীসারং বিদ্যাদ্দোষত্রয়োদ্ভবং॥ তৈস্তৈর্ভাবৈঃ শোচতোঽল্পাশনস্য বাষ্পোষ্মাবৈ বহ্নি মাবিশ্য জন্তোঃ। কোষ্ঠং গত্বা ক্ষোভয়েত্তস্যরক্তং তচ্চাধস্তাৎ কাকণন্তী প্রকাশং॥ নির্গচ্ছেদ্বৈবিড় বিমিশ্রং হ্যবিড়বা নির্গন্ধং বা গন্ধবদ্বাতিসারঃ। শোকোৎপন্নোদুশ্চিকিৎস্যোঽতিমাত্রং রোগো বৈদ্যৈঃ কষ্ট এষ প্রদৃষ্টঃ॥ অন্নাজীর্ণাৎ প্রদ্রুতাঃ ক্ষোভয়ন্তঃকোষ্ঠং দোষা ধাতু সংঘামলাশ্চ। নানাবর্ণং নৈকশঃ সারয়ন্তি শূলোপেতং ষষ্ঠমেনং বদন্তি॥ সংসৃষ্টমেভিদোষৈস্তু ন্যস্তমপ্স্বসীদতি। পুরীষং ভৃশদুর্গন্ধি পিচ্ছিলঞ্চামসংজ্ঞিতং॥ এতান্যেব তু লিঙ্গানি বিপরীতানি যস্য বৈ। লাঘবঞ্চ বিশেষণ তস্য পক্কং বিনির্দ্দিশেৎ॥

বাতাতীসারে অরুণবর্ণ ফেনাযুক্ত অপক্ক এবং রুক্ষ মল, শব্দ ও বেদনার সহিত বারংবার অল্প অল্প নিঃসৃত হয়। পৈত্তিকাতীসারে পীত, হরিৎ অথবা লোহিত বর্ণ মল নির্গত হয়, এবং রোগীর তৃষ্ণা, মূর্চ্ছা, সার্ব্বাঙ্গিক দাহ ও গুহ্যদ্বার পাকার ন্যায় বোধ হয়। কফাতীসারে শীতল, ঘন, কফযুক্ত

আমগন্ধি শুক্লবর্ণ মল নিঃসৃত, এবং রোগী রোমাঞ্চিত হয়। সন্নিপাতাতীসারে বরাহের স্নেহ ও মাংসধৌতজলের ন্যায় এবং পূর্ব্বোক্ত বাতাদি অতিসারত্রয়ের লক্ষণযুক্ত মলের নিঃসরণ হয়, এই ত্রিদোষাত্মক অতিসার কৃচ্ছ্র সাধ্য। ধন অথবা বন্ধু প্রভৃতি নাশের দ্বারা শোকাভিভূত অল্পাহারী মনুষ্যের শোকোৎপন্ন চক্ষু নাসিকা দ্গতজল, এবং উষ্মা অর্থাৎ শরীরের তেজঃ, একদা কোষ্ঠদেশে প্রবেশ করত অগ্নি নির্ব্বাণ করিয়া, রক্তকে ক্ষুব্ধ করে, সেই রক্ত, মলযুক্ত অথবা মলরহিত, গন্ধযুক্ত, বা গন্ধরহিত হইয়া গুঞ্জাফলসদৃশাকারে অধোদ্বারা নিঃসৃত হইলে, শোকোৎপন্ন অতীসার কহা যায়। ইহা অতিকষ্টসাধ্য। আহার অজীর্ণহেতু বিমার্গগামী দোষ, কোষ্ঠকে ক্ষোভিত করিয়া, রসরক্তাদি সপ্তধাতু ও মলমূত্রাদি উপধাতুকে দূষিত করে, এবং নানাবর্ণের বহুপরিমিত মল, শূল ও বেদনার সহিত নিঃসরণ করে। এই ষষ্ঠপ্রকার অতীসারকে আমাতীসার কহা যায়। উপরোক্ত শোক এবং আমজনিত অতিসারে বাতাদি লক্ষণের সাকল্য অথবা কথঞ্চিৎ প্রকাশদ্বারা উহাদের দোষ অনুবন্ধ অনুভব করিবে। চিকিৎসা বিশেষার্থে অতীসারের আম এবং পক্বলক্ষণ নিম্নপ্রকারে লিখিত আছে। যে পুরীষ অতিশয় দুর্গন্ধ পিচ্ছিল এবং জলে ক্ষিপ্ত হইলে নিমগ্ন হয়, তাহাকে আম, অথবা অপক্ব মল কহে। পক্বমল, আমমলের বিপরীত লক্ষণযুক্ত অর্থাৎ উহা নির্গন্ধ অপিচ্ছল জলে ভাসমান এবং অতিশয় লঘু।

> পক্বজাম্ববসঙ্কাশং যকৃৎপিণ্ডনিভং তনু। ঘৃততৈলবসামজ্জবেশবারপয়োদধি ॥ মাংসধাবনতোয়াভং কৃষ্ণংনীলারুণপ্রভং। মেচকং স্নিগ্ধকর্ব্বুরং চন্দ্রকোপগতং ঘনং ॥ কুণপং মস্তুলুঙ্গাভং সুগন্ধিকুথিতং বহু। তৃষ্ণা দাহতমঃশ্বাসহিক্কাপার্শ্বাস্থিশূলিনং ॥ সংমূর্চ্ছারতিসংমোহযুক্তং পক্ববলীগুদং। প্রলাপযুক্তঞ্চ ভিষগ্বর্জ্জয়েদতিসারিণং। অসংবৃতগুদং ক্ষীণং দুরাধ্মাতমুপদ্রুতং ॥ গুদেপক্বে গতোষ্মাণ মতিসারকিণং ত্যজেৎ ॥ শ্বাসশূল পিপাসার্ত্তং ক্ষীণং জ্বরনিপীড়িতং। বিশেষেণ নরং বৃদ্ধ মতীসারো বিনাশয়েৎ ॥

যে অতিসার গ্রস্ত রোগীর মল, পক্বজামফলের বা যকৃৎপিণ্ডের সদৃশ বর্ণযুক্ত, তাহার রোগ অসাধ্য। অতীসারে মল কৃষ্ণ নীলারুণ অথবা ময়ূরপুচ্ছের ন্যায় স্নিগ্ধ নানাবর্ণবিশিষ্ট ও ঘন স্বচ্ছ এবং মাংসধৌত জলসদৃশ

হইলে রোগ অসাধ্য জানিবে। যে রোগীর ঘৃত, তৈল, বসা, মজ্জা, দুগ্ধ অথবা দধিসদৃশ মলত্যাগ হয় এবং যাহার মল, মাংসধৌতজলের ন্যায় দৃষ্ট হয়, তাহার অতীসার আরোগ্য হয় না। যে অতীসারে পচা, সুগন্ধ কিম্বা দুর্গন্ধ যুক্ত মস্তিষ্কের সদৃশ মল, অতিশয় কুন্থনের সহিত ত্যাগ হয়, সে রোগ অসাধ্য। যে অতীসারি ব্যক্তির তৃষ্ণা, দাহ, অন্ধকারে প্রবিষ্ট বোধ শ্বাস, হিক্কা, পার্শ্ব এবং অস্থিশূল, গ্লানি, মন ও ইন্দ্রিয়ের মোহ, মলদ্বারস্থিত, বলির পাক এবং প্রলাপ হয়, তাহাকে বৈদ্য ত্যাগ করিবে। যাহার মলদ্বার-হইতে অবিশ্রান্ত মল নিঃসৃত হয় শরীর শীতল ও ক্ষীণ হয় এবং অতিশয় আধ্মান ও গুহ্যদেশ পক্কবোধ হয়, তাহাকেও বৈদ্যত্যাগ করিবে। যে রোগী, শ্বাস, শূল, জ্বর ও পিপাসাযুক্ত হয় এবং যাহার দেহ ক্ষীণ হয়, তাহাকে অতি-সার নষ্ট করে, বিশেষতঃ বৃদ্ধ ব্যক্তিদিগের অতিসার অসাধ্য হইয়া থাকে।

পিত্তকৃন্তি যদাত্যর্থং দ্রব্যাণ্যশ্নাতিপৈত্তিকে। তদোপজায়তেঽভীক্ষ্ণং রক্তা-তিসার উল্বণঃ॥ বায়ুঃ প্রবৃদ্ধোনিচিতং বলাশং নুদত্যধস্তাদহিতাশনস্য। প্রবাহতোঽল্পং বহুশোমলাক্তং প্রবাহিকাংতাং প্রবদন্তি তজ্জ্ঞাঃ॥ প্রবাহিকা বাতকৃতা সশূলা পিত্তাৎ সদাহা সকফা কফাচ্চ। সশোণিতাশোণিত-সম্ভবাচ্চ তাঃ স্নেহরূক্ষ প্রভবামতাস্ত। তাসামতীসারবদাদীশেচ্চ লিঙ্গং ক্রমঞ্চামবিপক্কতাঞ্চ। যস্যোচ্চারং বিনামূত্রং সম্যগ্বায়ুশ্চ গচ্ছতি॥ দীপ্তাগ্নে র্লঘুকোষ্ঠস্য স্থিত তস্যোদরাময়ঃ॥

যদ্যপি পৈত্তিক অতিসারে রোগী, পিত্তজনক দ্রব্য নিরন্তর, অতিশয় ভোজন করে, তবে তাহার প্রবল রক্তাতীসারের উৎপত্তি হয়। এই রোগে জ্বর, পিপাসা, দাহ, শূল ও মলদ্বারে অত্যন্ত পাক হয় এবং মলত্যাগের পূর্ব্বে অথবা পরে রক্তনির্গত হয়। যে রোগে অহিত আহারকারী ব্যক্তির বায়ু কুপিত হইয়া সঞ্চিত কফকে মলের সহিত অধোদেশে সঞ্চালিত করে এবং কুন্থ-নের সহিত অর্থাৎ কষ্টক্রমে বারবার অল্প অল্প মল নির্গত হয়, তাহাকে পণ্ডিতেরা প্রবাহিকা কহে। প্রবাহিকা-রোগে বায়ুহইতে শূল, পিত্তহইতে দাহ, শ্লেষ্মাহইতে কফ এবং রক্তহইতে রক্তযুক্তমল নিঃসৃত হয়। এই সকল

প্রবাহিকা উৎপন্ন হইবার বিশেষ বিশেষ কারণ লিখিত আছে যথা রুক্ষ-দ্রব্যসেবন হইতে বাতিক, তিক্ত ও উষ্ণ দ্রব্য হইতে রক্ত ও পৈত্তিক এবং স্নেহ দ্রব্যের সেবন হইতে শ্লৈষ্মিক প্রবাহিকা রোগ উৎপন্ন হয়। প্রবাহিকার লক্ষণ চিকিৎসা এবং পক্ব ও অপক্ব চিহ্ন, অতিসারের ন্যায় জানিবে, অর্থাৎ প্রবাহিকারোগে বাতাদিদোষভেদে অতীসারোক্ত বাতাদিদোষজ লক্ষণসমূহ উৎপন্ন হয় এবং অতীসারের ন্যায় ইহারও পক্বাপক্ব মলভেদ বুঝিবে, অতীসারোক্ত চিকিৎসাক্রমে ইহারও চিকিৎসা করিবে। যাহার মূত্রত্যাগকালীন মলনিঃসরণ হয় না, স্বভাবতঃ বায়ু নিঃসৃত হয়, অগ্নির প্রদীপ্তি অর্থাৎ ক্ষুধাবোধ এবং উদরের লঘুত্ব হয় তাহার অতীসার নিবৃত্তি হইয়াছে জানিবে (১)।

গ্রহণীরোগ নিদান।

অতীসারে নিবৃত্তেপি মন্দাগ্নে রহিতাশিনঃ। ভূয়ঃ সংদূষিতো বহ্নি-র্গ্রহণীমভিদূষয়েৎ॥ একৈকশঃ সর্ব্বশশ্চ দোষৈরত্যর্থমূর্চ্ছিতৈঃ। সা দুষ্টা বহুশোভুক্ত মামমেব বিমুঞ্চতি॥ পক্বং বা সরুজং পূতি মুহুর্ব্বদ্ধং মুহুর্দ্রবং। গ্রহণীরোগমাহুস্তমায়ুর্ব্বেদবিদোজনাঃ॥ পূর্ব্বরূপন্তু তস্যোক্তং তৃষ্ণালস্যং বলক্ষয়ঃ। বিদাহোঽন্নস্য পাকশ্চ চিরাৎ কায়স্য গৌরবং॥

অতীসার রোগ নিবৃত্তি হইয়া পকাশয়স্থ অগ্নি পুনঃ প্রদীপ্ত হইবার পূর্ব্বে কুপথ্য করিলে ঐ অগ্নি পুনরায় অত্যন্ত দুর্ব্বল হইয়া গ্রহণী নামা নাড়ীকে দূষিত করে. সেই দূষিত গ্রহণী নাড়ী, অতিবর্দ্ধিত পৃথক অথবা মিলিত দোষের দ্বারা আচ্ছাদিত হইলে গ্রহণী (২) নামক ব্যাধি উৎপন্ন হয়। এই রোগে

---

(১) অতিসারকে ইংরাজীতে ডায়ারিয়া (Diarrhœa) কহে। প্রবাহিকাকে ডিসেণ্টরি (Dysentery) বলে।

(২) আয়ুর্ব্বেদমতে শরীরের মধ্যে গ্রহণীনামে একটি নাড়ী আছে তাহাতে রোগ হইলে গ্রহণী রোগ কহা যায়। গ্রহণীনাড়ী, নাভির উপরিভাগে অবস্থিত

বহুল পরিমাণে পক্ক ও অপক্ক আহার, মলদ্বার হইতে নির্গত হয় এবং রোগী ক্ষণে বদ্ধ ক্ষণে দ্রব দুর্গন্ধমল বারম্বার কষ্টের সহিত ত্যাগ করে, বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক এবং সান্নিপাতিক ভেদে গ্রহণী রোগ চারি প্রকার হইয়া থাকে। গ্রহণীরোগ হইবার পূর্ব্বে নিম্নলিখিত লক্ষণ দৃষ্ট হয়, যথা শরীরের গুরুত্ব অলসতা তৃষ্ণা, বলক্ষয়, এবং আহারের বিদগ্ধতা ও বিলম্বে পরিপাক।

কটুতিক্তকষায়াতিরূক্ষ সংদুষ্টভোজনৈঃ। প্রমিতানশনাত্যধ্ব বেগনিগ্রহ-মৈথুনৈঃ॥ মারুতঃ কুপিতো বহ্নিং সংছাদ্য কুরুতে গদান্। তস্যান্নং পচ্যতে দুঃখং শুক্তপাকং খরাঙ্গতা॥ কণ্ঠাস্যশোষঃক্ষুত্‌তৃষ্ণা তিমিরং কর্ণয়োঃ স্বনঃ। পার্শ্বোরুবঙ্‌ক্ষণগ্রীবারুগভীক্ষ্ণং বিসূচিকা॥ হৃৎপীড়াকার্শ্য দৌর্ব্বল্যং বৈরস্যং পরিকর্ত্তিকা। গৃদ্ধিঃ সর্ব্বরসানাঞ্চ মনসঃ সদনন্তথা॥ জীর্ণে জীর্য্যতি চাধ্মানং ভুক্তে স্বাস্থ্যমুপৈতি চ। স বাতগুল্মহৃদ্রোগপ্লীহা শঙ্কী চ মানবঃ॥ চিরাদ্দুঃখং দ্রবং শুষ্কং তন্বামং শব্দফেণবৎ। পুনঃপুনঃ সৃজেদ্বর্চ্চঃ কাসশ্বাসার্দ্দিতোনিলাৎ॥

অতিশয় কটু, তিক্ত কষায় রূক্ষ ও সংদুষ্টভোজন, অল্পাহার, উপবাস অতিশয় পথশ্রম, মলমূত্রাদির বেগধারণ এবং মৈথুনদ্বারা বায়ুকুপিত হইয়া অগ্নিকে আচ্ছাদিত করতঃ বাতগ্রহণী রোগ উৎপন্ন করে। বাত গ্রহণীরোগে অন্ন অতিকষ্টে পরিপাক পায়, অথবা অম্লপাক হয়, অন্ন জীর্ণ হইলে কিম্বা পরিপাককালে আধ্মান উপস্থিত হয এবং আহার করিলে স্বাস্থ্য বোধ হয়। ঊর্দ্ধ ও অধোদ্বারা অপক্ক অন্নের প্রবর্ত্তন হয় এবং অল্প পরিমাণে বার বার ফেণাযুক্ত অপক্ক মল বিলম্বে কষ্টের সহিত ত্যাগ হয, মল, কখন শুষ্ক, কখন দ্রব এবং গুহ্যদ্বারে কর্ত্তনবৎ পীড়া অনুভব হয়। রোগীর মানসিক অবসাদ, মুখশোষ, আস্যবৈরস্য, তৃষ্ণা, ক্ষুধাবোধ এবং মধুরাদি ষড়্‌রসে স্পৃহা হয়। হৃদয়, পার্শ্ব, উরু, বঙ্ক্ষণ এবং গ্রীবাতে নিরন্তর বেদনা

করে, ইহা অন্নকে গ্রহণকরে, এই জন্য গ্রহণী নামে খ্যাত। ইহাই, অগ্নির অধিষ্ঠাত্রী, বল ও উপচয়ের বৃদ্ধিকারক এবং অপক্ক অন্নকেধারণ করিয়া পক্ককে অধোদ্বারা নিঃসরণ করে, সুশ্রুত কহেন, এই নাড়ী, পক্বাশয় ও আমাশয়ের মধ্যদেশে অবস্থায়িনী অর্থাৎ পচ্যমাণাশয় স্বরূপাই গ্রহণী প্রসিদ্ধ আছে।

থাকে, মন্দদৃষ্টি ও কর্ণেশব্দবোধ হয়, শরীর কর্কশ, কৃশ ও দুর্ব্বল হইয়া পড়ে। বাতগ্রহণীগ্রস্ত রোগী সর্ব্বদা বাতগুল্ম হৃদ্রোগ ও প্লীহার আশঙ্কা করে এবং কণ্ঠশোষ কাস ও শ্বাসদ্বারা পীড়িত হয়।

> কট্বজীর্ণবিদাহ্যম্লক্ষারাদ্যৈঃ পিত্তমুল্বণং। আপ্লাবয়দ্ধন্ত্যনলং জলমুপ্তমিবানলং ॥ সোঽজীর্ণং নীলপীতাভং পীতাভঃ সার্য্যতে দ্রবং। পূত্যম্লোদ্গারহৃৎকণ্ঠ দাহারুচিতৃড়র্দ্দিতঃ ॥

কটু, অজীর্ণ, বিদাহি, অম্ল, ক্ষার, লবণ, তীক্ষ্ণ ও উষ্ণদ্রব্য সেবনদ্বারা পিত্ত প্রবৃদ্ধ হইয়া প্রতপ্তজলেরন্যায় অগ্নিকে নষ্ট করতঃ পৈত্তিক গ্রহণীরোগ উৎপন্ন করে, হইাতে রোগীর তৃষ্ণা, অরুচি, দুর্গন্ধ ও অম্ল উদ্গার এবং কণ্ঠ ও হৃদয়ে দাহ, নীল ও পীতবর্ণ অজীর্ণ দ্রবমল ত্যাগ হয় এবং শরীর পীতবর্ণ হইয়া যায়।

> গুর্ব্বতি স্নিগ্ধশীতাদি ভোজনাদতি ভোজনাৎ। ভুক্তমাত্রস্য চ স্বপ্নাদ্ধন্ত্যগ্নিং কুপিতঃ কফঃ ॥ তস্যান্নং পচ্যতে দুঃখং হৃল্লাসচ্ছর্দ্দ্যরোচকাঃ। আস্যোপদেহমাধুর্য্যং কাস ষ্ঠীবন পীনসাঃ ॥ হৃদয়ং মন্যতে স্ত্যান মুদরং স্তিমিতং গুরুঃ। দুষ্টো মধুর উদ্গারঃ সদনং স্ত্রীষ্বহর্ষণং ॥ ভিন্নামশ্লেষ্মসংসৃষ্টং গুরুবর্চ্চঃ প্রবর্ত্তনং। অকৃশস্যাপি দৌর্ব্বল্য মালস্যঞ্চ কফাত্মকে। পৃথগ্বাতাদি নির্দ্দিষ্ট হেতু লিঙ্গসমাগমে। ত্রিদোষং নির্দ্দিশেদেবং তেষাং বক্ষ্যামি ভেষজং ॥

অতিশয় গুরু, স্নিগ্ধ, শীতল, পিচ্ছিল ও মধুরাদি দ্রব্যভোজন, অতিভোজন এবং ভোজনমাত্রে (১) শয়নদ্বারা কফ কুপিত হইয়া অগ্নিকে নষ্ট করতঃ শ্লৈষ্মিক

(১) টীকাকার এস্থলে শয়নশব্দের অর্থ দিবানিদ্রা বলিয়া ব্যাখ্যা করেন। যেহেতু রাত্রিকালের নিদ্রা স্বাস্থ্যকর এবং দিবা নিদ্রা অতি অহিতকর বলিয়া উক্ত আছে, বিশেষতঃ আহারের পর দিবাশয়নে কফবৃদ্ধি হইয়া জঠরানল নষ্ট করে।

গ্রহণীরোগের লক্ষণ ইংরাজি ক্রণিক ও লায়েণ্টরিক ডায়ারিয়া এবং হোয়াইট ফ্লক্সের সহিত ঐক্য হয়; (Chronic and lienteric diarrhœa and white flux.)।

গ্রহণীরোগ উৎপন্ন করে। শ্লৈষ্মিক গ্রহণীতে আহার কষ্টে পরিপাক হয়। মুখে লেপা বোধ ও মধুর রস অনুভব হয়, উদরস্তিমিত অর্থাৎ নিশ্চলভাবে থাকে এবং হৃল্লাস, বমি, অরুচি ও বিকৃত মধুরউদ্গার হয়, আম ও শ্লেষ্মাযুক্ত গুরুবিভিন্নমলের প্রবর্ত্তন এবং শরীরের অকৃশতা সত্বেও দুর্ব্বলতা অনুভব হয়। ঘন ও দ্রব শ্লেষ্মাদ্বারা হৃদয় পূরিত বোধ এবং নাসিকা হইতে স্রাব, নিষ্ঠীবন ও কাস হয়, রোগীর গাত্রগুরুতা, অঙ্গাবসাদ, আলসতা এবং স্ত্রীতে বিদ্বেষ জন্মে। উপরোক্ত বাতাদি গ্রহণীর লক্ষণ সমূহ একত্র সমাগম হইলে সান্নিপাতিক গ্রহণী কহা যায়।

অন্ত্রকূজনমালস্যং দৌর্ব্বল্যং সদনন্তথা। দ্রবং ঘনং শীতং স্নিগ্ধং স কটিবেদনং শকৃৎ॥ আমং বহুসপৈচ্ছিল্যং সশব্দং মন্দবেদনং। পক্ষান্মাসান্দশাহাদ্বা নিত্যং বাপ্যথমুঞ্চতি॥ দিবা প্রকোপো ভবতি রাত্রৌ শান্তিং ব্রজেচ্চ সা। দুর্ব্বিজ্ঞেয়াদুশ্চিকিৎস্যা চিরকালানুবর্ত্তিনী॥ সা ভবেদামবাতেন সংগ্রহগ্রহণীমতা॥

এক্ষণে সংগ্রহনামক গ্রহণী রোগের লক্ষণ কথিত হইতেছে। সংগ্রহ গ্রহণীতে অন্ত্র কূজন অর্থাৎ উদরমধ্যে অব্যক্তশব্দ, আলস্য, দুর্ব্বলতা, কটিবেদনা ও অঙ্গাবসাদ হয় এবং রোগী দ্রব, ঘন, শীতল, স্নিগ্ধ, পিচ্ছিল ও বহুপরিমিত অপক্ব মল শব্দ ও মন্দ মন্দ বেদনার সহিত ত্যাগ করে। এই রোগ মাসান্তর পক্ষান্তর দশাহান্তর অথবা নিত্যই উৎপন্ন হয় অর্থাৎ উপরোক্ত নির্দ্দিষ্টকাল পর্য্যন্ত কোষ্ঠ বদ্ধ থাকিয়া পরে অতিসার হয়। ইহা দিবাতে প্রকোপ প্রাপ্ত হয় ও রাত্রিতে শান্ত থাকে। আম এবং বায়ুদ্বারা এই রোগের উৎপত্তি হয়। ইহা অতিশয় দুর্ব্বিজ্ঞেয় দুশ্চিকিৎসনীয় ও দীর্ঘকালস্থায়ী।

অর্শোনিদানং।

পৃথগ্‌দোষৈঃ সমস্তৈশ্চ শোণিতৈঃ সহজানি চ। অর্শাংসি ষট্‌প্রকারাণি বিদ্যাদ্গুদবলিত্রয়ে॥ দোষাস্ত্বঙ্‌মাংসমেদাংসি সংদুষ্য বিবিধাকৃতীন্। মাংসাঙ্কুরানপানাদৌ কুর্ব্বন্ত্যর্শাংসি তান্‌জগুঃ॥

গুহ্য দ্বারের বলিত্রয়ে (১) ষষ্ঠপ্রকার অর্শঃ উৎপন্ন হয় যথা, বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সন্নিপাতজ, রক্তজ এবং সহজাত। যে অর্শঃ পিতামাতার অর্শরোগবশতঃ জন্মের সহিত উৎপন্ন হয় তাহাকে সহজাত অর্শঃ কহে। দুষ্ট বাতাদি দোষ ত্বক্, মাংস, রক্ত এবং মেদধাতুকে দূষিত করিয়া মলদ্বার ও নাসাদিতে নানাকৃতির মাংসাঙ্কুর উৎপাদন করিলে উহাকে অর্শরোগ কহা যায়।

> • কষায়কটুতিক্তানি রুক্ষশীত লঘূনি চ। প্রমিতাল্পাশনং তীক্ষ্ণং মদ্যং মৈথুনসেবনং॥ লংঘনং দেশকালৌ চ শীতৌ ব্যায়ামকর্ম্ম চ। শোকো-বাতাতপস্পর্শো হেতুর্ব্বাতার্শসাং মতঃ। কটম্ললবণোষ্ণানি ব্যায়ামাগ্ন্যাতপ-প্রভাঃ॥ দেশকালাবশিশিরৌ ক্রোধোমদ্যমসূয়নং॥ বিদাহী তীক্ষ্ণমুষ্ণঞ্চ সর্ব্বং পানান্নভেষজং। পিত্তোল্বণানাং বিজ্ঞেয়ঃ প্রকোপে হেতুরর্শসাং॥ মধুরস্নিগ্ধশীতানি লবণাম্ল গুরূণি চ। অব্যায়াম দিবাস্বপ্ন শয্যাসনসুখে রতিঃ॥ প্রাগ্বাতসেবাশীতৌ চ দেশকালাবচিন্তনং। শ্লৈষ্মিকানাং সমুদ্দিষ্ট মেতৎকার-ণমর্শসাং॥ হেতু লক্ষণসংসর্গাদ্বিদ্যাদ্দ্বন্দ্বোল্বণানিচ। সর্ব্বহেতু স্ত্রিদোষাণাং সহজৈ লক্ষণৈঃ সমং॥

কষায়, কটু, তিক্ত, রুক্ষ, শীতল এবং লঘুদ্রব্যের অতিসেবন হেতু অথবা মাত্রাহীন আহার, অতি অল্পাহার বা উপবাসদ্বারা বায়ু কুপিত হইয়া বাতিক অর্শরোগ উৎপন্ন করে। তীক্ষ্ণ মদিরাপান, অতিশয় স্ত্রীসংসর্গ এবং শীত-প্রদেশে বাস করিলেও বাতার্শরোগ উৎপন্ন হয়। শীতকাল বাতাস ও রৌদ্রসেবন ব্যায়াম ও শোকাদিকারণ হইতেও কখন কখন এই অর্শ উৎ-পাদিত হইয়া থাকে। কটু, অম্ল ও উষ্ণদ্রব্যাদি সেবন এবং সর্ব্ব প্রকার

---

(১) গুহ্যস্থান সার্দ্ধপঞ্চাঙ্গুলী পরিমিত বলিয়া নির্দ্দিষ্ট আছে, ইহা তিন বলিতে বিভক্ত, ঐ বলিত্রয়, শঙ্খাবর্ত্তের ন্যায় অর্থাৎ শঙ্খের মধ্যগত পেঁচের ন্যায় উপর্য্যুপরি অবস্থিতি করে। উহাদের নাম ক্রমান্বয়ে প্রবাহণী, বিস-র্জ্জনী এবং সম্বরণী। মলদ্বারে অর্দ্ধাঙ্গুলপরিমাণ স্থানে অঙ্গুলিপ্রমাণ প্রথম বলিকে প্রবাহিণী কহে এবং সার্দ্ধাঙ্গুলপরিমিত দ্বিতীয় ও তৃতীয় বলিদ্বয়কে বিসর্জ্জনী ও সম্বরণী কহা যায়। প্রবাহণীবলি স্বভাবতঃ মলাদি আকর্ষণ করে, বিসর্জ্জনী উহা ত্যাগ করে এবং সম্বরণী ধারণ করে।

বিদাহি তীক্ষ্ণ ও উষ্ণ গুণ, যুক্ত পান, অন্ন এবং ঔষধদ্বারা পিত্তকুপিত হইয়া পৈত্তিক অর্শ উৎপাদন করে। মদ্যপান, ব্যায়াম, অগ্নি ও রৌদ্রসেবন উষ্ণ-কাল, উষ্ণপ্রদেশ, ক্রোধ এবং অসূয়া হইতেও এই রোগ উৎপন্ন হইতে পারে। মধুর, স্নিগ্ধ, শীতল, লবণ, অম্ল ও গুরুদ্রব্যের নিষেবণ দ্বারা, অব্যা-য়াম, দিবা নিদ্রা, অতিকোমল শয্যায় শয়ন ও উপবেশন দ্বারা, পূর্ব্ব বায়ুসেবন শীতপ্রদেশ, শীতকাল এবং নিশ্চিন্তাদ্বারা কফজনিত অর্শরোগ উৎপন্ন হয়। উপ-রোক্ত বাতাদি দোষের মধ্যে দ্বিদোষের মিশ্রকারণ ও লক্ষণ দ্বারা দ্বন্দজার্শঃ এবং দোষত্রয়ের মিলিত কারণ ও সহজাতার্শঃ রোগের (১) লক্ষণ দ্বারা সান্নি-পাতিক অর্শঃ জানিবে।

বিষ্টম্ভোঽন্নস্য দৌর্ব্বল্যং কুক্ষেরাটোপ এবচ। কার্শ্যমুদ্গার বাহুল্যং স কিথ্সাদোঽল্পবিট্ কতা॥ গ্রহণীদোষ পাণ্ড্বর্ত্তেরাশঙ্কা চোদরস্য চ। পূর্ব্ব-রূপাণি নির্দ্দিষ্টান্যর্শসামভিবৃদ্ধয়ে॥

অর্শঃ প্রকাশ হইবার পূর্ব্বে, অজীর্ণ, উদরে গুড়্গুড় শব্দ, মলের স্বল্পতা, এবং উদ্গারের বাহুল্য হয়। জঙ্ঘার অবসাদ, শরীর কৃশ, দৌর্ব্বল্য এবং উদর গ্রহণী পাণ্ডু রোগের আশঙ্কা হয়।

গুদাঙ্কুরা বহুনিলাঃশুষ্কাশ্চিমচিমান্বিতাঃ। ম্লানাঃ শ্যাবারুণা স্তব্ধা বিষদাঃ পরুষাঃ খরাঃ॥ মিথোবিসদৃশা বক্রা স্তীক্ষ্ণা বিস্ফুটিতাননা। বিম্বীখর্জ্জুরকর্কন্ধুকার্পাসী-ফলসন্নিভাঃ। কেচিৎ কদম্ব পুষ্পাভাঃ কেচিৎ সিদ্ধার্থকোপমাঃ। শিরঃ পার্শ্বাংস কট্যুরুবঙ্ক্ষণাদ্যধিকব্যথা। ক্ষবথূদ্গার বিষ্টম্ভঃ হৃদ্গ্রাহারোচক-প্রদাঃ। কাসশ্বাসাগ্নিবৈষম্য কর্ণনাদ ভ্রমাবহাঃ॥ তৈরার্ত্তো গ্রথিতং স্তোকং সশব্দং সপ্রবাহিকং। রুক্ফেন পিচ্ছানুগতং বিবদ্ধমুপবেশ্যতে। কৃষ্ণত্বঙ্নখ বিন্মূত্র নেত্র বক্ত্রশ্চ জায়তে। গুল্মপ্লীহোদরাষ্ঠীলা সম্ভবস্তত এবচ॥

বাতজঅর্শে গুদাঙ্কুর অর্থাৎ অর্শের বলিসমূহ বহুসংখ্য ও পরস্পর পৃথক্

সহজাত অর্শের লক্ষণ সুশ্রুতগ্রন্থে নির্দ্দিষ্ট আছে যথা অর্শঃ দুর্দ্দর্শনীয় কর্কশ, অরুণ ও পাণ্ডুবর্ণ এবং অতি ভয়ানক ও অন্তর্মুখবিশিষ্ট হয়। রোগী কৃশাঙ্গী অল্প ভোজনশীল এবং শিরা সঙ্কিতগাত্রযুক্ত অর্থাৎ সর্ব্বশরীরে শিরা দৃষ্ট হয়, শুক্র ক্ষীণ হয় ও সন্তান উৎপাদনশক্তির হ্রাস হইয়া থাকে।

হইয়া নির্গত হয়। উহারা, শুষ্ক, কঠিন, অপিচ্ছিল, কর্কশ ও খর অর্থাৎ কাটাঁযুক্ত হইয়া থাকে। উহাদের বর্ণ শ্যাব কখনবা অরুণ এবং আকৃতি, তেলাকুচ, খর্জুর, কুল অথবা বনকার্পাস ফল সদৃশ হয়। ক্বচিৎ কদম্বপুষ্পের, ক্বচিৎ রাইসর্ষপের সদৃশও হইয়া থাকে। বলি সকল বক্রভাবে উত্থিত এবং সূক্ষ্মাগ্র বিদারিতমুখ ও চিমচিম বেদনাবিশিষ্ট হয়। রোগীর শির, হৃদয়, পার্শ্ব, অংসদেশ, কটি, উরু ও বঙ্ক্ষণাদিতে অত্যন্তবেদনা হয় এবং ত্বক্, নখ, মল, মূত্র, নেত্র ও আনন কৃষ্ণবর্ণ প্রাপ্ত হয়। হাঁচী, কর্ণনাদ, শ্বাস, কাস ও ভ্রম হয়, অরুচি উদ্গার বিষ্টম্ভ ও বিষমাগ্নি দৃশ্য হয় এবং শব্দও কুন্থনের সহিত গাঁইটযুক্ত পিচ্ছিল বিবদ্ধভাব বেদনাজনক ফেণাযুক্ত অল্পপরিমিত মল-ত্যাগ হয়। এই বাতার্শঃ হইতে গুল্ম, প্লীহা, উদর ও অষ্ঠীলারোগের উৎপত্তি হয়।

পিত্তোত্তরানীলমুখা রক্তপীতাসিতপ্রভা। তন্বস্রস্রাবিণো বিস্রা তনবো- মৃদবঃ শ্লথাঃ। শুকজিহ্বা যকৃৎখণ্ড জলৌকা বক্ত্রসন্নিভাঃ। দাহপাক- জ্বরস্বেদ তৃণ্মূর্চ্ছারুচিমোহদাঃ। সোষ্মাণোদ্রবনীলোষ্ণপীতরক্তামবর্চসঃ। যব- মধ্যা হরিৎপীত হারিদ্রত্বঙ্নখাদয়ঃ।

পিত্তোল্বন অর্শরোগে বলিসমূহ, রক্তপীত অথবা কৃষ্ণবর্ণ এবং উহাদের অগ্রভাগ নীলবর্ণ হয়। উহারা সংখ্যায় অল্প কোমল ও লম্বমান হয় এবং আমগন্ধিদ্রব রক্তস্রাব করে। উহাদের আকৃতি শুকপক্ষীর জিহ্বা, যকৃৎ খণ্ড অথবা জলৌকার মুখসদৃশ এবং যবেরন্যায় মধ্যেস্থূল ও অন্তদ্বয়ে সূক্ষ্ম হয়। ত্বক, নখ, মল ও মূত্রাদি হরিৎ, পীত বা হরিদ্রাবর্ণ প্রাপ্ত হয়, রোগী, দাহ, পাক, ঘর্ম্ম, তৃষ্ণা, মূর্চ্ছা, মোহ, অরুচি, ক্রোধ ও জ্বরযুক্ত হয়, এবং দ্রব নীল পীত ও রক্তবর্ণ অপক্ব মল ত্যাগ করে।

শ্লেষ্মোল্বণা মহামূলা ঘনামন্দরুজঃ সিতাঃ। উৎসন্নোপচিত স্নিগ্ধাঃ স্তব্ধবৃত্ত গুরুস্থিরাঃ। পিচ্ছিলাঃ স্তিমিতাঃ শ্লক্ষ্ণাঃ কণ্ড্বাঢ্যাঃ স্পর্শন প্রিয়াঃ। করীর- পনসাস্থ্যাভা স্তথা গোস্তনসন্নিভাঃ। বঙ্ক্ষণা নাহিনঃ পায়ুবস্তিনাভিবিকর্ষিণঃ। সশ্বাসকাসহৃল্লাস প্রসেকারুচিপীনসাঃ। মেহকৃচ্ছ্র শিরোজাড্য শিশির জ্বরকারিণঃ। ক্লৈব্যাগ্নিমার্দ্দবঃ ছর্দ্দিরামপ্রায় বিকারদাঃ। বসাভ সকফ প্রাহ, পুরীষাঃ সপ্রবাহিকাঃ। ন স্রবন্তি নভিদ্যন্তে পাণ্ডুস্নিগ্ধত্বগাদয়। সর্ব্বৈঃ সর্ব্বাত্মকান্যাহুর্লক্ষণৈঃ সহজানি চ।

শ্লেষ্মপ্রবল অর্শরোগে গুদাঙ্কুর সমস্ত বিস্তীর্ণ মূল দীর্ঘাকার ও নিবিড় অবয়ব বিশিষ্ট হয়। উহাদের আকৃতি বর্তুল ও পরিণাহে স্থূল এবং কাঁঠালবীজ, বংশাঙ্কুর, কখন বা গোস্তনের সদৃশ। উহারা শুক্লবর্ণ, স্নিগ্ধ, কঠিন, ভারাক্রান্ত, পিচ্ছিল, স্তিমিত, মসৃণ এবং স্থির অর্থাৎ উপচয় রহিত হইয়া থাকে। অর্শ বলি স্পর্শ করিলে সুখ বোধ হয় এবং উহারা স্বভাবতঃ অল্পবেদনা ও কণ্ডূযুক্ত হইয়া থাকে। রোগীর বঙ্ক্ষণদেশে বন্ধনের ন্যায় এবং মলদ্বার বস্তি ও নাভিতে আকর্ষণের ন্যায় বোধ হয়, শ্বাসকাস হৃল্লাস মুখ ও নাসিকা হইতে স্রাব এবং অরুচি, মূত্রকৃচ্ছ্র, প্রমেহ ও স্ত্রীতে অনুৎসাহ হইয়া থাকে। মস্তকের জড়তা, শীতজ্বর, অগ্নিমান্দ্য, বমি এবং আমপ্রায় রোগ অর্থাৎ অতিসার গ্রহণ্যাদি রোগ উৎপন্ন হয়। ত্বক্ নখ মল মূত্রাদির স্নিগ্ধপাণ্ডু বর্ণতা হয় এবং রোগী কুন্থনের সহিত কফযুক্ত বসারন্যায় প্রচুর মল ত্যাগ করে। শ্লৈষ্মিক অর্শ হইতে ক্লেদরক্তাদি নির্গত হয় না এবং কঠিন মলের দ্বারা পীড়িত হইলেও উহারা বিদীর্ণ হয় না। উপরোক্ত বাতাদি দোষের মিলিত লক্ষণের দ্বারা সান্নিপাতিক এবং সহজাত অর্শরোগ নিশ্চয় করিবে। সহজাতার্শরোগ ত্রিদোষজ বলিয়া উক্ত আছে।

* রক্তোল্বণা গুদে কীলাঃ পিত্তাকৃতিসমন্বিতাঃ। বটপ্ররোহসদৃশা গুঞ্জাবিদ্রুমসন্নিভাঃ। তেঽত্যর্থং দুষ্ট মুষ্ণঞ্চ গাঢ়বিট্‌ক প্রপীড়িতাঃ। স্রবন্তি সহসা রক্তং তস্য চাতিপ্রবৃত্তিতঃ। ভেকাভঃ পীড্যতে দুঃখৈঃ শোণিতক্ষয় সম্ভবৈঃ। হীনবর্ণবলোৎসাহোহতৌজাঃ কলুষেন্দ্রিয়ঃ। বিট্‌শ্যাবং কঠিনং রুক্ষ মধোবায়ুর্নবর্ত্ততে। তনু চারুণবর্ণঞ্চ ফেনিলঞ্চাসৃগর্শসাং। কট্যূরুগুদশূলঞ্চ দৌর্ব্বল্যং যদি চাধিকং। তত্রানুবন্ধোবাতস্য হেতু র্যদি চ রুক্ষণং॥ শিথিলং শ্বেতপীতঞ্চ বিট্‌স্নিগ্ধং গুরুশীতলং। যদ্যর্শসাং ঘনঞ্চাসৃক্ তন্তুমৎপাণ্ডুপিচ্ছিলং। গুদং সপিচ্ছং স্তিমিতং গুরুস্নিগ্ধঞ্চ কারণং। শ্লেষ্মানুবন্ধোবিজ্ঞেয় স্তত্র রক্তার্শসাং বুধৈঃ।

রক্তপ্রবল অর্শরোগে বলিসমূহ গুহ্যদ্বারে গুঁজাবৎ বোধ এবং পিত্তজাত অর্শের লক্ষণ বিশিষ্ট হইয়া থাকে। উহাদের বর্ণ বটাঙ্কুর, গুঞ্জা কিম্বা প্রবালের ন্যায় লোহিতাভ। কঠিনমল প্রবর্তন হইলে উহারা বহুল পরিমাণে উষ্ণ দুষ্ট রক্তস্রাব করে। অতিশয় রক্তস্রাবহেতু শরীর ভেকের

ন্যায় বর্ণ অর্থাৎ পীতাভপ্রাপ্ত হয় এবং রক্ত সংক্ষয় হইতে রক্তক্ষয় জনিত উপদ্রবসমূহ উৎপন্ন হয় (১)। রোগীর শক্তি, বর্ণ, স্থূলতা ও উৎসাহের হ্রাস এবং ইন্দ্রিয়সমূহের আকুলত্ব হয়, মল শ্যামবর্ণ রুক্ষ ও কঠিন হয় এবং অধোদ্বারা বায়ুনিঃসরণ হয় না। রক্তার্শরোগ, বাতাদি অনুবন্ধ হইলে যে সকল লক্ষণ উৎপন্ন হয়, তাহা নিম্নে লিখিত হইতেছে। যদ্যপি রক্তার্শরোগ, রুক্ষসেবন হইতে উৎপন্ন হয়, রক্তের ফেণত্ব তনুত্ব ও অরুণ-বর্ণত্ব থাকে, কটী উরু ও মলদ্বারে শূল এবং রোগী অতিশয় দুর্ব্বল হয় তবে রক্তার্শে বায়ু অনুবন্ধ বোধ করিবে। যদ্যপি এই রোগ, গুরু এবং স্নিগ্ধ দ্রব্যসেবনদ্বারা উত্থিত হয়, মল শিথিল স্নিগ্ধ গুরু শীতল এবং শ্বেত বা পীতবর্ণ হয়, রক্তের ঘনত্ব পাণ্ডুত্ব তন্তুমত্ত্ব ও পিচ্ছিলত্ব দৃষ্ট হয়, এবং গুহ্যদ্বার, স্তিমিত ও পিচ্ছিল হয় তবে ইহাকে কফ অনুবন্ধ জানিবে (২)

পঞ্চাত্মামারুতঃ পিত্তং কফোগুদবলীত্রয়ং। সর্ব্ব এবং প্রকুপ্যন্তি গুদজানাং সমুদ্ভবে। তস্মাদর্শাংসি দুঃখানি বহুব্যাধিকরাণি চ। সর্ব্বদেহোপতাপীনি প্রায়ঃ কৃচ্ছ্রতমানি চ।

অর্শরোগ উৎপন্ন হইলে শরীরের পঞ্চপ্রকার (৩) বায়ু পিত্ত এবং কফ স্ব স্ব স্থানে প্রকোপ প্রাপ্ত হয় এবং মলদ্বারস্থিত বলিত্রয়েরও প্রকোপ উৎপাদন করে অর্থাৎ বাতাদির প্রকোপহেতু বলিত্রয় স্বাভাবিক প্রবহণাদিকার্য্যে অসমর্থ হয়। এই হেতু অর্শরোগ নানাপ্রকার ক্লেশদায়ক ও সর্ব্বশরীরের উপতাপজনক ব্যাধিসমূহের আকর স্বরূপ অর্থাৎ জঠর, অগ্নিমান্দ্যরোগা-দির উৎপাদন করে। অর্শরোগ প্রায়ই কৃচ্ছ্রসাধ্য জানিবে।

---

(১) রক্তক্ষয়জ রোগের লক্ষণ সুশ্রুতগ্রন্থে নির্দ্দিষ্ট আছে যথা ত্বকের কর্কশতা, অতিসার, জল এবং শীতল বস্তুতে অতিস্পৃহা এবং শিরাসমূহের শৈথিল্য।

(২) রক্তার্শরোগে রক্ত এবং পিত্তের তুল্যপ্রকৃতি ও লক্ষণহেতু পিত্তানুবন্ধের লক্ষণ উক্ত হইল না।

(৩) এই গ্রন্থের প্রথমানুবন্ধে বাতাদি দোষের বিশেষ বিবরণে বায়ুপিত্ত এবং কফের পঞ্চপ্রকার নাম ও স্থান কথিত হইয়াছে।

বাহ্যায়াস্তু বলৌজাতান্যেকদোষোত্থনানি চ। অর্শাংসি সুখসাধ্যানি ন চিরোৎপত্তিতানি চ। দ্বন্দ্বজানি দ্বিতীয়ায়াং বলৌ যান্যাশ্রিতানি চ। কৃচ্ছ্র-সাধ্যানি তান্যাহুঃ পরিসম্বৎসরাণি চ। সহজানি ত্রিদোষাণি যানি চাভ্যন্তরাং বলিং। জায়ন্তেঽর্শাংসিসংশ্রিত্য তান্যসাধ্যানি নির্দ্দিশেৎ। শেষত্বাদায়ু-ষস্তানি চতুষ্পাদসমন্বিতে। যাপ্যন্তে দীপ্তকায়াগ্নেঃ প্রত্যাখ্যেয়ান্যতোঽন্যথা।

হস্তে পাদেমুখেনাভ্যাং গুদে বৃষণয়ো স্তথা। শোথোহৃৎ পার্শ্ব শূলঞ্চ যস্যা-সাধ্যোঽর্শসো হি সঃ। হৃৎপার্শ্ব শূলং সংমোহশ্ছর্দ্দিরঙ্গস্য রুগ্‌জ্বরঃ। তৃষ্ণা গুদস্য পাকশ্চ নিহন্যুর্গুদজাতুরং। তৃষ্ণারোচকশূলার্ত্ত মতি প্রস্রুতশোণিতং। শোথাতিসারসংযুক্তমর্শাংসি ক্ষপয়ন্তি হি।

যে অর্শ একদোষদ্বারা উৎপন্ন হয়, দীর্ঘকালস্থায়ী নহে এবং যাহার বলি বাহিরে প্রকাশিত হয় তাহা সুখসাধ্য। যে অর্শ, দ্বিদোষ হইতে উত্থিত দ্বিতীয় বলিতেস্থিত এবং সংবৎসরাতীত, তাহা কৃচ্ছ্রসাধ্য। যে গুদাঙ্কুর সহজাত, কিম্বা ত্রিদোষোৎপন্ন অথবা, অভ্যন্তর বলিকে আশ্রয় করিয়া থাকে, তাহা অসাধ্য। অসাধ্য অর্শরোগে যদ্যপি অগ্নি প্রদীপ্ত, চতুষ্পাদ বিদ্যমান এবং আয়ুর অবশেষ থাকে তবে উহা যাপ্য হয়, ইহার অন্যথা হইলে অর্থাৎ মন্দাগ্নি, চতুষ্পাদ হীন ও আয়ুশেষ হইলে উহা প্রত্যাখ্যেয় জানিবে (১)। যে অর্শরোগে হস্ত, পদ, মুখ, নাভি, মলদ্বার

---

(১) চতুষ্পাদ অর্থাৎ যথা যুক্ত চিকিৎসক, ঔষধ, পরিচারক এবং রোগী। উহাদের বিশেষ২ লক্ষণ নিম্ন লিখিত ক্রমে বর্ণিত আছে। যদ্যপি চিকিৎসক, শাস্ত্রার্থ অবগত, প্রত্যক্ষচিকিৎসারদর্শক, বলবান, শান্তস্বভাব, প্রত্যুৎপন্নবুদ্ধি, সুধীর, ব্যবসায়নিপুণ এবং ধর্ম্মপরায়ণ হয়, তবে তাহাকে ভিষকপাদ কহে। যে ঔষধ প্রশস্ত স্থানে জাত, প্রশস্ত দিনে উত্তোলিত, অল্পমাত্রায় মহাবীর্য্যবান, গন্ধ বর্ণ ও রসযুক্ত, দোষনাশক, অগ্লানিকর, স্বাস্থ্যবর্দ্ধনশীল এবং যথাকালে প্রদত্ত হয়, তাহাকে ভেজষপাদ কহা যায়। যে পরিচারক উপচারকার্য্যে সুনিপুণ, সুচি, দক্ষ, স্নিগ্ধশরীরী অভ্রান্তবুদ্ধি, জুগুপ্সু অর্থাৎ অহিত দ্রব্যাদির সঙ্গোপণশীল, বলবান, রোগরহিত এবং বৈদ্যবাক্য হৃদয়ঙ্গমকারী, তাহাকে পরিচারক পাদ কহে। যে রোগী স্মৃতিশক্তিমান, নির্দ্দেশকরণশীল, অভীরু

ও অণ্ডকোষে শোথ উৎপন্ন হয় এবং বক্ষঃস্থলে ও পার্শ্বে শূল জন্মে তাহা অসাধ্য। যাহার হৃদয় এবং পার্শ্বে শূল, মূর্চ্ছা, বমি, অঙ্গগ্রহ, জ্বর, তৃষ্ণা ও মলদ্বার পাকারন্যায় বোধ হয়, তাহাকে অর্শরোগ বিনাশ করে। যাহার পিপাসা অরুচি শূল অতিরিক্ত রক্তস্রাব, শোথ এবং অতীসার হয় তাহাকেও অর্শ বিনষ্ট করে (১)।

মেঢ্রাদিষ্বপি বক্ষ্যন্তে যথাস্বং নাভিজানি চ। গণ্ডূপদাস্যরূপাণি পিচ্ছিলানি মৃদূনি চ।

মেঢ্র এবং নাসিকাদিতে ও অর্শঃ উৎপন্ন হইয়া থাকে তন্মধ্যে নাভিস্থ অর্শঃ মৃদু পিচ্ছিল এবং গণ্ডূপদের মুখের ন্যায় অর্থাৎ কেঁচুয়ার মুখসদৃশ দৃষ্ট হয় (২)।

রোগবিজ্ঞাপক, জিতেন্দ্রিয়, বলবান, আয়ুষ্মান, আত্মবশ, দ্রব্যসংঘটনকারী, বৈদ্যানুগত এবং বৈদ্যবাক্যে বিশ্বস্ত তাহাকে রোগীপাদ কহা যায়। এই পাদচতুষ্টয় মধ্যে বৈদ্য ভিন্ন পাদত্রয় থাকিলেও উপকার দর্শেনা, যেমন মৃত্তিকাদণ্ড চক্র প্রভৃতি থাকিয়া কুম্ভকার না থাকিলে ঘটাদির উৎপত্তি হয় না।

(১) যাপ্য এবং প্রত্যাখ্যেয় ভেদে অসাধ্যরোগ দুইপ্রকার নির্দ্দিষ্ট আছে। যে অসাধ্য রোগ চিকিৎসা দ্বারা শমতা পায়, অচিকিৎসাতে বৃদ্ধি হয় তাহাকে যাপ্যাসাধ্য কহে। এবং যে অসাধ্যব্যাধি সুনিশ্চিত হইয়াও যথা বিহিত ঔষধের দ্বারা উপশম হয় না বরং ক্রমশঃবৃদ্ধি প্রাপ্ত হয় তাহাকে প্রত্যাখ্যেয়াসাধ্য কহা যায়।

(২) সুশ্রুতে মেঢ্রাদি স্থানীয় অর্শের লক্ষণ নিম্নপ্রকার বর্ণিত আছে যথা প্রকুপিত দোষ, মেঢ্রকে প্রাপ্ত হইয়া এবং উহার মাংস ও শোণিতকে দূষিত করিয়া প্রথমতঃ কণ্ডূ জন্মায়, পরে চুলকাইলে ক্ষত হয় এবং সেই ক্ষতস্থানে দুষ্টমাংসাঙ্কুর উত্থিত হয়। উহারা পিচ্ছিলরক্তস্রাব করে ও মেঢ্র কুর্চ্চিকার উপর বা অভ্যন্তরে বিবৃত হয়। এই রোগে লিঙ্গ নাশ এবং পুরুষত্বের হানি

ব্যানোগৃহীত্বা শ্লেষ্মাণং করোত্যর্শস্তু চোবহিঃ। কীলোপমং স্থিরখরং চর্ম্মকীলন্তু তদ্বিদুঃ। বাতেন তোদপারুষ্যং পিত্তাদসিতবক্তৃতা। শ্লেষ্মণা স্নিগ্ধতা তস্য গ্রথিতত্বং সবর্ণতা।

চর্ম্মকীল নামা রোগের লক্ষণাদি নিম্নপ্রকারে কথিত আছে যথা ব্যানবায়ু শরীরস্থ শ্লেষ্মাকে গ্রহণ করিয়া চর্ম্মের উপরিভাগে স্থির কর্কশ এবং কীলেরন্যায় অর্শ উৎপাদন করিলে, উহাকে চর্ম্মকীল রোগ কহে। ইহা বাতাত্মক হইলে সূচীবিদ্ধবৎ বেদনাযুক্ত ও কর্কশ হয়, পিত্তাত্মক হইলে কৃষ্ণবর্ণ মুখবিশিষ্ট এবং শ্লেষ্মাত্মক হইলে শরীরের সমানবর্ণ, স্নিগ্ধ ও গাঁইটের ন্যায় দৃষ্ট হয় (১)।

অথাগ্নিমান্দ্যাজীর্ণবিসূচিকালসকবিলম্বিকা নিদানং।

মন্দস্তীক্ষ্ণোঽথ বিষমঃ সমশ্চেতি চতুর্ব্বিধঃ। কফপিত্তানিলাধিক্যাত্তৎসাম্যাজ্জাঠরোহনলঃ। বিষমোবাতজান্ রোগান্ তীক্ষ্ণঃ পিত্তনিমিত্তজান্। করোত্যগ্নি স্তথা মন্দো বিকারান্ কফসম্ভবান্। সমাসমাগ্নেরসিতা মাত্রা সম্যগ্বিপচ্যতে। স্বল্পাপি নৈব মন্দাগ্নে র্বিষমাগ্নেস্তু দেহিনঃ। কদাচিৎ পচ্যতে সম্যক্ কদাচিচ্চ ন পচ্যতে। মাত্রাতিমাত্রাপ্যসিতা সুখং যস্য বিপচ্যতে। তীক্ষ্ণাগ্নিরিতি তং বিদ্যাৎ সমাগ্নিঃ শ্রেষ্ঠ উচ্যতে॥

হয়। প্রকুপিত দোষ যোনিকে, প্রাপ্ত হইলে উহাতে বংশাঙ্কুর সদৃশ অর্শ, চক্রাকারে উৎপন্ন হয় এবং পিচ্ছিল দুর্গন্ধ রক্তস্রাব হয়। দোষ, ঊর্দ্ধগত হইলে কর্ণ অক্ষি নাসিকা এবং বদনে অর্শের উৎপত্তি হয়, তন্মধ্যে কর্ণার্শতে বধিরতা শূল এবং দুর্গন্ধ হয়। চক্ষুগতঅর্শে অক্ষিপুটের অবরোধ, বেদনা, স্রাব এবং দৃষ্টিনাশ হয়। নাসিকাতে অর্শ হইলে প্রতিশ্যায় অতিশয়হাঁচী কৃচ্ছ্রশ্বাস সানুনাসিকবাক্য দুর্গন্ধ এবং শিরঃপীড়া হয়। মুখমধ্যে কণ্ঠ তালু এবং ওষ্ঠে অর্শ হইলে রসজ্ঞান গদগদবাক্য ও অন্যান্য মুখ রোগ উৎপন্ন হয়।

(১) চর্ম্মকীলকে ইংরাজীতে ওয়ার্ট কহে ভাষায় আঁচিল বলে।

অগ্নিমান্দ্যাদি নিদান।

জঠরাগ্নি অর্থাৎ উদরস্থিত আহারাদির পাচক অগ্নি চতুর্বিধ অবস্থায় দৃষ্ট হয় যথা মন্দ তীক্ষ্ণ বিষম এবং সমাগ্নি। কফের আধিক্য হইতে মন্দাগ্নি. পিত্তাধিক্য হইতে তীক্ষ্ণাগ্নি বায়ুর আধিক্য হইতে বিষমাগ্নি এবং দোষত্রয়ের সাম্যভাব হইতে সমাগ্নি উৎপন্ন হয়। বিষমাগ্নিদ্বারা বাতজ রোগের উৎপত্তি, তীক্ষ্ণাগ্নি হইতে পিত্তজ এবং মন্দাগ্নি হইতে কফজনিত রোগের উৎপাদন হয়। সমাগ্নিবিশিষ্ট ব্যক্তির যথোচিত আহারাদি সম্যক্‌রূপে পরিপাক হয়। মন্দানলযুক্ত মনুষ্যের অল্প পরিমিত আহারও পরিপাক হয় না। বিষমাগ্নির দ্বারা আহার কখন সম্যকরূপে পরিপাক পায়, কখন বা কিছুই পাক হয় না এবং যাহার পরিমিত ও অপরিমিত আহারাদি সুখে জীর্ণ হয় তাহার উদরে তীক্ষ্ণাগ্নি (১) জ্ঞান করিবে। এই চতুর্ব্বিধ অগ্নি মধ্যে সমাগ্নি শ্রেষ্ঠ।

আমং বিদগ্ধং বিষ্টব্ধং কফপিত্তানিলৈস্ত্রিভিঃ। অজীর্ণং কেচিদিচ্ছন্তি
চতুর্থং রসশেষতঃ। অজীর্ণং পঞ্চমং কেচিন্নির্দ্দোষং দিনপাকি চ।
বদন্তি ষষ্ঠং চাজীর্ণং প্রাকৃতং প্রতিবাসরং।

---

(১) তীক্ষ্ণাগ্নির অপর কয়েকটি লক্ষণ গ্রন্থান্তরে লিখিত আছে যথা তীক্ষ্ণাগ্নি প্রাপ্ত মানবের অজীর্ণসত্বেও অতিমাত্রায় গুরু আহারাদি পাক হয়, এবং দিবা নিদ্রা হইলেও অগ্নি উত্তমরূপে প্রজ্বলিত থাকিয়া পাক করে। চরকে ভস্মকাগ্নি নামা একপ্রকার অগ্নিমান্দ্যরোগ পঠিত আছে, ইহাতে তীক্ষ্ণাগ্নির লক্ষণ প্রবলরূপে লক্ষিত হয়। যথা হীন কফবিশিষ্ট ব্যক্তির শরীরে বায়ুর সহিত পিত্তকুপিত হইয়া স্বীয়তেজোদ্বারা পক্বাশয়স্থ অগ্নিকে বলবান করে; অগ্নি, বায়ুর সহিত লব্ধবল হইয়া শরীরকে পীড়িত করে এবং তীক্ষ্ণ তেজোদ্বারা তৎক্ষণাৎ অন্নকে অভিভূত করিয়া পুনঃ পুনঃ পাক করে। অন্নকে পাক করিয়া রক্তাদি ধাতুকেও জীর্ণ করে। ধাত্বাদির পাক হেতু রোগী দুর্ব্বলতা দাহ তৃষ্ণা কাস ও মূর্চ্ছা প্রাপ্ত হয়, আহার করিবা মাত্রে শান্তিলাভ করে এবং আহার জীর্ণহইলে বেদনায় অতিশয় অস্থির হইয়া ভূমিষ্ঠ হয়। এই রোগ সংঘাতিক।

কফপিত্ত এবং বায়ু কর্ত্তৃক যথাক্রমে আম বিদগ্ধ এবং বিষ্টব্ধ নামক ত্রিবিধ অজীর্ণের উৎপত্তি হয়। কোন কোন গ্রন্থকার কহেন রসশেষ হইতে চতুর্থপ্রকার আর একটী অজীর্ণ উৎপন্ন হয় (১)। এবং দিবারাত্রি অষ্টপ্রহর ব্যাপিত হইয়া দোষরহিত পূর্ব্বক আহার পাক হইলে কেহ কেহ উহাকে এক প্রকার অজীর্ণ বলিয়া পঞ্চম প্রকার অজীর্ণরোগ স্বীকার করেন। কেহ কেহ প্রতিদিবসিক অবিকারকারী অজীর্ণকে ষষ্ঠপ্রকার বলিয়া ব্যাখ্যা করেন। ইহাতে ক্ষুধা তৃষ্ণা এবং মলনিঃসরণাদি জীর্ণলক্ষণের অনুদয়-হেতু আহারীয় বস্তুর অজীর্ণতা বোধ হয় কিন্তু বেদনা আধ্মানাদি কোন উপদ্রব হইতে কষ্ট হয় না।

অত্যম্বুপানাদ্বিষমাশনাচ্চ সংধারণাৎ স্বপ্নবিপর্য্যয়াচ্চ। কালেঽপি সাত্ম্যং লঘুচাপি ভুক্তমন্নং নপাকং ভজতে নরস্য। তত্রা মে গুরুতোৎক্লেদঃ শোথোগণ্ডাক্ষিকূটগঃ। উদ্গারশ্চ যথা ভুক্তমবিদগ্ধঃ প্রবর্ত্ততে। বিষ্টব্ধে শূলমাধ্মানং বিবিধাবাতবেদনা। মলবাতা প্রবৃত্তিশ্চ স্তম্ভোমোহাঙ্গপীড়নং। বিদগ্ধে ভ্রমতৃণ্মূর্চ্ছাঃ পিত্তাচ্চ বিবিধা রুজঃ। উদ্গারশ্চ সধূমাম্লঃ স্বেদোদাহশ্চ জায়তে। রসশেষেঽন্নে বিদ্বেষো হৃদয়াশুদ্ধিগৌরবে।

অতিশয় জলপান, বিষমাশন মলমূত্রাদির বেগধারণ এবং দিবা নিদ্রা হইতে মনুষ্যদিগের নিয়মিক সাময়িক এবং আভ্যাসিক লঘু আহারও পাক হয় না। আমাজীর্ণে অঙ্গের গুরুত্ব বমনভাব এবং কপোল ও অক্ষি গোলকে শোথ হয়; যে বস্তু আহার করে তাহার উদ্গার এবং আহারের অম্লত্ব হয়।

বিষ্টব্ধ অজীর্ণে শূল আধ্মান এবং নানাবিধ বাতবেদনা অর্থাৎ তোদ-ভেদাদিরূপ শূল উৎপন্ন হয় এবং মল ও বায়ুর অপ্রবৃত্তি, জড়তা, মূর্চ্ছা এবং অঙ্গপীড়নবৎ বেদনা হয়। বিদগ্ধ অজীর্ণে ভ্রম তৃষ্ণা মূর্চ্ছা, দাহ, ঘর্ম্ম, ধূম ও অম্ল উদ্গার এবং পিত্তজনিত ওষচোষাদি নানাপ্রকার বেদনা হয়। রসশেষাজীর্ণে অন্নে বিদ্বেষ হৃদয়ের অশুদ্ধিত্ব এবং গুরুত্ব হয়।

(১) রসশেষাজীর্ণ অর্থাৎ আহার পরিপাক হইলে যে রস উৎপন্ন হয় তাহাতে আহারীয় বস্তুর অংশ অলক্ষিতরূপে প্রবিষ্ট হইলে যে এক প্রকার অল্প লক্ষণযুক্ত অজীর্ণ উপস্থিত হয় তাহাকে রসশেষাজীর্ণ কহে।

মূর্চ্ছা প্রলাপো বমথুঃ প্রসেকঃ সদনং ভ্রমং। উপদ্রবা ভবন্ত্যে তে মরণং বাপ্যজীর্ণতঃ। অনাত্মবন্তঃ পশুবদ্ভুঞ্জতে যেঽপ্রমাণতঃ। রোগানীকস্য তে মূলমজীর্ণং প্রাপ্নুবন্তি হি।

মূর্চ্ছা প্রলাপ বমি, মুখস্রাব অঙ্গাবসাদ এবং ভ্রান্তি, অজীর্ণ রোগের উপদ্রব স্বরূপ উক্ত আছে। অতি বর্দ্ধিত অজীর্ণ রোগীর মৃত্যু হয়। যাহারা অনাত্মবন্ত অর্থাৎ আত্মসুখাভিলাষী হইয়া পশুরন্যায় অপরিমিত ভক্ষণ করে তাহারাই রোগ সমূহের মূলীভূত অজীর্ণকে প্রাপ্ত হয।

অথ বিসূচী অলসক ও বিলম্বিকা নিদান ।

অজীর্ণমামং বিষ্টব্ধং বিদগ্ধঞ্চ যদীরিতং। বিসূচ্যলসকৌ তস্মাদ্ভবেচ্চাপি বিলম্বিকা।

উপরোক্ত আম, বিষ্টব্ধ এবং বিদগ্ধাজীর্ণ হইতে বিসূচী অলক এবং বিলম্বিকা নামক রোগত্রয় উৎপন্ন হয়।

সূচীভিরিব গাত্রাণি তুদন্ সন্তিষ্ঠতেঽনিলঃ। যস্যাজীর্ণেন সা বৈদ্যৈ র্বিসূচীতি নিগদ্যতে। নতাং পরিমিতাহারা লভন্তে বিদিতাগমাঃ। মূঢ়াস্তামজিতাত্মানো লভন্তেঽশন লোলুপাঃ। মূর্চ্ছাতিসারোবমথুঃ পিপাসা শূলভ্রমোদ্বেষ্টনজৃম্ভদাহাঃ। বৈবর্ণকম্পোহৃদয়েরুজশ্চ ভবন্তি তস্যাং শিরসশ্চ ভেদঃ।

যে রোগে অজীর্ণ হেতু বায়ু সূচীবিদ্ধনের ন্যায় শরীরকে ব্যথিত করিয়া অবস্থিতি করে তাহাকে বিসূচী কহে। পরিমিত আহারী এবং আয়ুর্ব্বেদশাস্ত্রজ্ঞ ব্যক্তিদিগের বিসূচীকারোগ হয় না। ভক্ষাভক্ষের অনভিজ্ঞ অজিতেন্দ্রিয় এবং আহারলোভী মনুষ্যেরাই এই রোগগ্রস্ত হয়। বিসূচীকারোগে উদরে শূল হইয়া অতিশয় মলরেচন ও বমন হইতে থাকে। রোগীর দাহ পিপাসা বক্ষঃস্থলে এবং মস্তকে বেদনা, ভ্রম, মূর্চ্ছা, কম্প ও জৃম্ভন হয় এবং শরীর বিবর্ণ হইয়া হস্তপদাদিতে খাল ধরে।

কুক্ষিরানহ্যতেঽত্যর্থং প্রতাম্যেৎপরিকূজতি। নিরুদ্ধোমারুতশ্চৈব কুক্ষাবুপরিধাবতি। বাতবর্চ্চোনিরোধশ্চ যস্যাত্যর্থং ভবেদপি। তস্যালসকমাচষ্টে তৃষ্ণোদ্গারৌ চ যস্য তু।

অলসকরোগে অত্যন্ত কোষ্ঠবদ্ধ হয়, বাতকর্ম্ম রুদ্ধ হইয়া আধ্মান উৎপন্ন হয় এবং বায়ু ঊর্দ্ধগত হইয়া কুক্ষির উপরে কণ্ঠাপর্য্যন্ত গমন করে, রোগী তৃষ্ণা ও উদ্গার দ্বারা পীড়িত হয় এবং অতিশয় কষ্ট হেতু আর্ত্তনাদ করিতে থাকে।

দুষ্টন্তুভুক্তং কফমারুতাভ্যাং প্রবর্ত্ততে নোর্দ্ধ মধশ্চ যস্য। বিলম্বিকাং তাং ভৃশদুশ্চিকিৎস্যা মাচক্ষতে শাস্ত্রবিদঃ পুরাণাঃ।

যে রোগে কফ এবং বায়ু কর্ত্তৃক আহার দূষিত হইয়া ঊর্দ্ধ অথবা অধোদ্বারা নির্গত না হয়, তাহাকে প্রাচীন শাস্ত্রবিৎপণ্ডিতেরা বিলম্বিকা কহে। এই ব্যাধি অতিমাত্র দুশ্চিকিৎসনীয়।

যত্রস্থমামং বিরুজেত্তমেব দেশং বিশেষেণ বিকারজাতৈঃ। দোষেণ যেনাবততং শরীরং তল্লক্ষণৈরাম সমুদ্ভবৈশ্চ।

যে স্থলে আম অবস্থিতি করে সে স্থান, আমজনিত রোগসমূহের দ্বারা, অর্থাৎ অপাক অলসকাদি দ্বারা বিশেষ প্রপীড়িত হয় এবং তৎকালে যে দোষ শরীরে প্রবল থাকে সেই দোষজনিত বিকারও প্রাপ্ত হয়।

যঃ শ্যাবদন্তোষ্ঠনখোঽল্পসংজ্ঞো বম্যর্দ্দিতোঽভ্যন্তরযাত নেত্রঃ। ক্ষামস্বরঃ সর্ব্ববিমুক্ত সন্ধি র্যায়ান্নরঃ সোঽপুনরাগমায়।

যে বিসূচী এবং অলসকগ্রস্ত রোগীর দন্ত, ওষ্ঠ ও নখ শ্যাববর্ণ হয়, মূর্চ্ছা মোহ, বমন, ক্ষীণস্বর ও সন্ধি সমূহ শিথিল হয় এবং চক্ষুদ্বয় কোঠরে প্রবেশ করে সে ব্যক্তির মৃত্যু হইবে।

উদ্গার শুদ্ধিরুৎসাহো বেগোৎসর্গো যথোচিতঃ। লঘুতাক্ষুৎপিপাসা চ জীর্ণাহারস্য লক্ষণং।

আহার জীর্ণ হইলে শরীর ও মনের উৎসাহ, উদ্গারের শুদ্ধিত্ব, দেহের লঘুতা, ক্ষুধাবোধ ও পিপাসা হয় এবং মলমূত্রাদির যথোচিত বেগও প্রবর্ত্তন হইয়া থাকে (১)।

---

(১) বিসূচী রোগের লক্ষণ আধুনিক কলেরা (Cholera.) বা উলাউঠা-রোগের সহিত ঐক্য হয়; অলসককে ইংরাজীতে টিম্পেনাইটিশ (Tympanitis.) কহে, বিলম্বিকাকে ভাষায় কোষ্ঠবদ্ধ কহে।

অথ ক্রিমিনিদানং।

ক্রিময়শ্চ দ্বিধা প্রোক্তা বাহ্যাভ্যন্তরভেদতঃ। বহির্মলকফাসৃক্বিট্‌জন্মভেদা-চ্চতুর্ব্বিধাঃ। নামতো বিংশতিবিধা বাহ্যা স্তত্র মলোদ্ভবাঃ। তিল প্রমাণ-সংস্থান বর্ণাঃ কেশাম্বরাশ্রয়াঃ। বহুপদাশ্চাসূক্ষ্মাশ্চ যুকালিখ্যাশ্চ নামতঃ। দ্বিধা-স্তেকোঠপীড়কা কণ্ডূগণ্ডান্‌প্রকুর্ব্বতে।

ক্রিমি, বাহ্য ও অভ্যন্তরভেদে দ্বিবিধ, উৎপত্তির কারণভেদে (অর্থাৎ বাহ্য মল, কফ, রক্ত এবং পুরীষ হইতে উৎপত্তিভেদে) চতুর্ব্বিধ; এবং নামভেদে বিংশতি প্রকার কথিত আছে, তন্মধ্যে বাহ্য অর্থাৎ শরীরের স্বেদাদি মলজনিত ক্রিমির আকৃতি এবং বর্ণ তিলের ন্যায়। উহারা কেশ ও বস্ত্রে অবস্থান করে এবং উহাদের মধ্যে বহুপাদযুক্ত কৃমিকে যূক এবং সূক্ষ্ম ক্রিমিকে লিখ্য কহে (১)। এই উভয় প্রকার যূক ও লিখ্য হইতে কোঠ, পীড়কা, কণ্ডূ এবং স্ফোটকাদি রোগের উৎপত্তি হয়।

অজীর্ণভোজী মধুরাম্ল নিত্যো দ্রবপ্রিয়ঃ পিষ্টগুড়োপভোক্তা। ব্যায়ামবর্জ্জী চ দিবাশয়ানোবিরুদ্ধভুক্‌সংলভতে ক্রিমীংস্তু। মাষপিষ্টান্নলবণগুড়শাকৈঃ পুরীষজাঃ। মাংসমৎস্যগুড়- ক্ষীরদধিশুক্তৈঃ কফোদ্ভবাঃ। বিরুদ্ধাজীর্ণ শাকাদ্যৈঃ শোণিতোত্থা ভবন্তি হি। জ্বরোবিবর্ণতা শূলং হৃদ্রোগঃ সদনং ভ্রমঃ। ভক্তদ্বেষোঽতিসারশ্চ সঞ্জাতক্রিমিলক্ষণং। কফাদামাশয়ে জাতা বৃদ্ধাঃ সর্পন্তি সর্ব্বতঃ। পৃথুব্রধ্ননিভাঃ কেচিৎ কেচিদ্গণ্ডূপদোপমাঃ। রূঢ়ধা-ন্যাঙ্কুরাকারা স্তনুদীর্ঘা স্তথাণবঃ। শ্বেতাস্তাম্রাবভাষাশ্চ নামতঃ সপ্তধাতু তে। অন্ত্রাদা উদরাবেষ্টা হৃদয়াদা মহাগুদাঃ। চুরবোদর্ভকুসুমাঃ সুগন্ধাস্তেচ কুর্ব্বতে। হৃল্লাসমাস্যস্রবণ মবিপাকমরোচকং। মূর্চ্ছাছর্দ্দিজ্বরানাহ কার্শ্যক্ষবথুপীনসান্‌। রক্তবাহিশিরাস্থান রক্তজা জন্তবো নবঃ। অপাদাবৃত্ততাম্রাশ্চ সৌক্ষ্ম্যাৎ কেচিদ-দর্শনাঃ। কেশাদারোমবিধ্বংসা রোমদ্বীপা উডুম্বরাঃ। ষট্‌তে কুষ্ঠৈককর্ম্মাণঃ সহসৌর' সমাতরঃ। পক্বাশয়ে পুরীষোত্থা জায়ন্তেধোবিসর্পিণঃ। বৃদ্ধাস্তে স্যুর্ভবেয়ুশ্চ তে যদামাশয়োন্মুখাঃ। তদাস্যোদ্গারনিশ্বাসবিড়্‌গন্ধানুবিধায়িনঃ। পৃথুবৃত্ততনুস্থূলাঃ শ্যাবপীতসিতাসিতাঃ। তে পঞ্চনাম্না ক্রিময়ঃককেরুকম-কেরুকাঃ। সৌসুরাদাঃ সশূলাখ্যা লেলিহা জনয়ন্তি হি। বিড়্‌ভেদশূলবিষ্টম্ভ কার্শ্যপারুষ্যপাণ্ডুতাঃ। রোমহর্ষাগ্নিসদনং গুদকণ্ডূর্ব্বিমার্গগাঃ।

---

(১) ভাষায় যূককে উকুণ এবং লিখ্যকে নিকী বা ডেঙ্গরের বীজ কহে।

আভ্যন্তরিক ক্রিমি অজীর্ণ মধুর এবং অম্ল দ্রব্যের সর্ব্বদা ভোজনদ্বারা উৎপন্ন হয়, কখন বা অতিশয় দ্রবদ্রব্য, পিষ্টকাদি ও বিরুদ্ধ আহার দ্বারা এবং অব্যায়াম ও দিবা নিদ্রা হইতেও উত্থিত হইয়া থাকে। আভ্যন্তরিক ক্রমি অর্থাৎ কফ পুরীষ এবং রক্তজ ক্রিমিরোগে জ্বর, বিবর্ণতা, শূল, হৃদ্রোগ, অঙ্গাবসাদ, ভ্রম আহারে দ্বেষ এবং অতীসার হয়। মাংস, মৎস্য, গুড়, দধি, দুগ্ধ এবং শুক্ত সেবন দ্বারা কফ হইতে ক্রিমির উৎপত্তি হয়। কফজনিত ক্রিমি আমাশয়ে অবস্থান করে এবং বৃদ্ধি প্রাপ্ত হইলে ঊর্দ্ধ এবং অধঃ অন্ত্র সমূহে গমনাগমন করে, উহারা কতকগুলি স্থূল ও ব্রধ্নের সমাকৃতি, কতকগুলি গণ্ডূপদেরন্যায়, কতকগুলি ধান্যাঙ্কুরের সদৃশ, কতগুলি দীর্ঘাকার, কতগুলি অতি সূক্ষ্ম এবং শ্বেত অথবা তাম্রবর্ণ বিশিষ্ট হয়। এই ক্রিমি সপ্ত প্রকার যথা আন্ত্রাদ, উদরাবেষ্টক, হৃদয়াদ, মহাগুদ, চুরু, দর্ভকুসুম ও সুগন্ধ। ইহারা হৃল্লাস মুখস্রাব অরুচি অবিপাক মূর্চ্ছা বমি জ্বর আনাহ পীনস হাঁচী এবং শরীরের কৃশতা উৎপাদন করে।

শাকাদি ও বিরুদ্ধ এবং অজীর্ণকারী দ্রব্য ভোজনের দ্বারা রক্তজ ক্রিমি সকলের উৎপত্তি হয়। এই ক্রিমি রক্ত বাহুকশিরাস্থিত রক্ত হইতে উত্থিত হইয়া থাকে। ইহারা সূক্ষ্ম পাদহীন বর্ত্তুল ও তাম্রবর্ণ; কতকগুলি অতি সূক্ষ্মত্ব হেতু দৃশ্য হয় না। ইহাদেরও নাম ষষ্ঠ প্রকার নির্দ্দিষ্ট আছে যথা, কেশাদ, রোমবিধ্বংস, রোমদ্বীপ, উড়ুম্বর, সৌরস এবং মাতৃ। ইহারা একমাত্র কুষ্ঠরোগ উৎপাদন করে।

মাষকলাই পিষ্টক অম্ল লবণ গুড় এবং শাক ভক্ষণদ্বারা পুরীষজাত ক্রিমির উৎপত্তি হয়। পুরীষজ ক্রিমি পক্বাশয়ে উৎপন্ন হইয়া অধোদ্বারা নির্গত হয়। যে কালে উহারা বর্দ্ধিত হইয়া আমাশয়াভিমুখে গমন করে তখন রোগী মলগন্ধযুক্ত উদ্‌গার ও নিশ্বাস ত্যাগ করে। উহারা স্থূল ও বর্ত্তুলাকার কতগুলি সূক্ষ্ম ও স্থূলাকার এবং শ্যাব পীত শুক্ল কখন বা কৃষ্ণবর্ণপ্রাপ্ত হয়। ইহারাও পঞ্চ প্রকার; যথা ককেরুক, মকেরুক, সৌসুরাদ, শূল ও লেলিহ। এই ক্রিমি বিমার্গগামী হইরা বিরেচন শূল বিষ্টম্ভ শরীরের কৃশতা কর্কশতা ও পাণ্ডুত্ব, রোমহর্ষ, অগ্নিমান্দ্য এবং মলদ্বারে কণ্ডু উৎপাদন করে।

অথ পাণ্ডুরোগকামলাকুম্ভকামলাহলীমক নিদানং।

পাণ্ডুরোগাঃ স্মৃতাঃ পঞ্চ বাতপিত্তকফৈস্ত্রয়ঃ। চতুর্থঃ সন্নিপাতেন পঞ্চমো ভক্ষণান্মৃদঃ। ব্যায়ামমম্লং লবণানি মদ্যং মৃদং দিবাস্বপ্নমতীবতীক্ষ্ণং। নিষেব্যমানস্য প্রদূষ্যরক্তং দোষাস্ত্বচং পাণ্ডুরতাং নয়ন্তি। ত্বক্‌স্ফোটন ষ্ঠীবনগাত্রসাদ মৃদ্ভক্ষণপ্রেক্ষণ কূটশোথাঃ। বিণ্মূত্রপীতত্ব মথাবিপাকো ভবিষ্যত স্তস্য পুরঃসরাণি।

পাণ্ডুরোগ পঞ্চ প্রকার নির্দ্দিষ্ট আছে যথা, বাতিক পৈত্তিক শ্লৈষ্মিক সান্নিপাতিক এবং মৃত্তিকাভক্ষণ জনিত। তীক্ষ্ণ অম্ল লবণাদি রসযুক্ত দ্রব্য নিষেবণ দ্বারা, মদ্যপান অথবা মৃত্তিকা ভক্ষণ দ্বারা এবং দিবানিদ্রা ও ব্যায়াম-দ্বারা দুষ্ট দোষ রক্তকে দূষিত করিয়া ত্বককে পাণ্ডুবর্ণ করে। পাণ্ডুরোগ হইবার পূর্ব্বে চর্ম্ম কিঞ্চিৎ বিদারিত হয়, অক্ষি গোলকে শোথ, নিষ্ঠীবন, গাত্রাবসাদ, উদরে অপক্বতা, ও মল মূত্র পীতবর্ণ হয় এবং মৃত্তিকা ভক্ষণ করিতে অভিলাষ জন্মে।

ত্বঙ্মূত্রনয়নাদিনাং রূক্ষকৃষ্ণারুণাভতাঃ। বাতপাণ্ড্বাময়েতোদ কম্পানাহ ভ্রমাদয়ঃ। পীতমূত্রশকৃন্নেত্রো দাহতৃষ্ণাজ্বরান্বিতঃ। ভিন্নবিট্‌কোতিপীতাভঃ পিত্তপাণ্ড্বাময়ী নরঃ। কফপ্রসেক শ্বয়থতন্দ্রালস্যাতিগৌরবৈঃ। পাণ্ডুরোগী কফাচ্ছুক্লৈস্ত্বঙ্মূত্রনয়নাননৈঃ। জ্বরারোচকহৃল্লাস চ্ছর্দ্দি তৃষ্ণাক্লমান্বিতঃ। পাণ্ডুরোগীত্রিভির্দ্দোষৈস্ত্যাজ্যঃ ক্ষীণো হতেন্দ্রিয়ঃ। মৃত্তিকাদনশীলস্য কুপ্যত্যন্যতমোমলঃ। কষায়ামারুতং পিত্তং ঊষরা মধুরা কফং কোপয়েন্মৃদ্রসাদীংশ্চ রৌক্ষ্যাদ্ভুক্তঞ্চ রূক্ষয়েৎ। পূরয়ত্য বিপক্কৈব স্রোতাংসি নিরুণদ্ধ্যপি। ইন্দ্রিয়াণাং বলং হত্বা তেজোবীর্য্যৌজসী তথা। পাণ্ডুরোগং করোত্যাশু বলবর্ণাগ্নিনাশনং। শূনাক্ষিকূটগণ্ডভ্রূঃ শূণপান্নাভিমেহন। ক্রিমিকোষ্ঠোঽতিসার্য্যেত মলং সাসৃক্কফান্বিতং।

বাতজ পাণ্ডুরোগে ত্বক মূত্র এবং নয়নাদি, কৃষ্ণ বা অরুণবর্ণ ও রুক্ষ হয় এবং গাত্র বেদনা কম্প আনাহ ও ভ্রম হইয়া থাকে। পিত্তজ পাণ্ডুরোগে মল মূত্র ও নেত্রের পীতত্ব, দাহ, পিপাসা, জ্বর ও মলরেচন এবং শরীর অতিশয় পীতবর্ণ হয়। শ্লৈষ্মিক পাণ্ডুরোগে ত্বক, মূত্র, চক্ষু এবং মুখ শুক্লবর্ণ, কফপ্রসেক তন্দ্রা শোথ আলস্য এবং শরীরের অত্যন্ত গুরুত্ব হয় ত্রিদোষোৎপন্ন পাণ্ডুরোগে জ্বর, অরুচি, হৃল্লাস বমন, পিপাসা ও ক্লান্তি

হয়। রোগী ক্ষীণ ও অজ্ঞান হইলে এই রোগ অসাধ্য জানিবে। মৃৎপাণ্ডুরোগের সম্প্রাপ্তি ও লক্ষণ, নিম্ন প্রকার লিখিত আছে যথা, মৃত্তিকা ভক্ষণশীল মানবের বায়ুপিত্ত এবং কফ, প্রকুপিত হয় অর্থাৎ কষায়মৃত্তিকা হইতে বায়ু, সক্ষারমৃৎ হইতে পিত্ত এবং মধুর মৃত্তিকাভক্ষণ হইতে কফ কুপিত হয়। স্বভাবত মৃত্তিকা উহার রুক্ষ গুণের দ্বারা রসরক্তাদি ধাতু ও ভুক্ত আহারকে রুক্ষ করিয়া স্বয়ং অপাচিত থাকে, রসবহাদি স্রোত সমূহের পূরণ ও রোধ করিয়া তদ্দারা শরীরের তেজ, ওজ, বীর্য্য ও ইন্দ্রিয় সকলের বল নষ্ট করে এবং শীঘ্র দেহের বল বর্ণ ও অগ্নি নাশকর দারুণপাণ্ডুরোগ উৎপন্ন করে। মৃৎপাণ্ডুরোগে রোগীর কোষ্ঠ মধ্যে ক্রিমি সঞ্চিত হয়, এই হেতু অক্ষিগোলক, গণ্ড, ভ্রূ, পদ নাভি ও শিশ্নে শোথ এবং রক্ত ও কফ যুক্ত মলের অতিশয় নিঃসরণ হয়।

> পাণ্ডুরোগশ্চিরোৎপন্নঃ খরীভূতো ন সিধ্যতি। কালপ্রকর্ষাচ্ছূনানাং যো বা পীতানি পশ্যতি বদ্ধাল্পবিট্ সহরিতং সকফং যোঽতিসার্য্যতে। দীনঃ শ্বেতাতি দিগ্ধাঙ্গশ্ছর্দ্দিমূর্চ্ছাতৃড়র্দ্দিতঃ সনাস্ত্যসৃক্‌ক্ষয়াদ্যশ্চ পাণ্ডুঃশ্বেত ত্বমা প্নুয়াৎ। পাণ্ডুদন্তনখো যস্তু পাণ্ডুনেত্রশ্চযো ভবেৎ পাণ্ডুসংঘাতদর্শী চ পাণ্ডুরোগী বিনশ্যতি। অন্তেষু শূনং পরিহীনমধ্যং ম্লানন্তথান্তেষু চ মধ্য-শূনং। গুদেচ শেফস্যথমুষ্কয়োশ্চশূনং প্রতাম্যন্তমসঙ্গকল্পং। বিবর্জ্জয়েৎ পাণ্ডুকিনং যশোঽর্থী তথাতিসারজ্বরপীড়িতঞ্চ।

দীর্ঘকালস্থায়ী পাণ্ডুরোগ কালক্রমে ধাতুসমূহকে রুক্ষ করিলে অসাধ্য হয়। অল্পকালস্থায়ী হইয়াও যদি শোথযুক্ত হয় ও রোগী সমুদয় পদার্থকে পীতবর্ণ দেখে তবে সে পাণ্ডুরোগও অসাধ্য জানিবে। যে পাণ্ডুরোগীর কফযুক্ত হরিৎবর্ণ বিবদ্ধ ও অল্প পরিমিত মল মুহুর্মুহু নিঃসৃত হয়, তাহার রোগ অসাধ্য। যে পাণ্ডুরোগগ্রস্ত ব্যক্তির শরীর শুক্লবর্ণ ও লেপিত বোধ হয়, এবং বমন ক্লান্তি মূর্চ্ছা ও তৃষ্ণা উপস্থিত থাকে, সে রোগী নষ্ট হয়। যে পাণ্ডুগ্রস্ত ব্যক্তি রক্তক্ষয় হইতে শ্বেতবর্ণ প্রাপ্ত হয় তাহারও প্রাণ ত্যাগ হয়। যাহার চক্ষু দন্ত ও নখ পাণ্ডুবর্ণ হয় এবং সমস্ত পদার্থ পাণ্ডুবৎ দর্শন হয়, সে রোগীর মৃত্যু হয়। যাহার বাহু জঙ্ঘা ও মস্তকে শোথ এবং দেহের মধ্যস্থান

কৃশ হয়, অথবা বাহু জঙ্ঘা ও মস্তকের কৃশতা এবং দেহের মধ্যস্থান শোথযুক্ত হয়, সেই পাণ্ডুরোগীকে বৈদ্য ত্যাগ করিবে। যে পাণ্ডুরোগীর মলদ্বার শিশ্ন ও মুষ্কতে শোথ দৃষ্ট হয় এবং মূর্চ্ছা অজ্ঞানতা অতিসারও জ্বর উৎপন্ন হয়, যশাকাঙ্ক্ষী বৈদ্য তাহাকে ত্যাগ করিবে (১)।

পাণ্ডুরোগী তু যোঽত্যর্থং পিত্তলানি নিষেবতে। তস্য পিত্তমসৃক্‌মাংসং দগ্ধ্বারোগায় কল্পতে। হারিদ্রনেত্রঃ সভৃশং হরিদ্রত্বঙ্‌নখাননঃ। রক্তপীতশকৃন্মূত্রোভেকবর্ণো হতেন্দ্রিয়ঃ। দাহাবিপাকদৌর্ব্বল্যং সদনারুচিকর্ষিতঃ। কামলা বহুপিত্তৈষা কোষ্ঠশাখাশ্রয়া মতা। কালান্তরাৎ খরীভূতা কৃচ্ছ্রা স্যাৎ কুম্ভকামলা। কৃষ্ণপীতশকৃন্মূত্রো ভৃশং শূনশ্চ মানবঃ। সরক্তাক্ষিমুখচ্ছর্দ্দি বিন্মূত্রো যশ্চ তাম্যতি। দাহারুচিতৃড়ানাহ তন্দ্রামোহসমন্বিতঃ। নষ্টাগ্নি সংজ্ঞঃক্ষিপ্রং হি কামলাবান্বিপদ্যতে। ছর্দ্দ্যরোচকহৃল্লাস জ্বরক্লমনিপীড়িতঃ। নশ্যতি শ্বাসকাসার্ত্তো বিড়্‌ভেদীকুম্ভকামলী।

যদ্যপি পাণ্ডুরোগগ্রস্ত মানব অতিমাত্রায় পিত্তজনক দ্রব্য সেবন করে তবে পিত্ত তাহার রক্ত ও মাংসকে দূষিত করিয়া কামলা রোগ উৎপন্ন করে। কামলা রোগে ত্বক, নখ নয়ন এবং মুখ অতিশয় হরিদ্রাবর্ণ, মল রক্তবর্ণ, ও শরীর ভেকবর্ণ হয়। ইন্দ্রিয় সকলের হতশক্তিতা, দাহ দুর্ব্বলতা অঙ্গাবসাদ অরুচি এবং আহারের অপাক হয়। কামলারোগ বহুপিত্তযুক্ত হইয়া কখন কোষ্ঠকে সমাশ্রয় কখন বা রক্তাদি ধাতুকে আশ্রয় করে এবং এই রোগ দীর্ঘকালস্থায়ী হইয়া খরীভূত হইলে, কুম্ভকামলা নাম প্রাপ্ত হয়। কুম্ভকামলা রোগ কৃচ্ছ্রসাধ্য। যে কামলা রোগীর মল কৃষ্ণবর্ণ, মূত্র পীতবর্ণ ও অতিশয়

১ পাণ্ডু কামলা হলীমক প্রভৃতির সামান্যলক্ষণ ত্বকের বিবর্ণতা অর্থাৎ এই সকল রোগে ত্বক্ পাণ্ডু শুক্ল পীত হরিৎ প্রভৃতি নানাবর্ণযুক্ত হয়।

ইহার বিশেষ বিবরণ প্রণিধান করিয়া দেখিলে বোধ হয় মৃত্তিকাজনিত পাণ্ডুরোগে ইংরাজি ক্লোরোসিস (Chlorosis.) নামা রোগ বর্ণিত হইয়াছে। শ্লৈষ্মিক পাণ্ডুরোগে এনিমিয়ার (Anæmia.) অর্থাৎ রক্তাল্পতার লক্ষণমাত্র দৃষ্ট হয় এবং বাতিক ও পৈত্তিক পাণ্ডুরোগে সামান্য জণ্ডিসের (Jaundice.) লক্ষণ দৃষ্ট হয়।

শোথ দৃষ্ট হয় অথবা চক্ষু মুখ মল মূত্র ও বমন রক্তবর্ণ এবং মূর্চ্ছা হয় সে রোগীর মৃত্যু হয়। যে কামলাপন্ন রোগীর দাহ অরুচি পিপাসা আনাহ তন্দ্রা মোহ অগ্নিনাশ এবং জ্ঞান শূন্যতা হয় সে রোগী নষ্ট হয়। যে কুম্ভকামলা রোগীর বমন, অরুচি, হৃল্লাস, কাতরতা, জ্বর, শ্বাস, কাস এবং অতিশয় মলরেচন হয় তাহাকে বৈদ্য ত্যাগ করিবে।

যদা তু পাণ্ডোর্ব্বর্ণঃ স্যাদ্ধরিতঃ শ্যাবপীতকবলোৎসাহক্ষয় স্তন্দ্রা মন্দাগ্নিত্বং মৃদুজ্বরঃ। স্ত্রীষ্বহর্ষোঽঙ্গমর্দ্দশ্চ দাহতৃষ্ণারুচিভ্রমঃ। হলীমকং তদা তস্য বিদ্যাদনিলপিত্ততঃ।

যখন পাণ্ডুরোগীর শরীর হরিৎ অর্থাৎ শ্যাবপীতবর্ণ হয়, বল ও উৎসাহের ক্ষয় হয় এবং তন্দ্রা মন্দাগ্নি মৃদুজ্বর অঙ্গমর্দ্দ দাহ তৃষ্ণা অরুচি ভ্রম এবং স্ত্রীতে অনুৎসাহ হয় তখন তাহাকে হলীমকরোগ কহা যায়। এই রোগ বায়ু এবং পিত্ত হইতে উৎপন্ন হইয়া থাকে। (১)

অথ রক্তপিত্তনিদানং।

ঘর্ম্মব্যায়ামশোকাধ্বব্যবায়ৈরতিসেবিতৈঃ। তীক্ষ্ণোষ্ণক্ষারলবণৈরম্লৈঃ কটুভিরেব চ। পিত্তং বিদগ্ধং স্বগুণৈর্ব্বিদহত্যাশু শোণিতং। ততঃ প্রবর্ত্ততে রক্তমূর্দ্ধঞ্চাধোদ্বিধাপি বা। ঊর্দ্ধং নাসাক্ষিকর্ণাস্যৈ র্মেঢ্রযোনিগুদৈরধঃ। কুপিতং রোমকূপৈশ্চ সমস্তৈস্তৎ প্রবর্ত্ততে। সদনং শীতকামিত্বং কণ্ঠধূমায়নং বমিঃ। লোহগন্ধিশ্চ নিশ্বাসো ভবত্যস্মিন্ভবিষ্যতি।

অতিশয় রৌদ্রসন্তাপ, ব্যায়াম, অধ্বগমন, শোক ও মৈথুনদ্বারা এবং তীক্ষ্ণ উষ্ণ যবক্ষারাদি, লবণ অম্ল ও কটু দ্রব্যসেবন দ্বারা পিত্ত বিদগ্ধ হইয়া স্বীয়গুণে আশু দেহস্থ রক্তকে দূষিত করে। সেই কুপিত রক্ত, ঊর্দ্ধ এবং অধোদ্বারা নির্গত হয়। ঊর্দ্ধদ্বার অর্থাৎ নাসিকা চক্ষু কর্ণ ও মুখ অধোদ্বার অর্থাৎ মেঢ্র যোনি এবং মলদ্বার। কখন কখন প্রদুষ্ট কুপিত রক্ত শরীরের সমস্ত রোমকুপদ্বারাও নির্গত হইয়া থাকে। রক্তপিত্তরোগের পূর্ব্বরূপ নিম্নপ্রকার নির্দ্দিষ্ট

(১) অতিশয় বৃদ্ধি প্রাপ্ত জণ্ডিস্ কামলানামে বর্ণিত হইয়াছে এবং বেলাক বা মেলিগনাণ্ট জণ্ডিস্ হলীমক নামে উক্ত হইয়াছে।

আছে যথা অঙ্গাবসাদ, শীতল বস্তুতে অভিলাষ, কণ্ঠ হইতে ধূমনির্গমন বোধ বমি ও নিঃশ্বাসে লৌহগন্ধ।

সান্দ্রং সপাণ্ডু সস্নেহং পিচ্ছিলঞ্চ কফান্বিতং। শ্যাবারুণং সফেনঞ্চ তনু-রুক্ষঞ্চ বাতিকং। রক্তপিত্তং কষায়াভং কৃষ্ণং গোমূত্রসন্নিভং। মেচকাগার ধূমাভমঞ্জনাভঞ্চ পৈত্তিকং। সংসৃষ্টলিঙ্গং সংসর্গাত্রিলিঙ্গং সান্নিপাতিকং। ঊর্দ্ধগং কফসংসৃষ্ট মধোগং পবনানুগং। দ্বিমার্গং কফবাতাভ্যা মুভাভ্যা-মনুবর্ত্ততে। ঊর্দ্ধং সাধ্যমধোযাপ্যমসাধ্যং যুগপদ্গতং। একমার্গং বলবতো নাতিবেগং নবোত্থিতং। রক্তপিত্তং সুখে কালে সাধ্যং স্যান্নিরুপদ্রবং। একদোষানুগং সাধ্যং দ্বিদোষং যাপ্যমুচ্যতে। যত্ত্রিদোষমসাধ্যং স্যান্মন্দা-গ্নেরতিবেগবং। ব্যাধিভিঃ ক্ষীণদেহস্য বৃদ্ধস্যানশ্নতশ্চ যৎ।

এক্ষণে বাতাদি দোষভেদে রক্তপিত্তের বিশেষ বিশেষ লক্ষণ লিখিত হইতেছে যথা কফান্বিত রক্তপিত্তে রক্তের ঘনত্ব, ঈষৎ পাণ্ডুত্ব, স্নেহত্ব ও পিচ্ছিলত্ব হয়। বাতোত্থরক্তপিত্তে রক্তের শ্যাবত্ব অরুণত্ব সফেণত্ব দ্রবত্ব ও রুক্ষতা হয়। পৈত্তিক রক্তপিত্তে রক্তের বর্ণ কৃষ্ণ, গোমূত্রসদৃশ, চিক্কণকৃষ্ণ গৃহধূমাভ অথবা অঞ্জনসদৃশ হয়। উপরোক্ত দ্বিদোষের মিশ্রলক্ষণদ্বারা দ্বন্দ্বজ এবং দোষত্রয়ের সমস্ত লক্ষণদ্বারা সান্নিপাতিক রক্তপিত্তরোগ বোধ করিবে। ঊর্দ্ধনিঃসরিত রক্তপিত্তকে কফ সংসৃষ্ট অধোগত রক্তপিত্তকে বাতানুবন্ধ এবং যুগপৎ ঊর্দ্ধ ও অধোনিঃসরিত লোহিতপিত্তকে উভয়ানুবন্ধ জানিবে। ঊর্দ্ধগত রক্তপিত্তরোগ সাধ্য, অধোনিঃ-সরিত রোগ যাপ্য এবং উভয়াভিমুখে নির্গত রক্তপিত্ত অসাধ্য। যে রক্তপিত্ত রোগে রক্তের এক মার্গে ঊর্দ্ধ নিঃসরণ অনতিবেগল অচিরে উৎপন্ন হয়, অন্য কোন উপদ্রব না থাকে এবং রোগী বলবান হয় সে রোগ সুখ কালে অর্থাৎ হেমন্ত ও শিশির ঋতুতে সাধ্য। এক দোষাপন্ন রক্তপিত্ত সাধ্য, দ্বিদোষপ্রাপ্ত যাপ্য এবং ত্রৈদোষিক রক্তপিত্ত রোগ অসাধ্য জানিবে। যদ্যপি মন্দানলযুক্ত ব্যক্তির, নানারোগগ্রস্ত ক্ষীণ ব্যক্তির এবং অনাহারী অথবা বৃদ্ধব্যক্তির রক্ত-পিত্তের বেগাধিক্য হয় তবে তাহাদের রোগ অসাধ্য হয়।

দৌর্ব্বল্য শ্বাসকাসজ্বরবমথুমদাপাণ্ডুতাদাহমূর্চ্ছা ভুক্তে ঘোরা বিদাহস্ত্ব-ধৃতিরপি সদা হৃদ্যতুল্যা চ পীড়া। তৃষ্ণাকোষ্ঠস্য ভেদঃ শিরসিচ তপনং পূতি নিষ্ঠীবনত্বং। ভক্তদ্বেষাবিপাকৌ বিকৃতিরপি ভবেৎ রক্তপিত্তোপসর্গাঃ।

রক্তপিত্ত রোগের উপদ্রব বা উপসর্গ সমূহ নিম্নপ্রকারে নির্দ্দিষ্ট আছে যথা দৌর্ব্বল্য শ্বাস কাস জ্বর বমি মত্ততা পাণ্ডুতা দাহ মূর্চ্ছা। ভুক্তবস্তুর অতিশয় অপাকত্ব অধীরতা হৃদয়ে অতুল্য বেদনা বোধ, তৃষ্ণা কোষ্ঠস্থিত মলরেচন, মস্তকের পরিতাপ, দুর্গন্ধ নিষ্ঠীবন, অন্নে দ্বেষ এবং আহারের অপাক।

মাংস প্রক্ষালনাভং কথিতমিব চ যৎকর্দ্দমাম্ভোনিভম্বা, মেদঃ পূয়াস্রকল্পং যকৃদিব যদি বা পক্কজম্বুফলাভং। যৎ কৃষ্ণং যচ্চ নীলং ভৃশমতিকুণপং যত্র চোক্তাবিকারা স্তদ্বর্জ্জ্যং রক্তপিত্তং সুরপতি ধনুষা যচ্চ তুল্যং বিভাতি। যেন চোপহতোরক্তং রক্তপিত্তেন মানবঃ। পশ্যেদ্দৃশ্যং বিয়চ্চৈব তচ্চাসাধ্য মসংশয়ঃ। লোহিতং ছর্দ্দয়েদ্যস্তু বহুশো লোহিতেক্ষণঃ। লোহি-লোহিতোদ্গারদর্শী চ ম্রিয়তে রক্তপৈত্তিকঃ।

যে রক্তপিত্তগ্রস্ত রোগীর বিকৃত রক্ত, মাংসধৌত জলের সদৃশ ও পচা হয় অথবা কর্দ্দমাক্ত জলের ন্যায় বা মেদ ও পূয় যুক্ত রক্তের আকৃতি কিম্বা যকৃতের ন্যায়, অথবা পক্ক জামফলের ন্যায় হয় এবং যে রক্তপিত্তের রক্ত কৃষ্ণবর্ণ অথবা নীলবর্ণ বা অত্যন্ত দুর্গন্ধ হয় অথবা ইন্দ্রধনুর ন্যায় নানা বর্ণযুক্ত দৃষ্ট হয়; সেই রক্তপিত্তগ্রস্ত রোগীকে বৈদ্য ত্যাগ করিবে। যে রক্তপিত্ত রোগী উপরোক্ত শ্বাস কাসাদি উপদ্রবযুক্ত হয়, তাহাকেও বৈদ্য ত্যাগ করিবে। যে রক্তপিত্ত পীড়িত মনুষ্য আকাশ ও যাবতীয় পদার্থ রক্তবর্ণ দেখে, তাহার রোগ নিশ্চয় অসাধ্য। যে ব্যক্তির বাহুল্য রক্তবমন, চক্ষু রক্তবর্ণ, উদ্গারে রক্ত স্বাদন এবং যাবতীয় পদার্থ রক্তিমা দৃশ্য হয় সেই রক্তপিত্ত গ্রস্ত রোগীর মৃত্যু হয় (১)।

অথ রাজযক্ষ্মশোষক্ষতক্ষীণনিদানং।

বেগরোধাৎ ক্ষয়াচ্চৈব সাহসাদ্বিষমাশনাৎ। ত্রিদোষো জায়তে যক্ষ্মাগদো-

---

(১) ইংরাজীতে রক্তপিত্তকে হেমরেজ (Hemorrhage.) এবং রক্তপিত্ত ধাতুকে হেমরেজিক ডায়থিসিস্ (Hemorrhagic diathesis.) কহে।

হেতু চতুষ্টয়াৎ। কফপ্রধানৈর্দোষৈস্তু রুদ্ধেষু রসবর্ত্মসু। অতিব্যবায়িনো বাপি ক্ষীণে রেতস্যনন্তরাঃ। ক্ষীয়ন্তে ধাবতঃ সর্ব্বে ততঃ শুষ্যতি মানবঃ।

মলমূত্রাদির বেগরোধ দ্বারা, ধাতুক্ষয় জনিত ক্ষীণতা দ্বারা অসংশাহসী যুদ্ধাদি দ্বারা এবং যথেচ্ছা আহারদ্বারা ত্রিদোষ জনিত যক্ষ্মা রোগ উৎপন্ন হয়। (১) কফ প্রধান দোষদ্বারা রসবাহকবর্ত্ম সকল রুদ্ধ হইলে মনুষ্যের ধাতু সকল ক্ষীণ হয়, তৎপরে শরীর শুষ্ক হয়. অথবা অতিব্যবায়ী ব্যক্তি দিগের প্রথম শুক্র ক্ষীণ হইয়া পরে অনন্তরা অর্থাৎ পরস্পর সম্বন্ধীয় ধাতু সমূহের ক্ষয় এবং শরীর শুষ্ক হয় (২)।

শ্বাসাঙ্গমর্দ্দকফসংস্রবতালুশোষবম্যগ্নিসাদ মদপীনসকাসনিদ্রাঃ। শোষে ভবিষ্যতি ভবন্তি স চাপি জন্তুঃ শুক্লেক্ষণো ভবতি মাংসপরোরিরংসুঃ। স্বপ্নেষু কাকশুকশল্লকিনীলকণ্ঠা গৃধ্রা স্তথৈব কপয়ঃ কৃকলাসকাশ্চ। তাং বাহয়ন্তি সনদী র্বিজলাশ্চ পশ্যেচ্ছুষ্কাংস্তরূন্ পবনধূমদবার্দ্দিতাংশ্চ।

যক্ষ্মা রোগ হইবার পূর্ব্বে নিম্নলিখিত লক্ষণ সমূহ দৃষ্ট হয় যথা, শ্বাস, অঙ্গমর্দ্দ, কফনিষ্ঠীবন, তালুশোষ, বমি, অগ্নিমান্দ্য, মত্ততা, পীনস, কাস, নিদ্রা

---

(১) উল্লিখিত হেতু চতুষ্টয়ের অন্তর্গত, আর অনেক প্রকার কারণের সম্ভাবনা বুঝিতে হইবে। যক্ষ্মারোগের তিনটি পর্য্যায়শব্দ সুশ্রুতে ব্যবহৃত আছে, যথা শোষ ক্ষয় এবং রাজযক্ষ্মা। এই রোগে শরীরের রসাদি শুষ্ক হয় এবং ক্রিয়ার ক্ষয় হয় এজন্য ইহার নাম শোষ ও ক্ষয় হইয়াছে। চন্দ্রমা রাজার এই রোগ প্রথম উৎপন্ন হয়, এজন্য ইহাকে রাজযক্ষ্মা কহে।

(২) অনন্তর ধাতু সমূহের ক্রম অর্থাৎ ধাতুর পরস্পর সম্বন্ধ ক্রম নিম্ন প্রকারে নির্দ্দিষ্ট আছে, যথা রস রক্ত মাংস মেদ অস্থি মজ্জা ও শুক্র। উপরোক্ত ক্রমে ধাতু সমূহ ক্ষয় হইলে, অনুলোম বা যথা ক্রম ক্ষয় কহে, উহার বিপরীতক্রমে অর্থাৎ. প্রথম শুক্র ক্ষীণ হইয়া, পরে বিপরীত ক্রমান্বয়ে অপর ধাতু সকল ক্ষয় হইলে প্রতিলোম বা বিপরীত ধাতুক্ষয় কহে।

ও চক্ষু শুক্লবর্ণ হয় এবং রোগীর মাংসাহার ও রতিক্রিয়াতে ইচ্ছা হয়, স্বপ্নেতে রোগী কাক, শুকপক্ষী, শজারু, ময়ূর, শকুনী, বানর এবং গোধাদ্বারা বাহিত হয় এবং জলবিহীন নদী ও পবন ধূম অথবা বনাগ্নি দ্বারা শুষ্ক তরু সমূহ দেখে (১)।

অংশপার্শ্বাভিতাপশ্চ সন্তাপঃ করপাদয়োঃ। জ্বরঃ সর্ব্বাঙ্গগশ্চেতি লক্ষণং রাজযক্ষ্মণঃ। স্বরভেদোনিলাচ্ছূলং সঙ্কোচশ্চাংসপার্শ্বয়োঃ। জ্বরোদাহোতিসারশ্চ পিত্তাদ্রক্তস্য চাগমঃ। শিরসঃ পরিপূর্ণত্বমভক্তচ্ছন্দ এবচ। কাসঃ কণ্ঠস্য চোদ্ধ্বংসো বিজ্ঞেয়ঃ কফকোপতঃ। একাদশভিরেভির্ব্বা ষড়্ভির্ব্বাপি সমন্বিতং। জ্বরাচ্ছোষার্দ্দিতং জন্তুমিচ্ছন্ সুবিমলং যশঃ। কাসাতিসারপার্শ্বার্ত্তি স্বরভেদারুচিজ্বরৈঃ। ত্রিভির্ব্বা পীড়িতং লিঙ্গৈঃ কাসশ্বাসাসৃগামযৈঃ। সর্ব্বৈরর্দ্ধৈস্ত্রিভির্ব্বাপি লিঙ্গৈর্মাংসবলক্ষয়ে। যুক্তোবর্জ্য শ্চিকিৎস্যস্তু সর্ব্বরূপোপ্যতোন্যথা। মহাশনং ক্ষীয়মানমতীসারনিপীড়িতং। শূনমুষ্কোদরঞ্চৈব যক্ষ্মিণং পরিবর্জ্জয়েৎ। উপক্রমেদাত্মবন্তং দীপ্তাগ্নিমকৃশং নবং। শুক্লাক্ষমন্নদ্বেষ্টারমূর্দ্ধশ্বাসনিপীড়িতং। কৃচ্ছ্রেণবহুমেহন্তং যক্ষ্মা হন্তীহ মানবং।

ত্রিদোষজ যক্ষ্মা রোগে স্কন্ধ এবং পার্শ্বে বেদনা, হস্ত ও পদের সন্তাপ এবং সার্ব্বাঙ্গিক জ্বর হয়। এক্ষণে যক্ষ্মা রোগের একাদশ লক্ষণ, ত্রিদোষের অংশাংশ ক্রমে কথিত হইতেছে যথা, বায়ু প্রকোপহেতু যক্ষ্মারোগে স্বরভেদ এবং স্কন্ধ ও পার্শ্বের সংকোচন ও বেদনা হয়। পিত্তপ্রকোপ হইতে জ্বর, দাহ, অতিসার এবং রক্তনিষ্ঠীবন হয়। কফ প্রকোপ হইতে মস্তকের গুরুত্ব অরুচি কাস এবং কণ্ঠনলীর ধ্বংসবৎ বেদনা ও স্বরভঙ্গ হয়। এই একাদশ লক্ষণ অথবা ইহার মধ্যে ছয়টি বা তিনটী লক্ষণযুক্ত ক্ষয়রোগ পীড়িত

---

(১) চরক গ্রন্থে রাজযক্ষ্মার পূর্ব্বরূপ ভিন্নপ্রকার নির্দ্দিষ্ট আছে, যথা পীনস, দুঃশীলতা, অদোষে দোষদর্শন, শরীরে ঘৃণিতবিকৃতি সন্দর্শন, আহার করিলেও বল এবং মাংসের ক্ষীণতা, স্ত্রী ও মাংসে অভিরুচি, নির্জনপ্রিয়তা, অন্ন ও পানেতে প্রায় ঘুন, কেশ এবং তৃণপতন দৃষ্টি, কেশ ও নখের অতিবৃদ্ধি এবং পতঙ্গ পক্ষী ও শ্বাপদাদিদ্বারা আক্রমণাশঙ্কা ইত্যাদি।

ব্যক্তির বল এবং মাংস ক্ষয় হইলে, সুবিমল যশাভিলাষী বৈদ্য তাহাকে ত্যাগ করিবে। ছয়টী লক্ষণ যথা, কাস, অতিসার, পার্শ্ববেদনা, স্বরভেদ, অরুচি এবং জ্বর। তিনটি লক্ষণ যথা কাস, শ্বাস এবং রক্ত নিষ্ঠীবন। সর্ব্বলক্ষণাক্রান্ত যক্ষ্মা রোগ, বল এবং মাংসক্ষয় না হইলেও অসাধ্য জানিবে। যে যক্ষ্মা-রোগীর প্রচুর আহার দ্বারাও শরীরের পুষ্টি না হয়, যাহার অতিসার হয় এবং যাহার অণ্ডকোষ ও উদরে শোথ হয় তাহাকে বৈদ্য ত্যাগ করিবে। যে যক্ষ্মারোগী আপনার বশ হয় অর্থাৎ বৈদ্যের আদেশ পালন করিতে সক্ষম ও যাহার অগ্নি দীপ্তিমান থাকে, শরীর কৃশ না হয় এবং পীড়া অল্প-কাল উত্থিত তাহাকে চিকিৎসা করিবে। যে রোগীর চক্ষু শুক্লবর্ণ, অন্নে-বিদ্বেষ এবং ঊর্দ্ধশ্বাস হয় এবং যে রোগী অতিশয় কষ্টে অনেক মূত্র ত্যাগ করে তাহাকে যক্ষ্মা নষ্ট করে।

ব্যবায়শোকবার্দ্ধক্যব্যায়ামাধ্বপ্রশোষিতান্। ব্রণোরঃক্ষতসংজ্ঞৌ চ শোষিণৌ লক্ষণৈঃ শৃণু। ব্যবায়শোষশুক্রস্য ক্ষয়লিঙ্গৈরুপদ্রুতঃ। পাণ্ডুদেহো যথাপূর্ব্বং ক্ষীয়ন্তে চাস্য ধাতবঃ। প্রধ্যানশীলঃ স্রস্তাঙ্গঃ শোকশোষ্যপি তাদৃশঃ। জরাশোষী কৃশোমন্দ বীর্য্যবুদ্ধিবলেন্দ্রিয়ঃ। কম্পনোরুচিমান্ ভিন্নকাংস্যপাত্রহতঃ স্বরঃ। ষ্ঠীবতি শ্লেষ্মণাহীনং গৌরবারতিপীড়িতঃ। সংপ্রস্রুতাস্যনাসাক্ষি শুষ্করুক্ষমলচ্ছবিঃ। অধ্বশোষী চ স্রস্তাঙ্গঃ সংভৃষ্টপরুষচ্ছবিঃ। প্রসুপ্তগাত্রাবয়বঃ শুষ্কক্লোমগলাননঃ। ব্যায়ামশোষীভূয়িষ্ঠ মেভিরেব সমন্বিতঃ। লিঙ্গৈরুরক্ষতকৃতৈঃ সংযুক্তশ্চ ক্ষতং বিনা। রক্ত ক্ষয়াদ্বেদনাভি স্তথৈবাহারযন্ত্রণাৎ। বৃণিতস্য ভবেচ্ছোষঃ স চাসাধ্যতমোমতঃ।

ব্যবায় অর্থাৎ সর্ব্বদা স্ত্রীসংসর্গ, শোক, বার্দ্ধক্য, ব্যায়াম, পথপর্য্যটন। ব্রণ এবং উরুঃক্ষত হইতে যে শোষ অর্থাৎ ক্ষয় উৎপন্ন হয় তাহার লক্ষণ সমূহ যথাক্রমে কথিত হইতেছে। ব্যবায়জনিত শোষপ্রাপ্ত ব্যক্তি শুক্রক্ষয়লক্ষণ দ্বারা পীড়িত হয় (১)। তাহার শরীর পাণ্ডুবর্ণ এবং ধাতু সমূহ প্রতিলোম

(১) শুক্র ক্ষয় লক্ষণ যথা মেঢ্র ও অণ্ডকোষে বেদনা মৈথুনে অশক্তি, বিলম্বে শুক্রের প্রসেক এবং অল্প পরিমাণে ত্যাগ ইত্যাদি।

ক্রমে ক্ষয় হয়। শোক জনিত শোষীব্যক্তি চিন্তাযুক্ত ও শিথিলাঙ্গ হয়, এবং শুক্র ক্ষয় ভিন্ন ব্যবায়ী শোষীর সমস্ত লক্ষণ প্রাপ্ত হয়। জরা বা বার্দ্ধক্য হেতু শোষ হইলে মনুষ্য কৃশ এবং অকর্ম্মণ্য হয়, বুদ্ধি বল এবং ইন্দ্রিয় সমূহের হ্রাস, কম্প ও অরুচি হয় এবং স্বর ভগ্নকাংশপাত্রের ন্যায় হইয়া যায়, শ্লেষ্মষ্ঠীবন করিতে যত্ন করিয়াও নিঃসরণ করিতে অক্ষম হয়, শরীর ভারাক্রান্ত ও ক্লান্তিযুক্ত, মুখ নাসিকা এবং চক্ষু হইতে স্রাব নির্গত এবং অবয়ব রুক্ষ ও পুরীষ শুষ্ক হয়।

অতিরিক্ত পথপর্য্যটনদ্বারা শোষ হইলে মনুষ্যের অঙ্গ সমূহ শিথিল হইয়া যায়, অবয়ব ভাজা দ্রব্যের ন্যায় কর্কশ হয়, শরীর স্পর্শানভিজ্ঞ এবং মুখ তালু ও গলা শুষ্ক বোধ হয়। ব্যায়াম বা অত্যন্ত মল্লক্রিয়াদি হইতে শোষ হইলে মনুষ্যঅধ্বশোষের লক্ষণ সমূহদ্বারা বাহুল্য পরিমাণে পীড়িত হয় এবং ক্ষতভিন্ন উরঃক্ষত রোগের সাকল্য লক্ষণও প্রাপ্ত হয়। ব্রণযুক্ত ব্যক্তির রক্তক্ষয়, ব্রণবেদনা এবং আহারযন্ত্রণাহেতু শোষ হইলে উহা প্রায় অসাধ্য হইয়া থাকে।* উরঃক্ষত হইতে শোষ উৎপন্ন হয় এইহেতু এস্থলে উরঃক্ষত রোগের নিদান কথিত হইতেছে।

* ধনুষা য়াস্যতোঽত্যর্থং ভারমুদ্বহতো গুরুং। যুধ্যমানস্য বলিভিঃ পততো বিষমোচ্চতঃ। বৃষং হয়ং বা ধাবন্তং দম্যং বান্যং নিগৃহ্নতঃ। শিলাকাষ্ঠাশ্মনির্ঘাতান্ ক্ষিপতোনিঘ্নতঃ পরান্। অধীয়ানস্য বাত্যুচ্চৈর্দূরং বা ব্রজতো দ্রুতং। মহানদী র্বাতরতোহয়ৈর্ব্বা সহ ধাবতঃ। সহসোৎপততো দূরং তূর্ণং বাপি প্রনৃত্যতঃ। তথান্যৈঃ কর্ম্মভিঃ ক্রূরৈর্ভৃশমভ্যাহতস্য বা। বিক্ষ্যতে বক্ষসি ব্যাধি র্বলবান সমুদীর্য্যতে। স্ত্রীষু চাতিপ্রসক্তস্য রুক্ষাল্পপ্রমিতাশিনঃ।

নিম্নলিখিত কারণসমূহ হইতে বক্ষঃস্থলে উরঃক্ষতনামা বলবান রোগ উৎপন্ন হয় যথা, ধনুক্ষেপনে অতিশয় আয়াস, গুরুতরভারবহন, বলবান ব্যক্তির সহিত যুদ্ধ, অত্যুচ্চ স্থান হইতে লম্ফদ্বারা পতন, দ্রুতগামী বলবান অশ্ব বৃষ হস্তী উষ্ট্রাদি ধারণ, কুর্পশিলা কাষ্ঠ বা প্রস্তর খণ্ড নির্ঘাতরূপে নিক্ষেপকরা, শত্রুকে তাড়না করা, অতি উচ্চৈঃস্বরে অধ্যয়ন, দ্রুতবেগে দূরে গমন, বৃহৎ নদী

সন্তরণ, ঘোটকের সঙ্গে দৌড়ান, হটাৎ দূর হইতে লম্ফ প্রদান, অতি দ্রুত-বেগে নৃত্যকরা, কোন প্রকার দুঃসাধ্য ক্রুরকর্ম্মানুষ্ঠান, অত্যন্ত স্ত্রী সংযোগ, রুক্ষ, অল্প এবং প্রমিত আহার ইত্যাদি।

উরোবিরুজ্যতেত্যর্থং ভিদ্যতেঽথবিভজ্যতে। প্রপীড্যেতে ততঃ প্রার্শ্বে শুষ্যত্যঙ্গং প্রবেপতে। ক্রমাদ্বীর্য্যং বলং বর্ণো রুচিরগ্নিশ্চ হীয়তে। জ্বরো-ব্যথামনোদৈন্যং বিড্‌ভেদাগ্নিবধাবপি। দুষ্টঃ শ্যাবঃ সুদুর্গন্ধঃ পীতোবি-গ্রথিতোবহুঃ। কাসমানস্য চাভীক্ষ্ণং কফঃ সাসৃক্ প্রবর্ত্ততে। সক্ষতঃক্ষী-য়তেঽত্যর্থং তথা শুক্রৌজসোঃ ক্ষয়াৎ। অব্যক্তং লক্ষণং তস্য পূর্ব্ব-রূপমিতি স্মৃতং।

উরঃক্ষত রোগে বক্ষস্থলে ভঙ্গ, বিদারণ এবং ভেদনবৎ পীড়া হয়, পার্শ্ব-দ্বয় বেদনা করে, অঙ্গসমূহ শুষ্ক হয় এবং কাঁপে, বীর্য, বল, বর্ণ, রুচি ও অগ্নি ক্রমে হ্রাস হয়, জ্বর, গাত্রবেদনা, মনের দৈন্যতা, মলবেচন এবং মন্দাগ্নি হয়। কাসের সহিত শ্যাব বা পীতবর্ণ দুষ্ট দুর্গন্ধ গাঁইটযুক্ত এবং রক্ত মিশ্রিত কফ নিরন্তর বহু পরিমাণে নির্গত হয ও শুক্র এবং ওজঃক্ষয় হইতে রোগী অতিশয় ক্ষীণ হয। উপরোক্ত লক্ষণসমূহ ঈষৎ ব্যক্ত অব-স্থাতে উরঃক্ষত রোগের পূর্ব্ব রূপ বলিযা উক্ত আছে।

উরোরুক্ শোণিতচ্ছর্দ্দি কাসোবৈশেষিকঃ ক্ষতে। ক্ষীণে সরক্তমূত্রত্বং পার্শ্ব-পৃষ্ঠকটীগ্রহাঃ। অল্পলিঙ্গস্য দীপ্তাগ্নেঃ সাধ্যোবলবতো নবঃ। পরিসংবৎ সরো যাপ্যঃ সর্ব্বলিঙ্গন্তু বর্জ্জয়েৎ।

এক্ষণে উরঃক্ষত এবং শোষ বা শরীরক্ষয়ের বিশেষ বিশেষ লক্ষণ কথিত হইতেছে। উরুঃক্ষত রোগে বক্ষঃস্থলে বেদনা, রক্তবমন এবং অতিশয় কাস হয়।। শোষ বা ক্ষীণরোগে রক্তমিশ্রিত মূত্রনিঃসৃত হয় এবং পার্শ্ব, পৃষ্ঠ ও কটিতে বেদনা জন্মে। যে বলবান ব্যক্তির অগ্নি প্রদীপ্ত থাকে, তাহার উরঃক্ষত রোগ অল্পলক্ষণযুক্ত এবং তরুণোত্থিত হইলে সাধ্য, এক বৎসর অতীত হইলে এই রোগ যাপ্য এবং সর্ব্বলক্ষণাক্রান্ত হইলে অসাধ্য জানিবে (১)।

---

(১) যক্ষ্মা রোগকে ইংরাজিতে থাইসিস্ (Phthisis.) কহে। উরঃক্ষ-তের লক্ষণ ফুসফুসের ক্ষত অথবা খাতের লক্ষণের সহিত ঐক্য হয়। শোষকে

অথ কাসনিদানং।

ধূমোপঘাতাদ্রজসস্তথৈব ব্যায়ামরূক্ষান্ন নিষেবনাচ্চ। বিমার্গগত্বাচ্চ হি ভোজনস্য বেগাবরোধাৎ ক্ষবথো স্তথৈব। প্রাণোহ্যুদানানুগতঃ প্রদুষ্টঃ সংভিন্নকাংস্য স্বন তুল্য ঘোষঃ। নিরেতিবক্ত্রাৎ সহসা সদোষো মনীষিভিঃ কাস ইতি প্রদিষ্টঃ। পঞ্চকাসাঃ স্মৃতাবাতপিত্তশ্লেষ্মক্ষতক্ষয়ৈঃ। ক্ষয়ায়োপেক্ষিতাঃ সর্ব্বে বলিনশ্চোত্তরোত্তরং। পূর্ব্বরূপং ভবেত্তেষাং শূকপূর্ণগলাস্যতা। কণ্ঠে কণ্ডূশ্চ ভোজ্যানামবরোধশ্চ জায়তে।

মুখ ও নাসিকাতে ধূম এবং ধূলীর প্রবেশদ্বারা, ব্যায়াম এবং রুক্ষ অন্নের অতিসেবন দ্বারা, বিমার্গগামী আহার দ্বারা এবং মল মূত্রাদি ও হাঁচির বেগ ধারণদ্বারা দুষ্ট প্রাণবায়ু, উদান বায়ুর অনুগত হইয়া ভগ্ন কাংশ-পাত্রের ন্যায় শব্দকরতঃ যথাদোষ অনুবন্ধ হইয়া সহসা মুখ হইতে নির্গত হয়, ইহাকেই কাস কহে। কাস পঞ্চপ্রকার কথিত আছে যথা বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক উরঃক্ষত এবং ক্ষয়কাস। এই পঞ্চপ্রকার কাসরোগ যথাক্রমে উত্তরোত্তর বলবান জানিবে এবং উপেক্ষিত হইলে উহারা ক্ষয়কাসের লক্ষণ যুক্ত হয়, অর্থাৎ কাসমাত্রেই পরিণামে যক্ষ্মারোগে পরিণত হয়। নিম্ন লিখিত লক্ষণত্রয় কাসরোগের পূর্ব্বরূপ বলিয়া কথিত আছে যথা, গলা ও মুখে ধান্যের অগ্রভাগ দ্বারা আবৃত বোধ, কণ্ঠদেশে কণ্ডূ এবং আহারের অবরোধ।

হৃচ্ছঙ্খমূর্দ্ধোদরপার্শ্বশূলী ক্ষামাননঃ ক্ষীণবলস্বরৌজাঃ। প্রসক্তবেগস্তু সমীরণেন ভিন্নস্বরঃ কাসতি শুষ্কমেব। উরোবিদাহ জ্বরবক্ত্রশোষৈ রভ্যর্দ্দিতস্তিক্তমুখস্তৃষার্ত্তঃ। পিত্তেন পীতানি বমেৎ কটূনি কাসেৎ সপাণ্ডুঃ পরিদহ্যমানঃ। প্রলিপ্যমানেন মুখেন সীদন্ শিরোরুজার্ত্তঃ কফপূর্ণদেহঃ। অভক্তরুগ্‌গৌরবসাদ যুক্তঃ কাসেদ্ভৃশং সান্দ্রকফঃকফেন।

বাতিক কাসে হৃদয় কপাল মূর্দ্ধা উদর এবং পার্শ্বে শূল হয়, ক্লান্ত বা শুষ্কবদন, দুর্ব্বলতা, স্বরভেদ ও ওজঃধাতুর ক্ষয় হয় এবং ভিন্নস্বরযুক্ত শুষ্ক

ইংরাজিতে কনসাম্পসন্ (Consumption.) কহে।

ও সতত বেগান্বিত কাস উত্থিত হয়। পিত্তজনিত কাসরোগে বক্ষঃস্থলে জ্বালা, জ্বর, দাহ মুখে শোষ এবং তিক্তরসবোধ, তৃষ্ণা পিত্তবমন ও কাসের সহিত কটুশ্লেষ্মার নিষ্ঠীবন হয় এবং শরীর পাণ্ডুবর্ণ হইয়া যায়। কফজনিত কাসে মুখ, শ্লেষ্মাদ্বারা লেপিতবোধ ও শিরঃপীড়া এবং অরুচি হয়। শরীর অবসাদযুক্ত গুরু এবং কফদ্বারা পূর্ণবোধ হয় এবং রোগীর অত্যন্ত কাস হইয়া ঘনশ্লেষ্মা নিঃসৃত হয়।

অতিব্যবায়ভারাধ্ব যুদ্ধাশ্বগজবিগ্রহৈঃ। রুক্ষস্যোরঃক্ষতং বায়ু গৃহীত্বা কাসমাচরেৎ। স পূর্ব্বং কাসতে শুষ্কং ততঃ ষ্ঠীবেৎ সশোণিতং। কণ্ঠেন রুজতাত্যর্থং বিরুগ্নেনেব চোরসা। সূচীভিরিব তীক্ষ্ণাভিস্তুদ্যমানেন শূলিনা। দুঃখস্পর্শেন শূলেন ভেদ পীড়াভিতাপিনা। পর্ব্বভেদজ্বরশ্বাস তৃষ্ণাবৈস্বর্য্য পীড়িতঃ। পারাবত ইবা কুজন কাসবেগাৎ ক্ষতোদ্ভবাৎ।

উরঃক্ষত কাসের নিদান এবং লক্ষণসমূহ, নিম্নপ্রকারে নির্দ্দিষ্ট আছে যথা, অতিশয় ব্যবায়, ভারবহন, পথপর্য্যটন যুদ্ধ অশ্ব বা গজারোহণ এবং মল মূত্রাদির বেগ ধারণ হইতে রুক্ষ ব্যক্তিদিগের বায়ু, উরঃক্ষত উৎপন্ন করিয়া কাস জন্মায়। রোগীর প্রথমতঃ শুষ্ক কাস হইয়া পরে রক্তযুক্ত কফ নিষ্ঠীবন হয়, কণ্ঠে অতিশয় বেদনা হয়, বক্ষঃস্থলে পীড়া ও তীক্ষ্ণ সূচি দ্বারা ভেদনবৎ বোধ এবং স্পর্শাসহিষ্ণুতা হয়, পার্শ্বদ্বয় শূল এবং ভেদনবৎ বেদনাতে তাপিত হয়, পর্ব্বভেদ জ্বর শ্বাস তৃষ্ণা ও স্বরভঙ্গ হয় এবং কাসবেগ হইতে কণ্ঠে পারাবতের স্বরের ন্যায় শব্দ হয়।

বিষমাসাত্ম্যভোজ্যাতি ব্যবায়াদ্বেগনিগ্রহাৎ। ঘৃণিনাং শোচতাং নৃণাং ব্যাপন্নেঽগ্নৌ ত্রয়োমলাঃ। কুপিতা ক্ষয়জং কাসং কুর্য্যুর্দ্দেহক্ষয়প্রদং। সগাত্রশূলজ্বরদাহমোহান্ প্রাণক্ষয়ঞ্চোপলভেতকাসী। শুষ্যন্ বিনিষ্ঠীবতি দুর্ব্বলস্তু প্রক্ষীণমাংসোরুধিরং সপূয়ং। তং সর্ব্বলিঙ্গং ভৃশদুশ্চিকিৎস্যং চিকিৎসিতজ্ঞাঃ ক্ষয়জং বদন্তি। ইত্যেষ ক্ষয়জঃ কাসং ক্ষীণানাং দেহনাশনঃ। সাধ্যোবলবতাং বাস্যাদ্যাপ্য স্ত্বেবং ক্ষতোত্থিতঃ। নবৌ কদাচিৎ সিধ্যেতামপি পাদগুণান্বিতৌ। স্থবিরাণাং জরাকাসঃ সর্ব্বোযাপ্য প্রকীর্ত্তিতঃ। ত্রীন্ পূর্ব্বান্ সাধয়েৎ সাধ্যান্ পথ্যৈর্যাপ্যাংস্তু যাপয়েৎ।

ক্ষয়কাস উৎপত্তির কারণ নিম্নপ্রকার নির্দ্দিষ্ট আছে যথা, অন্যায় ও অহিতকারী আহার অত্যন্ত স্ত্রীসংসর্গ এবং মল মূত্রের বেগধারণ হইতে অথবা ঘৃণা ও শোকপ্রাপ্ত ব্যক্তিদিগের অনাহার হেতু বায়ুকর্ত্তৃক অগ্নি, প্লাবিত হইলে দোষত্রয় কুপিত হইয়া ক্ষয়কাশ উৎপন্ন করে। এইকাস হইতে শরীর ক্ষয় হয়। ক্ষয়কাসে নিম্ন লিখিত লক্ষণ সমূহ দৃষ্টহয় যথা পীড়িত ব্যক্তির গাত্রবেদনা, জ্বর, অতিশয় দাহ, মূর্চ্ছা এবং বলক্ষয় হয়, রোগী শুষ্ক দুর্ব্বল ও কৃশ হইয়া রক্ত এবং পূয়যুক্ত শ্লেষ্মা নিষ্ঠীবন করে। চিকিৎসকেরা এইরূপ ভয়ানক সর্ব্বলক্ষণাক্রান্ত দুঃসাধ্য রোগকে ক্ষয়জকাস কহেন। ক্ষয়জকাস দুর্ব্বল ব্যক্তিদিগের শরীর শীঘ্র নাশ করে। ক্ষতজ এবং ক্ষয়জকাস নবোত্থিত এবং চতুষ্পাদ লক্ষণ যুক্ত হইলে, কদাচিৎ সাধ্য হয়, অন্যথা অসাধ্য জানিবে। ক্ষতজকাস বলবান ব্যক্তিদিগের সম্বন্ধে সাধ্য এবং যাপ্যও হয়, প্রাচীন ব্যক্তিদিগের জরাহেতু ধাতুক্ষয় জনিত কাস সর্ব্বত্র যাপ্য, বায়ু পিত্ত এবং কফজনিত কাসত্রয় সাধ্য, ইহাদের সাধন করিবে এবং যাপ্যকাস, যথা বিহিত পথ্যাদি দ্বারা যাপন করিবে।

অথ হিক্কানিদানং।

বিদাহি গুরুবিষ্টম্ভি রুক্ষাভিষ্যন্দিভোজনৈঃ। শীতপানাশনস্নান রজোধূমাতপানিলৈঃ। ব্যায়ামকর্ম্মভারাধ্ব বেগাঘাতাপতর্পণৈঃ। হিক্কাশ্বাসশ্চ কাসশ্চ নৃণাং সমুপজায়তে। মুহুর্মুহু র্বায়ু রুদেতি সস্বনো যকৃৎপ্লীহান্ত্রাণি মুখাদি বাক্ষিপন্। সঘোষবানাশুহিনস্ত্যসূন যতস্ততস্ত হিক্কেত্যভিধীয়তে বুধৈঃ। অন্নজাং যমলাং ক্ষুদ্রাং গম্ভীরাং মহতীং তথা। বায়ুঃকফেনানুগতঃ পঞ্চহিক্কাঃ করোতি হি। কণ্ঠোরসোর্গুরুত্বঞ্চ বদনস্য কষায়তা। হিক্কানাং পূর্ব্বরূপাণি কুক্ষেরাটোপ এবচ।

দাহজনক গুরু অপাচনীয় রুক্ষ এবং চোয়াইক দ্রব্যাদি ভোজনদ্বারা, শীতলপান, অশন এবং স্নান দ্বারা নাসারন্ধ্রে ধূলি ও ধূম প্রবেশদ্বারা, রৌদ্র উত্তাপ, মল্লযুদ্ধ এবং উষ্ণবায়ু সেবনদ্বারা, ভারবহন বা পথ ভ্রমণদ্বারা, মল

মূত্রাদির বেগাবরোধ অথবা অনশনের দ্বারা মনুষ্যদিগের হিক্কা শ্বাস এবং কাস উৎপন্ন হয়। যে রোগে প্রাণ ও উদান বায়ু, মুহুর্ম্মুহুঃ হিক্ শব্দ করিয়া যকৃৎ প্লীহা এবং অন্ত্র সকল যেন মুখে উঠাইয়া, বাহিরে নিক্ষেপ করতঃ শব্দের সহিত ঊর্দ্ধমুখে উত্থিত হয়, তাহাকে হিক্কা কহে। এই রোগ শীঘ্র প্রাণ নষ্ট করে। কফানুগত বায়ু পঞ্চপ্রকার হিক্কা উৎপন্ন করে যথা, অন্নজা, যমলা, ক্ষুদ্রা, গম্ভীরা এবং মহতী। হিক্কা হইবার পূর্ব্বে কণ্ঠ ও বক্ষঃস্থলের গুরুত্ব, মুখের কষায়তা এবং কুক্ষির আটোপ অর্থাৎ উদরে গুড় গুড় শব্দ হয়।

পানান্নৈরতিসংযুক্তৈঃ সহসা পীড়িতোনিলঃ। হিক্কয়ত্যূর্দ্ধগোভূত্বা তাং বিদ্যাদন্নজাং ভিষক্। চিরেণ যমলৈর্বেগৈর্যা হিক্কা সংপ্রবর্ত্ততে। কম্পয়ন্তী শিরোগ্রীবাং যমলাং তাং বিনির্দ্দিশেৎ। বিকৃষ্টকালৈর্যা বেগৈর্ম্মন্দৈঃ সমভিবর্ত্ততে। ক্ষুদ্রিকানাম সা হিক্কা জত্রুমূলাৎ প্রধাবিতা। নাভিপ্রবৃত্তাযা হিক্কা ঘোরা গম্ভীরনাদিনী। অনেকোপদ্রববতী গম্ভীরানাম সা স্মৃতা। মর্ম্মাণ্যুৎপীড়য়ন্তীব সততং যা প্রবর্ত্ততে। মহাহিক্কেতি সা জ্ঞেয়া সর্ব্বগাত্রবিকম্পিনী।

অতিরিক্ত অন্নপানসেবনদ্বারা দুষ্ট বায়ু সহসা ঊর্দ্ধ গত হইয়া যে হিক্কা উৎপন্ন করে, তাহাকে অন্নজা হিক্কা কহে। যে হিক্কা যমল বেগের দ্বারা অর্থাৎ উপর্য্যুপরি দুইটি বা ততোধিক সংখ্যায় বিলম্বে উঠে এবং মস্তক ও গলা কাঁপায় তাহাকে যমলা বা যমিকা হিক্কা কহে। কণ্ঠ এবং বক্ষঃ স্থলের সন্ধি স্থান হইতে উঠিয়া, যে হিক্কা মন্দ বেগের সহিত বিলম্বে প্রকাশ পায় তাহাকে ক্ষুদ্রিকা কহে। যে হিক্কা ঘোর গম্ভীর শব্দে অনেক উপদ্রব যুক্ত অর্থাৎ তৃষ্ণা জ্বরাদি যুক্ত হইয়া নাভিস্থান হইতে উঠে তাহাকে গম্ভীরা কহে। যে হিক্কা সর্ব্ব গাত্র কাঁপাইযা এবং শরীরের মর্ম্মস্থান সকল অর্থাৎ বস্তি, হৃদয় এবং মস্তক পীড়ন করিয়া নিরন্তর উঠে তাহাকে মহা হিক্কা কহে।

আয়ম্যতে হিক্কতো যস্য দেহো দৃষ্টিশ্চোর্দ্ধং নাম্যতে যস্য নিত্যং। ক্ষীণোহন্নদ্বিটক্ষৌতি যশ্চাতি মাত্রং তৌ দ্বৌ চান্ত্যৌ বর্জ্জয়েদ্ধিক্কমানৌ। অতিসঞ্চিত দোষস্য ভক্তচ্ছেদকৃশস্য চ। ব্যাধিভিঃ ক্ষীণদেহস্য বৃদ্ধস্যাতিব্যবায়িনঃ। আসাং যা সা সমুৎপন্না হিক্কাহন্ত্যাশু জীবিতং। যমিকা চ প্রলাপার্ত্তি

মোহতৃষ্ণাসমন্বিতা। অক্ষীণশ্চাপ্যদীনশ্চ স্থিরধাত্বিন্দ্রিয়শ্চ যঃ। তস্য সাধয়িতুং শক্যা যমিকাহন্ত্যতোঽন্যথা।

সতত হিক্কা হেতুক যাহার চক্ষু উপরে উঠিয়া যায় ও বিস্তৃত হয় এবং শরীর কুঞ্চিত হয়, আর যাহার শরীর ক্ষীণ, অন্নে বিদ্বেষ এবং অতিমাত্র হিক্কা হয়, তাহাদিগকে অর্থাৎ এই দুই প্রকার লক্ষণ বিশিষ্ট হিক্কা পীড়িতব্যক্তি দিগকে বৈদ্য ত্যাগ করিবে এবং শেষোক্ত দুই প্রকার হিক্কা অর্থাৎ মহাহিক্কা ও গম্ভীরাহিক্কা যুক্ত ব্যক্তিকেও ত্যাগ করিবে। অতি সঞ্চিত দোষযুক্ত ব্যক্তির, অনাহার হেতু কৃশব্যক্তির, বার্দ্ধক্য বা ব্যধির দ্বারা ক্ষীণ ব্যক্তি এবং সর্ব্বদা স্ত্রীআশক্ত ব্যক্তির উপরোক্ত তিন প্রকার সাধ্য হিক্কাও রোগীর প্রাণ নষ্ট করে। যমলা হিক্কা প্রলাপার্ত্ত এবং মোহ তৃষ্ণা সমন্বিত ব্যক্তিকে নষ্ট করে। অক্ষীণ প্রসন্নমনা স্থিরধাতু এবং স্থির ইন্দ্রিয় যুক্ত ব্যক্তির যমিকা হিক্কা সাধ্য, ইহার অন্যথা অসাধ্য।

অথ শ্বাসনিদানং।

মহোর্দ্ধচ্ছিন্নতমক ক্ষুদ্রভেদৈস্তু পঞ্চধা। ভিদ্যতে স মহাব্যাধিঃ শ্বাস একোবিশেষতঃ। বাতাধিকো ভবেৎ ক্ষুদ্র স্তমকস্তু কফোদ্ভবঃ। কফ বাতাধিক শ্চৈব সংসৃষ্টঃ ছিন্নসংজ্ঞকঃ। শ্বাসো মারুতসংসৃষ্টো মহানূর্দ্ধ স্তুতো মতঃ। প্রাগ্রূপং তস্য হৃৎপীড়া শূলমাধ্মানমেব চ আনাহো বক্ত্রবৈরস্যং শঙ্খনিস্তোদ এবচ।

শ্বাস নামা মহাব্যাধি লক্ষণ ভেদে পঞ্চ প্রকার হইয়া থাকে যথা মহা, ঊর্দ্ধ, ছিন্ন, তমক এবং ক্ষুদ্রশ্বাস। প্রতমক নামা শ্বাস, তমকশ্বাসের অবস্থান্তর মাত্র এবং উহা সংখ্যায় গণ্য নহে। ক্ষুদ্রশ্বাস বাতাধিক্য হেতু, তমক কফাধিক্য হেতু, ছিন্নশ্বাস কফবাতাধিক্য হেতু এবং মহা ও ঊর্দ্ধশ্বাস বায়ুসংসৃষ্ট হেতু উৎপন্ন হয়। শ্বাসরোগ প্রকাশ হইবার পূর্ব্বে হৃৎপীড়া, শূল আধ্মান, আনাহ, মুখের বিরসতা এবং শঙ্খদেশে অর্থাৎ ললাটৈকদেশে বেদনা হয়।

যদা স্রোতাংসিসংরুধ্যমারুত কফপূর্ব্বকঃ। বিশ্বগ্‌ব্রজতিস' রুদ্ধ স্তদা শ্বাসান্ করোতি সঃ। উদ্ধূয়মান বাতোয়ঃ শব্দবদ্দুঃখিতো নরঃ। উচ্চৈঃ শ্বসিতি সংরুদ্ধো মত্তর্ষভ ইবানিশং। প্রনষ্টজ্ঞানবিজ্ঞান স্তথা বিভ্রান্তলোচনঃ। বিবৃতাক্ষাননোবদ্ধমূত্রবর্চ্চাবিশীর্ণবাক্। দীনঃ প্রশ্বসিতঞ্চাস্য দূরাদ্বিজ্ঞায়তে ভৃশং। মহাশ্বাসোপসৃষ্টস্তু ক্ষিপ্রমেব বিপদ্যতে। উর্দ্ধং শ্বসিতি যো দীর্ঘং নচ প্রত্যাহরত্যধঃ। শ্লেষ্মাবৃতমুখস্রোতঃ ক্রুদ্ধগন্ধবহার্দ্দিতঃ। উর্দ্ধ দৃষ্টির্বিপশ্যংস্তু বিভ্রান্তাক্ষ ইতস্ততঃ। প্রমুহ্যন্ বেদনার্ত্তশ্চ শুষ্কাস্যোঽরতি-পীড়িতঃ। উর্দ্ধশ্বাসে প্রকুপিতে হ্যধঃশ্বাসো নিরুধ্যতে। মুহ্যত স্তাম্যতশ্চো-র্দ্ধংশ্বাস স্তস্যৈ বহন্ত্যসূন্। যস্তু শ্বসিতিবিচ্ছিন্নং সর্ব্বপ্রাণেন পীড়িতঃ। নবাশ্বসিতি দুঃখার্ত্তো মর্ম্মচ্ছেদরুগর্দ্দিতঃ। অনাহবেদযুক্তার্ত্তো দহ্যমানেন বহ্নিনা। বিপ্লুতাক্ষ পরিক্ষীণঃ শ্বসন্ রক্তৈকলোচনঃ। বিচেতাঃ পরিশুষ্ক'স্যো বিবর্ণঃ প্রলপন্নরঃ। ছিন্নশ্বাসেন বিচ্ছিন্নঃ স শীঘ্রং বিজহাত্যসূন্।

শ্বাসরোগের সম্প্রাপ্তি নিম্ন প্রকার নির্দ্দিষ্ট আছে. যথা যখন প্রবল কফযুক্ত বায়ু, কফেরদ্বারা আবদ্ধ হইয়া প্রাণ, উদক ও অন্নবাহি স্রোত সমূহ রুদ্ধ করিয়া সর্ব্ব শরীরে ব্যাপিত হয়, তখন সেই বায়ু শ্বাসরোগ উৎপন্ন করে। যাহার বায়ু উর্দ্ধাভিমুখে সঞ্চালিত হয়, যাহার দীর্ঘ নি-শ্বাস কষ্টক্রমে শব্দের সহিত রুদ্ধ মত্ত বৃষভের ন্যায় নিরন্তর বহির্গত হয়, যাহার জ্ঞান ও বিজ্ঞান লোপ, চক্ষু কখন চঞ্চল, কখন স্তব্ধ, মুখ প্রসারিত, মল এবং মূত্র রুদ্ধ বাক্য কথনে অশক্তি ও দৈন্যতা এবং শ্বাস দূর হইতে ভয়ানক বোধ হয়, তাহাকে মহাশ্বাস প্রাপ্ত জানিবে। এই মহাশ্বাস যুক্ত রোগী শীঘ্র বিপদ গ্রস্ত হয়। উর্দ্ধশ্বাসে রোগী উর্দ্ধ নিঃশ্বাস ফেলে এবং অধিকক্ষণ অধঃশ্বাস করিতে পারে না, মুখস্রোত সকল শ্লেষ্মা দ্বারা বদ্ধ থাকাতে কুপিত বায়ুর গতি রোধ হইয়া অত্যন্ত ক্লেশ পায়, উর্দ্ধ দৃষ্টি ও ভ্রান্ত চক্ষুতে ইতস্ততঃ দৃষ্টি নিক্ষেপ করে, মোহ, বেদনার্ত্ত, শুষ্ক আস্য ও অনবস্থিত চিত্তযুক্ত হয়। এইরূপ উর্দ্ধশ্বাস প্রকুপিত হইলে অধঃশ্বাস একেবারে রুদ্ধ হয়। মোহ ও ক্লান্তিযুক্ত রোগীর উর্দ্ধশ্বাস নিশ্চয় প্রান নষ্ট করে। যে দুঃখার্ত্ত রোগী সর্ব্ববলের সহিত পীড়িত হইয়া বিচ্ছিন্ন ক্রমে শ্বাস ত্যাগ করে এবং তাহাতে হয়ত শ্বাস পায় না, হৃদয় ছেদনবৎ বেদনায়

পীড়িত হয়, আনাহ, ঘর্ম্ম এবং মূর্চ্ছা যুক্ত ও বস্তিদেশ দহ্যমান হয়, অতি ক্ষীণ হইয়া শ্বাস ত্যাগ করে, জলপ্লাবিত ও আরক্ত নয়নযুক্ত হয় এবং শুষ্ক, বিবর্ণ, চেতন রহিত ও প্রলাপযুক্ত হয়, সেই ব্যক্তিকে ছিন্ন শ্বাসদ্বারা পীড়িত জানিবে। এই ছিন্ন শ্বাসদ্বারা রোগী বিছিন্ন হইলে, শীঘ্র প্রাণ ত্যাগ করে।

প্রতিলোমং যদা বায়ুঃ স্রোতাংসি প্রতিপদ্যতে। গ্রীবাং শিরশ্চ সং গৃহ্য শ্লেষ্মানাং সমুদীর্য্য চ। করোতি পীনসংতেন রুদ্ধোঘু র্ঘুরকং তথা। অতীব তীব্রবেগঞ্চ শ্বাসং প্রাণপ্রপীড়কং। প্রতাম্যতি সবেগেন তৃষ্যতে সন্নিরুদ্ধতে। প্রমোহং কাসমানশ্চ সগচ্ছতি মুহুর্মুহুঃ। শ্লেষ্মণ্যমুচ্যমানে তু ভৃশং ভবতি দুঃখিতঃ। তস্যৈবচ বিমোক্ষান্তে মুহূর্ত্তং লভতে সুখং। তথাস্যোধ্বংসতে কণ্ঠ কৃচ্ছ্রাচ্ছক্নোতিভাষিতুং। ন চাপি লভতে নিদ্রাং শয়ানঃ শ্বাসপীড়িতঃ। পার্শ্বে তস্যাবগৃহ্নাতিশয়ানস্য সমীরণঃ। অসীনো লভতে সৌখ্যমুষ্ণঞ্চৈ বাভিনন্দতি। উচ্ছ্রিতাক্ষোললাটেন স্বিদ্যতাভৃশমর্ত্তিমান্ বিশুষ্কাস্যো মুহুঃশ্বাসো মুহুশ্চৈবাবধম্যতে। মেঘাম্বুশীতপ্রাগ্বাতৈঃ শ্লেষ্মলৈশ্চ বিবর্দ্ধতে। স যাপ্যস্তমক শ্বাসঃ সংধ্যোবাস্যান্নবোত্থিতঃ। জ্বরমূর্চ্ছাপরীতস্য বিদ্যাৎ প্রতমকস্তুতং। উদাবর্ত্তরজোজীর্ণ ক্লিন্নকায় নিরোধজঃ। তমসা বর্দ্ধতেত্যর্থং শীতৈশ্চাশুপ্রশাম্যতি। মজ্জতস্তমসীবাস্য বিদ্যাৎ সন্তমকস্তুতং।

তমকশ্বাসের সমপ্রাপ্তি ও পূর্ব্বলক্ষণ নিম্ন প্রকার নির্দ্দিষ্ট আছে, যথা, যখন বায়ু বিপরীত ক্রমে স্রোত সকলকে প্রাপ্ত হয় এবং গ্রীবা ও মস্তকে আরোহণ ও শ্লেষ্মাকে বৃদ্ধি করিয়া পীনস জন্মায়, তখন এই কফের দ্বারা বায়ু রুদ্ধ হইয়া অতিতীব্র বেগান্বিত ঘুরঘুরক শব্দ যুক্ত এবং হৃদয়ের পীড়াজনক শ্বাস উৎপন্ন করে। রোগী নিশ্চেষ্ট ও বেগবান পিপাসাগ্রস্ত হয়, কাসিতে কাসিতে সর্ব্বদা মোহ প্রাপ্ত হয়, শ্লেষ্মা না বাহির করিতে পারিলে বড় কষ্ট পায়, শ্লেষ্মা নির্গত হইলে ক্ষণকালের জন্য সুখ লাভ করে, গলা চুস্কায়, কষ্টে বাক্য কহিতে পারে, শয়ন করিলে শ্বাস পীড়িত হইয়া নিদ্রা হয় না এবং বায়ু পার্শ্বদেশ পীড়ন করে, বসিলে কিঞ্চিৎ সুখ বোধ হয়, উষ্ণ বস্তু অভিলাষ করে, অক্ষিশোথযুক্ত, কপাল হইতে অত্যন্ত ঘর্ম্ম নির্গত, মুখ শুষ্ক, মুহুঃশ্বাস এবং মুহুঃ হস্তি আরোহীর ন্যায় সর্ব্ব গাত্রচালিত হয়, বৃষ্টি, মেঘ, শীত, পূর্ব্ব বাতাস এবং

শ্লেষ্মা বৃদ্ধিকর দ্রব্যাদির দ্বারা রোগ বৃদ্ধি পায়। এই তমকশ্বাস যাপ্য এবং নব উত্থিত হইলে কখন বা সাধ্য হয়। তমকশ্বাসপ্রাপ্ত রোগীর জ্বর এবং মূর্চ্ছা হইলে সেই রোগকে প্রতমকশ্বাস কহে। কোষ্ঠবদ্ধতা, অজীর্ণ, নাসিকায় ধূলি প্রবেশ, শরীরের ক্লিন্নতা অর্থাৎ বৃদ্ধাবস্থা এবং বেগরোধ হইতে সন্তমক শ্বাস উৎপন্ন হয়। এই শ্বাস অন্ধকারে বৃদ্ধি ও শীত দ্বারা আশু উপশম হয় এবং রোগী সর্ব্বদা অন্ধকারে নিমগ্ন ন্যায় বোধ করে।

রুক্ষায়াসোদ্ভবঃ কোষ্ঠে ক্ষুদ্রোবাত উদীরয়ন্। ক্ষুদ্রশ্বাসো নসোঽত্যর্থং দুঃখোনাঙ্গ প্রবাধকঃ। হিনস্তি ন সগাত্রাণি নচ দুঃখো যথেতরে। নচ ভোজনপানানাং নিরুণদ্ধ্যুচিতাং গতিং। নেন্দ্রিয়াণাং ব্যথাং নাপি কাঞ্চিদাপাদয়েদ্রুজং। সসাধ্য উক্তোবলিনঃ সর্ব্বে চাব্যক্তলক্ষণাঃ। ক্ষুদ্রঃ-সাধ্যমত স্তেষাংতমকঃকৃচ্ছ্র উচ্যতে। ত্রয়ঃশ্বাসা ন সিদ্ধ্যন্তি তমকো দুর্ব্বলস্য চ। কামং প্রাণ হরারোগা বহবো নতু তে তথা। যথা শ্বাসশ্চ হিক্কা চ হরতঃ প্রাণমাশু চ॥

রুক্ষ অন্নপান ব্যবহার এবং পরিশ্রমের দ্বারা কোষ্ঠস্থিত বায়ু উর্দ্ধগামী হইয়া ক্ষুদ্রশ্বাস উৎপন্ন করে, ইহা অল্প লিঙ্গ বিশিষ্ট হয় এবং অত্যন্ত দুঃখকর ও অঙ্গপীড়ক হয় না, শরীরদুর্ব্বল করে না এবং অন্যান্য শ্বাসের ন্যায় কষ্টদায়ক হয় না, অন্ন ও পানের উচিত গতি রুদ্ধ করে না, ইন্দ্রিয়দিগের ব্যথা জন্মায় না এবং অন্য কোন রোগেরও উৎপাদক হয় না। এই ক্ষুদ্র শ্বাস সাধ্য বলিয়া কথিত আছে, এবং সর্ব্বপ্রকার শ্বাস রোগ অল্প লক্ষণযুক্ত হইলে, বলবান মনুষ্য দিগের সম্বন্ধে সাধ্য হয়, তন্মধ্যে ক্ষুদ্র শ্বাস, অনায়াস সাধ্য, তমক কৃচ্ছ্রসাধ্য এবং অপর তিন প্রকার শ্বাস, যথা, মহা, উর্দ্ধ এবং ছিন্নশ্বাস, সর্ব্ব লক্ষণ যুক্ত হইলে অসাধ্য হয়। দুর্ব্বল ব্যক্তির তমকশ্বাসও অসাধ্য জানিবে। বলনাশক রোগ অনেক আছে, যথা, সন্নিপাত জ্বরাদি, কিন্তু হিক্কা এবং শ্বাসরোগ যেমন আশু বল নষ্ট করে, এমন অন্য কোন রোগে করে না।

অথস্বরভেদ নিদানং ।

অত্যুচ্চভাষণবিষাধ্যয়নাভিঘাত সংদূষণৈঃ প্রকুপিতাঃপবনাদয়স্তু। স্রোতঃসুতে স্বরবহেষু গতাঃ প্রতিষ্ঠাং, হন্যু স্বরং ভবতি চাপি হি ষড়্বিধঃ

সঃ। বাতাদিভিঃ পৃথক্ সর্ব্বৈ র্মেদসা চ ক্ষয়েণ চ। বাতেন কৃষ্ণনয়নাননমূত্রবর্চ্চা ভিন্নং শনৈর্ব্বদতি গর্দ্দভবৎ স্বরঞ্চ। পিত্তেন পীতনয়নাননমূত্রবর্চ্চা ব্রুয়াদ্গলেন সচ দাহসমন্বিতেন। ব্রুয়াৎ কফেন সততং কফরুদ্ধকণ্ঠঃ স্বল্পং শনৈর্ব্বদতি চাপি দিবা বিশেষাৎ। সর্ব্বাত্মকে ভবতি সর্ব্ববিকারসম্পৎ তঞ্চাপ্যসাধ্যমৃষয়ঃ স্বরভেদমাহুঃ। ধূপ্যেতবাক্ ক্ষয়কৃতে ক্ষয়মাপ্নুয়াচ্চ বাগেষ চাপি হতবাক্ পরিবর্জ্জনীয়ঃ। অন্তর্গতং স্বরমলক্ষ্যপদং চিরেণ মেদোহন্বয়াদ্বদতি দিগ্ধগলস্তৃষার্ত্তঃ। ক্ষীণস্য বৃদ্ধস্য কৃশস্য বাপি চিরোত্থিতো যশ্চ সহোপজাতঃ। মেদস্বিনঃ সর্ব্বসমুদ্ভবশ্চ স্বরাময়ো যো ন স সিদ্ধিমেতি।

অতি উচ্চৈঃস্বরে বাক্য কথন ও বেদাদি পাঠদ্বারা, বিষসেবন দ্বারা এবং লগুড়াদিদ্বারা কণ্ঠদেশ আহত হইলে, প্রকুপিত বাতাদি দোষ, স্বরবহ স্রোতচতুষ্টয়ের অধিগত হইয়া স্বর নষ্ট করে। স্বরভেদ ষষ্ঠ প্রকার কথিত আছে যথা, বাত, পিত্ত ও কফজনিত, সান্নিপাতিক, মেদজ এবং ক্ষয়জ। বাতজনিত স্বরভেদে রোগীর মল মূত্র মুখ এবং চক্ষু কৃষ্ণবর্ণ হয় এবং অল্পে অল্পে গর্দ্দভবৎ ভগ্নস্বর নিঃসৃত হয়। পিত্তজাত স্বরভেদে মল, মূত্র চক্ষু, ও মুখ পীতবর্ণ হয় এবং দাহান্বিত গলা হইতে স্বর নির্গত হয়। শ্লৈষ্মিক স্বরভেদে কণ্ঠদেশ সর্ব্বদা কফদ্বারা রুদ্ধ হইয়া সতত অল্প অল্প বাক্য নির্গত হয় এবং দিবাতে সূর্য্যের রশ্মিদ্বারা কফের লাঘব হইলে, অপেক্ষাকৃত অধিক বাক্য নিসৃত হয়। সন্নিপাত স্বরভেদে, উপরোক্ত সর্ব্ব প্রকার লক্ষণদৃষ্ট হয়। এই স্বরভেদকে ঋষিরা অসাধ্য কহেন। ক্ষয়জনিত স্বরভেদে বাকশক্তির ক্ষয় হইয়া কষ্টের সহিত স্বর নিঃসৃত হয়, এবং রোগী হতবাক্ হইলে, পরিবর্জ্জনীয় হয়, মেদোজাত স্বরভেদে গলা, মেদঃ অথবা শ্লেষ্মাদ্বারা আবৃত, তৃষ্ণা এবং গলার মধ্য হইতে অস্পষ্ট স্বর ও পদদ্বারা বিলম্বে বাক্য নির্গত হয়। ক্ষীণ বৃদ্ধ কৃশ ও অতি স্থূল ব্যক্তির স্বরভেদ ও দীর্ঘকাল স্থায়ী অথবা জন্মের সহিত উৎপন্ন স্বরভেদ অসাদ্য। সান্নিপাতিক স্বরভেদ সর্ব্বলক্ষণ যুক্ত হইলে অসাধ্য হয়।

অথারোচকনিদানং ।

বাতাদিভিঃ শোকভয়াতিলোভ ক্রোধৈ র্মনয়্নাশনরূপগন্ধৈঃ। অরোচকাঃস্যুঃ পরিহৃষ্ট দন্তঃ কষায় বক্ত্রস্য মতোঽনিলেন। কট্বম্লমুষ্ণং বিরসঞ্চ পূতি পিত্তেন বিদ্যাল্লবণঞ্চ বক্ত্রং। মাধুর্য্যপৈচ্ছিল্যগুরুত্ব শৈত্য বিবদ্ধসংবদ্ধযুতং কফেন। আরোচকে শোক ভয়াতিলোভ ক্রোধাদ্যহৃদ্যাশুচি গন্ধজে স্যাৎ। স্বাভাবিকঞ্চাস্য মথারুচিশ্চ ত্রিদোষজেনৈকরসংভবেত্তু। হৃচ্ছূল-পীড়নযুতং পবনেন পিত্তাৎ তৃড়্দাহ চোষবহুলং সকফ প্রসেকং। শ্লেষ্মাত্মকং বহুরুজং বহুভিশ্চ বিদ্যা দ্বৈগুণ্য মোহজড়তাভি রথাপরঞ্চ।

বাতিক পৈত্তিক শ্লৈষ্মিক সান্নিপাতিক এবং আগন্তুজ ভেদে পঞ্চ প্রকার অরোচক কথিত আছে। আগন্তুজ অরোচক, নিম্ন লিখিত কারণ সমূহ হইতে উৎপন্ন হয় যথা, শোক, ভয়, অহিত বস্তুর অতিলোভ, ক্রোধ এবং মনের বিকারজনক আহার, দৃষ্টি ও গন্ধ ইত্যাদি। বাতজনিত অরোচকে, দন্তহর্ষ এবং মুখের কষায়ত্ব হয়। পৈত্তিক অরুচিতে, মুখ দুর্গন্ধ, কটু, অম্ল, উষ্ণ, বিরস এবং লবণাক্ত হয়। কফজাত অরোচকে মুখের মাধুর্য্য, পিচ্ছিলতা গুরুত্ব ও শীতলত্ব হয় এবং ভোজনে অসমর্থতা ও কফদ্বারা মুখ আবৃত বোধ হয়। আগন্তুজ অরোচকে মুখ স্বাভাবিক ভাবে থাকে অর্থাৎ বাতাদি জনিতের ন্যায় কটু অম্লাদি রসযুক্ত হয় না। সান্নিপাতিক অরোচকে মুখ উপরোক্ত সর্ব্বপ্রকার রসযুক্ত হয়। মুখের বিকৃতি কহিয়া এক্ষণে শারীরিক অন্যান্য লক্ষণ কহিতেছেন যথা, বাতদ্বারা হৃদয় শূলযুক্ত, পিত্ত হইতে তৃষ্ণা দাহ এবং বাহুল্যরূপে চোষণবৎ পীড়া, শ্লেষ্মাদ্বারা কফপ্রসেক, সন্নিপাত হইতে নানা প্রকার বেদনা এবং আগন্তুজ আরোচকে মানসিক ব্যাকুলতা মোহ ও জড়তা উৎপন্ন হয় (১)

---

(১) চরক এবং সুশ্রুত গ্রন্থে তিন প্রকার অরুচি রোগ বর্ণিত আছে, যথা, যে রোগে ক্ষুধা থাকিতে ভোজনাসমর্থতা হয়, তাহাকে অরুচি কহে। যে রোগে অন্নে অভিলাষ থাকিয়া, অন্ন দেওয়া হইলে অনিচ্ছা হয়, তাহাকে অন্নাভিনন্দন কহে এবং যে রোগে অন্নের গন্ধ, স্পর্শ, দর্শন অথবা শ্রবণমাত্রে উদ্বেগ হয় তাহাকে ভক্তদ্বেষ কহে

অথ ছর্দ্দিনিদানং।

দুষ্টৈর্দোষৈঃ পৃথক্ সর্ব্বৈ বীভৎসালোচনাদিভিঃ। ছর্দ্দয়ঃ পঞ্চবিজ্ঞেয়া স্তাসাং লক্ষণ মুচ্যতে। অতি দ্রবৈরতিস্নিগ্ধৈরহৃদ্যৈর্লবণৈরতি। অকালে চাতিমাত্রৈশ্চ তথা সাত্ম্যৈশ্চ ভোজনৈঃ। শ্রমাদ্ভয়াত্তথোদ্বেগাদজীর্ণাৎ ক্রিমি দোষতঃ। নার্য্যাশ্চাপন্নসত্ত্বায়া স্তথাতিদ্রুতমশ্নতঃ। বীভৎসৈ র্হেতুভিশ্চা-ন্যৈদ্রুতমুৎক্লেশিতো বলাৎ। ছাদয়ন্নাননং দোষৈ,র্দ্দয়ন্নঙ্গভঞ্জনৈঃ। নিরুচ্যতেছর্দ্দিরিতিদোষো বক্ত্রং প্রধাবিতঃ।

ছর্দ্দি অর্থাৎ বমন পঞ্চ প্রকার কথিত আছে যথা, বাত্তিক, পৈত্তিক, কফজ, সান্নিপাতিক এবং আগন্তুজ। ছর্দ্দি রোগের সম্প্রাপ্তি নিম্নপ্রকারে বর্ণিত আছে যথা, অতিদ্রব, অতিস্নিগ্ধ, অহৃদ্য ও লবণাক্ত দ্রব্যসেবন দ্বারা, অতিমাত্রায় অকালে অথবা অসাত্ম্য ভোজনদ্বারা, অতি দ্রুত আহার দ্বারা, শ্রম, ভয় উদ্বেগ অজীর্ণ ও ক্রিমি দোষদ্বারা, বিকৃতি দর্শনাদিদ্বারা এবং স্ত্রীদিগের আপন্নসত্ত্ব অর্থাৎ গর্ভাবস্থাদ্বারা প্রকুপিত দোষ, শীঘ্র বলপূর্ব্বক মুখে উঠিয়া অঙ্গভঙ্গের সহিত মুখকে পীড়ন এবং আচ্ছাদন করে, ইহাকেই ছর্দ্দি কহে।

হৃল্লাসোদ্গার রোধশ্চ প্রসেকো লবণ স্তনুঃ। দ্বেষোঽন্নপানে চ ভৃশং বমীনাং পূর্ব্বলক্ষণং।

ছর্দ্দি হইবার পূর্ব্বে বমনেচ্ছা, উদ্গারের অবরোধ, লবণাক্ত দ্রবজালার নিঃসরণ এবং অন্নপানে অতিশয় বিদ্বেষ হইয়া থাকে।

হৃৎপার্শ্ব পীড়া মুখশোষ শীর্ষ নাভ্যর্ত্তিকাস স্বরভেদতোদৈঃ। উদ্গারশব্দং প্রবলং সফেণং বিচ্ছিন্নমুষ্ণং তনুকং কষায়ং। কৃচ্ছ্রেণ চাল্পং মহতা চ বেগেনার্ত্তোঽনিলাচ্ছর্দ্দয়তীহ দুঃখং। মূর্চ্ছাপিপাসামুখশোষমূর্দ্ধ তাল্বক্ষি সন্তাপতমো ভ্রমার্ত্তঃ। পীতং ভৃশোষ্ণং হরিতং সতিক্তং ধূম্রঞ্চ পিত্তেন বমেৎ সদাহং। তন্দ্রাস্য মাধুর্য্য কফপ্রসেক সন্তোষনিদ্রারুচিগৌরবার্ত্তঃ। স্নিগ্ধং ঘনং স্বাদু কফাদ্বিশুদ্ধং সরোমহর্ষোঽল্পমরুজং বমেত্তু। শূলাবি-পাকারুচিদাহতৃষ্ণা শ্বাস প্রমোহ প্রবলা প্রসক্তং। ছর্দ্দি স্ত্রিদোষাল্লবণাম্ল-নীল সান্দ্রোষ্ণরক্তংবমতাং নৃণাং স্যাৎ।

বাত জনিত ছর্দ্দিতে রোগীর হৃদয় পার্শ্ব শিরঃ এবং নাভিতে বেদনা হয়, কাস, মুখশোষ, স্বরভঙ্গ, প্রবল শব্দযুক্ত উদ্গার এবং কষ্টে অত্যন্ত বেগের সহিত ফেণাযুক্ত অল্প তরল উষ্ণ কষায় দ্রব্যের বমন হয়। পৈত্তিক ছর্দ্দিতে মূর্চ্ছা পিপাসা এবং মুখশোষ হয়। মূর্দ্ধা তালু এবং অক্ষিতে সন্তাপ, ভ্রম ও অন্ধকারে প্রবিষ্ট বোধ এবং দাহের সহিত অত্যুষ্ণ তিক্ত হরিত কৃষ্ণ অথবা লোহিতবর্ণ পদার্থের বমন হয়। কফজনিত ছর্দ্দিতে মুখ হইতে লালাস্রাব, অন্নে অনভিলাষ এবং অরুচি হয়। রোগী তন্দ্রা এবং মুখে মধুর রসযুক্ত হয়, নিদ্রা ও শরীরের গুরুত্বে আর্ত্ত এবং রোমাঞ্চিত হইয়া অল্প বেদনার সহিত স্নিগ্ধ ঘন স্বাদু শুক্লবর্ণ পদার্থ বমন করে। ত্রিদোষজাত ছর্দ্দিতে প্রবল শূল, অবিপাক, অরুচি, দাহ তৃষ্ণা শ্বাস ও প্রমেহ হয় এবং রোগী নিরন্তর লবণাক্ত অম্ল ঘন উষ্ণ নীল অথবা রক্তবর্ণ পদার্থ বমন করে।

বিট্স্বেদমূত্রাম্বু বহানি বায়ু স্রোতাংসি সংরুদ্ধ্য যদোর্দ্ধমেতি। উৎসন্নদোষস্য সমাচিতং তং দোষং সমুদ্ধূয় নরস্য কোষ্ঠাৎ। বিন্মূত্রয়োস্তৎসমগন্ধ-বর্ণং তৃট্ শ্বাস হিক্কার্ত্তিযুতং প্রসক্তং। প্রচ্ছর্দ্দয়েদ্দুষ্ট মিহাতিবেগাত্তয়ার্দ্দি-তশ্চাশুবিনাশমেতি।

যখন বায়ু, মল মূত্র ঘর্ম্ম এবং অম্বুবহ স্রোত সকলকে রুদ্ধ করিয়া ঊর্দ্ধগত হয় এবং কোষ্ঠদেশ হইতে সঞ্চিত পিত্ত অথবা কফকে উর্দ্ধগামী করে, তখন রোগী তৃষ্ণা শ্বাস ও হিক্কা দ্বারা পীড়িত হইয়া নিরন্তর অতিশয় বেগের সহিত বিকৃত মল এবং মূত্রের সমান গন্ধ ও বর্ণযুক্ত পদার্থ বমন করে। এই রূপ ছর্দ্দি পীড়িত রোগীর আশু মৃত্যু হইয়া থাকে।

বীভৎসজা দৌহৃর্দজামজা চ অসাত্ম্যভোজা ক্রিমিজা চ যাহি। সা পঞ্চমী-তাঞ্চ বিভাবয়েচ্চ, দোষোচ্ছ্রয়েণৈব যথোক্ত মাদৌ। শূলহৃল্লাসবহুলা ক্রিমিজা চ বিশেষতঃ। ক্রিমি হৃদ্রোগতুল্যেন লক্ষণেন চ লক্ষিতা। ক্ষীণস্য যাছর্দ্দিরতিপ্রসক্তা সোপদ্রবা শোণিতপূয়যুক্তা। সা চন্দ্রিকাং তাং প্রবদে-দসাধ্যাং সাধ্যাঞ্চিকিৎসেন্নিরুপদ্রবাঞ্চ।

আগন্তুজ ছর্দ্দি পঞ্চ প্রকার নির্দ্দিষ্ট আছে যথা, বীভৎসজা, দৌর্হ্দজা, অসাত্ম্যজা, আমজা এবং ক্রিমিজা। আগন্তুজ ছর্দ্দিরোগে উপরোক্ত বাতাদি লক্ষণ দ্বারা দোষ সম্বন্ধ লক্ষ্য করিয়া চিকিৎসা করিবে। ক্রিমিজনিত ছর্দ্দির বিশেষ লক্ষণ কথিত আছে। ইহাতে শূল এবং হৃল্লাসের বাহুল্য এবং ক্রিমিজনিত হৃদ্রোগের তুল্য লক্ষণ দৃষ্ট হয়। যে ছর্দ্দিতে রোগী দুর্ব্বল এবং উপদ্রব (১) যুক্ত হয় এবং নিরন্তর রক্ত ও পূয়মিশ্রিত অথবা ময়ূর পুচ্ছের ন্যায় বর্ণযুক্ত পদার্থ বমন করে, সেই রোগ অসাধ্য। নিরুপদ্রব ছর্দ্দি সাধ্য এবং চিকিৎসা যোগ্য জানিবে।

অথ তৃষ্ণানিদানং।

ভয়শ্রমাভ্যাং বলসংক্ষয়াদ্বা ঊর্দ্ধঞ্চিতং পিত্তবিবর্দ্ধনৈশ্চ। পিত্তং সবাতং কুপিতং নরাণাং তালুপ্রপন্নং জনয়েৎ পিপাসাং। স্রোতঃস্বপাংবাহিষু দূষিতেষু দোষৈশ্চ তৃট্ সংভবতীহ জন্তোঃ। তিস্রঃ স্মৃতাস্তাঃ ক্ষতজা চতুর্থী ক্ষয়াত্তথাহ্যামসমুদ্ভবা চ। ভক্তোদ্ভবা সপ্তমিকেতি তাসাং নিবোধলিঙ্গান্যনুপূর্ব্বশস্তু। ক্ষামাস্যতামারুতসংভবায়াং তোদস্তথা শঙ্খ শিরঃ সু চাপি। স্রোতোনিরোধো বিরসঞ্চ বক্ত্রং শীতাভিরদ্ভিশ্চ বিবৃদ্ধিমেতি। মূর্চ্ছান্ন বিদ্বেষ বিলাপদাহা রক্তেক্ষণত্বং প্রততশ্চ শোষঃ। শীতাভিনন্দা মুখতিক্ততা চ পিত্তাত্মিকায়াং পরিদূয়নঞ্চ। বাষ্পাবরোধাৎ কফসংবৃতেঽগ্নৌ, তৃষ্ণাবলাসেন ভবেত্তথা তু। নিদ্রা গুরুত্বং মধুরাস্যতা চ তৃষ্ণার্দ্দিতঃ শুষ্যতি চাতিমাত্রং। ক্ষতস্য রুক্‌শোণিতনির্গমাভ্যাং তৃষ্ণা চতুর্থী ক্ষতজা মতা তু। রসক্ষয়াদ্যাক্ষয়সম্ভবাসা তয়াভিভূতশ্চ নিশাদিনেষু। পেপীয়তেঽম্ভঃ সসুখং ন যাতি তাং সন্নিপাতাদিতি কেচি দাহুঃ।

ভয়, শ্রম এবং বলক্ষয়দ্বারা অথবা পিত্ত বিবর্দ্ধক দ্রব্য সেবনদ্বারা পিত্ত এবং বায়ু কুপিত হইয়া ঊর্দ্ধে গমনকরতঃ তালুকে প্রাপ্ত হইয়া পিপাসা উৎপন্ন করে, অথবা অম্ল কফ এবং আমের দ্বারা জলবহ স্রোত দূষিত হইয়া মনুষ্যের তৃষ্ণা উৎপন্ন হয়। তৃষ্ণা সপ্ত প্রকার নির্দ্দিষ্ট আছে যথা, বাতাদি জনিত তিন প্রকার, ক্ষতজ, ক্ষয়জ, আমজ এবং আহার জনিত।

(১) ছর্দ্দি রোগের উপদ্রব যথা, কাস শ্বাস জ্বর হিক্কা তৃষ্ণা অস্থিরতা হৃদ্রোগ এবং অন্ধকারে প্রবিষ্টের ন্যায় বোধ।

বাতোত্থিত তৃষ্ণাতে মুখের মালিন্য ও বিরসতা, মস্তক ও ললাটে বেদনা এবং রস ও অম্বুবাহী ধমনীর রোধ হয় এবং শীতল জল ব্যবহার দ্বারা পীড়া বৃদ্ধি পায়। পিত্তজনিত তৃষ্ণাতে মূর্চ্ছা, অন্নে বিদ্বেষ, প্রলাপ, দাহ, চক্ষু রক্তবর্ণ, অতিশয় মুখশোষ, শীতল বস্তুতে অভিলাষ, এবং মুখের তিক্ততা ও শরীরের অনুতাপ হয়। কফোত্থিত তৃষ্ণাতে স্বকারণে প্রকুপিত কফ, অন্তরাগ্নিকে আচ্ছাদন এবং পাবক উষ্মাকে অধোমুখ করতঃ নিম্নস্থিত অম্বুবহ স্রোতকে শোষণ করিয়া মনুষ্যের তৃষ্ণা উৎপাদন করে। এই রোগে নিদ্রাবেশ শরীরের গুরুত্ব মুখের মধুরতা ও শুষ্কতা এবং তৃষ্ণার আধিক্য হয়। শস্ত্রাদিরদ্বারা ক্ষত প্রাপ্ত মনুষ্যের বেদনা এবং রক্ত নিঃসরণ হেতু চতুর্থ প্রকার তৃষ্ণা উৎপন্ন হয়। রসক্ষয় হইতে যে তৃষ্ণা উৎপন্ন হয় তাহাকে ক্ষয়জ তৃষ্ণা কহে। ক্ষয়জ তৃষ্ণাতে রোগী দিবা রাত্র সর্ব্বদা জলপান করে তথাপি তাহাতে সুখ লাভ হয় না এবং রসক্ষয়োক্ত সাকল্য লক্ষণ দৃষ্ট হয়। এই রসক্ষয় তৃষ্ণাকে কেহ কেহ সান্নিপাতিক কহে।

রসক্ষয়োক্তানি চ লক্ষণানি, তস্যামশেষেণ ভিষগ্‌ব্যবস্যেৎ। ত্রিদোষলিঙ্গামসমুদ্ভবা চ হৃচ্ছূল নিষ্ঠীবন সাদকর্ত্রী। স্নিগ্ধং তথাম্লং লবণঞ্চভুক্তং গুর্ব্বন্নমেবাশু তৃষাং করোতি। দীনস্বরঃ প্রতাম্যন্ দীনঃ সংশুষ্ককণ্ঠগল তালুঃ।– ভবতি খলুযোপসর্গা তৃষ্ণা সা শোষিণী কষ্টা। জ্বর মোহক্ষয়কাসশ্বাসাদ্যুপসৃষ্ট দেহানাং সর্ব্বাস্তৃতি প্রসক্তা রোগ কৃশানাং বমি প্রসক্তানাং। ঘোরোপদ্রবযুক্তা তৃষ্ণামরণায় বিজ্ঞেয়া॥

আমসমুদ্ভবাতৃষ্ণা, সান্নিপাতিক তৃষ্ণার সমান লক্ষণ যুক্ত। ইহাতে হৃদয়ের বেদনা নিষ্ঠীবন এবং অঙ্গাবসাদ হয়। অন্নজনিত তৃষ্ণা, স্নেহযুক্ত অম্ল লবণাক্ত এবং গুরু অন্ন সেবনদ্বারা আশু উৎপন্ন হয়। যে রোগীর দীনস্বর মূর্চ্ছা ক্লান্তি এবং কণ্ঠ গল ও তালুশোষাদি উপসর্গ হয় তাহার তৃষ্ণা অতি কষ্টসাধ্য জানিবে। জ্বর মূর্চ্ছা ক্ষয়কাস শ্বাসাদিরোগাক্রান্ত এবং রোগ হেতু কৃশ ও বমিতে কাতর ব্যক্তিদিগের সর্ব্ব প্রকার অতি প্রবৃদ্ধ ঘোর ও উপদ্রব যুক্ত তৃষ্ণা, মরণের নিমিত্ত হয়।